# পাঠ্য সূচি

## রসায়ন- ১ম পত্র

| অধ্যায় ক্রম: | অধ্যায়ের নাম | পৃষ্ঠা নং |
|---|---|---|

**পাঠ্যসূচি-১: সংক্ষিপ্ত সিলেবাস**


০২. গুণগত রসায়ন ---------- 208-229
০৩. মৌলের পর্যায়বৃত্ত ধর্ম ও রাসায়নিক বন্ধন ---------- 230-249
০৪. রাসায়নিক পরিবর্তন ---------- 250-269
০৫. কর্মমুখী রসায়ন ---------- 270-277


**পাঠ্যসূচি-২: পূর্ণাঙ্গ সিলেবাসের বাকি অংশ**


০১. ল্যাবরেটরির নিরাপদ ব্যবহার ---------- 278-279


## রসায়ন- ২য় পত্র

| অধ্যায় ক্রম: | অধ্যায়ের নাম | পৃষ্ঠা নং |
|---|---|---|

**পাঠ্যসূচি-১: সংক্ষিপ্ত সিলেবাস**


০১. পরিবেশ রসায়ন ---------- 280-295
০২. জৈব রসায়ন ---------- 296-330
০৩. পরিমাণগত রসায়ন ---------- 331-346
০৪. তড়িৎ রসায়ন ---------- 347-357


**পাঠ্যসূচি-২: পূর্ণাঙ্গ সিলেবাসের বাকি অংশ**


০৫. অর্থনৈতিক রসায়ন ---------- 358-360


## নেটওয়ার্ক গুচ্ছ রসায়ন যেভাবে সাজানো:

- **STEP-01:** সার্ভে টেবিল- বিশেষজ্ঞ প্যানেল কর্তৃক সাজেশন
- **STEP-02:** আলোচনা- সাজেশনভিত্তিক গুরুত্বপূর্ণ আলোচনা
- **STEP-03:** প্রশ্ন বিশ্লেষণ- বিগত বছরের সকল প্রশ্নের ব্যাখ্যাসহ সমাধান
- **STEP-04:** প্রাইম টেস্ট- মানসম্মত অধ্যায়ভিত্তিক সেলফ টেস্ট
- **STEP-05:** মডেল টেস্ট- মানসম্মত প্রশ্নের মাধ্যমে পূর্ণাঙ্গ প্রস্তুতি যাচাই




রসায়নের পূর্ণাঙ্গ প্রস্তুতি এবং বিস্তারিত টেকনিকসহ আলোচনার জন্য- আসপেক্ট সিরিজের কেমিস্ট্রি প্লাস বইটি দেখতে পার।

ROLL MACHINE
Preparation and Practice are vital for effective delivery

দেশের সবচেয়ে অভিজ্ঞ শিক্ষকবৃন্দের দীর্ঘদিনের অভিজ্ঞতায় দেশসেরা আসপেক্ট সিরিজ-এর বইগুলো সর্বদাই অতুলনীয়

পথ চলার ১ যুগ পেরিয়ে

ASPECT SERIES
পাঠ্যবইকে সহজ করার প্রয়াস...

ASPECT SERIES ASPECT SERIES ASPECT SERIES ASPECT SERIES ASPECT SERIES ASPECT SERIES ASPECT SERIES ASPECT SERIES ASPECT SERIES

CamScanner

অধ্যায় ০২ প্রথম পত্র

# গুণগত রসায়ন

## STEP 01 SUGGESTION

থিওরি ০২/০৩ টা প্রশ্ন এবং গাণিতিক সমস্যা থেকে ০১ টা প্রশ্ন আসবেই

| TOPIC NO | টপিকের শিরোনাম | টপিকের বিস্তারিত | গুরুত্ব |
|---|---|---|---|
| 01. | পরমাণুর মৌলিক কণিকা | পরমাণু , নিউক্লিয়াস , ইলেকট্রন, প্রোটন, নিউট্রন এর ব্যাসার্ধ, চার্জ, ভর | ★★★ |
| 02. | পারমাণবিক মতবাদ | (i) রাদারফোর্ড ও বোর মডেল (ii) ডি-ব্রগলী (iii) হাইজেনবার্গের অনিশ্চয়তা নীতি | ★★ |
| 03. | কোয়ান্টাম সংখ্যা | • কোনটি কি নির্দেশ করে • সঠিক/সঠিক নয় অথবা অনুমোদনযোগ্য/অনুমোদনযোগ্য নয় • ইলেকট্রন সংখ্যা নির্ণয় | ★★★ |
| 04. | অরবিট ও অরবিটাল সম্পর্কিত তথ্যাবলি | • সম্ভব এবং অসম্ভব; 3p, 3d, 3f, 4p, 4f, 5f, 6s , 1p, 2s • d-অরবিটালের অক্ষবিন্যাস | ★★★ |
| 05. | ইলেকট্রন বিন্যাস ও কয়েকটি নীতি | • d ব্লক মৌলের ইলেকট্রন বিন্যাস • ব্যতিক্রমী ইলেকট্রন বিন্যাস সমূহ | ★★ |
| 06. | বর্ণালীমিতি | বিভিন্ন রশ্মি ও তরঙ্গ দৈর্ঘ্য, চিকিৎসাবিজ্ঞানে IR রশ্মির ব্যবহার, রোগ নির্ণয়ে MRI, পারমানবিক বর্ণালী (H-বর্ণালী) | ★★★★ |
| 07. | দ্রাব্যতা | দ্রাব্যতার গুণফল (দ্রাব্যতা গুনাঙ্ক) ও দ্রাব্যতা নীতি | ★★★★ |
| 08. | আয়ন শনাক্তকরণ ও গ্রুপ বিকারক | শনাক্তকরণ বর্ণ ও গ্রুপ বিকারকের নাম | ★★★ |
| 09. | জৈব যৌগের আঙ্গিক বিশ্লেষণ | জৈব যৌগের বিশুদ্ধতা ও বিশ্লেষণ পদ্ধতি | ★★ |
| 10. | গাণিতিক সমস্যা | টাইপ গুলো পড়ে নাও | ★★★★ |
| শর্ট সিলেবাস বহির্ভূত [শর্ট সিলেবাসের বাহিরে প্রশ্ন হতে পারে এমন টপিকসসমূহ] | | | |
| 11. | ISO (আইসো) সম্পর্কিত | আইসোটোপ, আইসোবার ও আইসোটোনের বিভিন্ন উদাহরণ ও আইসোটোপের ব্যবহার | ★★ |
| 12. | ক্রোমাটোগ্রাফি | বিভিন্ন প্রকারের ক্রোমাটোগ্রাফি | ★★ |
| 13. | তেজস্ক্রিয়তা ও নিউক্লিয়ার বিক্রিয়া | তেজস্ক্রিয় রশ্মির বৈশিষ্ট্য | ★ |

## STEP 02 DISCUSSION

সাজেশনভিত্তিক এ বছরের জন্য গুরুত্বপূর্ণ আলোচনা

### TOPIC : 01 পরমাণুর মৌলিক কণিকা

- পরমাণুর সংখ্যা সম্পর্কিত তথ্য: পরমাণুর মোট কণিকার সংখ্যা 200 এর মত। এর মধ্যে স্থায়ী কণিকা 3টি।
- ছকের মাধ্যমে পরমাণুর বিভিন্ন কণিকার বর্ণনা দেয়া হল:

| নাম | পরমাণু | নিউক্লিয়াস | ইলেকট্রন ($e^-$) | প্রোটন ($p^+$) | নিউট্রন ($n^0$) |
|---|---|---|---|---|---|
| আবিষ্কার | খ্রিঃ পূর্ব ৪র্থ/৫ম শতাব্দী। | 1911 | 1897 | 1919 | 1932 |
| আবিষ্কারক | ডেমোক্রিটাস | রাদারফোর্ড | জে. জে. থমসন | রাদারফোর্ড | চ্যাডউইক |
| অবস্থান | - | কেন্দ্রে | কক্ষপথে | নিউক্লিয়াসে | নিউক্লিয়াসে |
| চার্জ | নিরপেক্ষ (0) | ধনাত্মক (+ve) | $-4.8\times10^{-10}$ e.s.u বা, $-1.6\times10^{-19}$C | $+4.8\times10^{-10}$e.s.u বা, $+1.6\times10^{-19}$C | নিরপেক্ষ (0) |
| ভর | $10^{-27} - 10^{-25}$kg | পরমাণুর (প্রায়) সমস্ত ভর | $9.1085\times10^{-28}$gm | $1.672\times10^{-24}$gm | $1.6744\times10^{-24}$gm |
| হাইড্রোজেনের তুলনায় ভর | - | - | $\frac{1}{1838}$ গুণ | সমান | একটু বেশি |
| ব্যাসার্ধ | $10^{-8}$ cm | $10^{-12}$ - $10^{-13}$ cm | $1.4\times10^{-13}$ cm | $1.4\times10^{-13}$ cm | $1.4\times10^{-13}$ cm |
| রসায়নে আপেক্ষিক চার্জের বা ভরের কোন একক নেই | | | | | |

- প্রতীক হতে মৌলের পরিচয় নির্ণয় বা ইলেকট্রন, প্রোটন ও নিউট্রন সংখ্যা নির্ণয়:

**A.** ইলেকট্রন সংখ্যা (e), প্রোটন সংখ্যা (p) ও নিউট্রন সংখ্যা (n) নির্ণয়

সাধারণ প্রতীক ${}^{A}_{Z}X^{\pm m}_{n}$

X = মৌলের প্রতীক, A = p + n = নিউক্লিয়ন/মাস/পারমাণবিক ভর সংখ্যা, m = চার্জ, n = পরমাণুর সংখ্যা, Z = পারমাণবিক সংখ্যা/প্রোটন সংখ্যা

• ${}^{31}_{15}P$ (p = 15, e = 15, n = 31–15 = 16) • ${}^{18}_{8}O^{2-}$ (p = 8, e = 8+2 = 10, n = 18–8 = 10) • ${}^{32}_{16}S^{2-}$ (p = 16, e = 16+2 = 18, n = 32–16 = 16)



POLL MACHINE
Preparation and Practice are vital for effective delivery
CS CamScanner

**একাধিক অণুর ক্ষেত্রে নিউট্রন সংখ্যা(n) নির্ণয়:** নিউট্রন সংখ্যা, n = (A – Z) × পরমাণুর সংখ্যা × অণুর সংখ্যা

| MODEL EXAMPLE | SOLVE | MODEL EXAMPLE | SOLVE |
|---|---|---|---|
| ${}^{14}_{7}N_2$ এর 20টি অণুর নিউট্রন সংখ্যা কত? | (14 – 7) × 2 × 20 = 280 | ${}^{16}_{8}O_2$ এর 15টি অণুর নিউট্রন সংখ্যা কত? | (16 – 8) × 2 × 15 = 240 |
| ${}^{32}_{16}S_8$ এর 10টি অণুর নিউট্রন সংখ্যা কত? | (32 – 16) × 8 × 10 = 1280 | ${}^{31}_{15}P_4$ এর 10টি অণুর নিউট্রন সংখ্যা কত? | (31 – 15) × 4 × 10 = 640 |

**B. যৌগমূলকের ইলেকট্রন সংখ্যা ও যোজন ইলেকট্রন সংখ্যা নির্ণয়**

**01. কার্বনের পারমাণবিক সংখ্যা 6এবং অক্সিজেনের পারমাণবিক সংখ্যা 8. কার্বনেট মূলকে মোট ইলেকট্রন সংখ্যা নির্ণয় কর।**

**Solve** $CO_3^{2-}$ মূলকের ইলেকট্রন সংখ্যা = কার্বনের ইলেকট্রন সংখ্যা + (3× অক্সিজেনের ইলেকট্রন সংখ্যা) + 2 (দুটি ঋণাত্মক আধানের জন্য)
$CO_3^{2-}$ = 6 + (3×8) + 2 = 6 + 24 + 2 = 32

**02. সালফার এর প্রোটন সংখ্যা 16 ও অক্সিজেনের প্রোটন সংখ্যা 8। একটি $S_2O_3^{2-}$ আয়নে মোট যোজন ইলেকট্রন সংখ্যা কত?**

**Solve** $S_2O_3^{2-}$ মূলকের যোজন ইলেকট্রন সংখ্যা = 2 × সালফারের যোজন ইলেকট্রন সংখ্যা + (3× অক্সিজেনের যোজন ইলেকট্রন সংখ্যা) + 2 (2টি ঋণাত্মক আধানের জন্য) = 6×2 + (3×6) + 2 = 32

## TOPIC : 02 পারমাণবিক মতবাদ

| রাদারফোর্ড মডেলের সীমাবদ্ধতা | বোর মডেলের সীমাবদ্ধতা |
|---|---|
| • একাধিক ইলেকট্রন বিশিষ্ট পরমাণুতে কিভাবে ইলেকট্রনসমূহ আবর্তন করে তার ব্যাখ্যা নেই।<br>• পরমাণুর বর্ণালির কোন সুস্পষ্ট ব্যাখ্যা দিতে পারে না।<br>• এটি অস্থায়ী মডেল কারণ গ্রহসমূহ চার্জবিহীন এবং ইলেকট্রন ঋণাত্মক চার্জধারী।<br>• কক্ষপথের আকার আকৃতি সম্বন্ধে কোন ধারণা নেই। | • বহু ইলেকট্রন বিশিষ্ট পরমাণু বর্ণালি ব্যাখ্যা করতে পারে না।<br>• এ মডেল অনুসারে পরমাণুতে ইলেকট্রনের অবস্থান সুনির্দিষ্ট এবং গতিবেগও সুনির্দিষ্ট। যা যুগপৎ হতে পারে না। (হাইজেনবার্গের অনিশ্চয়তা নীতি হবে)<br>• চুম্বক ক্ষেত্রের প্রভাবে বর্ণালি রেখাগুলো আরো সূক্ষ্ম রেখায় বিভক্ত হয়ে পড়ে। একে জিম্যান প্রভাব বলে। বর্ণালি রেখার তীব্রতা এই মডেলের সাহায্যে ব্যাখ্যা করা যায় না।<br>• অরবিটালের ত্রিমাত্রিক দিক বিন্যাস ব্যাখ্যা করতে পারে না। |

❑ **বোরের পরমাণু মডেলের সীমাবদ্ধতা: কণার স্থিরতা অনিশ্চিত-**

| কণার | স্থিরতা | অনিশ্চিত |
|---|---|---|
| ↓ | ↓ | ↓ |
| $e^-$ এর কণা ও তরঙ্গ ধর্ম ব্যাখ্যা দিতে পারেনা। | স্থির শক্তি স্তরের ধারণা দ্বারা বর্ণালী ব্যাখ্যা দিতে পারে না। | হাইজেনবার্গের অনিশ্চয়তা নীতি |

**☞ জানতেই হবে:** • পারমানবিক বর্ণালির উপর বাহ্যিক বৈদ্যুতিক ক্ষেত্রের প্রভাব আছে। বৈদ্যুতিক ক্ষেত্রের প্রভাবে পারমাণবিক স্তরগুলো বিভক্ত হয়ে যায় এবং জটিল বর্ণালির উদ্ভব ঘটে। এটি স্টার্ক প্রভাব।

- ইলেক্ট্রন সংখ্যা ১ এর বেশি হলে বোর পরমাণু মডেল তার বর্ণালী ব্যাখ্যা করতে পারে না। যেমন-$He^+$, $Li^{2+}$ এর বর্ণালী ব্যাখ্যা করতে পারে কিন্তু $Li^+$, $Be^{2+}$ সমূহের বর্ণালী ব্যাখ্যা করতে পারে না।
- ZnS হলো অনুপ্রভা সৃষ্টিকারী পদার্থ যা α-কণার দিক পরিবর্তন বুঝার জন্য ব্যবহার করা হয়। এছাড়াও $[BaPt(CN)_6]$ অনুপ্রভা সৃষ্টিকারী পদার্থ।
- H পরমাণুর ব্যাস 0.1 nm বা $1 \times 10^{-10}$m এবং নিউক্লিয়াসের ব্যাস $10^{-6} - 10^{-5}$ nm

❑ **এক নজরে সমীকরণসমূহ :**

| মতবাদ | সমীকরণ | ভিত্তি |
|---|---|---|
| ডি-ব্রগলী | $\lambda = h/mv$ বা $mv = h/\lambda$ | ইলেকট্রনের কণা ও তরঙ্গ ধর্ম |
| হাইজেন বার্গের অনিশ্চয়তা নীতি | $\Delta x.\Delta p \geq \frac{h}{4\pi}$ | যদি কোন কণার ভরবেগ নির্ভুলভাবে নির্ণয় করা সম্ভব হয় তখন এর অবস্থান নির্ণয় অনিশ্চিত হয়ে পড়ে। |
| প্লাঙ্কের সমীকরণ | $E = h\upsilon = \frac{hc}{\lambda} = hc\bar{\upsilon}$ | কোনো চার্জযুক্ত বস্তু বা কণা কোনো বৃত্তাকার পথে ঘুরলে তা ক্রমাগতশক্তি বিকিরণ করবে। |

POLL MACHINE
Preparation and Practice are vital for effective delivery

## TOPIC : 03 কোয়ান্টাম সংখ্যা

☞ **ITEM-01 কোয়ান্টাম সংখ্যার প্রাথমিক তথ্যাবলীঃ**

| কোয়ান্টাম সংখ্যা | প্রতীক | কি নির্দেশ করে | গানিতিক সমীকরণ | বিশেষ তথ্য |
|---|---|---|---|---|
| প্রধান কোয়ান্টাম সংখ্যা | n | শক্তি স্তরের আকার | $mvr = \frac{nh}{2\pi}$ | যে কোনো প্রধান শক্তিস্তরের সর্বোচ্চ ইলেকট্রন ধারণ ক্ষমতা হচ্ছে $2n^2$। |
| সহকারী বা অ্যাজিমুথাল কোয়ান্টাম সংখ্যা | $l$ | উপশক্তিস্তরের আকৃতি | $mvr = \frac{h\sqrt{l(l+1)}}{2\pi}$ | '$l$' এর মান 0 হবেই এবং n – 1 পর্যন্ত। |
| ম্যাগনেটিক বা চুম্বক কোয়ান্টাম সংখ্যা | m | অরবিটাল সংখ্যা এবং বিন্যাস | $mvr = \frac{nh}{2\pi}$ | • m এর মান $+l$ থেকে 0 সহ $-l$ হতে পারে।<br>• যে কোনো উপশক্তিস্তরে মোট অরবিটাল সংখ্যা = $(2l + 1)$<br>• যে কোনো উপশক্তিস্তরের সর্বোচ্চ ইলেকট্রন ধারণক্ষমতা = $2(2l + 1)$<br>• n এর যে কোন মানের জন্য মোট অরবিটাল সংখ্যা হয় $n^2$ |
| স্পিন বা ঘূর্ণন কোয়ান্টাম সংখ্যা | s বা $m_s$ | ইলেকট্রন ঘূর্ণনের প্রকৃতি ও দিক | $mvr = \frac{h\sqrt{s(s+1)}}{2\pi}$ | ইলেকট্রন ঘূর্ণনের দিক $s = \pm\frac{1}{2}$ |



CS CamScanner

জেনে রাখা ভালো: • নিজ অক্ষের চারপাশে ইলেকট্রনের ঘূর্ণনের জন্য তার ঘূর্ণন কৌণিক ভরবেগের মান $= \sqrt{s(s+1)} \times \frac{h}{2\pi}$

• ইলেকট্রনের ক্ষেত্রে $= +\frac{1}{2}$ হলে ঘূর্ণন কৌণিক ভরবেগের মান $= \sqrt{s(s+1)} \times \frac{h}{2\pi} = \sqrt{\frac{1}{2}\left(\frac{1}{2}+1\right)} \times \frac{h}{2\pi} = \frac{\sqrt{3}}{2} \times \frac{h}{2h}$

• কোন পরমাণুর বা আয়নের n সংখ্যক বিজোড় ইলেকট্রন থাকলে n সংখ্যক ইলেকট্রনের মোট $s = \frac{n}{2}$ ∴ মোট কৌণিক ভরবেগ $= \sqrt{\frac{n}{2}\left(\frac{n}{2}+1\right)} \times \frac{h}{2\pi}$

• মোট কোয়ান্টাম সংখ্যা ৪ টি
• কক্ষপথ ভিত্তিক কোয়ান্টাম সংখ্যা ৩টি
• দিক নির্দেশক কোয়ান্টাম সংখ্যা ১টি

### ITEM-02 সঠিক/সঠিক নয় অথবা অনুমোদনযোগ্য/অনুমোদনযোগ্য নয় সম্পর্কিত তথ্যাবলী:

সঠিক নয়, সত্য নয়, অনুমোদনযোগ্য নয়, মিথ্যা হবে যদি, $n = l$, $n=0$, $n < l$, $l < m$, $n = m$ হয়

বা $s = \pm\frac{1}{2}$ ছাড়া অন্য কিছু হয়। এবার বিশ্লেষণী দৃষ্টি নিয়ে উদাহরণ লক্ষ্য কর।

| সম্পর্ক | সঠিক/সঠিক নয় | কারণ |
|---|---|---|
| $n = 3, l = 3, m = 2, s = +\frac{1}{2}$ | সঠিক নয় | $n = l$ অর্থাৎ প্রধান ও সহকারী কোয়ান্টাম সংখ্যা সমান। যা সম্ভব নয়। |
| $n = 4, l = 3, m = 4, s = +\frac{1}{2}$ | সঠিক নয় | $l < m$ অর্থাৎ চৌম্বকীয় কোয়ান্টাম সংখ্যা, সহকারী কোয়ান্টাম সংখ্যার চেয়ে ছোট যা অসম্ভব। |
| $n = 0, l = 3, m = 2, s = +\frac{1}{2}$ | সঠিক নয় | $n = 0$ অর্থাৎ প্রধান কোয়ান্টাম সংখ্যা (n) এর মান 0 (শূন্য) যা সম্ভব নয়। |
| $n = 3, l = 3, m = 2, s = +1$ | সঠিক নয় | s এর মান সর্বদাই $\pm\frac{1}{2}$ এবং $n = l$ যা সম্ভব নয়। |

## TOPIC : 04 অরবিট ও অরবিটাল সম্পর্কিত তথ্যাবলী

**A. অরবিটালের প্রাথমিক তথ্য:**

| $l$ এর মান | উপস্তরের নাম | নামের উৎস | আকার/আকৃতি | জেনে রাখা ভালো |
|---|---|---|---|---|
| 0 | s | sharp | গোলক আকার (ফুটবলের মত) | পঞ্চম শক্তির স্তরে g অরবিটালের অস্তিত্ব বিদ্যমান |
| 1 | p | principal | ডাম্বেলাকৃতির | |
| 2 | d | diffused | ডাবল ডাম্বেল | |
| 3 | f | fundamental | অত্যন্ত জটিল | |

উদাহরণ: নিম্নের অরবিটালসমূহের মধ্যে কোন কোনটি সম্ভব এবং অসম্ভব? 3p, 3d, 3f, 4p, 4f, 5f, 6s ,1p, 2s, 2p, 2d, 4g,5h

সমাধান: সম্ভব- 2s, 2p, 3p, 3d, 4p, 4f, 5f, 6s , সম্ভব নয়- 1p, 2d, 3f , 5h,4g

➤ d-অরবিটালের আকৃতি: d-অরবিটালের ৫ প্রকার ত্রি-মাত্রিক বিন্যাস আছে: $d_{xy}$, $d_{yz}$, $d_{zx}$, $d_{x^2-y^2}$, $d_{z^2}$

➤ পরমাণুতে অরবিটালের ধারণা : অরবিটাল সাধারনত ম্যাগনেটিক কোয়ান্টাম সংখ্যার মাধ্যমে প্রকাশ করা হয়, যার ধারণা কোয়ান্টাম বলবিদ্যা পরমাণু মডেল হতে পাওয়া যায়।

**B.** নোডাল প্লেন: অরবিটালের যে তলে ইলেকট্রন পাওয়ার সম্ভাবনা শূন্য অর্থা $\psi^2 = 0$ তাকে নোডাল তল বলা হয়। একটি অরবিটালের নোডাল তলের সংখ্যা = যেকোনো শক্তিস্তরে যেকোনো অরবিটালের নোডের সংখ্যা = $n - l - 1$। যেকোনো অরবিটালে লোব সংখ্যা = $2^{\text{নোডাল তল}}$

| অরবিটাল | নোডাল প্লেন ($l$) | লোব ($2^l$) | অরবিটাল | নোডাল প্লেন ($l$) | লোব ($2^l$) |
|---|---|---|---|---|---|
| s | 0 | $2^0 = 1$ | $d_{xy}$ | 2 | $2^2 = 4$ |
| $p_x$ | 0 | $2^0 = 1$ | $d_{yz}$ | 2 | $2^2 = 4$ |
| $p_y$ | 1 | $2^1 = 2$ | $d_{zx}$ | 2 | $2^2 = 4$ |
| $p_z$ | 1 | $2^1 = 2$ | $d_{x^2-y^2}$ | 2 | $2^2 = 4$ |
| f | 3 | $2^3 = 8$ | $d_{z^2}$ | 0 | $2^0 = 1$ |

## TOPIC : 05 ইলেকট্রন বিন্যাস ও কয়েকটি নীতি

| তিনটি নীতি খুবই জরুরি | পলির বর্জন নীতি | আউফবাউ নীতি অমান্যকারী ইলেক্ট্রন বিন্যাস |
|---|---|---|
| ১. আউফবাউ<br>২. পলির বর্জন নীতি<br>৩. হুন্ডের নীতি | *124# বাংলালিংকে ব্যালেন্স Check<br>*1 ↓ একটি পরমাণুর<br>2 ↓ দুটি ইলেকট্রনের<br>4# ↓ চারটি কোয়ান্টাম সংখ্যার মান সমান হবে না | Cr(24)–$[Ar]3d^5 4s^1$, Cu(29) –$[Ar]3d^{10}4s^1$, Ag(47) –$[Kr]4d^{10}5s^1$.<br>Pt(78)–$[Xe]4f^{14}5d^9 6s^1$, Au(79) –$[Xe]4f^{14}5d^{10}6s^1$,<br>Pd(46) –$[Kr]4d^{10}$ Nb(41) = $[Kr]4d^4 5s^1$ Mo (42) = $[kr]4d^5 5s^1$ |



POLLI MACHINE
Preparation and Practice are vital for effective delivery
CamScanner

## TOPIC : 06 বর্ণালীমিতি

তড়িৎ চুম্বকীয় বর্ণালীঃ বর্ণালী শব্দের উদ্ভব আলোর বর্ণের সমাহার থেকে। তড়িৎ চুম্বকীয় বলতে আলোর তড়িৎ ও চৌম্বকীয় ধর্মকে বুঝায়।

1. Particle Concept: $E = h\nu$ 2. Wave Concept : $E = h\frac{c}{\lambda}$

বিভিন্ন তড়িৎ চুম্বকীয় বর্ণালির গুরুত্বপূর্ণ বিভিন্ন অঞ্চলের তরঙ্গ দৈর্ঘ্য, ফ্রিকুয়েন্সি ও ব্যবহার নিচের ছকে দেখানো হলো:

| তড়িৎ চুম্বকীয় বিকিরণ অঞ্চল | তরঙ্গ দৈর্ঘ্য পরিসর (হাজারী স্যার) | ফ্রিকুয়েন্সি পরিসর (Hz) | গুরুত্বপূর্ণ ব্যবহার |
|---|---|---|---|
| রেডিও ওয়েভ অঞ্চল | 1mm–10km | $3kHz–3 \times 10^{11}$ Hz বা 2KHz–300 GHz | বেতার তরঙ্গের সিগনাল, টেলিভিশনের সিগনাল,MRI যন্ত্রের সিগনাল, দূর সমুদ্রে চলাচলে জাহাজের সিগনাল হিসেবে ব্যবহৃত হয়। |
| মাইক্রোওয়েভ অঞ্চল | 1mm–1m | $3 \times 10^{8}Hz – 3\times10^{11}Hz$ | মোবাইল টাওয়ার,Wi-Fi, মোবাইল ফোন সিগনাল, মাইক্রোওভেনে ব্যবহার করা হয়। |
| অবলোহিত (IR) অঞ্চল | 780nm – 1mm | 430THz–300GHz | ফিজিওথেরাপি, রিমোট কন্ট্রোল, সেন্সর পালস হিসেবে, অপটিক্যাল ফাইবার মাধমে যোগাযোগ স্থাপনের কাজে। |
| দৃশ্যমান অঞ্চল | 380nm–780nm | 430–770THz | সালোকসংশ্লেষণে, বিশ্লেষণী রসায়নে, দর্শনের কাজে, বর্ণ নির্ধারণে। |
| অতিবেগুনি (UV) রশ্মি অঞ্চল | 10nm-380nm | $3\times10^{16}–790\times10^{12}Hz$ | UV লেন্সে, সার্জিক্যাল ইকুপমেন্টে, জাল টাকা ও পাসপোর্ট শনাক্তকরণে; Vitamain-D প্রস্তুতিতে, ব্যাকটেরিয়া ও ভাইরাস নির্মূলে। |
| X-ray অঞ্চল | 0. 01nm–10nm | $8 \times 10^{14}–3\times10^{16}Hz$ | চিকিৎসা বিজ্ঞানে দেহের অভ্যন্তরে প্রতিচ্ছবি তোলার কাজে, ক্যান্সার চিকিৎসায়। |
| গামা রশ্মি (γ-ray) অঞ্চল | 0.0005-0.01 nm | $73\times90^{19}Hz$ | খাদ্যশস্য সংরক্ষণে, অনুজীবকে ধ্বংসের কাজে, ক্যান্সার চিকিৎসায়। |

**মনে রাখার কৌশল:** মহাজগতের গামা রঞ্জনকে অতি বেগুনী দৃশ্যে অবহেলিত করেছে মাইক্রো, রেডিও টেলিভিশন। তরঙ্গ দৈর্ঘ্যের ঊর্ধ্বক্রম (ছোট থেকে বড়)

| মহাজগতের | গামা | রঞ্জনকে | অতি বেগুনী | দৃশ্যে | অবহেলিত করেছে | মাইক্রো | রেডিও টেলিভিশন |
|---|---|---|---|---|---|---|---|
| মহাজাগতিক রশ্মি (CR) | গামা রশ্মি (γ) | রঞ্জন রশ্মি (X-ray) | অতি বেগুনী রশ্মি (UV) | দৃশ্যমান রশ্মি (Visible) | অবলোহিত রশ্মি Infra-red (IR) | মাইক্রো ওয়েভস (Micro waves) | রেডিও টেলিভিশন রশ্মি (Radio waves) |

- বাম পাশে অবস্থিত মহাজাগতিক রশ্মির তরঙ্গদৈর্ঘ্য সবচেয়ে কম হওয়ায় কম্পন ও শক্তি সবচেয়ে বেশি। অর্থাৎ $E \propto \frac{1}{\lambda}, E \propto \upsilon$
- ডান পাশে অবস্থিত রেডিও ও টেলিভিশনের তরঙ্গদৈর্ঘ্য সবচেয়ে বেশি হওয়ায় কম্পন ও শক্তি সবচেয়ে কম।

দৃশ্যমান আলোর তরঙ্গ দৈর্ঘ্য (nm)

| আলো | তরঙ্গদৈর্ঘ্য (হাজারী স্যার) |
|---|---|
| বেগুনী | 380-424 |
| নীল | 424-450 |
| আসমানী | 450-500 |
| সবুজ | 500-575 |
| হলুদ | 575-590 |
| কমলা | 590-647 |
| লাল | 647-700 |

বে নী আ স হ ক লা
বেগুনী নীল আসমানী সবুজ হলুদ কমলা লাল

- বেগুনি আলোর তরঙ্গদৈর্ঘ্য সবচেয়ে কম তাই কম্পাঙ্ক সবচেয়ে বেশি এবং লাল আলোর তরঙ্গদৈর্ঘ্য বেশি হওয়ায় কম্পাঙ্ক কম। nm থেকে Å তে যেতে 10 দিয়ে গুণ করতে হবে।

POLL MACHINE

**অতিবেগুনি রশ্মি (UV) অঞ্চল:** এ অঞ্চলটি 10 nm - 380 nm তরঙ্গদৈর্ঘ্য পর্যন্ত বিস্তৃত।

Preparation and Practice are vital for effective delivery

| তরঙ্গদৈর্ঘ্য [nm] [হাজারী স্যার] | ব্যবহার |
|---|---|
| 30 nm - 200 nm | UV-ফটোইলেকট্রন, স্পেকট্রোস্কোপি |
| 230 nm - 365 nm | UV-ID, লেবেল ট্র্যাকিং রূপে |
| 230 nm - 380 nm | অপটিক্যাল সেন্সর রূপে |
| 240 nm - 280 nm | জীবাণুনাশক কাজে |
| 200 nm - 400 nm | ড্রাগ (drug) শনাক্তকরণে |
| 270 nm - 360 nm | প্রোটিন অ্যানালাইসিস কাজে এবং DNA sequencing এর কাজে এবং কোষ শনাক্তকরণে ব্যবহৃত হয়। |
| 280 nm - 400 nm | কোষ বা cell এর মেডিকেল ইমেজিং এ |
| 300 nm - 320 nm | চিকিৎসাক্ষেত্রে লাইট থেরাপিতে |
| 10 nm - 30 nm | UV-রশ্মি গ্যাস্ট্রোএন্টেরোলজি থেরাপিতে ব্যবহৃত হয়। |

**মনে রাখবে:** UV রশ্মির অন্যতম আরো একটি ব্যবহার কীটপতঙ্গ দমনে। 180-280nm তরঙ্গ দৈর্ঘ্যের UV-রশ্মি কীটপতঙ্গকে আকৃষ্ট করে। UV ল্যাম্প থেকে 240–280nm তরঙ্গ দৈর্ঘ্যের UV-রশ্মি জীবাণুনাশক হিসেবে ব্যবহৃত হয়। 300–320nm তরঙ্গ দৈর্ঘ্যের UV-রশ্মি চিকিৎসা ক্ষেত্রে light therapy এর কাজে ব্যবহৃত হয়। SARS-COV-2 করোনা ভাইরাস দমনে Far-UV-C (100–280nm) রশ্মি বিশেষ করে 222 nmUV-রশ্মি খুবই কার্যকর। UV-A(315–400nm) ও UV-B (280–315nm) রশ্মি এক্ষেত্রে কম কার্যকর।



CamScanner

■ **অবলোহিত (Infra-red) অঞ্চল:** অবলোহিত রশ্মি অঞ্চল দৃশ্যমান অঞ্চল অর্থাৎ visible বা 'infra' এর পর থেকেই শুরু। এর পরিসর 780 nm থেকে 1000 μm বা 1.0 mm। অর্থাৎ এটি near IR, middle-IR ও Far-IR এরূপ তিনটি অংশে বিভক্ত। এদেরকে মাইক্রোমিটার (μm) এককে প্রকাশ করা হয়। (1 μm = 1 × 10⁻⁶ m)

| অঞ্চল | তরঙ্গদৈর্ঘ্য (λ) | ব্যবহার |
|---|---|---|
| Near-IR | 0.78 μm - 2.5 μm | মস্তিষ্কের রক্তের হিমোগ্লোবিনে শোষিত $O_2$ নির্ণয়ে ব্যবহৃত হয়। পরে DOT (Diffuse Optical Tomography) পদ্ধতি ব্যবহার করে মাথায় খুলির কার্যপদ্ধতি নির্ণয় করা হয়। শিশুর মাথায় ক্ষত ... এটি খুবই কার্যকর। |
| middle-IR | 2.5 μm - 25 μm | জৈব যৌগের কার্যকারীমূলক শনাক্তকরণে IR Spectrpscopy তে ব্যবহৃত হয়, IR সক্রিয় হওয়ার একটি অণুতে ডাইপোল মোমেন্ট থাকতে হবে। |
| Far-IR | 25 μm - 1000 μm বা 1.0 mm | বেদনা প্রশমনে ও স্নায়ু গঠন প্রক্রিয়ার উদ্দীপক হিসেবে, ফিজিওথেরাপিতে, ঘাড়ের মাংসপেশি শক্ত ... বা frozen shoulder এ, শ্বেত রক্ত কণিকা ও রোগ প্রতিরোধ ক্ষমতা বৃদ্ধিতে। |

❒ **জাল পাসপোর্ট বা জাল টাকা শনাক্তকরণে UV রশ্মির ব্যবহার-**

| | |
|---|---|
| জাল পাসপোর্ট ও নকল টাকা শনাক্তকরণে | • 1899 সালে লেনার্ড সর্বপ্রথম UV রশ্মির সাহায্যে আণবিক ফটো ইলেকট্রন বিকিরণ পর্যবেক্ষণ করেন।<br>• 230 nm – 375 nm তরঙ্গদৈর্ঘ্যের UV রশ্মি অপটিক্যাল সেন্সররূপে আসল-নকল কারেন্সি নোট ডিটেক্টর মেশিনে ব্যবহৃত হয়।<br>• **বিভিন্ন দেশের জাতীয় ব্যাংক কারেন্সি নোট বা কাগজের টাকার ও পাসপোর্টের জাল করার রক্ষাকবচরূপে 'নিরাপত্তা সুতা' (security thread) ও UV রশ্মি শনাক্তযোগ্য অদৃশ্য বিশেষ ফসফোর কালি বা UV fluorescent ink ব্যবহৃত হয়। ফসফোর হলো ক্ষুদ্র তরঙ্গদৈর্ঘ্যের যেমন- 230 nm – 375 nm তরঙ্গদৈর্ঘ্যের UV রশ্মি শোষণকারী।**<br>• **ফসফোর কালিতে $Y_2O_3.Eu^{3+}$ (লাল বিকিরণ), $CeMgAl_{11}O_{19}.Tb^{3+}$ (সবুজ বিকিরণ) ও $BaMgAl_{10}O_{17}.Eu^{3+}$ (নীল বিকিরণ) ব্যবহৃত হয়।**<br>• **প্রতিপ্রভা (fluorescence) এ নীতির ওপর ভিত্তি করেই জাল টাকা/ পাসপোর্ট শনাক্তকরণে UV রশ্মি ব্যবহৃত হয়।** |

❒ **শিখা পরীক্ষা (FLAME TEST)-** শিখা পরীক্ষায় প্লাটিনাম বা নাইক্রোম তার এবং গাঢ় HCl এসিড ব্যবহার করা হয়।

**মৌলের বর্ণঃ খালি চোখে বা শিখা পরীক্ষায়-**

| ধাতু/ধাতব আয়ন | বর্ণ | ধাতু/ধাতব আয়ন | বর্ণ |
|---|---|---|---|
| Li/$Li^+$ | উজ্জ্বল লাল (Crimson) | Ba/$Ba^{2+}$ | কাঁচা আপেলের মত |
| Na/$Na^+$ | সোনালী হলুদ (Golden Yellow) | Ca/$Ca^{2+}$ | ইটের ন্যায় লাল (Brick Red) |
| K/$K^+$ | বেগুনী ( Pale Violet) | Sr/$Sr^{2+}$ | টকটকে লাল (Crimson Red) |
| Rb/$Rb^+$ | লালচে বেগুনী | Ra/$Ra^{2+}$ | লাল (Red) |
| Cs/$Cs^+$ | নীল (Blue) | Cu/$Cu^{2+}$ | সবুজাভ নীল (Bluish Green) |
| **শিখা পরীক্ষায় বর্ণ দেয় না ($Be^{2+}$, $Mg^{2+}$, $Al^{3+}$, $Fe^{2+}$, $Fe^{3+}$)** | | | |

POLL MACHINE

❒ **রোগ নির্ণয়ে MRI (MAGNETIC RESONANCE IMAGING) :(Written & MCQ)**

| | |
|---|---|
| **আবিষ্কারক** | Paul C. Lauterbur ও Peter Mansfield (এজন্য তারা 2003 সালে নোবেল পুরস্কার পান।) |
| **কার্যকারিতা** | এ পদ্ধতিতে MRI মেশিনে শক্তিশালী চৌম্বকক্ষেত্র (magnetic field) ও রেডিও-তরঙ্গদৈর্ঘ্যের শক্তির প্রভাবে মানব দেহের অসুস্থ কোষে NMR পরমাণুযুক্ত পানির ঘনমাত্রার ভিন্নতার ওপর নির্ভর করে বিভিন্ন তন্ত্র বা অর্গান এর ত্রিমাত্রিক (3D) ডিজিটাল ছবি দেখা যায়। এ ত্রিমাত্রিক ছবিকে MRI বলে। |
| **মূলনীতি** | • **NMR পরমাণুর নিউক্লিয়াসের বিজোড় সংখ্যক প্রোটনের বা নিউট্রনের ($^1H$, $^{13}C$, $^{19}F$, $^{31}P$) চুম্বকীয় অনুরণন বা ম্যাগনেটিক রেজোন্যান্সের ওপর ভিত্তি করে MRI পদ্ধতি প্রতিষ্ঠিত।**<br>• **পানির অণুর H পরমাণু ($^1H$) হলো বিজোড় প্রোটনযুক্ত MRI সৃষ্টিকারী NMR পরমাণু। প্রতিটি H পরমাণুর প্রোটনের স্পিনের $+\frac{1}{2}$ অথবা $-\frac{1}{2}$ মান থাকে।**<br>• **বহিঃস্থ চুম্বক ক্ষেত্রের ($H_0$ = 0.5 –1.5 tesla) প্রভাবে H পরমাণুর নিউক্লিয়াসগুলো দুটি শক্তি স্তরে বিন্যস্ত হয়।** একটি স্তর বহিঃস্থ চৌম্বকক্ষেত্র বরাবর বিন্যস্ত থাকে। কম শক্তিস্তর যুক্ত parallel-spin এর নিউক্লিয়াস (α স্তর)। অপরটি বহিঃস্থ চৌম্বকক্ষেত্রের বিপরীতে উচ্চ শক্তিস্তর যুক্ত anti parallel spin-এর নিউক্লিয়াস (β স্তর) রূপে থাকে।<br>• উভয় শক্তিস্তরের পার্থক্য $\Delta E = (\beta - \alpha) = h\upsilon$ ; MRI পরীক্ষার নমুনা মানুষটির মস্তিষ্কের মধ্য দিয়ে ঐ উপযুক্ত শক্তির তড়িৎ চুম্বকীয় বিকিরণ প্রভাবিত করলে নিম্ন শক্তিস্তরে থাকা H পরমাণুর নিউক্লিয়াস শক্তি শোষণ করে উচ্চ শক্তিস্তরে অ্যান্টি প্যারালেল স্পিনযুক্ত অবস্থা লাভ করে।<br>• রেডিও তরঙ্গ প্রবাহ বন্ধ করলে ঐ শোষিত শক্তি বিকিরণ করে প্রোটন সমূহ পুনরায় নিম্নশক্তির প্যারালেল স্পিনযুক্ত হয়ে একটি সিগন্যাল সৃষ্টি করে। |




CamScanner

## TOPIC : 07 দ্রাব্যতা

❑ দ্রাব্যতা ও দ্রাব্যতার গুণফলের সম্পর্ক:

- একটি সাধারণ স্বল্প দ্রবণীয় লবণ $A_xB_y$ পানিতে খুবই স্বল্প মাত্রায় দ্রবণীয়। $A_xB_y \rightleftharpoons xA^{+y}_{(aq)} + yB^{-x}_{(aq)}$

∴ দ্রাব্যতার গুণফল, $K_{sp} = [A^{+y}]^x \times [B^{-x}]^y$

যদি কোনো নির্দিষ্ট তাপমাত্রায় এ স্বল্প দ্রবণীয় লবণের দ্রাব্যতা S mol $L^{-1}$ হয় তবে $[A^{+y}] = x.S$ এবং $[B^{-x}] = y.S$

$\therefore K_{sp} = [A^{+y}]^x \times [B^{-x}]^y = [xS]^x \times [yS]^y = x^x.S^x.y^y.S^y$ $\quad \therefore K_{sp} = x^x.y^y.S^{x+y}$

| স্বল্প দ্রবণীয় লবণ | সম্পৃক্ত দ্রবণে স্বল্প দ্রবণীয় লবণের সাম্যাবস্থা | লবণের দ্রাব্যতা গুণফল ($K_{sp}$) |
|---|---|---|
| AgCl (AB) | $AgCl \rightleftharpoons Ag^+ + Cl^-$ | $K_{sp} = [Ag^+] \times [Cl^-] = S \times S = S^2$ |
| $PbI_2$ ($AB_2$) | $PbI_2 \rightleftharpoons Pb^{2+} + 2I^-$ | $K_{sp} = [Pb^{2+}] \times [I^-]^2 = S \times (2S)^2 = 4S^3$ |
| $Ag_2CO_3$ ($A_2B$) | $Ag_2CO_3 \rightleftharpoons 2Ag^+ + CO_3^{2-}$ | $K_{sp} = [Ag^+]^2 \times [CO_3^{2-}] = (2S)^2 \times S = 4S^3$ |
| $Hg_2Cl_2$($A_2B_2$) | $Hg_2Cl_2 \rightleftharpoons Hg_2^{2+} + 2Cl^-$ | $K_{sp} = [Hg^{2+}] \times [Cl^-]^2 = (S) \times (2S)^2 = 4S^3$ |
| $Fe(OH)_3$ ($AB_3$) | $Fe(OH)_3 \rightleftharpoons Fe^{3+} + 3OH^-$ | $K_{sp} = [Fe^{3+}] \times [OH^-]^3 = S \times (3S)^3 = 27S^4$ |
| $Ca_3(PO_4)_2$ ($A_3B_2$) | $Ca_3(PO_4)_2 \rightleftharpoons 3Ca^{2+} + 2PO_4^{3-}$ | $K_{sp} = [Ca^{2+}]^3 \times [PO_4^{3-}]^2 = (3S)^3 \times (2S)^2 = 108\ S^5$ |

❑ দ্রাব্যতা নীতিঃ কোন তড়িৎবিশ্লেষ্য পদার্থের দ্রবণে যদি-

| সম্পর্ক | প্রকৃতি | দ্রাব্যতা নীতি: বিস্তারিত তথ্য |
|---|---|---|
| $K_{ip} > K_{sp}$ | অতিপৃক্ত বা অধঃক্ষিপ্ত | আয়নিক গুণফল দ্রাব্যতা গুণফলের ($K_{sp}$) বেশি হলে পদার্থটি অধঃক্ষিপ্ত হবে। |
| $K_{ip} < K_{sp}$ | অসম্পৃক্ত | আয়নিক গুণফল দ্রাব্যতা গুণফলের ($K_{sp}$) কম হলে দ্রবণটি অসম্পৃক্ত হবে। |
| $K_{ip} = K_{sp}$ | সম্পৃক্ত দ্রবণ | আয়নিক গুণফল দ্রাব্যতার গুণফলের ($K_{sp}$) সমান হলে দ্রবণটি সম্পৃক্ত হবে। |

**হেনরীর সূত্র:** "স্থির তাপমাত্রায় গ্যাসের দ্রাব্যতা আরোপিত চাপের সমানুপাতিক।" $S \propto P \Rightarrow S = KP$

অর্থাৎ, গ্যাসের চাপ বৃদ্ধি পেলে দ্রাব্যতা বাড়ে এবং চাপ কমালে দ্রাব্যতা কমে।

**সম-আয়ন প্রভাব:** শক্তিশালী তড়িৎ বিশ্লেষ্য থাকলে মৃদু তড়িৎ বিশ্লেষ্যের দ্রাব্যতা হ্রাস পায়।

## TOPIC : 08 আয়ন শনাক্তকরণ ও গ্রুপ বিকারক

❑ একনজরে বিভিন্ন অম্লীয় ও ক্ষারীয় মূলক শনাক্তকরণঃ

| লবণে ক্ষারীয় মূলকের সিক্ত পরীক্ষা | | | | |
|---|---|---|---|---|
| আয়ন | পরীক্ষার ধরণ | বিকারক | উৎপন্ন দ্রবণ/অধঃক্ষেপ | পর্যবেক্ষণ |
| $Fe^{2+}$ | উপস্থিতি শনাক্তকরণ | $K_3[Fe(CN)_6]$ | $KFe[Fe(CN)_6]$ | প্রুশিয়ান ব্লু |
| | উপস্থিতি শনাক্তকরণ | $K_4[Fe(CN)_6]$ | $K_2Fe[Fe(CN)_6]$ | হালকা নীল অধঃক্ষেপ |
| $Fe^{3+}$ | উপস্থিতি শনাক্তকরণ | $K_3[Fe(CN)_6]$ | $Fe[Fe(CN)_6]$ | বাদামী দ্রবণ |
| | উপস্থিতি শনাক্তকরণ | $K_4[Fe(CN)_6]$ | $KFe[Fe(CN)_6]$ | গাঢ় নীল অধঃক্ষেপ |
| | উপস্থিতি শনাক্তকরণ | $NH_4CNS$ | $Fe(CNS)_3$ | রক্তবর্ণ দ্রবণ |
| $Zn^{2+}$ | শনাক্তকরণ পরীক্ষা | NaOH | ZnS | প্রথমে $Zn(OH)_2$ এবং পরে ZnS এর সাদা অধঃক্ষেপ |
| | নিশ্চিতকরণ পরীক্ষা | $K_4[Fe(CN)_6]$ | $Zn_2[Fe(CN)_6]$ | সাদা অধঃক্ষেপ |
| $Al^{3+}$ | উপস্থিতি শনাক্তকরণ | $NH_4OH$/NaOH | $Al(OH)_3$ | সাদা অধঃক্ষেপ |

| লবণে অম্লীয় মূলকের সিক্ত পরীক্ষা | | | |
|---|---|---|---|
| $Cl^-$ | $AgNO_3$ | AgCl | সাদা অধঃক্ষেপ |
| | $(CH_3COO)_2Pb$ | $PbCl_2$ | সাদা অধঃক্ষেপ |
| $SO_4^{2-}$ | $Ba(NO_3)_2$ | $BaSO_4$ | সাদা অধঃক্ষেপ |
| | $(CH_3COO)_2Pb$ | $PbSO_4$ | সাদা অধঃক্ষেপ |
| $NO_3^-$ | সদ্য প্রস্তুতকৃত $FeSO_4$ + গাঢ় $H_2SO_4$ | $[FeSO_4(NO)(H_2O)_5]SO_4$ | বাদামী বলয় (রিং এর মতো) |
| $S^{2-}$ | সোডিয়াম নাইট্রোপ্রুসাইড | $Na_4[Fe(NOS)(CN)_5]$ | গোলাপী বা বেগুনি বর্ণ |

## TOPIC : 09 জৈব যৌগের আঙ্গিক বিশ্লেষণ

❑ জৈব যৌগের বিশুদ্ধতা ও বিশ্লেষণের বিভিন্ন পদ্ধতি:

| পদার্থের প্রকৃতি | বিশোধন পদ্ধতি |
|---|---|
| কঠিন জৈব যৌগ | (i) পরিস্রাবণ (ii) কেলাসন (iii) আংশিক কেলাসন (iv) ঊর্ধ্বপাতন (v) দ্রাবক নিষ্কাশন ও (vi) ক্রোমাটোগ্রাফি |
| তরল জৈব যৌগ | (i) পাতন (ii) আংশিক পাতন (iii) নিম্নচাপ পাতন (iv) বাষ্পপাতন (v) সমস্ফুটন পাতন (vi) দ্রাবক নিষ্কাশন ও (vii) রাসায়নিক প্রণালী |
| গ্যাসীয় জৈব যৌগ | (i) শোধন প্রণালী (ii) তরলীকরণের পর পাতন |



POLL MACHINE Preparation and Practice are vital for effective delivery
CamScanner

## জৈব যৌগের বিশোধন পদ্ধতি ও বিশেষ প্রয়োগঃ

| পদ্ধতি | যে ক্ষেত্রে বা যার বেলায় প্রযোজ্য |
|---|---|
| পাতন (Distillation) | (i) স্ফুটন তাপমাত্রায় এবং স্বাভাবিক চাপে যে সকল তরল বিয়োজিত হয় না (ii) স্ফুটনাঙ্কের পার্থক্য 40° সে. অপেক্ষা এর অধিক হলে |
| আংশিক পাতন (Fractional Distillation) | (i) কাছাকাছি স্ফুটনাংক বিশিষ্ট একাধিক তরল পদার্থের মিশ্রণ বা ভিন্ন স্ফুটনাংকের তরল পদার্থের মিশ্রণকে পৃথক করতে। (ii) স্ফুটনাঙ্কের পার্থক্য 40° সে. অপেক্ষা কম হলে। |
| বাষ্প বা স্টীম পাতন (Steam Distillation) | পানিতে অদ্রবণীয় ও ফুটন্ত পানিতে বিযোজিত হয় না কিন্তু স্টীমের তাপমাত্রায় উদ্বায়ী পদার্থের ক্ষেত্রে |
| পরিস্রাবণ | কঠিন জৈব যৌগ হতে অদ্রবণীয় ও ভাসমান দ্রব্য অপসারণ |
| কেলাসন | (i) অবিশুদ্ধ খাদ্য লবণ থেকে বিশুদ্ধ লবণ পৃথকীকরণ (ii) চিনি শিল্পে চিনির রস হতে চিনি পৃথকীকরণ |
| আংশিক কেলাসন | কাছাকাছি স্ফুটনাংক বিশিষ্ট দুই বা ততোধিক তরল পদার্থের মিশ্রণকে অংশ কলামযুক্ত একটি পাতন ফ্লাস্কে তাপ প্রয়োগ করে উপাদানগুলোকে নিজ নিজ স্ফুটনাংকে পাতিত করে পৃথক করার পদ্ধতিকে আংশিক পাতন বলে। **যেমন-চিনি শিল্পে অপদ্রব্য হতে চিনি পৃথকীকরণ।** |
| ঊর্ধ্বপাতন (Sublimation) | ঊর্ধ্বপাতিত পদার্থকে উৎক্ষেপ (sublimate) বলে। বেনজোয়িক এসিড, কর্পূর ও আয়োডিনকে অনুদ্বায়ী ভেজাল হতে বিশোধন |

## TOPIC : 10 গাণিতিক সমস্যা

**Type-01: তরঙ্গ দৈর্ঘ্য, তরঙ্গ সংখ্যা, কম্পাঙ্ক বা ফ্রিকুয়েন্সি নির্ণয়:**

**এখান থেকে যে সমস্যা গুলো পরীক্ষায় আসতে পারে-**

01. হাইড্রোজেন পারমাণবিক বর্ণালীর উচ্চ শক্তিস্তর থেকে নিম্ন শক্তিস্তরে আগত রশ্মির তরঙ্গ দৈর্ঘ্য অথবা তরঙ্গ সংখ্যা কত হবে?
02. হাইড্রোজেন পারমাণবিক বর্ণালীর যে কোন সিরিজের n তম লাইনের তরঙ্গ দৈর্ঘ্য বা তরঙ্গ সংখ্যা কত?
03. হাইড্রোজেন পারমাণবিক বর্ণালীর যে কোন সিরিজের সর্বোচ্চ অথবা সর্বনিম্ন শক্তির তরঙ্গ দৈর্ঘ্য বা তরঙ্গ সংখ্যা কত?

**Tricks :** ক্যালকুলেটর বিহীন অংক করতে $R_H$ এর মান না বসিয়ে সরাসরি $R_H$ রেখে দিতে বলা হবে।

**সরাসরি শক্তিস্তর দেওয়া থাকলে, $n_1$= ছোট মান, $n_2$= বড় মান**

**উদাহরণ-01:** হাইড্রোজেন পারমাণবিক বর্ণালির ৪র্থ শক্তিস্তর থেকে দ্বিতীয় শক্তিস্তরে আগত আলোক শক্তির তরঙ্গ দৈর্ঘ্য এবং তরঙ্গ সংখ্যা নির্ণয় কর।

সমাধান: তরঙ্গ দৈর্ঘ্য, $\frac{1}{\lambda}=R_H(\frac{1}{n_1^2}-\frac{1}{n_2^2})$

$\therefore \frac{1}{\lambda}=R_H(\frac{1}{2^2}-\frac{1}{4^2})=R_H(\frac{1}{4}-\frac{1}{16})=R_H(\frac{4-1}{16})$

$\Rightarrow \frac{1}{\lambda}=(\frac{3R_H}{16})$ $\therefore \frac{1}{\lambda}=\bar{\nu}=(\frac{3R_H}{16})$ (এটা তরঙ্গ সংখ্যা)

এখানে, $n_1$= ছোট মান=2, $n_2$= বড় মান=4
[যেহেতু calculator নাই তাই মানগুলো এভাবেই দেওয়া থাকবে]

এখন আমরা খুব সহজে তরঙ্গ দৈর্ঘ্য উল্টাই দিয়ে তরঙ্গ দৈর্ঘ্য নির্ণয় করতে পারি $\therefore$ তরঙ্গ দৈর্ঘ্য $=\frac{16}{3R_H}$

**অংকের মধ্যে যদি লাইন কথাটা উল্লেখ থাকে তাহলে $n_1$ = যে সিরিজ বলবে সে অনুযায়ী ; $n_2 = n_1$+ লাইন সংখ্যা**

**উদাহরণ-02:** হাইড্রোজেন পারমাণবিক বর্ণালীর বামার সিরিজের ৩য় লাইনের তরঙ্গ দৈর্ঘ্য ও তরঙ্গ সংখ্যা নির্ণয় কর।

সমাধান: তরঙ্গ সংখ্যা, $\bar{\nu}=\frac{1}{\lambda}=R_H(\frac{1}{n_1^2}-\frac{1}{n_2^2})=R_H(\frac{1}{2^2}-\frac{1}{5^2})$

$=R_H(\frac{1}{4}-\frac{1}{25})=R_H(\frac{25-4}{100})=\frac{21R_H}{100}$

এখানে,যেহেতু বামার সিরিজের কথা বলা হয়েছে তাই, $n_1$=2, $n_1$=2+লাইন সংখ্যা =2+3, =5
[যেহেতু calculator নাই তাই মানগুলো এভাবেই দেওয়া থাকবে]

এখন তরঙ্গ সংখ্যা কে উল্টিয়ে দিলে আমরা পাবো তরঙ্গ দৈর্ঘ্য $\therefore \lambda=\frac{100}{21R_H}$

**সর্বনিম্ন ও সর্বোচ্চ শব্দের ক্ষেত্রে-**

**শর্টকাট:** সর্বনিম্ন শব্দের ক্ষেত্রে, $n_1$ = সিরিজ নং এবং $n_2 = n_1 + 1$; সর্বোচ্চ শব্দের ক্ষেত্রে তরঙ্গ দৈর্ঘ্য বা তরঙ্গ সংখ্যা, $\bar{\nu}=\frac{1}{\lambda}=\frac{R_H}{(\text{সিরিজ নং})^2}$

**উদাহরণ-01:** হাইড্রোজেন পারমাণবিক বর্ণালীর বামার সিরিজের সর্বনিম্ন রাশ্মির তরঙ্গ দৈর্ঘ্য ও তরঙ্গ সংখ্যা কত?

সমাধান: $\frac{1}{\lambda}=R_H(\frac{1}{2^2}-\frac{1}{3^2})=R_H(\frac{1}{4}-\frac{1}{9})=R_H(\frac{9-4}{36})$

$\therefore$ তরঙ্গ সংখ্যা $=\frac{1}{\lambda}=\bar{\nu}=\frac{5R_H}{36}$

এখানে $n_1 = 2$ (যেহেতু বামার সিরিজের কথা বলা হয়েছে
$n_2$=2+1=3

এখন আমরা তরঙ্গ সংখ্যা উল্টিয়ে দিলেই তরঙ্গ দৈর্ঘ্য পাবো $\therefore \lambda=\frac{36}{5R_H}$

POLL MACHINE
Preparation and Practice are vital for effective delivery
CamScanner

**উদাহরণ-02:** হাইড্রোজেন পারমাণবিক বর্ণালীর বামার সিরিজের সর্বোচ্চ তরঙ্গ দৈর্ঘ্য ও তরঙ্গ সংখ্যা কত?

সমাধান: $\frac{1}{\lambda} = R_H(\frac{1}{2^2} - \frac{1}{\infty^2})$, $\frac{1}{\lambda} = R_H\frac{1}{4}$, $\frac{1}{\lambda} = \frac{R_H}{4}$, $\lambda = \frac{4}{R_H}$

(এখানে, $n_1 = 2$, $n_2 = \infty$)

এখন তরঙ্গ সংখ্যা $\therefore \bar{v} = \frac{R_H}{4}$

শর্টকাট: সর্বোচ্চ শব্দের ক্ষেত্রে তরঙ্গ দৈর্ঘ্য বা তরঙ্গ সংখ্যা

$\bar{v} = \frac{1}{\lambda} = \frac{R_H}{(\text{সিরিজ নং})^2} = \frac{R_H}{4}$ ; $\lambda = \frac{4}{R_H}$

## pe-02: দ্রাব্যতা ও দ্রাব্যতা গুণফল (S) সম্পর্কিত সমস্যা

**Item-01:** দ্রাব্যতা (S) সম্পর্কিত সমস্যা- * দ্রাব্যতা, $S = \frac{m}{M - m} \times 100$ (এখানে, m = গ্রামে প্রকাশিত দ্রবের ভর; M − m = গ্রামে প্রকাশিত দ্রাবকে ভর)

**উদাহরণ-01:** নির্দিষ্ট তাপমাত্রায় একটি বস্তুর 60 g সম্পৃক্ত দ্রবণ শুকিয়ে ফেলার পর 10 g তলানি পাওয়া যায়। উক্ত তাপমাত্রায় দ্রবীভূত বস্তুটির দ্রাব্যতা কত? (g প্রতি 100 g দ্রাবক)

সমাধান: $S = \frac{m}{M - m} \times 100 = \frac{10}{60 - 10} \times 100 = 20$

**দ্রাব্যতা গুণফল ($K_{sp}$) সম্পর্কিত সমস্যা-**

**সাধারণ নিয়ম:** দ্রাব্যতা গুণফল (Solubility product) বলতে, যে কোন তাপমাত্রায় সম্পৃক্ত দ্রবনে বিদ্যমান আয়নগুলোর ঘনমাত্রার গুণফলকে বোঝায়। নিচের সমীকরণটি বিবেচনা কর-

$MX_{(s)} \rightleftharpoons M^+_{(aq)} + X^-_{(aq)}$ এই অবস্থায় MX দ্রবণের দ্রাব্যতা গুণফল, $K_{sp} = [M^+] \times [X^-]$

স্মরণ রাখা দরকার, সম্পৃক্ত দ্রবণে আয়নিক গুণফলই হলো দ্রাব্যতা গুণফল। এবার সাধারণ সমীকরণটি লক্ষ্য কর-

$X_aY_b \rightleftharpoons aX^{b+} + bY^{a-} \therefore K_{sp} = [X^{b+}]^a \times [Y^{a-}]^b$

এবার বিশ্লেষণী দৃষ্টি নিয়ে উদাহরণ লক্ষ্য কর-

**উদাহরণ-01:** 25° C তাপমাত্রায় $BaSO_4$ এর সম্পৃক্ত দ্রবণে $Ba^{2+}$ এর ঘনমাত্রা $4.0 \times 10^{-5}$ mol $L^{-1}$ এই তাপমাত্রায় $BaSO_4$ -এর দ্রাব্যতা গুণফল $K_{sp}$ এর মান $mol^2L^{-2}$ এককে কত?

সমাধান: $BaSO_4 \rightleftharpoons Ba^{2+} + SO_4^{2-}$

$K_{sp} = [Ba^{2+}][SO_4^{2-}] = 4.0 \times 10^5 \times 4.0 \times 10^5 = 1.6 \times 10^{11}$ $mol^2 L^{-2}$

$[Ba^{2+}] = [SO_4^{2-}]$
$= 4.0 \times 10^5$ mol $L^{-1}$

**উদাহরণ-02:** 25° C তাপমাত্রায় $Ag_2CO_3$ এর দ্রাব্যতা গুণফল $6.0 \times 10^{-12}$ এর দ্রাব্যতা হিসেব কর।

সমাধান: $Ag_2CO_3 \rightleftharpoons 2Ag^+ + CO_3^{-2}$ ধরি, $Ag_2CO_3$ এর দ্রাব্যতা S;

$K_{sp} = (2S)^2 \times S = 4S^3$ বা, $S = (\frac{K_{sp}}{4})^{1/3} = \left(\frac{6.0 \times 10^{-12}}{4}\right)^{\frac{1}{3}} = 1.0 \times 10^{-4}$ mol/L

$K_{sp} = 6.0 \times 10^{-12}$

**উদাহরণ-03:** $CaCO_3$ এর দ্রাব্যতা 0.0305g/L এর দ্রাব্যতা গুণফল কত?

সমাধান: $CaCO_3 \rightarrow Ca^{2+} + CO_3^{2-}$ ;

$K_{sp} = S^2 = \left(\frac{0.0305}{100}\right)^2 = 9.3 \times 10^{-8}$ $mol^2 L^{-2}$

$M_{CaCO_3} = 100$ ঘনমাত্রা, $S = \frac{0.03051}{100} = 0.0305 \times 10^{-2}$ mol/L

POLL MACHINE
Preparation and Practice are vital for effective delivery

## TOPIC : 11 — ISO (আইসো) সম্পর্কিত তথ্য

ISO সম্পর্কিত তথ্য:

| নাম | যা একই থাকে | যা ভিন্ন থাকে | উদাহরণ |
|---|---|---|---|
| আইসোটোপ | প্রোটন/পারমাণবিক সংখ্যা | ভর সংখ্যা | ${}^1_1H$, ${}^2_1H$, ${}^3_1H$ |
| আইসোবার | ভর সংখ্যা | নিউট্রন সংখ্যা ও প্রোটন সংখ্যা | ${}^{64}_{28}Ni$, ${}^{64}_{29}Cu$, ${}^{64}_{30}Zn$ |
| আইসোটোন | নিউট্রন সংখ্যা | ভর সংখ্যা ও প্রোটন সংখ্যা | ${}^{14}_6C$ ও ${}^{18}_8O$ |
| আইসোইলেকট্রনিক | ইলেকট্রন সংখ্যা | ভর, নিউট্রন ও প্রোটন সংখ্যা | $N^{3-}$, $O^{2-}$, $F^-$ |
| আইসোডায়াফার | নিউট্রন ও প্রোটন সংখ্যার পার্থক্য সমান | ভর, নিউট্রন ও প্রোটন সংখ্যা | ${}^{39}_{19}K$ এবং ${}^{19}_9F$ |
| আইসোস্টার | অণুর মধ্যে সমসংখ্যক পরমাণু ও ইলেকট্রন থাকে | ভর, নিউট্রন ও প্রোটন সংখ্যা | $N_2$ ও CO |

**Tricks:** আইসোটোপ এর শেষ বর্ণ 'প' অর্থাৎ প্রোটন সংখ্যা সমান। আইসোবার এর শেষ শব্দ 'বার' অর্থাৎ ভর সংখ্যা সমান। আইসোটোন এর শেষ বর্ণ 'ন' অর্থাৎ নিউট্রন সংখ্যা সমান। আইসোইলেকট্রনিক যার শেষ শব্দ ইলেকট্রন অর্থাৎ যাদের ইলেকট্রন সংখ্যা সমান।



CamScanner

❒ চিকিৎসা বিজ্ঞানে আইসোটোপের ব্যবহার:

| আইসোটোপের সংকেত | আইসোটোপের ব্যবহার | আইসোটোপের সংকেত | আইসোটোপের ব্যবহার |
|---|---|---|---|
| $^{131}_{53}I$ | টিউমার এর অবস্থান ও আয়তন এবং গলগন্ড বা থাইরয়েড গ্রন্থির বৃদ্ধি জনিত চিকিৎসা। | Fe-59 & Fe-55 | আয়রন পরিশোষণ গবেষণা (অন্ত্রে) |
| $^{31}_{22}Ti$ | রক্তস্রোতে মিশ্রিত করে শরীরে রক্তের পরিমাণ নির্ণয়। | তেজস্ক্রিয় $^{24}_{11}Na$ | রক্তসঞ্চালন গবেষণা |
| $^{60}_{27}Co$ | ক্যান্সার আক্রান্ত কোষ ধ্বংস করা। | $^{99}_{43}Tc$ | মস্তিষ্কের টিউমারের স্থান নির্ধারণ |
| $^{32}_{15}P$ | রক্ত স্বল্পতা রোগের চিকিৎসা। | Ra-226 | ক্যান্সার নির্ধারণ |
| P-32 & C-14 | DNA ও RNA এর গঠন পর্যালোচনা | Cs-137 | মৃত্তিকা বিনষ্ট ও ধ্বংসের উৎস নির্ধারক |
| U-238 | পাথরের বয়স নির্ণয়। | $^{63}_{28}Ni$ | ক্যামেরা ও প্লাজমা প্রদর্শনীতে "স্মা সেন্সর" হিসেবে ব্যবহৃত হয়। |
| $^{35}_{16}S$ এবং $^{32}_{15}P$ | কোন উদ্ভিদের জন্য কতটুকু সার ও কিভাবে প্রয়োগ করা দরকার তা জানতে ব্যবহার করা হয়। | C-14 Dating | জীবাশ্মের বয়স তথা পৃথিবীর আনুমানি বয়স নির্ণয় করা যায় |

## TOPIC : 12 ক্রোমাটোগ্রাফি

| সচল দশায় প্রকৃতির উপর ভিত্তি করে ক্রোমাটোগ্রাফির দুটি ভাগ | | |
|---|---|---|
| গ্যাস ক্রোমাটোগ্রাফি | Gas chromatography | (ক) গ্যাস-তরল ক্রোমাটোগ্রাফি (GLC); (খ) গ্যাস-কঠিন ক্রোমাটোগ্রাফি (GSC) |
| তরল ক্রোমাটোগ্রাফি | Liquid chromatography | (ক) তরল-তরল ক্রোমাটোগ্রাফি (LLC); (খ) তরল-কঠিন ক্রোমাটোগ্রাফি (LSC) |

## TOPIC : 13 তেজস্ক্রিয়তা ও নিউক্লিয়ার বিক্রিয়া

| বৈশিষ্ট | α-রশ্মি | β-রশ্মি | γ-রশ্মি |
|---|---|---|---|
| সংজ্ঞা | হিলিয়াম পরমাণুর নিউক্লিয়াস | ইলেকট্রন কণার প্রবাহ | তড়িৎ চুম্বকীয় তরঙ্গ |
| প্রতীক | $^{4}_{2}He^{2+}$, $^{4}_{2}\alpha$ | $^{0}_{-1}e$ | $^{0}_{0}\gamma$, $\gamma$ |
| আপেক্ষিক চার্জ | +2 | −1 | 0 (চার্জহীন) |
| আপেক্ষিক ভর | 4 একক | 0 | 0 |
| ভেদন ক্ষমতা | 1 গুণ হলে | 1000 গুণ | 10000 গুণ |
| আয়নীকরণ ক্ষমতা | সবচেয়ে বেশি | α-কণা অপেক্ষা কম | সবচেয়ে কম |

## STEP 03 বিগত সালের প্রশ্নের ব্যাখ্যা ও প্যারালাল তথ্যসহ সমাধান

FULL MACHINE
Preparation and Practice are vital for effective delivery

### STEP 01 ANALYSIS OF GST QUESTION

**01. MRI প্রযুক্তিতে কোন বর্ণালীমিতিক পদ্ধতি প্রয়োগ করা হয়?** [GST-A. 2022-2023]

A. UV  B. IR
C. Raman  D. NMR

**S D Why MRI সম্পর্কিত তথ্যাবলি:**

- NMR পরমাণুর নিউক্লিয়াসের বিজোড় সংখ্যক প্রোটনের বা নিউট্রনের ($^{1}H$, $^{13}C$, $^{19}F$, $^{31}P$) চুম্বকীয় অনুরণন বা ম্যাগনেটিক রেজোন্যান্সের ওপর ভিত্তি করে MRI পদ্ধতি প্রতিষ্ঠিত।
- পানির অণুর H পরমাণু ($^{1}H$) হলো বিজোড় প্রোটনযুক্ত MRI সৃষ্টিকারী NMR পরমাণু। প্রতিটি H পরমাণুর প্রোটনের স্পিনের $+\frac{1}{2}$ অথবা $-\frac{1}{2}$ মান থাকে।

**02. $He^{+}$ এর ১ম ও ২য় শক্তিস্তরের শক্তির পার্থক্য কত eV?** [GST-A. 2022-2023]

A. 3.4  B. 10.2
C. 40.8  D. 91.8

**S C Why** n তম কক্ষের শক্তি, $E_n = -2.18 \times 10^{-18}\frac{Z^2}{n^2}$ Joule

$\therefore$ $He^{+}$ এর জন্য ২য় ও ১ম শক্তিস্তরের শক্তির পার্থক্য $= E_2 - E_1$

$= -2.18 \times 10^{-18}\left[\frac{2^2}{2^2} - \frac{2^2}{1^2}\right] = 6.54 \times 10^{-18}$ J = 40.875 eV

**03. Al মৌলের $3p^1$ ইলেকট্রনটির কোয়ান্টাম সংখ্যার সেট (n, l, m) কোনটি?** [GST-A. 2022-202

A. (3, 1, 1)  B. (2, 0, 1)  C. (3, 0, 0)  D. (2, 1, 0)

**S A Why** m = 0 সহ −l থেকে +l পর্যন্ত ∴ m = 3, l = 1 হলে, m = 0, −1, +
তাই, Al এর $3p^1$ ইলেকট্রনটির কোয়ান্টাম সংখ্যার সেট (n, l, m) = (3, 1,1

**04. পরমাণুতে অরবিটালের ধারণা পাওয়া যায় কোনটি থেকে?** [GST Set-2, 2021-22, RU.Science, Set-01, 2018-1

A. বোর পরমাণু মডেল  B. রাদারফোর্ড পরমাণু মডেল
C. কোয়ান্টাম বলবিদ্যা  D. আউফবাউ নীতি

**S C Why** অরবিটাল সাধারনত ম্যাগনেটিক কোয়ান্টাম সংখ্যার মাধ্যমে প্রক করা হয়, যার ধারণা কোয়ান্টাম বলবিদ্যা হতে পাওয়া যায়।

**05. নেসলার দ্রবণ দ্বারা কোন ক্যাটায়ন সনাক্ত করা যায়?** [GST Set-2, 2021-22, JU Set-O, 2021-22, 19-20, DAT. 20-21, BSMRSTU-18-19]

A. $Cu^{2+}$  B. $NH_4^{+}$  C. $Al^{3+}$  D. $Na^{+}$

**S B Why** নেসলার দ্রবণ হচ্ছে NaOH/KOH + $K_2[HgI_4]$ মিশ্রণ। এর সাহায্যে $NH_4^{+}$ ক্যাটায়ন শনাক্ত করা যায়।

একনজরে $NH_4^{+}$ মূলক শনাক্তকরণ:

| লবণে ক্ষারীয় মূলকের সিক্ত পরীক্ষা | | | | |
|---|---|---|---|---|
| আয়ন | পরীক্ষার ধরণ | বিকারক | উৎপন্ন দ্রবণ/ অধঃক্ষেপ | পর্যবেক্ষণ |
| $NH_4^{+}$ | উপস্থিতি শনাক্তকরণ | $K_2HgI_4$ | $NH_2[Hg_2I_3]$ | বাদামী অধঃক্ষে |



CS CamScanner

06. কোন একটি লবণের দ্রবণে $BaCl_2$ দ্রবণ যোগ করলে সাদা অধঃক্ষেপ পড়ল যা $HCl_{(aq)}$ এ দ্রবীভূত হল না। লবণটি শিখা পরীক্ষায় সোনালী হলুদ বর্ণ প্রদর্শন করল। সম্ভাব্য লবণটি কি? [GST-A. 2020-21]

A. $CuSO_4$ B. $Na_2SO_4$ C. $NaNO_3$ D. $Cu(NO_3)_2$

S Ⓑ Why যৌগটি শিখা পরীক্ষায় সোনালী হলুদ বর্ণ প্রদর্শন করে। সুতরাং, যৌগটির ক্যাটায়ন বা ক্ষারীয়মূলক হলো $Na^+$ আয়ন। আবার, $BaCl_2$ এর সাথে HCl এ অদ্রবীভূত সাদা অধঃক্ষেপ পাওয়া যায়।
সুতরাং যৌগটির অ্যানায়ন $SO_4^{2-}$

07. হাইড্রোজেন পারমাণবিক বর্ণালীর প্যাশ্চেন সিরিজের জন্য কোনটি সঠিক? [GST-A. 2020-21]

A. $n_1 = 1, n_2 = 2,3, ....$ B. $n_1 = 2, n_2 = 3,4, ....$
C. $n_1 = 3, n_2 = 4,5, ....$ D. $n_1 = 3, n_2 = 1,2, ....$

S Ⓒ Why হাইড্রোজেনের পারমাণবিক বর্ণালির সিরিজ:

| | | | |
|---|---|---|---|
| লাইমেন সিরিজ | $n_1 = 1$ | $n_2 = 2,3,4,5....\infty$ | অতিবেগুনি অঞ্চল |
| বামার সিরিজ | $n_1 = 2$ | $n_2 = 3,4,5,6....\infty$ | দৃশ্যমান অঞ্চল |
| প্যাশ্চেন সিরিজ | $n_1 = 3$ | $n_2 = 4,5,6,7....\infty$ | অবলোহিত অঞ্চল |
| ব্রাকেট সিরিজ | $n_1 = 4$ | $n_2 = 5,6,7,8....\infty$ | অবলোহিত অঞ্চল |
| ফুন্ড সিরিজ | $n_1 = 5$ | $n_2 = 6,7,8,9....\infty$ | অবলোহিত অঞ্চল |
| হামফ্রিস সিরিজ | $n_1 = 6$ | $n_2 = 7,8,9....\infty$ | অবলোহিত অঞ্চল |

08. $Mg(OH)_2$ এর দ্রাব্যতা গুণাঙ্ক $2.0 \times 10^{-11}$। দ্রবণের pH 10 হলে তাতে $Mg^{2+}$ এর ঘনমাত্রা কত mol/L? [GST-A. 2020-21; SUST. 2015-16]

A. $2.0\times10^{-3}$ B. $2.0\times10^{-19}$ C. $2.0\times10^{-2}$ D. $2.0\times10^{-7}$

S Ⓐ Why দ্রবণের $pH = 10, pOH = 4$
প্রশ্নমতে, $[Mg^{2+}] \times [10^{-4}]^2 = 2 \times 10^{-11}$
$\Rightarrow [Mg^{2+}] = \frac{2 \times 10^{-11}}{10^{-8}} = 2 \times 10^{-3}$

$Mg(OH)_2 \rightleftharpoons Mg^{2+} + 2OH^-$
$K_{sp} = [Mg^{2+}][OH^-]^2$
$pOH = 4 \Rightarrow -\log[OH^-] = 4$
$\therefore [OH^-] = 10^{-4}$

## PART Ⓐ ANALYSIS OF GENERAL UNIVERSITY QUESTION

### জগন্নাথ বিশ্ববিদ্যালয়

01. নিচের কোনটি পরমাণুর স্থায়ী মূল কণিকা? [JnU-A.2017-18]

A. পজিট্রন B. নিউট্রিনো
C. নিউট্রন D. মেসন

S Ⓒ Why ইলেকট্রন, প্রোটন ও নিউট্রন হল পরমাণুর ৩টি স্থায়ী মূল কণিকা।

02. $^{27}_{13}Al$ নিউক্লিয়াসটিতে নিউট্রনের সংখ্যা হল- [JnU. 05-06,CU.2010-11]

A. 13 B. 27
C. 14 D. 40

S Ⓒ Why নিউট্রন সংখ্যা = 27 – 13 = 14

03. পরমাণু সম্বন্ধে সর্বজনবিদিত সত্য কোনটি? [JnU.2008-09]

A. পরমাণু স্থায়ী
B. সাধারণ অবস্থায় পরমাণু থেকে আলোক রশ্মি নির্গত হয়
C. বিশেষ অবস্থায় পরমাণু থেকে আলোক রশ্মি নির্গত হলে তা নির্দিষ্ট কম্পাংকের হয়
D. এর কোনটিই সত্য নয়।

S Ⓒ Why A. পরমাণু স্থায়ী কথাটি সত্য নয়। কারণ কিছু মৌলের পরমাণু (আইসোটোপ) আছে যারা স্বতঃস্ফূর্তভাবে বিভিন্ন রশ্মি বিকিরণ করে নতুন নিউক্লিয়াসযুক্ত পরমাণুতে পরিণত হয়। তাই পরমাণু সবক্ষেত্রে স্থায়ী নয়।
B. উত্তরটি ভুল কারণ সাধারণ অবস্থায় নয় বরং উচ্চ তাপমাত্রায় এবং বৈদ্যুতিক স্ফুলিঙ্গ চালনা করলে পরমাণু থেকে আলোক রশ্মি বের হয়।
C. সঠিক: কারণ প্রত্যেক মৌলের নির্দিষ্ট বৈশিষ্ট্যপূর্ণ রেখা বর্ণালী আছে। যা নির্দিষ্ট তরঙ্গ-দৈর্ঘ্যের বা নির্দিষ্ট কম্পাংকের আলো শক্তির সাথে সম্পর্কযুক্ত। তাই বুনসেন শিখায় উত্তপ্ত $K^+$ থেকে বেগুনি এবং Ca আয়ন থেকে ইটের মত লাল শিখা উৎপন্ন হয়।

04. প্রকৃতিতে ক্লোরিনের আইসোটোপের সংখ্যা কত? [JnU. 2011-2012]

A. 1 B. 3 C. 4 D. 2

S Ⓓ Why প্রকৃতিতে ক্লোরিনের দুটি আইসোটোপ আছে একথা সর্বপ্রথম প্রমাণ করেন বিজ্ঞানী অ্যাস্টন।
ক্লোরিনের আইসোটোপ: $^{35}_{17}Cl$, $^{37}_{17}Cl$

05. এক আণবিক সংখ্যাবিশিষ্ট কোন মৌলের তিনটি আইসোটোপ $^1_1H$, $^2_1H$ এবং $^3_1H$। কোন আইসোটোপটির বহিঃস্থ শেলে একটি ইলেকট্রন? [JnU.2007-2008,RU.2008-09,2012-13]

A. $^1_1H$ B. $^2_1H$ C. $^3_1H$ D. All the there

S Ⓓ Why $^1_1H$, $^2_1H$ ও $^3_1H$ এরা পরস্পরের আইসোটোপ এবং সবার প্রোটন সংখ্যা 1। সুতরাং সবার বহিঃস্থ শেলে একটি ইলেকট্রন থাকবে।

06. নিম্নের কোন নিউক্লিয়াস যুগলটিকে আইসোটোন বলা হবে? [JnU.2005-2006]

A. $^{32}_{16}S$, $^{34}_{16}S$ B. $^{12}_{6}C$, $^{14}_{6}C$ C. $^{12}_{6}C$, $^{13}_{7}N$ D. $^{14}_{7}N$, $^{14}_{6}C$

S Ⓒ Why A. n = 32 – 16 = 16, 34 – 16 = 18
B. n = 12 – 9 = 3, 14 – 6 = 8
C. n = 12 – 6 = 6, 13 – 7 = 6
D. n = 14 – 7 = 7, 14 – 6 = 8
আইসোটোন অর্থাৎ নিউট্রন সংখ্যা সমান।

07. সহকারী কোয়ান্টাম সংখ্যা (*l*)-এর মান কত হলে f-অরবিটাল সম্ভব? [JnU. 2015-16]

A. 1 B. 2 C. 3 D. 4

S Ⓒ Why $l = 0 \rightarrow s, l = 1 \rightarrow p, l = 2 \rightarrow d, l = 3 \rightarrow f$

08. প্রধান কোয়ান্টাম সংখ্যা 4 হলে অরবিটাল-এর সংখ্যা হবে- [JnU. 2014-15;HSTU-B:2017-18]

A. 16 B. 14
C. 10 D. 32

S Ⓐ Why অরবিটাল সংখ্যা = $n^2 = 4^2 = 16$.

09. 3d উপস্তরের কতগুলো স্বীকৃত চুম্বকীয় কোয়ান্টাম সংখ্যা আছে? [JnU.2010-11]

A. 3 B. 7
C. 5 D. 9

S Ⓒ Why 3d উপস্তরে, n = 3, *l* = 3 – 1 = 2
সুতরাং, চুম্বকীয় কোয়ান্টাম সংখ্যা $m_s$ = (+2, +1, 0, –1, –2) অর্থাৎ মোট কোয়ান্টাম সংখ্যা 5টি।

10. চৌম্বকীয় কোয়ান্টাম সংখ্যা কি নির্দেশ করে? [JnU.2005-06, RU.2009-10, IU.2004-05, JU-$A_3$.2017-18]

A. অরবিটালের আকার B. অরবিটালের অবস্থান
C. অরবিটালের দিক D. অরবিটালের গতি Ans Ⓒ

11. পরমাণুর নিউক্লিয়াসের চারদিকের যে এলাকার মধ্যে ইলেকট্রনের উপস্থিতির সম্ভাবনা নব্বই শতাংশ সে এলাকার নাম কি? [JnU.2008-2009]

A. অরবিট B. ইলেকট্রন ক্লাউড
C. অরবিটাল D. উপ-শেল

S Ⓒ Why পরমাণুর নিউক্লিয়াসের চারদিকে যেখানে ইলেকট্রন প্রাপ্তির সম্ভাবনা সবচেয়ে বেশি (90 - 95%) তাকে অরবিটাল বলে।

12. Chromium(Cr)এর ইলেকট্রনিক কনফিগারেশন হলো- [JnU-A. 2017-18; JU-D: 2019-20, 2014-15; JU.2009-2010,CU.2007-08]

A. $[Ar]3d^54s^1$ B. $[Ar]4s^2d^4$
C. $[Kr]4d^55s^1$ D. $[Kr]4d^45s^2$

S Ⓐ Why কয়েকটি গুরুত্বপূর্ণ মৌলের বহিঃস্তরের ইলেকট্রন বিন্যাস:

| | |
|---|---|
| Cr (24) → $3d^54s^1$ | Mo (42) → $4d^55s^1$ |
| Cu (29) → $3d^{10}4s^1$ | Pd (46) → $4d^{10}5s^0$ |
| Zn (30) → $3d^{10}4s^2$ | Fe(26) → $3d^64s^2$ |
| La (57) → $5d^16s^2$ | Au (79) → $5d^{10}6s^1$ |
| Ag (47) → $4d^{10}5s^1$ | Pt (78) → $5d^96s^1$ |

13. একটি মৌলের যোজ্যতা নির্ভর করে: [JnU.2009-2010]

A. ইলেকট্রন বিন্যাসের উপর B. বহিঃস্থস্তরের ইলেকট্রন বিন্যাসের উপর
C. বহিঃস্থস্তরের নিউক্লিয়ার চার্জের উপর D. প্রোটনের সংখ্যার উপর Ans Ⓑ



POLL MACHINE
Preparation and Practice are vital for effective delivery
CamScanner

14. বেগুনী রশ্মির তরঙ্গ দৈর্ঘ্য কত? [JnU-A.2017-18]
A. 570-590 nm B. 450-500nm
C. 500-570nm D. 400-450nm **Ans D**

15. শিখা পরীক্ষার মাধ্যমে বিভিন্ন ধাতব মৌল শনাক্ত করতে যে এসিডে প্লাটিনাম তার ভিজিয়ে নেয়া হয়- [JnU. 2015-16]
A. $HNO_3$ B. $H_2SO_4$ C. HCl D. $CH_3COOH$
**S C Why** s-ব্লক ধাতুর ক্লোরাইড লবণ সমূহ বুনসেন দীপ শিখায় উদ্বায়ী এবং অনুজ্জ্বল বর্ণহীন শিখায় বিভিন্ন বৈশিষ্ট্যমূলক বর্ণ সৃষ্টি করে। তাই পরীক্ষাগারে ক্ষার ও মৃৎক্ষার ধাতুর যৌগকে গাঢ় HCl -এ সিক্ত করে বুনসেন দীপ শিখায় উত্তপ্ত করলে যৌগটি উদ্বায়ী ধাতব ক্লোরাইডে পরিণত হয়।

16. শিখা পরীক্ষায় (Flame test) কপার কোন রঙ (Color) দেয়? [JnU: 2013-14; JU. 2018-19]
A. Green B. Violet
C. Crimson D. Magenta **Ans A**

17. নিম্নের কোন লবণটি শিখা পরীক্ষায় বেগুনী রং দেখাবে? [JnU. 2009-2010;RU.08-09]
A. NaCl B. KCl
C. $SrCl_2$ D. $Ba(NO_3)_2$ **Ans B**

18. মাইক্রোওয়েভ ফ্রিকোয়েন্সি কোন ধরণের গতিকে উত্তেজিত করে? [JnU. 08-09]
A. স্থানাঙ্করণ গতি B. ঘূর্ণন গতি
C. কম্পন গতি
D. ইলেকট্রনের স্পিনকে উল্টাইয়া দেওয়া **Ans A**

19. জৈব যৌগের বিশুদ্ধতা কোনটির মাধ্যমে নির্ণয় করা হয়? [JnU.2005-06]
A. দহন B. দ্রাব্যতা নির্ণয়
C. গলনাঙ্ক নির্ণয় D. সান্দ্রতা নির্ণয়
**S C Why** গলনাঙ্ক জৈব যৌগের বিশুদ্ধতা নির্ণয়ের সঠিক পদ্ধতি।

20. কলাম ক্রোমাটোগ্রাফিতে স্থির মাধ্যম হিসাবে ব্যবহৃত হয় না- [JnU-A.2017-18]
A. ট্যালক B.অ্যালুমিনা C. সিলিকা D. সেলুলোজ
**S A Why** কলাম ক্রোমাটোগ্রাফিতে স্থির মাধ্যম হিসেবে অ্যালুমিনা ($Al_2O_3$) সিলিকা জেল ($SiO_2$), সেলুলোজ, ম্যাগনেশিয়াম ও ক্যালসিয়াম কার্বনেট ইত্যাদি এবং সচল মাধ্যম হিসেবে ইথানল, ডাই-ইথাইল ইথার, বেনজিন, কার্বন ডাই-সালফাইড, ক্লোরোফরম, মিথানল, টলুইন ইত্যাদি ব্যবহৃত হয়।

21. কলাম ক্রোমাটোগ্রাফিতে স্থির মাধ্যম হিসেবে ব্যবহৃত হয় না- [JnU. 2015-16]
A. সেলুলোজ B. অ্যালুমিনা C. সিলিকা D. উল
**S D Why** উলকে কলামের নিচের দিকে স্থাপন করে একে বালির স্তর দ্বারা ঢেকে দেওয়া হয় আর স্থির দশা বা অধিশোষক হিসেবে সিলিকা জেল, অ্যালুমিনা, MgO, $CaCO_3$, স্টার্চ/সেলুলোজ ইত্যাদি ব্যবহৃত হয়। সচল দশা হিসেবে জৈব দ্রাবক মিথানল, ক্লোরোফর্ম, বেনজিন, টলুইন, ডাইক্লোরোমিথেন ইত্যাদি পৃথকভাবে মিশ্রণে ব্যবহৃত হয়।

## খুলনা বিশ্ববিদ্যালয়

01. দুইটি পরমাণুর নিউক্লিয়ন সংখ্যা সমান কিন্তু প্রোটন সংখ্যা ভিন্ন, তাদের বলা হয়- [KU. 2011-2012,RU.2012-13,JU.2010-11]
A. আইসোবার B. আইসোটোন
C. আইসোটোপ D. আইসোমার **Ans A**

02. কোনটি থেকে তীব্র গামা রশ্মি নিক্ষেপ করে ক্যান্সার টিউমার ধ্বংস করা যায়? [KU.2009-2010, BRU.13-14]
A. $^{12}C$ B. $^{14}C$ C. $^{60}Co$ D. $^{58}Co$ **Ans C**

03. কোনটি n-তম শক্তি স্তরে মোট অরবিটালের সংখ্যা প্রকাশ করে? [KU. 2019-20]
A. $\frac{n}{2}\{1+(2n-2)\}$ B. $\frac{n}{2}\{1+(2n-1)\}$
C. $\frac{n}{2}\{2+(2n+1)\}$ D. $\frac{n}{2}\{2+(2n-1)\}$
**S B Why** n-তম শক্তি স্তরে মোট অরবিটালের সংখ্যা $= n^2$; এবার Option B কে টেস্ট করে দেখি, $\frac{n}{2}\{1+(2n-1)\} = \frac{1}{2}(n+2n^2-n) = \frac{1}{2}\times 2n^2 = n^2$

04. পর্যায় সারণীতে Ag এর অবস্থান কোন শ্রেণিতে? [KU. 2015-16]
A. IB B. IIB C. IVA D. VIII
**S A Why** IB গ্রুপের মৌলগুলো হলো Cu, Ag, Au, Rg

05. আউফবাউ নীতি অনুযায়ী নীচের কোন সম্পর্কটি সত্য? [KU.2011-2012]
A. 3d<5s<4p B. 6s<5p<4d C. 3d<4p<5s D. 5f<6d<4f
**S C Why** ইলেকট্রন বিন্যাসের নিয়মাবলী দেখ।

06. অতিবেগুনী রশ্মির কোন তরঙ্গ ব্যাপ্তি (ন্যানোমিটার) ড্রাগ সনাক্তকরণে ব্যবহৃত হয়? [KU. 2019-20; BU. 2015-16]
A. 200-400 B. 230-380
C. 270-360 D. 300-320 **Ans A**

07. জাল পাসপোর্ট শনাক্তকরণে কোন রশ্মি ব্যবহৃত হয়? [KU-জীঃবঃ 2016-17; RU. 2015-16; PUST. 2016-17; BSMRSTU. 2017-18]
A. UV B. X-ray C. Gamma D. Infrared
**S A Why** জালটাকা/ পাসপোর্ট শনাক্তকরণে → UV, চিকিৎসাক্ষেত্রে → IR, X-ray

08. খালি চোখে পটাশিয়াম আয়নের বৈশিষ্ট্যমূলক শিখা বর্ণ কোনটি? [JUST 2019-20; KU- 2016-17]
A. উজ্জ্বল হলুদ B. নীলাভ সবুজ
C. হালকা বেগুনি D. গোলাপী লাল **Ans C**

09. হাইড্রোজেন পরমাণুর ইলেকট্রন ৪র্থ, ৫ম, ৬ষ্ঠ, ৭ম শক্তিস্তর হতে তৃতীয় শক্তিস্তরে স্থানান্তরের ফলে কোন সিরিজ এর রেখা বর্ণালী পাওয়া যায়? [KU-জীঃবঃ 2016-17]
A.বামার B. প্যাশ্চেন C. ব্রাকেট D. লাইমেন
**S B Why** $n_2 = 4,5,6,7,8 \ldots\ldots n_1 = 3$ তখন প্যাশ্চেন সিরিজ।

10. নিচের কোন ধাতুটি দীপ শিখায় টকটকে লাল বর্ণ সৃষ্টি করে? [KU. 2015-16]
A. ক্যালসিয়াম B. স্ট্রন্সিয়াম
C. সোডিয়াম D. পটাসিয়াম **Ans B**

11. একটি মৌলের কোন বৈশিষ্ট্যকে 'আঙ্গুল ছাপ' হিসাবে ধরা হয়? [KU 2014-15]
A. Atomic spectrum B. Magnetic resonance
C. Color D. Chemical reaction
**S A Why** একটি মৌলের পারমাণবিক বর্ণালি (Atomic spectrum) বৈশিষ্ট্যকে 'আঙ্গুল ছাপ' হিসাবে ধরা হয়।

12. দৃশ্যমান আলোর তরঙ্গ দৈর্ঘ্যের ব্যাপ্তি (range)- [KU. 2012-13, RU.2007-08,JnU.2014-15]
A. 400 - 700 nm B. 400 - 7000 nm
C. 20 - 40 nm D. 200 - 400 nm **Ans A**

13. $M_2X_3$ লবণের দ্রাব্যতা $1.1\times10^{-2}$ mol $L^{-1}$ হলে এর $K_{sp}$ কত হবে? [KU. 2019-20]
A. $1\times10^{-10}$ B. $1.74\times10^{-8}$
C. $2.1\times10^{6}$ D. $6\times10^{-7}$
**S B Why** $M_2X_3$ এর দ্রাব্যতা গুণফল $= 2^2.3^3.s^5 = 108\ s^5$
এখন, $108s^5 = 108\ (1.1\times10^{-2})^5 = 1.74\times10^{-8}$

14. 20°C তাপমাত্রা ও 0.98 atm চাপে $O_2$ গ্যাসের দ্রাব্যতা কত? (20°C তাপমাত্রায় $O_2$ গ্যাসের হেনরীর ধ্রুবক $1.38\times10^{-3}$ M/atm) [KU. 2019-20]
A. $1.3524\times10^{-3}$ M B. $2.3524\times10^{-3}$ M
C. $1.5524\times10^{-3}$ M D. $2.4524\times10^{-3}$ M
**S A Why** $S = K\times P = 0.98\times1.38\times10^{-3} = 1.3524\times10^{-3}$ M

15. ($I_2$ + NaCl) এর মিশ্রণ হতে আয়োডিন পৃথকীকরণ প্রক্রিয়া কোনটি? [KU-C.2019-20]
A. বাষ্প পাতন B. আংশিক পাতন
C. উর্ধ্বপাতন D. নিম্নচাপ পাতন **Ans C**

16. লেসাইন পরীক্ষা কোন যৌগের শনাক্তকরণে ব্যবহৃত হয়? [KU.2012-2013]
A. অজৈব এসিড B. জৈব এসিড
C. অসম্পৃক্ত D. জৈব যৌগ **Ans D**

17. তরল জৈব যৌগের বিশুদ্ধতার মানদন্ড- [KU.2012-2013]
A. গলনাঙ্ক B. আপেক্ষিক গুরুত্ব
C. স্ফুটনাঙ্ক D. চাপ **Ans C**

18. কোন ক্রোমাটোগ্রাফিতে হিলিয়াম গ্যাস সচল মাধ্যম হিসেবে ব্যবহৃত হয়? [KU-A.2017-18]
A. TLC B. HPLC C.GLPC D. GC
S D Why গ্যাস ক্রোমাটোগ্রাফিতে সচল দশা হলো বিভিন্ন বিক্রিয়াহীন গ্যাস। যেমন : He, $N_2$ ইত্যাদি। প্রায় 90% ক্ষেত্রে He গ্যাস ব্যবহার করা হয়, তবে কখনো কখনো $H_2$ গ্যাস ও ব্যবহার করা হয়।

19. হাইড্রোজেন পরমাণুতে ৪র্থ কক্ষপথের ব্যাসার্ধ $8.5 \times 10^{-10}$ m হলে, এই কক্ষপথে ইলেকট্রনের গতিবেগ কত $ms^{-1}$ হবে? [KU-A,Set-Kha:2018-19]
A. $5.4 \times 10^2$ B. $5.4 \times 10^3$ C. $5.4 \times 10^4$ D. $5.4 \times 10^5$
S D Why $mvr = \frac{nh}{2\pi} \Rightarrow v = \frac{nh}{2\pi mr}$
$= \frac{4 \times 6.626 \times 10^{-34}}{2 \times 3.1416 \times 9.109 \times 10^{-31} \times 8.5 \times 10^{-10}} = 5.449 \times 10^5 ms^{-1}$

20. বামার সিরিজের $H_B$ রেখার তরঙ্গ দৈর্ঘ্য কত? [যখন একটি ইলেকট্রন ৩য় শক্তিস্তর হতে আসে] ($R_H = 1.09737 \times 10^7 m^{-1}$) [KU-A.2017-18]
A. $6.5646 \times 10^{-1}$ B. $6.5646 \times 10^{-2}$ cm
C. $6.564 \times 10^{-4}$ m D. $6.5645 \times 10^{-5}$ cm Ans D

## কুমিল্লা বিশ্ববিদ্যালয়

01. নিচের কোনটি অনুপ্রভা সৃষ্টিকারী পদার্থ? [CoU-A. 2019-20]
A. ZnS B. $Na_2S$ C. CaS D. $K_2S$
S A Why ZnS এর উপর রশ্মি আপতিত হলে চক চক করে। অনুপ্রভা সৃষ্টিকারী পদার্থ হওয়ায় রাদারফোর্ড তার α-কণা বিচ্ছুরণ পরীক্ষায় ZnS এর আবরণযুক্ত পর্দা ব্যবহার করেন।

02. $Cu^{2+}$ (29) এর শেষ ইলেকট্রনের জন্য সঠিক হলো? [CoU-A. 2019-20; CVASU.2013-14]
A. $n=3, l=1, m=+1, s=+\frac{1}{2}$ B. $n=3, l=2, m=+2, s=-\frac{1}{2}$
| 01 | B | রাদারফোর্ড নিউক্লিয়াস আবিষ্কারের পরীক্ষায় ZnS পর্দা ব্যবহার করেন। কারণ, ZnS আবরণীর উপর পতিত α-কণা আলোকচ্ছটা বিচ্ছুরণ করে তথা α- কণার দিক পরিবর্তন বুঝা যায়। |
| 02 | C | ইলেকট্রনের তরঙ্গধর্ম প্রদর্শনকারী সমীকরণটিকে বলা হয় ডি ব্রগলির সমীকরণ। |
| 03 | A | ZnS এর উপর রশ্মি আপতিত হলে চক চক করে । অনুপ্রভা সৃষ্টিকারী পদার্থ হওয়ায় রাদারফোর্ড তার α-কণা বিচ্ছুরণ পরীক্ষায় ZnS এর আবরণযুক্ত পর্দা ব্যবহার করেন। |
| 04 | A | 2d সম্ভব নয়। কারণ, $n = 2, l = 0 \rightarrow s; l = 1 \rightarrow p$ 'd' উপস্তরে যেতে হতে '$l$'এর মান (2) হতে হবে যা এখানে সম্ভব নয়। তাই 2d সম্ভব নয়। |
| 05 | B | H পরমাণুর বেলায় 1s ইলেক্ট্রন লেভেল 1টি ফোটন শোষণকরতে পারে। কারণ $H = 1s^1$। |
| 06 | C | 4f অরবিটালে, n = 4, f অরবিটালের ক্ষেত্রে $l = 3$, যেহেতু সেক্ষেত্রে m এর এর মান −3, −2, −1, 0, 1, 2, 3। তাহলে $m = \pm 1$ সঠিক হবে এবং $S = \pm\frac{1}{2}$ বিধায় $\pm\frac{1}{2}$ মানটি গ্রহণযোগ্য। |
| 07 | A | হুন্ডের নিয়মানুসারে, সমশক্তিসম্পন্ন সাবশেলের অরবিটাল সর্বদাই বিজোড় অবস্থায় থাকতে চায়। এভাবে অর্ধপূর্ণ অবস্থার উপনীত হবার পরে পরবর্তী ইলেকট্রনগুলো সাবশেলের অরবিটালে প্রবেশ করে ইলেকট্রন দ্বারা পূর্ণ হয়। |
| 08 | D | **3d-ব্লক মৌলের ব্যতিক্রম ইলেকট্রন বিন্যাস:** Cr (24) - $[Ar]\ 4s^1\ 3d^5$; Cu (29) - $[Ar]\ 4s^1\ 3d^{10}$ |
| 09 | D | K এর ইলেকট্রন বিন্যাস $K(19) = 1s^2 2s^2 2p^6 3s^2 3p^6 4s^1$ সুতরাং 19তম ইলেকট্রনটি 4s উপস্তরে থাকে। |
| 10 | B | |
| 11 | C | 39 পারমাণবিক সংখ্যাযুক্তমৌলের নাম ইট্রিয়াম (Y)। এর ইলেকট্রন বিন্যাস- $[Kr]4d^1 5s^2$ ইলেকট্রন বিন্যাস থেকে দেখা যায় এটি d-ব্লকে অবস্থিত। |

**12 C**

| Cosmic ray | γ-ray | x-ray | UV | Visible | IR | Micro-wave | Radio wave |
|---|---|---|---|---|---|---|---|

তরঙ্গ দৈর্ঘ্য বাড়ে →

- তরঙ্গ দৈর্ঘ্য সবচেয়ে কম।
- শক্তি সবচেয়ে বেশি।
- তরঙ্গ দৈর্ঘ্য সবচেয়ে বেশী।
- শক্তি সবচেয়ে কম।

| প্রশ্ন | উত্তর | ব্যাখ্যা |
|---|---|---|
| 13 | D | সূর্যের সাদা আলো প্রিজমের মধ্যে দিয়ে চালনা করলে আবর্তন বর্ণালী পাওয়া যায়। বাকী বর্ণালীগুলো বিভিন্ন রাসায়নিক পরিবর্তনের ক্ষেত্রে পরিলক্ষিত হয়। |
| 14 | C | অতি বেগুনী রশ্মি (UV) অঞ্চল 10nm 380nm |
| 15 | C | প্ল্যাঙ্কের সমীকরণ $E \propto \upsilon \Rightarrow E = h\upsilon \Rightarrow E = \frac{hc}{\lambda}$ এখানে E = ফোটনের শক্তি υ = কম্পাঙ্ক h = প্ল্যাঙ্কের ধ্রুবক C = ফোটনের বেগ λ = তরঙ্গদৈর্ঘ্য |
| 16 | C | দ্রাব্যতা = $\frac{\text{দ্রবের ভর (গ্রাম এককে)}}{\text{লিটারে সম্পৃক্ত দ্রবণের আয়তন}}$ $\Rightarrow S = \frac{W}{0.4} \Rightarrow W = 5 \times 0.04 = 2g$ |

**17 B**

**দ্রবের দ্রাব্যতার উপর তাপমাত্রার প্রভাব:**

| দ্রাব্যতা → / তাপমাত্রা ↓ | $Li_2SO_4$ g/100 g $H_2O$ | $Ca(OH)_2$ g/100 g $H_2O$ | NaCl g/100 g $H_2O$ | $NH_4Cl$ g/100 g $H_2O$ |
|---|---|---|---|---|
| 0°C | 35.3 | 0.185 | 35.7 | 29.4 |
| 20°C | 34.2 | 0.165 | 36.0 | 37.2 |
| 30°C | 33.5 | 0.153 | 36.3 | 41.1 |
| 40°C | 32.7 | 0.141 | 36.6 | 45.8 |

| প্রশ্ন | উত্তর | ব্যাখ্যা |
|---|---|---|
| 18 | B | |
| 19 | A | **দ্রাব্যতার উপর চাপের প্রভাব:** বিজ্ঞানী হেনরীর সূত্রানুসারে স্থির তাপমাত্রায় নির্দিষ্ট আয়তনের কোনো তরল পদার্থে কোনো গ্যাসের দ্রাব্যতা এর উপর প্রযুক্ত চাপের সমানুপাতিক। তবে এক্ষেত্রে ঐ গ্যাস ও তরল দ্রাবকের মধ্যে কোনোরূপ রাসায়নিক বিক্রিয়া ঘটবে না। |
| 20 | C | $Cl^-(aq) + AgNO_3 \rightarrow AgCl\,(s) + NO_3^-$ (AgCl: সাদা অধঃক্ষেপ) $AgCl + NH_4OH \rightarrow [Ag(NH_3)_2]Cl + H_2O$ ([Ag(NH₃)₂]Cl: ডাই অ্যামমিন সিলভার ক্লোরাইড) |
| 21 | B | $CaCO_3 + H_2SO_4 \rightarrow CaSO_4 + CO_2 + H_2O$ |
| 22 | D | |
| 23 | B | n-তম কক্ষপথের ব্যাসার্ধ $r_n = \frac{n^2 \times 5.29 \times 10^{-11}}{z}$ m $\therefore$ H-এর ৪র্থ কক্ষপথের ব্যাসার্ধ, $r_4 = \frac{4^2 \times 5.29 \times 10^{-11}}{1} = 8.464 \times 10^{-10}$ m $= 8.5 \times 10^{-10} = 85 \times 10^{-11}$ m |
| 24 | C | $Al(OH)_3 \rightleftharpoons \underset{S}{Al^{3+}} + 3\underset{S}{OH^-}$ $\therefore K_{sp} = S \times (3S)^3 = 27S^4$ |
| 25 | B | $Ca^{2+} + (NH_4)_2C_2O_4 \rightarrow CaC_2O_4 + NH_4^+$ |

POLL MACHINE
Preparation and Practice are vital for effective delivery



CamScanner

অধ্যায় ০৩ প্রথম পত্র

# মৌলের পর্যায়বৃত্ত ধর্ম ও রাসায়নিক বন্ধন

## STEP 01 SUGGESTION — থিওরি থেকে ০২-০৩ টা প্রশ্ন আসতে পারে।

| TOPIC NO | টপিকের শিরোনাম | টপিকের বিস্তারিত | গুরুত্ব |
|---|---|---|---|
| 01. | পারমাণবিক সংখ্যা, গ্রুপ ও পর্যায় সম্পর্কিত তথ্যাবলি | • মৌলের বিশেষ নামের সারণি | ** |
| 02. | বিভিন্ন ব্লকের মৌল ও তার সাধারণ ধর্মাবলী | • বিভিন্ন ব্লকের সাধারণ পরিচিতি<br>• অবস্থান্তর মৌলের বৈশিষ্ট্য | *** |
| 03. | আয়নিকরণ শক্তি ও ইলেকট্রন আসক্তি | • আয়নীকরণ শক্তি, ইলেকট্রন আসক্তি | *** |
| 04. | তড়িৎ ঋণাত্মকতা ও ধনাত্মকতা | মৌলের তড়িৎ ঋণাত্মকতার মান | ** |
| 05. | পরমাণুর আকার/ব্যাসার্ধ ও গলনাঙ্ক-স্ফুটনাঙ্ক | পরমাণুর আকার/ ব্যাসার্ধ, গলনাঙ্ক-স্ফুটনাঙ্ক | *** |
| 06. | পোলারায়ন ও ফাযানের নীতি | • পোলারায়ন মাত্রা/গলনাঙ্ক ও স্ফুটনাংক<br>• ফাযানের নীতির ব্যাখ্যা | *** |
| 07. | সিগমা ও পাই বন্ধন | সিগমা ও পাই বন্ধন সংখ্যা নির্ণয় পদ্ধতি | ** |
| 08. | সংকরণ, আকৃতি ও বন্ধন কোন | সংকরণের সার সংক্ষেপ, জটিল যৌগের সংকরায়ন ও আকৃতি | **** |
| 09. | বিভিন্ন প্রকার বল, বন্ধন | বিভিন্ন প্রকার বল বা বন্ধনের বিস্তারিত, আন্তঃআনবিক আকর্ষণ বল | *** |
| | শর্ট সিলেবাস বহির্ভূত [শর্ট সিলেবাসের বাহিরে প্রশ্ন হতে পারে এমন টপিকসসমূহ] | | |
| 10. | বিভিন্ন প্রকার রাসায়নিক বন্ধন | • আয়নিক, সমযোজী, সন্নিবেশ ও হাইড্রোজেন বন্ধন<br>• বন্ধন প্রকৃতি অর্থাৎ কোন যৌগে কি কি বন্ধন আছে? | ** |
| 11. | অষ্টকতত্ত্ব ও মুক্তজোড় ইলেকট্রন | • অষ্টক সংকোচন ও সম্প্রসারনের উদাহরণ<br>• মুক্তজোড় ইলেকট্রন সংখ্যা নির্ণয় | ** |
| 12. | Bond Order (B.O) ও চৌম্বকীয় ধর্ম | • কোন যৌগে বন্ধনক্রম কত?<br>• প্যারা, ডায়া চৌম্বকীয় ধর্মের উদাহরণ | * |
| 13. | সংকেত সমূহ | মৌলের অক্সাইড, অজৈব ও জটিল যৌগের নামকরণ | *** |

## STEP 02 DISCUSSION — সাজেশনভিত্তিক এ বছরের জন্য গুরুত্বপূর্ণ আলোচনা

POLL MACHINE

### TOPIC : 01 — পারমাণবিক সংখ্যা, গ্রুপ ও পর্যায় সম্পর্কিত তথ্যাবলি

❑ এক নজরে মৌলের বিশেষ নামের সারণী:

Preparation and Practice are vital for effective delivery

| বিশেষ নাম | মৌল সমূহ | মনে রাখার কৌশল | বিশেষ নাম | মৌল সমূহ | মনে রাখার কৌশল |
|---|---|---|---|---|---|
| ক্ষারধাতু | Li, Na, K, Rb, Cs, Fr | লি না কে রুবি ছেঁড়ে ফেলেছে | অভিজাত ধাতু | Ag, Au, Pt | আজ সোনা পাব |
| মৃৎ ক্ষারধাতু | Be, Mg, Ca, Sr, Ba, Ra | বিরিয়ানী মোগলাই কাবাব সরিয়ে বাটিতে রাখ | প্রতিনিধি মৌল | S ব্লক এবং P ব্লক মৌল | |
| হ্যালোজেন | F, Cl, Br, I, At | ফেল করলে বলব আমি আগে | ট্রান্সইউরেনিয়াম মৌল | 93 – 103 পর্যন্ত | - |
| অপধাতু | Ge, At, Si, As, Sb, Te, B | জি আপা সিগগির আসেন সাবধানে টুলে বসেন | অবস্থান্তর মৌল | IIB ব্যতীত d ব্লকের অন্যান্য মৌল | - |
| চালকোজেন | O, S, Se, Te, Po | ও এস এসসি তে পড়ে | বিরল মৃত্তিকা ধাতু | ল্যান্থানাইড মৌল | - |
| মুদ্রাধাতু | Cu, Ag, Au | কথা ছিল আসবে | প্রতিরূপী মৌল | 38 টি মৌল | - |
| নিষ্ক্রীয় গ্যাস | He,Ne, Ar, Kr, Xe, Rn | হেলি নিতু আর করিম যাবে রমনায় | নরম ধাতু | Pb, Na, K, Ca | পাবে না কে কে |
| চুম্বক ধাতু | Fe, Co, Ni<br>Ru, Rh, Pd, Pt | ফেল করি নাই রুহুল রাদার পালাগে পিটাব। | উদ্বায়ী ধাতু | Zn, Cd, Hg, Cn | |
| নিকৃষ্ট ধাতু | Fe, Cu | ল তা (লোহা, তামা) | তেজস্ক্রিয় ধাতু | U, Ra, Po, Th, Pu, Fr | |

❑ এক নজরে বিশেষ তথ্য :

- নব্য সংজ্ঞানুসারে Sc অবস্থান্তর মৌল নয়
- ধাতু হবার কারণে IA মৌল সমূহ তাপ ও বিদ্যুৎ সুপরিবাহী।
- প্রকৃতিতে সবচেয়ে হালকা মৌল হাইড্রোজেন।
- সব চেয়ে দামী ধাতু ক্যালিফোর্নিয়াম (Cf)
- IA মৌল সমূহ রূপা বর্ণের ও উজ্জ্বল।
- টাংস্টেনকে ওলফার্ম বলে।
- সোডিয়ামের চেয়ে পটাশিয়াম হালকা
- সবচেয়ে বেশী ঘনত্ব বিশিষ্ট মৌল অসমিয়াম (Os)
- Al এর গলনাংক Na অপেক্ষা বেশী।
- সবচেয়ে হালকা ধাতু লিথিয়াম (Li)
- প্রকৃতিতে সবচেয়ে ভারী মৌল ইউরেনিয়াম (U)



CamScanner

- ...বচেয়ে কম স্ফুটনাংক হিলিয়াম (–268.9°C)
- ...লেকট্রন বিন্যাসের ম্যাজিক নম্বরঃ2,8,8,18,18,32
- ...রান্তর অবস্থান্তর মৌলের উদাহরণ হল- সেরিয়াম Ce(58)
- ...রল ধাতুঃ Fr ফ্রান্সে, Ga গিয়ে, Hg হাজী, Cs সাইজ
- ...উপগ্রুপের প্রথম মৌল Sc(21)এবং শেষ মৌল হচ্ছে Cn(112)
- ♦ পৃথিবীতে সবচেয়ে কম পাওয়া যায় অ্যাস্টেটিন (At)
- ♦ Si ও Ge কে অর্ধধাতু বলে।
- ♦ দুষ্ট মৌলঃ হাইড্রোজেন (H)
- ♦ কক্ষ তাপমাত্রায় পারদ (Hg) তরল।
- ♦ পর্যায় সারণির IIIB গ্রুপে সবচেয়ে বেশী তেজস্ক্রিয় মৌল অবস্থিত।
- ♦ Pd হচ্ছে প্লাটিনাম গ্রুপের ধাতু।
- ♦ হ্যাসিয়ামের প্রতীক হচ্ছে Hs
- ♦ তরল অধাতুঃ $Br_2$

## ...OPIC : 02 — বিভিন্ন ব্লকের মৌল ও তার সাধারণ ধর্মাবলী

**...ন্ন ব্লকের সাধারণ পরিচিতি:**

| | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| 118 টি মৌল | → | s-ব্লক | 14 | | p-ব্লক | 36 | | d-ব্লক | 41 | f-ব্লক | 27 |

**...স্থান্তর মৌলের বৈশিষ্ট্য সম্পর্কিত তথ্যাবলী:**

...র্তনশীল জারণ অবস্থা

...বকরূপে ক্রিয়া

...রাচুম্বকীয় ধর্ম:

...অবস্থান্তর ধাতুর যে সকল আয়নে অযুগ্ম d-ইলেকট্রন থাকে, এরা প্যারাম্যাগনেটিক। যে আয়নে যত বেশি সংখ্যক অযুগ্ম d-তে ইলেকট্রন থাকে, সে মৌল তত বেশি প্যারাচুম্বকীয় হয়। যেমন- বিজোড় ইলেকট্রনযুক্ত সব অবস্থান্তর ধাতুর আয়ন $Ti^{3+}, V^{3+}, Cr^{3+}, Mn^{2+}, Fe^{2+}, Fe^{3+}, Co^{2+}, Ni^{2+}, Cu^{2+}$ ইত্যাদি

...ফেরোম্যাগনেটিক হচ্ছে- **Fe, Co, Ni (ফেল করি নাই)**

...জিঙ্ক ধাতু ডায়াম্যাগনেটিক কারণ জিঙ্ক ধাতুর d-অরবিটাল ইলেকট্রন দ্বারা পূর্ণ। [$Sc^{3+}, Ti^{4+}, Zn^{2+}, Cu^{+}$ = ডায়াম্যাগনেটিক আয়ন]

...চুম্বকক্ষেত্র দ্বারা আকৃষ্ট হয় এরূপ বস্তুকে প্যারাম্যাগনেটিক বলা হয়। পরমাণু, অণু বা আয়নে বিজোড় ইলেকট্রন উপস্থিত থাকলে প্যারাম্যাগনেটিক ধর্মের উৎপত্তি ঘটে। অবস্থান্তর মৌলের এবং এর আয়নের মধ্যে বিজোড় ইলেকট্রন বর্তমান থাকায় তা বৈদ্যুতিক আয়নের গতিকে চুম্বকক্ষেত্রে পরিণত করে। ইলেকট্রনের দুটি গতি থাকে। একটি নিজ অক্ষের চারদিকে ঘূর্ণন গতি এবং অপরটি হলো ইলেকট্রনের স্পিন গতি। এরূপ উভয়বিধ গতির জন্যই চৌম্বকক্ষেত্রের সৃষ্টি হয়। প্রকৃত অর্থে প্রতিটি ইলেকট্রনকেই ক্ষুদ্র ক্ষুদ্র চুম্বক বলে ধরা হয়। প্রতিটি ইলেকট্রনের নির্দিষ্ট পরিমাণ ম্যাগনেটিক মোমেন্ট আছে। কোনো বস্তুর মোট ম্যাগনেটিক মোমেন্ট হলো তার সমগ্র ইলেকট্রনের গতির যোগফল। ম্যাগনেটিক মোমেন্ট, $\mu = \sqrt{n(n+2)}$ B.M। এখানে n = অযুগ্ম ইলেকট্রনের সংখ্যা।

উদাহরণস্বরূপঃ

- $Fe^{2+}(3d^6)$ এর ক্ষেত্রে অযুগ্ম ইলেকট্রন সংখ্যা 4টি। $\therefore$ ম্যাগনেটিক মোমেন্ট, $\mu = \sqrt{4(4+2)} = 4.90$ B.M
- $Fe^{3+}(3d^5)$ এর ক্ষেত্রে অযুগ্ম ইলেকট্রন সংখ্যা 5টি। $\therefore$ ম্যাগনেটিক মোমেন্ট, $\mu = \sqrt{5(5+2)} = 5.916$ B.M
- $Cr^{3+}(3d^3)$ এর ক্ষেত্রে অযুগ্ম ইলেকট্রন সংখ্যা 3টি। $\therefore$ ম্যাগনেটিক মোমেন্ট, $\mu = \sqrt{3(3+2)} = 3.87$ B.M
- $Cu^{2+}(3d^9)$ এর ক্ষেত্রে অযুগ্ম ইলেকট্রন সংখ্যা 1টি। $\therefore$ ম্যাগনেটিক মোমেন্ট, $\mu = \sqrt{1(1+2)} = 1.732$ B.M

**...block মৌল ও সংশ্লিষ্ট যৌগসমূহের চৌম্বকীয় ধর্ম নির্ণয় পদ্ধতি:**

...p অরবিটালে মোট **2, 6 বা 10**টি ইলেকট্রন থাকলে ডায়াম্যাগনেটিক হবে। কিন্তু দুটি p অরবিটালে মোট **3, 4, 5, 7, 8, 9**টি ইলেকট্রন থাকলে প্যারাম্যাগনেটিক হবে।

| যৌগ বা মৌল বা আয়ন | ইলেকট্রন বিন্যাস | P অরবিটালে মোট ইলেকট্রন সংখ্যা | ম্যাগনেটিক বৈশিষ্ট্য |
|---|---|---|---|
| $N_2$ | $N(7) = 1s^22s^22p^3$ | দুটি p-অরবিটালে 6টি ইলেক্ট্রন আছে | ডায়াম্যাগনেটিক |
| $O_2$ | $O(8) = 1s^22s^22p^4$ | p-ইলেকট্রন সংখ্যা = 8টি | প্যারাম্যাগনেটিক |
| $O_2^-$ | $O(8) = 1s^22s^22p^4$ | একটি ইলেকট্রন বেড়েছে $\therefore$ p-ইলেক্ট্রন সংখ্যা = 9টি | প্যারাম্যাগনেটিক |
| NO | $N(7) = 1s^22s^22p^3$<br>$O(8) = 1s^22s^22p^4$ | $\therefore$ p-ইলেকট্রন সংখ্যা = 7টি | প্যারাম্যাগনেটিক |
| $NO^+$ | $N(7) = 1s^22s^22p^3$<br>$O(8) = 1s^22s^22p^3$ | p-ইলেকট্রন সংখ্যা = 6টি | ডায়াম্যাগনেটিক |

POLL MACHINE
Preparation and Practice are vital for effective delivery

**...টিল আয়ন গঠন ঃ জটিল যৌগ:** একটি কেন্দ্রীয় পরমাণুতে এক বা একাধিক অণু বা ঋণাত্মক আয়ন যুক্ত হয়ে জটিল আয়ন গঠিত হয়। জটিল আয়ন বিশিষ্ট যৌগকে ...টিল যৌগ বলে।

**...যুক্ত আয়ন সৃষ্টি: এক নজরে অবস্থান্তর ধাতুসমূহের আয়নের বর্ণ:**

| ধাতব আয়ন | বর্ণ | ধাতব আয়ন | বর্ণ |
|---|---|---|---|
| $Sc^{3+}$ | বর্ণহীন | $Mn^{2+}$ | হালকা গোলাপী/বর্ণহীন |
| $Ti^{3+}$ | রক্তবর্ণ (লালচে বেগুনী) | $Fe^{2+}$ | হালকা সবুজ/সবুজ |
| $V^{3+}$ | সবুজ | $Fe^{3+}$ | হলুদ/হালকা বাদামী |
| $V^{4+}$ | নীল | $Co^{2+}$ | গোলাপী |
| $Cr^{3+}$ | হালকা সবুজ (বেগুনী) | $Ni^{2+}$ | সবুজ |
| $Mn^{3+}$ | বেগুনী (গোলাপী) | $Cu^{2+}$ | নীল |
| $Zn^{2+}$ | বর্ণহীন | ধাতব আয়ন ও অধঃক্ষিপ্ত ধাতব হাইড্রোক্সাইডের অধঃক্ষেপের বর্ণ প্রায় একই। | |



CamScanner

## TOPIC : 03 আয়নিকরণ শক্তি ও ইলেক্ট্রন আসক্তি

❑ আয়নিকরণ শক্তি নির্ণয়-

➤ একই পর্যায়ের মৌলের ক্ষেত্রে- বাম থেকে ডানে গেলে আয়নিকরণ শক্তি বাড়ে। অর্থাৎ সর্বাধিক ডানের মৌলটির আয়নিকরণ শক্তি সর্বাধিক।

ব্যতিক্রম: i. Be > B  ii. N > O  iii. Mg > Al  iv .P > S

তাই * Li , Be , N , B , O, C, F এর আয়নিকরণ শক্তির পর্যায়ক্রম Li < B < Be < C <O< N < F

তাই * Na , Mg , Si , P , S , Al এর আয়নিকরণ শক্তির পর্যায়ক্রম Na < Al < Mg < Si < S < P

➤ একই গ্রুপের ক্ষেত্রে যত উপর থেকে নিচে যাওয়া যায় আয়নিকরণ শক্তি তত হ্রাস পায়। অর্থাৎ যার অবস্থান উপরে তার আয়নিকরণ শক্তি সর্বাধিক হবে।
যেমন: F, Cl, Br, I এর আয়নিকরণ শক্তির ক্রম যথাক্রমেঃ I<Br<Cl<F, Gr-1A এর আয়নিকরণ শক্তির ক্রম যথাক্রমেঃ Li >Na > K > Rb > Cs > Fr

➤ প্রথম, দ্বিতীয় বা তৃতীয় আয়নিকরণ শক্তির ক্ষেত্রেঃ যত তম গ্রুপ তত তম মৌলের আয়নিকরণ শক্তির ক্ষেত্রে মানটি সর্বনিম্ন হবে এবং তার আগের গ্রুপের আ শক্তি সর্বাধিক হবে। এবার বিশ্লেষণী দৃষ্টিকোণ থেকে উদাহরণ লক্ষ্য কর -

➤ সমইলেক্ট্রন বিশিষ্ট আয়নের ক্ষেত্রেঃ সম ইলেক্ট্রন বিশিষ্ট আয়নের ক্ষেত্রে যার প্রোটন সংখ্যা বেশি তার আয়নিকরণ শক্তির মান বেশি।
$Ne(10) < Na^{+}(11) < Mg^{2+}(12)$

❑ গুরুত্বপূর্ণ মৌলের ইলেকট্রন আসক্তির মান- ইলেকট্রন আসক্তি বাম থেকে ডানে বাড়ে এবং উপর থেকে নিচে কমে।

ইলেকট্রন আসক্তি তাপউৎপাদী প্রক্রিয়া ( $\Delta H = -ve$) ব্যতিক্রমঃ F < Cl

| মৌল | Na | K | Rb | Cl | F | Br | I | C |
|---|---|---|---|---|---|---|---|---|
| ইলেকট্রন আসক্তি (KJ) | -79 | -66 | -47 | -348 | -333 | -328 | -295 | -1 |

জেনে রাখা ভাল, মৌলের ইলেকট্রন আসক্তি ঋণাত্মক হলেও $O^{2-}$ বা $S^{2-}$ এর মান ধনাত্মক [ব্যতিক্রম তাপহারী $\Delta H = +ve$]

## TOPIC : 04 তড়িৎ ঋণাত্মকতা ও তড়িৎ ধনাত্মকতা

➤ তড়িৎ ঋণাত্মকতাও একই নিয়ম অণুসারে বাম থেকে ডানে বাড়ে এবং উপর থেকে নিচে কমে এবং তড়িৎ ধনাত্মকতা তার বিপরীত ক্রমে পর্যায়বৃত্তিক ধর্ম প্রদর্শন

❑ কতিপয় প্রয়োজনীয় মৌলের তড়িৎ ঋণাত্মকতা-

| মৌল | Na | Mg | Al | Si | P | S | Ar | F | Cl | Br | I |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| তড়িৎ ঋণাত্মকতা | 0.9 | 1.2 | 1.5 | 1.8 | 2.1 | 2.5 | 0.0 | 4.0 | 3.0 | 2.5 | 2.1 |

❑ মৌলের তড়িৎ ঋণাত্মকতা নির্ভর করেঃ

♦ পরমাণুর আকার বৃদ্ধির ফলে তড়িৎ ঋণাত্মকতা হ্রাস পায় – এটি হলো গ্রুপভিত্তিক সম্পর্ক।
♦ নিউক্লিয়াসের চার্জ বৃদ্ধিতে তড়িৎ ঋণাত্মকতা বৃদ্ধি পায়– এটি হলো পর্যায়ভিত্তিক সম্পর্ক।
♦ মৌলের জারণ অবস্থা বাড়লে, তড়িৎ ঋণাত্মকতা বাড়ে। ($Fe^{2+} < Fe^{3+}$)

জেনে রাখা ভালঃ ♦ তড়িৎ ধনাত্মকতা তড়িৎ ঋণাত্মকতার বিপরীত। ♦ আয়নিকরণ বিভব ও ইলেকট্রন আসক্তি পরস্পর সমাণুপাতিক।
♦ মৌলের তড়িৎ ঋণাত্মকতা হাইব্রিডাইজেশন এর চরিত্রের সমাণুপাতিক।

## TOPIC : 05 পরমাণুর আকার, ব্যাসার্ধ, গলনাংক-স্ফুটনাংক

POLL MACHINE

❑ পরমাণুর আকার / ব্যাসার্ধঃ

| পরমাণুর আকার | নিয়ম |
|---|---|
| মৌলের ক্ষেত্রে | বাম থেকে ডানে গেলে পরমাণুর আকার কমে এবং উপর থেকে নিচে গেলে বাড়ে। পর্যায়ক্রম – Na > Mg > Al > Si > P > S , গ্রুপক্রম – Li < Na < K < Rb < Cs |
| আয়নের ক্ষেত্রে | সম ইলেক্ট্রনিক পদার্থের ক্ষেত্রে যার প্রোটন সংখ্যা বেশি তার আকার ছোট। যেমনঃ $Na^{+}$, $Mg^{2+}$, $Al^{3+}$ এতে ইলেকট্রন সংখ্যা 10 Al এর প্রোটন সংখ্যা সর্বাধিক বলে এর আকার সবচেয়ে ছোট। |

Preparation and Practice are vital for effective delivery

❑ গলনাংক – স্ফুটনাংকঃ গলনাংক – স্ফুটনাংক এর কোন ধারাবাহিকতা নেই তবে ফাযানের নীতি দ্বারা এসব প্রশ্নের উত্তর পাওয়া যায়।

## TOPIC : 06 পোলারায়ন ও ফাযানের নীতি

☞ ফাযানের নীতি:

ক্যাটা মিয়া ছোট হলে অ্যানা মিয়া বড়,
অ্যানা ও ক্যাটার বাড়লে চার্জ
d ও f- কে ধরো।

• ক্যাটায়নের আকার যত ক্ষুদ্র হবে।
• অ্যানায়ন যত বৃহদাকার হবে।
• ক্যাটায়ন ও অ্যানায়নের চার্জ যত বেশী হবে।
• d ও f অরবিটালে ইলেকট্রন থাকলে পোলারায়নের মাত্রা তত বেশী হবে এবং বন্ধনের সমযোজী ধর্ম তত অধিক হবে।

**সবসময় মনে রাখবে:**

পোলারায়ন ∝ যৌগের সমযোজী ধর্ম ∝ $\frac{1}{\text{গলনাঙ্ক বা স্ফুটনাঙ্ক বা দ্রাব্যতা}}$ । যৌগের পোলারায়ন যত বেশি হবে তার সমযোজী ধর্ম তত বেশি হবে।



CamScanner

**ফাযানের নীতির ব্যাখ্যা:**

| নীতি | ব্যাখ্যা |
|---|---|
| ক্যাটায়নের আকার ক্ষুদ্র হবে | একই গ্রুপে যতই নিচ থেকে উপরের দিকে যাবে একই চার্জের ক্যাটায়ন সমূহের আকার হ্রাসের সাথে পোলারায়ন ক্ষমতা ততই বৃদ্ধি পায় অর্থাৎ সমযোজী ধর্ম বাড়ে। যেমন- গ্রুপ-IIA এর ক্ষেত্রে- $Be^{2+} > Mg^{2+} > Ca^{2+} > Sr^{2+} > Ba^{2+}$ |
| অ্যানায়নের আকার বড় হবে | একই গ্রুপে উপর থেকে যতই নিচে যাওয়া যায় অ্যানায়নের পোলারায়িত হওয়ার প্রবণতা ততই বৃদ্ধি পায় এবং সমযোজী প্রকৃতি বাড়ে। যেমন- হ্যালাইড আয়নের ক্ষেত্রে- $F^- < Cl^- < Br^- < I^-$ |
| ক্যাটায়ন ও অ্যানায়নের চার্জ যত বাড়বে | ❶ **ক্যাটায়নের চার্জ বৃদ্ধির প্রভাবঃ** যে কোন পর্যায়ে বাম থেকে ডানদিকে গেলে ক্যাটায়ন সমূহের ধনাত্মক চার্জ যত বৃদ্ধি পায়, ক্যাটায়নের পোলারায়ন ক্ষমতা ততই বৃদ্ধি পায়। যেমন- $Na^+ < Mg^{2+} < Al^{3+}$ সমযোজী ধর্ম বাড়ছে।<br>❷ **পরিবর্তনশীল জারণ অবস্থার ক্ষেত্রে** বেশী চার্জের ক্যাটায়নের পোলারায়ন ক্ষমতা বেশী হবে। যেমন- $FeCl_2$ এর চেয়ে $FeCl_3$ বেশী সমযোজী অর্থাৎ $Fe^{2+} < Fe^{3+}$<br>❸ **অ্যানায়নের চার্জ বৃদ্ধির প্রভাবঃ** $F^- < O^{2-} < N^{3-}$ অর্থাৎ $CaF_2$ অপেক্ষা CaO অধিক সমযোজী হবে। |
| d ও f আরবিটালে | d ও f আরবিটালে ইলেকট্রন থাকলে পোলারায়নের মাত্রা বেশী হবে এবং বন্ধনের সমযোজী বৈশিষ্ট্য তত অধিক হবে। |

☞ **ডাইপোল মোমেন্ট:** কোনো সমযোজী পোলার বন্ধনের দুই প্রান্তের কম্পন ও বিপরীত আধান পরস্পর থেকে নির্দিষ্ট d-দূরত্বে অবস্থান করলে ধনাত্মক অথবা ঋণাত্মক আধান ও বিপরীত আধানদ্বয়ের মধ্যবর্তী দূরত্বের গুণফলকে ঐ অণুর ডাইপোল মোমেন্ট বলে।

**দ্বিপরমানু মৌলিক অণু যেমন- $H_2$, $O_2$, $N_2$, $Cl_2$, $Br_2$, $I_2$ প্রভৃতি অপোলার অণুর ক্ষেত্রে ডাইপোল মোমেন্টের মান শূন্য হয়। একইভাবে সমস্ত প্রতিসম অণুর ডাইপোল মোমেন্টের মান শূন্য হয়। কারণ এ অণুগুলোর পোলার বন্ধনগুলোর সন্ধি ডাইপোল মোমেন্টের মান শূন্য হয়। যেমন-$CCl_4$, $CH_4$, $BF_4$, $BCl_3$, $BeCl_2$, $CS_2$, $CO_2$, $PCl_5$, $SF_6$, $XeF_4$, $IF_7$, $C_6H_6$ প্রভৃতি প্রতিসম অণুগুলোর ডাইপোল মোমেন্টের মানও শূন্য। $H_2O$ এর সামগ্রিক ডাইপোল মোমেন্ট 1.85 D।** যেকোনো পোলার অণুর ডাইপোল মোমেন্ট ধনাত্মক ও ঋণাত্মক আধানের মধ্যে দূরত্ব বৃদ্ধির সাথে বৃদ্ধি পায়। আবার পরমাণুতে সৃষ্ট আংশিক ধনাত্মক বা আংশিক ঋণাত্মক আধান বৃদ্ধি পেলে অণুর ডাইপোল মোমেন্টের মানের বৃদ্ধি ঘটে। অণুতে দুই এর বেশি পরমানু উপস্থিত থাকলে পোলার বন্ধনগুলোর ডাইপোল মোমেন্টের ভেক্টর যোগফল দ্বারা অণুর পোলারিটি নির্ণয় করা যায়।

- ডাইপোল মোমেন্টের মানের উপর ভিত্তি করে অনুর জ্যামিতিক গঠন নির্ধারণ করা হয়। যেমন-
  $AX_3$ অণুর গঠণ: ত্রিভুজীয় পিরামিডীয়, ত্রিভুজীয় সমতলীয়, T-আকৃতির হতে পারে।
  $AX_4$ অণুর গঠন: চতুস্তলকীয়, বর্গাকার, See-Saw যে কোনোটি হতে পারে।
  $AX_5$ এর গঠন: ত্রিভুজীয় দ্বিপিরামিডীয় ও বর্গাকার পিরামিডীয় যে কোনোটি হতে পারে।
- জ্যামিতিক সমাণুতার ক্ষেত্রে সিস্ গঠনের ডাইপোল মোমেন্টের মান ট্রান্স গঠনের মান অপেক্ষা বড় হয়।

☞ **গরম খবর**
- কোনো পোলার অনুর ডাইপোল মোমেন্ট ধনাত্মক ও ঋণাত্মক আধানের মধ্যে দূরত্ব বাড়ার সাথে সাথে বৃদ্ধি পায়।
- ডাইপোল মোমেন্ট দ্বারা ডাইপোলার অণুর পোলারিটির মান নির্ণয় করা যায়।
- দ্বিপরমাণুক অণুর ক্ষেত্রে বন্ধনের পোলারিটি ও অণুর পোলারিটির মান সব সময় সমান হয়।
- অণুতে ডাইপোল মোমেন্টের মান বেশি হলে গলনাঙ্ক ও স্ফুটনাঙ্কের মান উচ্চ হয়।

## TOPIC : 07 — সিগমা ও পাই বন্ধন

**সিগমা ও পাই বন্ধন সংখ্যা নির্ণয়ে মজার টেকনিক:**

| নিয়ম | যৌগ | মোট পরমাণু | সিগমা বন্ধন সংখ্যা |
|---|---|---|---|
| অ্যালিফেটিক বা অ্যারোমেটিক নয় এমন যৌগের ক্ষেত্রে, সিগমা বন্ধন = মোট পরমাণু - 1। অর্থাৎ মোট পরমাণু থেকে 1 বিয়োগ করতে হবে। | $C_2H_4$ | 6 | 6 − 1 = 5 |
| | $C_2H_6$ | 8 | 8 − 1 = 7 |
| অ্যারোমেটিক যৌগের ক্ষেত্রে, সিগমা বন্ধন = মোট পরমাণুর সংখ্যা। অর্থাৎ মোট পরমাণু থেকে 1 বিয়োগ করতে হবে না। | $C_6H_6$ | 12 | 12 |
| | $C_7H_8$ | 15 | 15 |
| পাই বন্ধন সংখ্যা- সরাসরি মনে রাখবে একটি দ্বিবন্ধনে একটি পাই এবং একটি ত্রিবন্ধনে দুইটি পাই বন্ধন আছে। যেমন- ইথাইনে ($CH \equiv CH$) মোট 2টি পাই বন্ধন আছে। | | | |

POLL MACHINE
Preparation and Practice are vital for effective delivery

## TOPIC : 08 — সংকরণ, আকৃতি ও বন্ধনকোণ

**Item-01: সংকরণ (Hybridisation):**

**Hybridisation of Orbital Theory এর সার সংক্ষেপ-**

✱ শুধুমাত্র একক বিচ্ছিন্ন পরমাণুর অরবিটালের সংকরণ ঘটতে পারে। ✱ একই শক্তিস্তরের প্রায় সমশক্তি সমসম্পন্ন orbital সমূহ সংকরনে অংশ গ্রহণ করে।
✱ H-পরমাণুতে সর্বদাই 1s সংকরণ ঘটে।

**অজৈব যৌগের ক্ষেত্রে- সংকরিত অরবিটালের প্রকৃতি নির্ণয়: সূত্রঃ** $x = \frac{1}{2}$ [যোজ্যতা শেলে ইলেক্ট্রন সংখ্যা + একযোজী পরমাণুর সংখ্যা - ক্যাটায়নের চার্জ + অ্যানায়নের চার্জ]

$x = \frac{1}{2}[V + M - C + A]$; x = হাইব্রিড অরবিটালের সংখ্যা

উদাহরণ:
- $NH_2^- \rightarrow x = \frac{1}{2}(5+2+0+1) = 4 \rightarrow sp^3$
- $NH_4^+ \rightarrow x = \frac{1}{2}[5+4-1+0) = 4 \rightarrow sp^3$
- $BCl_3 \rightarrow x = \frac{1}{2}(5+2+0+1) = 4 \rightarrow sp^3$
- $PCl_5 \rightarrow x = \frac{1}{2}(5+5+0+0) = 5 \rightarrow sp^3d$
- $CCl_4 \rightarrow x = \frac{1}{2}(4+4+0) = 4 \rightarrow sp^3$



CamScanner

**Item-02:** এক নজরে সংকরণ সমূহ:

| সংকরণ | সংকর অরবিটাল সংখ্যা | বন্ধন কোণ | আকৃতি |
|---|---|---|---|
| sp | 2 | 180° | সরলরৈখিক |
| $sp^2$ | 3 | 120° | সমতলীয় ত্রিভুজাকৃতি |
| $sp^3$ | 4 | 109° 28′ | চতুস্তলকীয় |
| $sp^3d$ | 5 | 90° | ত্রিকোণীয় দ্বি-পিরামিডীয় |
| $sp^3d^2$ | 6 | 79° | অষ্টতলকীয় |
| $sp^3d^3$ | 7 | – | পঞ্চকোণীয় দ্বি-পিরামিডীয় |

জটিল যৌগের সংকরায়ণ, সন্নিবেশ সংখ্যা ও আকৃতি:

| সংকেত | সন্নিবেশ সংখ্যা | সংকরায়ণ | আকৃতি |
|---|---|---|---|
| $[Cu(NH_3)_4]SO_4$ | 4 | $sp^2d$ | সমতলীয় বর্গাকার |
| $K_4[Fe(CN)_6]$ | 6 | $sp^3d^2$ | অষ্টতলকীয় |
| $[Fe(H_2O)_6]Br_2$ | 6 | $sp^3d^2$ | অষ্টতলকীয় |
| $[Ni(H_2O)_6]Cl_2$ | 6 | $sp^3d^2$ | অষ্টতলকীয় |
| $K_2[Ni(CN)_4]$ | 4 | $sp^2d$ | সমতলীয় বর্গাকার |
| $Na_2[Cu(Cl)_5]$ | 5 | $sp^3d$ | ত্রিকোণীয় দ্বি-পিরামিডীয় |
| $[Co(NH_3)_6]Cl_3$ | 6 | $sp^3d^2$ | অষ্টতলকীয় |
| $K_3[CoF_6]$ | 6 | $sp^3d^2$ | অষ্টতলকীয় |
| $[Co(NH_3)_4(H_2O)_2]Cl_3$ | 6 | $sp^3d^2$ | অষ্টতলকীয় |
| $Ni(CO)_4$ | 4 | $sp^3$ | চতুস্তলকীয় |
| $[Ag(NH_3)_2]Cl$ | 2 | sp | সরলরৈখিক |

## TOPIC : 09 বিভিন্ন প্রকার বল, বন্ধন

- বিভিন্ন প্রকার বন্ধন বা বলের বিস্তারিত তথ্যঃ ভ্যান্ডারওয়ালস আকর্ষণ বলঃ অণুর আকার বৃদ্ধির সাথে সাথে বাড়ে। ফলে গলনাঙ্ক- স্ফুটনাঙ্কও বাড়ে। যেমনঃ VIIA এবং Gr-O(18) এর ভ্যান্ডারওয়ালস আকর্ষণ বল বৃদ্ধি বা গলনাঙ্ক-স্ফুটনাংকের বৃদ্ধির ক্রম–
  - $F_2 < Cl_2 < Br_2 < I_2$
  - $He < Ne < Ar < Kr < Xe < Rn$
  - $CH_4 < C_2H_6 < C_3H_8$

জেনে রাখা ভালোঃ ভ্যান্ডারওয়ালস আকর্ষণ বলের কোন নির্দেশক ধর্ম নেই।

- আন্তঃআণবিক আকর্ষণ বল-

| প্রকার | গুরুত্বপূর্ণ তথ্য | উদাহরণ |
|---|---|---|
| ডাইপোল ডাইপোল আকর্ষণ বল | স্থায়ী ও অস্থায়ী দুই প্রকার ডাইপোল আছে | HCl, $H_2O$, $NH_3$, $CHCl_3$, $COCH_3$, $C_6H_5NO_2$ |
| ভ্যান্ডারওয়ালস আকর্ষণ বল | এটি খুবই দুর্বল প্রকৃতির বল যা গ্যাসীয় তরল, কঠিন সর্বক্ষেত্রেই হয় | নিষ্ক্রিয়ঃ He, Ne, Ar মৌলিক অণুঃ $O_2$, $H_2$, $N_2$, $CO_2$ |
| H- বন্ধন | স্থায়ী ডাইপোল দ্বারা আবদ্ধ থাকে। | HF, $H_2O$, $NH_3$, $C_6H_5COOH$, $CH_3COOH$, ফেনল ($C_6H_5OH$) অর্থ নাইট্রোফেনল ($C_6H_4(NO_2)(OH)$) অর্থ -হাইড্রক্সি বেনজালডিহাইড $C_6H_4(OH)CHO$, স্যালিসাইলিক এসিড |
| বিস্তারণ বল | অপর নাম আবিষ্ট ডাইপোল আকর্ষণ বল | যেমনঃ $I_2$ এর পরিবর্তিত অবস্থা। |

## TOPIC : 10 বিভিন্ন প্রকার রাসায়নিক বন্ধন

POLL MAGNET
Preparation and Practice are vital for effective delivery

- আয়নিক বন্ধনের শর্ত-

| আয়নিক বন্ধন | আলোচনা |
|---|---|
| চিনিবার উপায় | ধাতু+অধাতু = আয়নিক যৌগ। উদাহরণঃ NaCl = ধাতু+অধাতু = আয়নিক যৌগ, MnO = ধাতু+অধাতু = আয়নিক যৌগ এছাড়াও কতিপয় আয়নিক যৌগের গুরুত্বপূর্ণ উদাহরণ-$CaCl_2$, $K_2O$, $Na_2O$, CsF, $AlF_3$, $Mg_3N_2$, $Ca_3P_2$, $Al_4C_3$ $AlBr_3$ ও $AlI_3$ ইত্যাদি। ব্যতিক্রম- $AlCl_3$ আয়নিক বন্ধন হলেও সমযোজী ধর্ম প্রদর্শন করে। ধাতু হওয়া সত্ত্বেও আয়নিক যৌগ গঠন করে না- Sn, Hg, Pb |

বি.দ্রঃ আয়নিক বন্ধন সর্বোচ্চ হওয়ার উপায়ঃ তড়িৎ ঋণাত্মকতার পার্থক্য যত বেশী হবে (১.৭ এর বেশী) আয়নিক বৈশিষ্ট্য তত বেশী হবে।
মনে রাখবে, পর্যায় সারণীতে বাম থেকে ডানে গেলে তড়িৎ ঋণাত্মকতার মান বাড়ে। যেমন-
NaCl, $CaCl_2$, $AlCl_3$, $SiCl_4$ এর মধ্যে NaCl এর আয়নিক বৈশিষ্ট্য সর্বোচ্চ কারণ Gr-I এর মৌল Na এবং এর Gr-VIIA এর মৌল Cl এখানে সর্বোচ্চ ও সর্বনিম্ন মৌলের তড়িৎ ঋণাত্মকতার পার্থক্য সর্বোচ্চ। তাই NaCl এর আয়নিক বৈশিষ্ট্য সর্বোচ্চ।

- সমযোজী বন্ধন সম্পর্কিত তথ্যাবলী:

| সমযোজী বন্ধন | আলোচনা |
|---|---|
| চিনিবার উপায় | অধাতু+অধাতু = সমযোজী যৌগ উদাহরণ : $CO_2$ = অধাতু+অধাতু = সমযোজী যৌগ। এছাড়াও কতিপয় সমযোজী যৌগের গুরুত্বপূর্ণ উদাহরণ- একক বন্ধন ($C_2H_6$), $H_2$, $Cl_2$, দ্বি-বন্ধন ($C_2H_4$), $O_2$, ত্রি-বন্ধন ($C_2H_2$), $N_2$ ইত্যাদি। |
| সমযোজী বন্ধন গঠনে দুই এর নিয়ম | অষ্টক নিয়মের পরিবর্তে দুই- এর নিয়ম অধিকতর উপযোগী **Shortcut:** (বিজোড়+বিজোড়) ইলেকট্রন = জোড় গঠন। দুই এর নিয়মের উল্লেখযোগ্য উদাহরণ- $NH_3$, $N_2$, $H_2O$ |

বি.দ্রঃ ব্যতিক্রম- HF সমযোজী যৌগ কিন্তু আয়নিক বৈশিষ্ট্য সম্পন্ন

CamScanner

...বন্ধন বিশিষ্ট যৌগ: বাঁচতে হলে জানতে হবে

| যৌগ | বন্ধন প্রকৃতি | বন্ধন প্রকার | বন্ধন সংখ্যা |
|---|---|---|---|
| $NH_3$ | সমযোজী | এক প্রকার | 03 |
| $H_3PO_4$ | সমযোজী, সন্নিবেশ | দুই প্রকার | 08 |
| $Na_2SO_4$ | আয়নিক,সমযোজী, সন্নিবেশ | তিন প্রকার | 08 |
| $CuSO_4.5H_2O$ | আয়নিক,সমযোজী,সন্নিবেশ, হাইড্রোজেন বন্ধন | চার প্রকার | 17 |
| $[Co(NH_3)_6]Cl_3$ | আয়নিক,সমযোজী,সন্নিবেশ | তিন প্রকার | 27 |
| $NH_4Cl$ | আয়নিক,সমযোজী,সন্নিবেশ | তিন প্রকার | 5 |
| $(H_2O)n$ | হাইড্রোজেন, সমযোজী | দুই প্রকার | 2 |
| $[Cu(NH_3)_4]SO_4$ | আয়নিক,সমযোজী,সন্নিবেশ | তিন প্রকার | 22 |
| $K_4[Fe(CN)_6]$ | আয়নিক, সমযোজী, সন্নিবেশ | তিন প্রকার | 28 |
| $KBF_4$ | আয়নিক, সমযোজী, সন্নিবেশ | তিন প্রকার | 5 |
| $H_2SO_4$ | সমযোজী, সন্নিবেশ | দুই প্রকার | 8 |
| $[Ag(NH_3)_2]1^+$ | সমযোজী, সন্নিবেশ | দুই প্রকার | 8 |
| $NH_4^+$ | সমযোজী, সন্নিবেশ [NCTB কবির স্যার] | দুই প্রকার | 4 |
| $[Fe(CN)_6]^{4-}$ | সমযোজী, সন্নিবেশ | দুই প্রকার | 26 |
| $[Cu(NH_3)_4]^{2+}$ | সমযোজী, সন্নিবেশ | দুই প্রকার | 16 |

## TOPIC : 11 — অষ্টকতত্ত্ব ও মুক্তজোড় ইলেকট্রন

**Item-01: অষ্টকতত্ত্ব :** কোন পরমাণুর শেষ কক্ষপথে আটটি ইলেকট্রনের সেটকে অষ্টক বলে।

$e = 8$ অষ্টকতত্ত্ব মানে (অষ্টকপূর্ণ)

$e > 8$ অষ্টক সম্প্রসারণ, $e < 8$ অষ্টক সংকোচন — অষ্টক তত্ত্ব মানে না

ইলেকট্রন সংখ্যা = কেন্দ্রীয় মৌলের শেষ কক্ষ পথের ইলেকট্রন সংখ্যা + অপর মৌলের যোজনী × তার পরমাণুর সংখ্যা – (±চার্জ) অর্থাৎ $e_n = V + x \times n - (\pm a)$

এবার উদাহরণ লক্ষ্য কর-

$BF_3 = 3+1\times3 = 6$, $PCl_5 = 5+1\times5 = 10$, $XeF_4 = 8+1\times4 = 12$

**অসম্পূর্ণ অকটেট:** ইলেক্ট্রন সংখ্যা আটের কম। যেমন: IIIA ও IIA মৌল, IIA এর $BeCl_2(2+1\times2= 4)$, IIIA এর $AlCl_3(3+1\times3 = 6)$

**অকটেট প্রসারণ:** ইলেক্ট্রন সংখ্যা আটের বেশী $SF_6(6 + 1 \times 6 = 12)$, $OF_6$, $IF_7$, $PCl_5$.

$SF_4 = 6+1\times4 = 10$, $SF_6 = 6+1\times6 = 12$, $IF_7 = 7+1\times7 = 14$,

$SO_2 = 6+2\times2 = 10$, $SO_3 = 6+2\times3 = 12$, $XeF_2 = 8+1\times2 = 10$, $XeF_6 = 8+1\times6 = 14$

**অকটেট নিয়ম মানেনা :** S, Xe এবং I এর যৌগসমূহ। সঞ্চারণশীল ইলেকট্রন আছে: বেনজিন ও গ্রাফাইটে।

**বিশেষ ভাবে স্মরণীয়:** সূত্র শুধু সমযোজী যৌগের ক্ষেত্রে প্রযোজ্য। আয়নিক যৌগে সরাসরি/শর্ত ছাড়াই অষ্টক পূর্ণ থাকে। যেমন -NaCl, $MgCl_2$, CaO অষ্টকপূর্ণ।

**Item-02: মুক্তজোড় ইলেকট্রন সংখ্যা নির্ণয় :**

মুক্ত ইলেকট্রন সংখ্যা=কেন্দ্রীয় মৌলের শেষ কক্ষ পথের ইলেকট্রন সংখ্যা – (অপর মৌলের যোজনী × তার পরমাণুর সংখ্যা) – ( ±চার্জ) অর্থাৎ $e_n = V - X \times n - (\pm$ চার্জ)

এবার উদাহরণ লক্ষ্য কর- • $BF_3 = 3 - 1 \times 3 = 0$, $PCl_5 = 5 - 1\times5 = 0$; $NH_4^+ = 5 - (1 \times 4) - 1 = 0$

• $XeF_4 = 8 - 1\times4 = 4$ (দুইজোড়া) • $NH_3 = 5 - 1 \times 3 = 2$ (একজোড়া), • $H_2O = 6 - 1 \times 2 = 4$ (দুইজোড়া), • $H_2S = 6 - 1 \times 2 = 4$ (দুইজোড়া)

**Item-03: বেজোড়/ জোড় ইলেকট্রন সংখ্যা নির্ণয় :**

- NO অনুতে মোট ইলেকট্রন সংখ্যা $(7 + 8) = 15$ টি
- $O_2$ অনুতে মোট ইলেকট্রন সংখ্যা $(8 + 8) = 16$ টি
- $CO_2$ অনুতে মোট ইলেকট্রন সংখ্যা $(6 + 8 \times 2) = 22$ টি
- $H_2$ অনুতে মোট ইলেকট্রন সংখ্যা $(1 + 1) = 2$ টি

## TOPIC : 12 — Bond Order (B.O) ও চৌম্বকীয় ধর্ম

**বিকল্প নিয়ম-শর্টকাট টেকনিক:**

বন্ধনীক্রম নির্ণয়ের বেশ কয়েকটি টেকনিক প্রয়োগ করা যেতে পারে। যেমন- বিজোড় ইলেকট্রনের যোগফলকে 2 দিয়ে ভাগ করলেও বন্ধনী ক্রমের মান পাওয়া যায়। তবে সবচেয়ে গ্রহণযোগ্য টেকনিকটি তোমাদের জন্য বরাদ্দ করা হলো- **Hossain's law :** $B.O. = \frac{x(8-a) + y(8-a) + Charge}{2}$

এখানে, x =যৌগের প্রথম উপাদান, y = যৌগের দ্বিতীয় উপাদান, a = শেষ কক্ষপথের ইলেকট্রন সংখ্যা।

এবার বিশ্লেষণী দৃষ্টি নিয়ে উদাহরণ লক্ষ্য কর।

**উদাহরণ-01: NO এর বন্ধনীক্রম কত?** সমাধান : $B.O. = \frac{x(8-a) + y(8-a) + (0)}{2} = \frac{N(8-5) + O(8-6)}{2} = \frac{3+2}{2} = 2.5$

**উদাহরণ-02: CO এর বন্ধনীক্রম কত?** সমাধান : $B.O. = \frac{x(8-a) + y(8-a) + (0)}{2} = \frac{C(8-4) + O(8-6)}{2} = \frac{4+2}{2} = 3$

POLL MACHINE
Preparation and Practice are vital for effective delivery
CamScanner

## TOPIC : 13 — সংকেত সমূহ

- অম্লীয় অক্সাইড (Acidic Oxide): $CO_2$, $SO_2$, $SO_3$, $NO_2$, $N_2O_5$, $P_2O_5$, $B_2O_3$, $SiO_2$, $Cl_2O_7$ ইত্যাদি। (অধাতুর অক্সাইডসমূহ অম্লীয়)
- ক্ষারকীয় অক্সাইড (Basic Oxide): $Na_2O$, $K_2O$, $V_2O_3$, $CuO$, $FeO$, $CaO$, $MgO$ ইত্যাদি। (ধাতুর অক্সাইডসমূহ ক্ষারীয়)

| উভয়ধর্মী অক্সাইড (Amphoteric Oxide) | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| কাঞ্চু | মামা | জানে | তুমি | গেলে | সোনা | পাব | আমি |
| $Cr_2O_3$ | $MnO_2$ | $ZnO$ | $TeO_2$ | $Ga_2O_3$ | $SnO_2$ | $PbO_2$ | $Al_2O_3$, As |

| নিরপেক্ষ বা প্রশম অক্সাইড (Natural Oxide) | | | |
|---|---|---|---|
| হাই | কানা | নাই | নানা |
| $H_2O$ | $CO$ | $NO$ | $N_2O$ |

- পার-অক্সাইড (Peroxide): a) ক্ষারীয় পার অক্সাইড: $Na_2O_2$, $BaO_2$, $CaO_2$ ইত্যাদি।

  b) অম্লীয় পার অক্সাইড: $CrO_4$, $S_2O_7$, $Cl_2O_7$, $SnO_3$, $ClO_2$ c) প্রশম পার অক্সাইড: $H_2O_2$

  পলি-অক্সাইড (Polyoxide)t $PbO_2$, $MnO_2$ ইত্যাদি। সাব-অক্সাইড (Suboxide): $Pb_2O$, $C_2O$

  যুগ্ম বা মিশ্র অক্সাইড (Compound or Mixed Oxide): $Fe_3O_4(FeO+Fe_2O_3)$, $N_2O_4$, $Pb_3O_4(PbO+PbO_2)$, $Mn_3O_4(MnO+MnO_2)$ ইত্যাদি।

- ধাতব অক্সাইড ও অধাতব অক্সাইডের প্রকৃতি নির্ণয় :

  (i) ধাতব অক্সাইড সমূহ পানিতে দ্রবীভূত হয়ে ক্ষারীয় দ্রবণ সৃষ্টি করে, তবে গ্রুপ I-এর মৌল সমূহ তীব্র ক্ষার সৃষ্টি করে। গ্রুপ I এর মৌলসমূহের ক্ষারীয় তীব্র ক্রম। $LiOH<NaOH<KOH<RbOH<CsOH$

  (ii) অধাতব অক্সাইড সমূহ পানিতে দ্রবীভূত হয়ে এসিড সৃষ্টি করে, তবে যে অক্সাইডের জারণ মান যত বেশী, সে অক্সাইড ততবেশী শক্তিশালী এসিড সৃষ্টি ক যেমনঃ $SO_2$, $SO_3$, $Cl_2O_7$, $Cl_2O_3$ এর জারণ মান যথাক্রমে: +2, +6, +7, +3 এখানে সর্বোচ্চ জারণ মান $Cl_2O_7$ এ তাই এটি সবচেয়ে শক্তিশালী এসিড।

- প্রয়োজনীয় গুরুত্বপূর্ণ সংকেতসমূহ (যা থেকে ১টি প্রশ্ন আসবেই):

  নির্দেশনা: তোমাদের আকরিকের নামের পাশাপাশি সংকেত ও জানতে হবে। তবে বিশেষ গুরুত্বপূর্ণ যা থেকে ঐ ধাতু নিষ্কাশন করা হয় তার সংকেত অবশ্যই জানতে হবে।

| মৌল | আকরিক/যৌগের নাম | সংকেত | প্রচলিত নাম/বাণিজ্যিক নাম | রাসায়নিক সংকেত | রাসায়নিক নাম |
|---|---|---|---|---|---|
| ক্রোমিয়াম | ক্রোমাইট | $FeO.Cr_2O_3$ | অয়েল অব ভিট্রিওল** | $H_2SO_4$ | সালফিউরিক এসিড |
| আয়রণ | ম্যাগনেটাইট | $Fe_3O_4$ | অলিয়াম** | $H_2S_2O_7$ | পাইরোসালফিউরিক এসি |
| | রেড হিমাটাইট | $Fe_2O_3$ | অ্যাকুয়া ফর্টিস বা তীব্র পানি | $HNO_3$ | নাইট্রিক এসিড |
| | লিমোনাইট | $2Fe_2O_3.3H_2O$ | অ্যাক্রোলিন** | $H_2C=CH-CHO$ | অ্যাক্রোলিন |
| ম্যাঙ্গানিজ | পাইরোলুসাইট | $MnO_2$ | অ্যানিসোল** | $C_6H_5-O-CH_3$ | ফিনাইল, মিথাইল ইথার |
| | কপার পাইরাইটস | $CuFeS_2$ | ইউরিয়া** | $NH_2-CO-NH_2$ | ইউরিয়া |
| কপার | অ্যাজুরাইট | $2CuCO_3.Cu(OH)_2$ | পাইরিন | $CCl_4$ | কার্বনটেট্রাক্লোরাইড |
| জিংক | জিংক ব্লেন্ড | $ZnS$ | ইউরেট্রপিন/হেক্সামিন** | $(CH_2)_6N_4$ | হেক্সামিথিলিন টেট্রামিন |
| | কেলামিন | $ZnCO_3$ | ই. ডি. টি. এ | $(HOOC-CH_2)N-CH_2-CH_2-N(CH_2-COOH)_2$ | ইথিলিন ডাইঅ্যামিন টেট্র এসিটিক এসিড |
| | জিংক ডাস্ট | $Zn + ZnO$ | ওয়েস্ট্রন** | $Cl_2-CH-CH-Cl_2$ | টেট্রাক্লোরো ইথেন |
| নিকেল | পেন্টল্যানডাইট | $(Ni,Cu,Fe)S$ | কর্পুর/ন্যাপথ্যালিন** | $C_{10}H_8$ | কর্পুর/ন্যাপথ্যালিন |
| কোবাল্ট | কোবাল্টাইট | $(Co, As)S$ | কাইজেল গুড়** | $SiO_2$ | সিলিকন ডাই-অক্সাইড |
| লবণ | সবুজ ভিট্রিওল | $FeSO_4.7H_2O$ | কার্বলিক এসিড | $C_6H_5-OH$ | ফেনল |
| | সাদা ভিট্রিওল | $ZnSO_4.7H_2O$ | ক্যাকোডাইল অক্সাইড | $(CH_3)_2As.O.As.(CH_3)_2$ | ক্যাকোডাইল অক্সাইড |
| | ইপসম লবণ | $MgSO_4.7H_2O$ | মিউরেটিক এসিড | $HCl$ | হাইড্রোক্লোরাইড |
| | ব্লুভিট্রিওল(তুঁতে) | $CuSO_4.5H_2O$ | এসপিরিন | --------------- | এসিটাইল স্যালিসাইলিক এসি |
| | কাপড় কাচা সোডা | $Na_2CO_3.10H_2O$ | কিটিন | $CH_2=C=O$ | কিটিন |
| | গ্লবার লবণ | $Na_2SO_4.10H_2O$ | কুইনোন** | $C_6H_4O_2$ | ১,৪ বেনজোকুইনোন |
| | ফিটকিরি | $K_2SO_4.Al_2(SO_4)_3.24H_2O$ | ক্লোরাল** | $Cl_3C-CHO$ | ট্রাইক্লোরো এসিটালডিহা |
| | জিপসাম | $CaSO_4.2H_2O$ | গ্যামাক্সিন | $C_6H_6Cl_6$ | বেনজিন হেক্সাক্লোরাই |
| | মোরের লবণ | $FeSO_4.(NH_4)_2SO_4.6H_2O$, | গ্লাইকল | $CH_2(OH)-CH_2(OH)$ | ইথিলিন গ্লাইকল |
| অ্যালুমিনিয়াম | কোরান্ডাম | $Al_2O_3$ | গ্লাইসিন (১ম অ্যামাইনো এসিড) | $CH_2(NH_2)-COOH$ | গ্লাইসিন (১ম অ্যামাইনো এসি |
| | ডায়াসপোর | $Al_2O_3.H_2O$ | গ্লাসিয়াল ফসফরিক এসিড | $(HPO_3)n$ | গ্ল্যাসিয়াল ফসফরিস এসি |
| | বক্সাইট | $Al_2O_3.2H_2O$ | গ্লিসারিন | $CH_2(OH)-CH(OH)-CH_2(OH)$ | ট্রাই-হাইড্রিক অ্যালকোহ |

POLL MACHINE
Preparation and Practice are vital for effective delivery



CS CamScanner

| মৌল | আকরিক/যৌগের নাম | সংকেত | প্রচলিত নাম/বাণিজ্যিক নাম | রাসায়নিক সংকেত | রাসায়নিক নাম |
|---|---|---|---|---|---|
| | সিলভাইট/মিউরেট অব পটাস | $KCl$ | গ্লিসারাইড (তৈল) | $CH_2$-O-OC-R; CH-O-OC-R $CH_2$-O-OC-R | ফ্যাটি এসিডের ট্রাই-অস্টার |
| | সল্ট পিটার/নাইটার | $KNO_3$ | টারকুইজ | $AlPO_4.\ Al(OH)_3.\ H_2O$ | টারকুইজ |
| শিয়াম | কার্নালাইট | $KCl.MgCl_2.6H_2O$ | টারটারিক এসিড | HOOC-(OH)CH-HC(OH)-COOH | টারটারিক এসিড |
| | পটাশিয়াম পাইরো অ্যান্টিমোনেট | $K_2H_2Sb_2O_7$ | টি.এন.টি | $C_6H_2(CH_3)(NO_2)_3$ | ২,৪,৬ ট্রাইনাইট্রো টলুইন |
| | বোরাক্স [সোহাগা] | $Na_2B_4O_7.10\ H_2O$ | টি.এন.বি** | $C_6H_3(NO_2)_3$ | ১,২,৫ ট্রাইনাইট্রোবেনজিন |
| | ক্যালিক | $NaNO_3.NaIO_3$ | টেস্টিং সল্ট | $HOOC-(CH_2)_2-CH(NH_2)-COONa$ | মনোসোডিয়াম গুটামেট |
| উয়াম | জুয়েলার বর্জ্য | $Fe_2O_3$ | ডি.ডি.টি. ** | -- | প্যারা প্যারা ডাইক্লোরো ডাইফিনাইল ট্রাইক্লোরো ইথেন |
| | মরিচার সংকেত | $Fe_2O_3.3H_2O/\ Fe_2O_3.nH_2O$ | থায়োফিন** | $C_4H_4S$ | থায়োফিন |
| | ওয়াটার গ্যাস | $[CO+H_2]$ | থ্যালিক এসিড | $C_6H_4(COOH)_2$ | বেনজিন রিং এ দুটি কার্বক্সিল মূলক যুক্ত |
| ন | প্রডিউসার গ্যাস | $[2CO+N_2]$ | দার্শনিকের পশম (কম্বল)/ফিলসোপার উল** | $ZnO$ | জিংক অক্সাইড |
| | সিনথেটিক গ্যাস | $[CO+3H_2]$ | দার্শনিকের লবণ/ ফিলসোপার সল্ট** | $SO_3$ | সালফার ট্রাই অক্সাইড |
| | চিনামাটি | $Al_2O_3.2SiO_2.\ 2H_2O$ | নিশাদল** | $NH_4Cl$ | অ্যামোনিয়াম ক্লোরাইড |
| চিত | ব্লাক অ্যাশ | $Na_2CO_3 + CaS$ | BHT | $C_{15}H_{24}O$ | |
| কত | চুনাপাথর/খড়িমাটি | $CaCO_3$ | ইদুর মারার বিষ | $Zn_3P_2$ | |
| | প্লাস্টার অব প্যারিস | $(CaSO_4)_2.H_2O$ | ফ্লু-গ্যাস | $SO_2$ | সালফার ডাইঅক্সাইড |

## TEP 03 বিগত সালের প্রশ্নের ব্যাখ্যা ও প্যারালাল তথ্যসহ সমাধান

### EP 07 ANALYSIS OF GST QUESTION

$AlCl_4^-$ এর আকার কেমন হবে? [GST-A. 2022-2023]

A. সমতলীয় বর্গাকার B. ত্রিভুজীয় পিরামিড
C. চতুস্তলকীয় D. বর্গাকার পিরামিড

S © Why অজৈব যৌগের ক্ষেত্রে সংকরিত অরবিটালের প্রকৃতি নির্ণয়ের সূত্র:
$x=\frac{1}{2}$ [যোজ্যতা শেলে ইলেক্ট্রন সংখ্যা + একযোজী পরমাণুর সংখ্যা- ক্যাটায়নের চার্জ + অ্যানায়নের চার্জ] $x=\frac{1}{2}[V+M-C+A]$; যেখানে, x = হাইব্রিড অরবিটালের সংখ্যা

$AlCl_4^-$ এর সংকরায়ন: $\frac{1}{2}(3+4+1)=4=sp^3$ ; সুতরাং, $AlCl_4^-$ এর আকৃতি চতুস্তলকীয়।

Sc অবস্থান্তর মৌল নয়, কারণ এর সুস্থিত আয়নের d অরবিটালগুলো ---- । [GST-A. 2022-2023]

A. পরিপূর্ণ B. অর্ধ পরিপূর্ণ C. আংশিক পরিপূর্ণ D. খালি

S Ⓓ Why স্থিতিশীল আয়নের d অরবিটালে $d^0$ অথবা $d^{10}$ ইলেক্ট্রন থাকলে মৌলটি অবস্থান্তর নয়। Sc এর সুস্থিত আয়ন $Sc^{3+}$ এর d অরবিটালে $d^0$ ইলেক্ট্রন থাকায় এটি অবস্থান্তর মৌল নয়।

কোন যৌগটি সবচেয়ে বেশি পোলার? [GST-A. 2022-2023]

A. $CH_4$ B. $CCl_4$ C. $CH_2Cl_2$ D. $CHCl_3$

S © Why ডাইপোল মোমেন্ট শূন্য যে সকল যৌগের : $CCl_4$, $CH_4$, $BF_3$, $BCl_3$, $BeCl_2$, $CS_2$, $CO_2$, $PCl_5$, $SF_6$, $XeF_4$, $IF_7$, $C_6H_6$ এবং দ্বিপরমানুক অণু সমূহ। যার ডাইপোল মোমেন্ট এর মান যত বেশি হয় সেটি তত বেশি পোলার হয়। $CH_2Cl_2$ ও $CHCl_3$ এর মাঝে $CH_2Cl_2$ এর H বেশি থাকায় এর ডাইপোল মোমেন্টের মান বেশি। ডাইপোল মোমেন্টের ক্রম: $CH_3Cl > CH_2Cl_2 > CHCl_3 > CH_4$ ও $CCl_4$

কোনটির ইলেকট্রন আসক্তি সবচেয়ে বেশি? [GST-A. 2022-2023]

A. F B. Cl C. Br D. I

S Ⓑ Why হ্যালোজেনের ইলেকট্রন আসক্তির ক্রম: Cl > F > Br > I

05. কোনটি অম্লধর্মী অক্সাইড নয়? [GST-A. 2022-2023]

A. $SO_2$ B. $NO_2$ C. $N_2O_5$ D. $N_2O$

S Ⓓ Why বিভিন্ন অক্সাইডসমূহ:
- অম্লীয় অক্সাইড (Acidic Oxide): $CO_2$, $SO_2$, $SO_3$, $NO_2$, $N_2O_5$, $P_2O_5$, $B_2O_3$, $SiO_2$, $Cl_2O_7$ ইত্যাদি।
- ক্ষারকীয় অক্সাইড (Basic Oxide): $Na_2O$, $K_2O$, $V_2O_3$, CuO, FeO, CaO, MgO ইত্যাদি।
- নিরপেক্ষ বা প্রশম অক্সাইড (Neutral Oxide): $H_2O$, CO, NO, $N_2O$ .

06. কোনটি ফেরোম্যাগনেটিক ধাতু? [GST-A. 2022-2023]

A. Ni B. Ag C. Au D. Cu

S Ⓐ Why ফেরোম্যাগনেটিক ধাতু: ফেল করি নাই
↓ ↓ ↓
Fe Co Ni

07. আধুনিক পর্যায় সারণীতে মৌলসমূহের ভৌত ও রাসায়নিক ধর্ম পর্যায়ক্রমে নিম্নের কোনটির সংখ্যার ভিত্তিতে আবর্তিত হয়? [GST-A. 2022-2023]

A. নিউট্রন B. প্রোটন
C. প্রোটন ও নিউট্রন D. ইলেকট্রন ও নিউট্রন

S Ⓑ Why আধুনিক পর্যায় সারণিতে মৌলসমূহের ভৌত ও রাসায়নিক ধর্ম পর্যায়ক্রমে প্রোটন সংখ্যার ভিত্তিতে আবর্তিত হয়।

08. 1-Buteen-3-yne জৈব যৌগে σ এবং π বন্ধনের সংখ্যা যথাক্রমে- [GST Set-2. 2021-22]

A. 5σ এবং 5π B. 7σ এবং 3π C. 8σ এবং 2π D. 6σ এবং 4π

S Ⓑ Why 
σ বন্ধন সংখ্যা → 7
π বন্ধন সংখ্যা → 3

09. কোনগুলো অপধাতু? [GST Set-2. 2021-22, DU-7 Clg.19-20]

A. Si, Ge, As B. Na, K, Rb C. Mg, Al, Sb D. B, Fe, Ni

S Ⓐ Why অপধাতু ৬টি:

| জি | স্যার | আসেন | সাবধানে | টুলে | বসেন |
|---|---|---|---|---|---|
| ↓ | ↓ | ↓ | ↓ | ↓ | ↓ |
| Ge | Si | As | Sb | Te | B |

POLL MACHINE
Preparation and practice are vital for effective delivery



CS CamScanner

10. X এবং Y পরমাণুদ্বয়ের সর্ববহিস্থ স্তরে যথাক্রমে 3টি ও 6টি ইলেকট্রন আছে। X এবং Y দিয়ে গঠিত যৌগের সংকেত হবে- [GST-A. 2020-21]
A. $X_2Y_3$ B. $X_2Y_6$ C. $XY_3$ D. $X_3Y_2$
SⒶWhY X ও Y এর সর্বঃবহিস্থ স্তরে ইলেকট্রন 3 ও 6। কিন্তু Y এর পক্ষে 6টি ইলেকট্রন ত্যাগ করা কষ্টসাধ্য। অষ্টকতত্ত্ব অনুসারে Y এর ক্ষেত্রে (8 – 6) = 2। সুতরাং X ও Y দিয়ে গঠিত যৌগের সংকেত হবে $X_2Y_3$।

11. বরফের মধ্যে কি কি বন্ধন থাকে? [GST Set-2. 2021-22]
A. আয়নিক ও সমযোজী B. আয়নিক ও ভ্যানডার ওয়ালস
C. সমযোজী ও হাইড্রোজেন D. হাইড্রোজেন ও সন্নিবেশ
SⒸWhY হাইড্রোজেন বন্ধনের কারণে পানি দুটি অস্বাভাবিক ধর্ম প্রদর্শন করে থাকে। প্রথমত তরল পানি অপেক্ষা কঠিন বরফের ঘনত্ব কম, দ্বিতীয়ত বরফকে 0°C থেকে 4°C তাপমাত্রায় উত্তপ্ত করলে আয়তনের সংকোচন ঘটে। অর্থাৎ 4°C তাপমাত্রায় আয়তন সবচেয়ে কম কিন্তু ঘনত্ব সবচেয়ে বেশি হয়। X-Ray পরীক্ষায় দেখা যায় বরফের এক একটি কেলাসে প্রতিটি অক্সিজেন পরমাণু চারটি হাইড্রোজেন পরমাণুর সাথে যুক্ত হয়ে চতুস্তলকীয় গঠন কাঠামো সৃষ্টি করে থাকে। চারটি হাইড্রোজেনের মধ্যে দুটি হাইড্রোজেন পরমাণু স্বাভাবিক সমযোজী বন্ধনে আবদ্ধ থাকে এবং অপর দুটি হইড্রোজেন পরমাণু H-বন্ধন দ্বারা অক্সিজেনের সাথে যুক্ত থাকে।

12. $BCl_3$ এর বন্ধন কোন কত? [GST Set-2. 2021-22]
A. 104.50° B. 107° C. 120° D. 180°
SⒸWhY এক নজরে যৌগের সংকরণ, বন্ধন কোণ ও আকৃতি:

| সংকরণ | বন্ধন কোণ | আকৃতি | মনে রাখার কৌশল |
|---|---|---|---|
| sp | 180° | সরলরৈখিক | দুইরেখা একই বরাবর - সরলরেখা। যেমন: $CO_2$ |
| $sp^2$ | 120° | সমতলীয় ত্রিভুজাকৃতি | তিনে-ত্রিতে : ত্রিভুজ আকৃতি। যেমন: $BCl_3$ |
| $sp^3$ | 107° | ত্রিকোণীয় পিরামিডীয় | যেমন: $NH_3$ |
| $sp^3$ | 104.50° | v -আকৃতি | যেমন: $H_2O$ |

13. $CH_3OH$ অণুতে কার্বনের কোন ধরনের হাইব্রিডাইজেশন বিদ্যমান? [GST Set-2. 2021-22]
A. sp B. $sp^2$ C. $sp^3d^2$ D. $sp^3$
SⒹWhY

অণুতে কার্বনের 4টি σ-বন্ধন থাকায় $sp^3$ সংকরায়ন ঘটে। কারণ, σ বন্ধন সংকরায়ন ঘটায়।

14. বিজোড় ইলেকট্রনযুক্ত অণু কোনটি? [GST Set-2. 2021-22]
A. NO B. $O_2$ C. $CO_2$ D. $H_2$
SⒶWhY • NO অনুতে মোট ইলেকট্রন সংখ্যা (7 + 8) = 15 টি
• $O_2$ অনুতে মোট ইলেকট্রন সংখ্যা (8 + 8) = 16 টি
• $CO_2$ অনুতে মোট ইলেকট্রন সংখ্যা (6 + 8 × 2) = 22 টি
• $H_2$ অনুতে মোট ইলেকট্রন সংখ্যা (1 + 1) = 2 টি

15. $CH_2 = CH_2$ এ কার্বন পরমাণুর $sp^2$ সংকরিত এবং অসংকরিত অরবিটালদ্বয়ের মধ্যবর্তী কোণের মান কত ডিগ্রী? [GST-A. 2020-21]
A. 90 B. 120 C. 109.5 D. 180
SⒶWhY ইথিলিনের গঠনঃ



16. $H_2S$ এ H–S–H বন্ধন কোণের মান কত? [GST-A. 2020-21]
A. 180° B. 104.5° C. 92.1° D. 109.5°
SⒸWhY $sp^3$ সংকরায়ন হতে $H_2S$ এ H–S–H বন্ধন কোণের মান 92.1°। $H_2S$ এর বেলায় দুটি করে নিঃসঙ্গ ইলেকট্রন যুগল ও বন্ধন ইলেকট্রন যুগল (lp-bp) বিকর্ষণের ফলে বন্ধন কোণ হ্রাস পায়।

17. কোনটিতে অন্তঃআণবিক হাইড্রোজেন বন্ধন তৈরি হয় না- [GST-A. 202
A. স্যালিসাইলিক এসিড B. 2-নাইট্রোফেনল
C. 4-নাইট্রোফেনল D. 2-ক্লোরোফেনল
SⒸWhY 4-নাইট্রোফেনলে নাইট্রো ($NO_2$) ও হাইড্রক্সিমূলক অবস্থানের কারণে ডাইপোল মোমেন্ট তৈরি হয় না। কিন্তু 2-নাইট্রো ডাইপোল মোমেন্ট বিদ্যমান।


2-nitrophenol 4-nitrophenol 2-nitrophenol saliglic acid

18. কোনটি উভধর্মী অক্সাইড? [GST-A. 202
A. $Al_2O_3$ B. $N_2O_5$ C. $Na_2O$ D. $H_2O$
SⒶWhY $Al_2O_3$ একটি উভধর্মী অক্সাইড। কারণ এটি অম্ল-ক্ষার উ সাথেই বিক্রিয়া করে।
$Al_2O_3 + 6HCl \rightarrow 2AlCl_3 + 3H_2O$ (ক্ষার)
$Al_2O_3 + NaOH \rightarrow NaAlO_2 + H_2O$ (অম্ল)

19. কোনটি সর্বাধিক তড়িৎ ঋণাত্মকতা নির্দেশ করে? [GST-A. 202
A. $1s^22s^22p^5$ B. $1s^22s^22p^63s^1$
C. $1s^22s^22p^4$ D. $1s^22s^22p^63s^22p^5$
SⒶWhY $1s^22s^22p^5$ সর্বাধিক তড়িৎ ঋণাত্মক মৌল F এর ইলেক্ট কনফিগারেশন নির্দেশ করে।

## PART Ⓐ ANALYSIS OF GENERAL UNIVERSITY QUESTIO

### জগন্নাথ বিশ্ববিদ্যালয়

01. পর্যায় সারণিতে p-ব্লকে সর্বমোট কতটি মৌল আছে? [JnU.19-20; RU-H.17-18; JnU. 201
A. 30 B. 35 C. 32 D. 25 An

02. নিচের কোন অধাতুটি (Non-metal) সাধারণ তাপমাত্রায় কঠিন অবস্থায় থা [JnU:2013-2014,IU.2004
A. আয়োডিন B. ফ্লোরিন C. ক্লোরিন D. ব্রোমিন
SⒶWhY সাধারণ তাপমাত্রায় ফ্লোরিন ও ক্লোরিন হচ্ছে গ্যাস, আয়ো হচ্ছে কঠিন অধাতু।

03. কোন ধাতব অক্সাইড পানিতে দ্রবীভূত করলে কি উৎপন্ন হবে? [JnU. 2008
A. এসিড B. ক্ষার
C. এসিড অ্যানহাইড্রাইড D. ক্ষারীয় অ্যানহাইড্রাইড
SⒷWhY ধাতব অক্সাইড পানিতে দ্রবীভূত হয়ে ক্ষার উৎপন্ন করে।
যেমন: $Na_2O + H_2O \rightarrow 2NaOH$
অধাতব অক্সাইড পানিতে দ্রবীভূত হয়ে অম্ল তৈরী করে।
যেমন: $SO_3 + H_2O \rightarrow H_2SO_4$

04. নিম্নের কোন মৌলটির ক্ষেত্রে প্রথম আয়নিকরণ শক্তি সর্বনিম্ন? [JnU-A.2017
A. Na B. Li C. Rb D. K
SⒸWhY একই গ্রুপের উপর হতে নিচের দিকে আয়নিকরণ শক্তি পায়। গ্রুপ IA এর ক্ষেত্রে আয়নিকরণ শক্তির ক্রম Li>Na>K>Rb>Cs>Fr

05. আয়নিকরণ শক্তি সবচেয়ে বেশি কার? [JnU.2002-03; CU: 201
A. Na B.Mg C.C D. F
SⒹWhY পর্যায় সারণীতে একই পর্যায়ে বাম থেকে ডানে গেলে আয়নি শক্তি বাড়ে। এবং উপর থেকে নিচে গেলে আয়নিকরণ শক্তির মান কমে। সহজে বুঝা যাচ্ছে, ফ্লোরিনে আয়নিকরণ শক্তির মান বেশী হবে।

| মৌল | | Na | C | F | Mg |
|---|---|---|---|---|---|
| আয়নিকরণ শক্তি | $E_1$ | 494 | 1086 | 1680 | 738 |
| | $E_2$ | 4562 | 2352 | 3375 | 1450 |

06. পর্যায় সারণীতে ইলেক্ট্রোনেগেটিভিটি বাড়তে থাকে: [JnU.2009
A. কোন নির্দিষ্ট নিয়ম না মেনে B. উপর থেকে নীচে
C. ডান থেকে বামে D. বাম থেকে ডানে Ans

POLL MACHINE
Preparation and Practice are vital for effective delivery



CamScanner

07. নিম্নের ইলেকট্রন বিন্যাসের কোনটির পারমাণবিক ব্যাসার্ধ সবচেয়ে বেশী? [JnU. 2015-16]
A. $1s^2 2s^1$ B. $1s^2 2s^2$ C. $1s^2 2s^2 2p^1$ D. $1s^2 2s^2 2p^2$
S Ⓐ Why কারণ $1s^2 2s^1$ (Li) পারমাণবিক ব্যাসার্ধ (1.23Å), $1s^2 2s^2$ (Be) পারমাণবিক ব্যাসার্ধ (0.9Å), $1s^2 2s^2 2p^1$ (B) পারমাণবিক ব্যাসার্ধ (0.82Å), $1s^2 2s^2 2p^4$ (C) পারমাণবিক ব্যাসার্ধ (0.77Å), পারমাণবিক সংখ্যা বৃদ্ধির সাথে মৌলের ইলেকট্রন ও প্রোটন সংখ্যা বাড়ে কিন্তু স্তর সংখ্যা বাড়ে না যার ফলে ঐ মৌলের কেন্দ্রের সাথে বহিঃস্তরের আকর্ষণ বাড়ে বিধায় পারমাণবিক ব্যাসার্ধ কমে।

08. সাইক্লোহেক্সানোন এ কয়টি σ (সিগমা) বন্ধন রয়েছে? [JnU. 2015-16]
A. 7 B. 5 C. 10 D. 17
S Ⓓ Why সাইক্লোহেক্সানোন এর সংকেত $C_6H_{10}O$
☞ শর্ট কাট: No. of σ bond (অণুতে মোট পরমাণুর সংখ্যা) = 17σ

09. ফেনলে কয়টি π-ইলেকট্রন আছে? [JnU 2013-2014]
A. 10টি B. 6টি C. 8টি D. 5টি
S Ⓑ Why  ফেনলে 6টি π-ইলেকট্রন আছে। কারণ 3টি পাই বন্ধন।

10. $PCl_5$ এর জ্যামিতিক আকৃতি কেমন? [JnU-Ka. 2016-17; CoU-A. 2016-17, য.বো-২০১৬]
A. সরলরৈখিক B. অষ্টতলকীয়
C. ত্রিকোণাকার দ্বি-পিরামিড D. চতুস্তলকীয়
S Ⓒ Why • $PCl_5$ এর সংকরণ = $sp^3d$
• বন্ধন কোণ = 90° & 120° • আকৃতি = ত্রিকোণাকার দ্বি-পিরামিড

11. $CH_3CN$ যৌগের কার্বনসমূহে কী ধরণের সংকরণ বিদ্যমান? [JnU. 2015-16]
A. $sp^2$, sp B. $sp^3$, sp C. $sp^2$, $sp^2$ D. $sp^3$, $sp^3$
S Ⓑ Why


12. কোন মৌলটির $sp^3$ সংকরায়ন সম্ভব? [JnU. 2015-16]
A. Li B. Be C. B D. কোনটিই নয়
S Ⓓ Why মৌলে কোন ধরনের সংকরায়ন হয় না, সংকরায়ন হয় যৌগে।

13. নিচের কোনটি $sp^3$ সংকরণ (hybridization) প্রক্রিয়ায় গঠিত নয়? [JnU 2013-14]
A. $NH_3$ B. $NH_4^+$ C. $BCl_3$ D. $BH_4^-$ Ans C

14. নিম্নের কোন অণুর মধ্যে $sp^2$ হাইব্রিড অরবিটাল ও s-অরবিটাল এর অধিক্রমণ দ্বারা গঠিত সমযোজী বন্ধন রয়েছে- [JnU.2010-2011]
A. $NH_3$ B. $BeCl_2$ C. $C_2H_2$ D. $C_2H_4$ Ans D

15. নিম্নের কোন অণুটি সরলরৈখিক? [JnU.2009-2010]
A. $CO_2$ B. $H_2O$
C. $NH_3$ D. $PCl_3$
S Ⓐ Why $CO_2$ এর sp সংকরণ থাকায় বন্ধন কোণ $180^0$ অর্থাৎ সরলরৈখিক।

16. বেনজিনে কোন প্রকারের হাইব্রিডাইজেশন বিদ্যমান? [JnU.2009-2010]
A. $sp^3$ B. $sp^2$
C. sp D. কোনটিই নয়
S Ⓑ Why বেনজিনের একটি কার্বনের সাথে তিনটি একক বন্ধন আছে। তাই সংকরণ হবে: $sp^2$

17. ইথাইন অণুর ত্রিবন্ধনে মোট কয়টি σ এবং π বন্ধন আছে? [JnU.2008-2009]
A. 1টি σ ও 1টি π B. 2টি σ ও 1টি π
C. 1টি σ ও 2টি π D. 3টি σ ও 2টি π
S Ⓒ Why ইথাইনের সংকেত: $CH \equiv CH$ এর ত্রিবন্ধনে মোট 1টি সিগমা বন্ধন এবং 2টি পাই বন্ধন আছে। এটি sp সংকরিত এবং বন্ধন কোণ 180°।

18. $sp^3d$ সংকরণের ফলে যে অণু গঠিত হয় তার আকার কি হবে? [JnU.2008-09]
A. সমতলীয় ত্রিকোণাকার B. ত্রিভুজাকার দ্বি-পিরামিডীয়
C. চতুস্তলকীয় D. ত্রিভুজাকার পিরামিডীয়
S Ⓑ Why সংকর অরবিটালের সংখ্যা দুটি হলে আকৃতি সরল রৈখিক, সংকর অরবিটালের সংখ্যা তিনটি হলে আকৃতি ত্রিভুজাকৃতি, সংকর অরবিটালের সংখ্যা চারটি হলে আকৃতি চতুস্তলকীয় এবং সংকর অরবিটালের সংখ্যা পাঁচটি হলে আকৃতি ত্রিকোণীয় দ্বি-পিরামিড, সংকর অরবিটালের সংখ্যা ছয়টি হলে আকৃতি অষ্টতলকীয়। উপরের সংকর অরবিটালের সংখ্যা পাঁচটি কাজেই আকৃতি ত্রিভুজাকার দ্বি-পিরামিডীয়।

19. ত্রিকোণাকার সমতল অণু গঠিত হয় কি ভাবে? [JnU.2007-08]
A. একটি s-অরবিটাল ও 2টি p-অরবিটালের সংকরণের ফলে
B. একটি s-অরবিটাল ও একটি p-অরবিটালের সংকরণের ফলে
C. 2টি s-অরবিটাল ও একটি p-অরবিটালের সংকরণের ফলে
D. 2টি s-অরবিটাল ও 2টি p-অরবিটালের সংকরণের ফলে
S Ⓐ Why একটি s অরবিটাল ও 2টি p-অরবিটাল অর্থাৎ $sp^2$ সংকরণে সিগমা বন্ধন তিনটি। কাজেই আকৃতি হবে ত্রিকোণাকার সমতল।

20. অ্যামোনিয়া অণুর গঠন ও বন্ধন কোণ কি হবে? [JnU.07-08]
A. পিরামিডিয়াল, 107° B. চতুস্তলকীয়, 109°28′
C. ত্রিকোণাকার, 120° D. সরলরৈখিক, 108°
S Ⓐ Why অ্যামোনিয়া $sp^3$ সংকরিত। কারণ নাইট্রোজেনের তিনটি একক বন্ধন ও একজোড়া মুক্ত ইলেকট্রন মিলে মোট বন্ধন সংখ্যা দাড়ায় চার। ফলে বন্ধন কোণ মুক্ত জোড় ইলেকট্রনের কারণে কমে 109°28′ থেকে 107° হয় এবং আকৃতি হয় পিরামিডিয়াল।

21. সোডিয়াম ক্লোরাইট-এর সংকেত কোনটি? [JnU. 2015-16]
A. NaCl B. $NaClO_2$ C. $NaClO_3$ D. $NaClO_4$
S Ⓑ Why • সোডিয়াম ক্লোরাইড → NaCl
• সোডিয়াম ক্লোরাইট → $NaClO_2$
• সোডিয়াম ক্লোরেট → $NaClO_3$
• সোডিয়াম পারক্লোরেট → $NaClO_4$

22. ভারী পানি কোনটি? [JnU:2010-2011]
A. পাতিত পানি B. নদীর পানি
C. ডিউটেরিয়াম অক্সাইড D. সমুদ্রের পানি
S Ⓒ Why পানির সংকেত $H_2O$ কিন্তু ভারী পানির সংকেত- $D_2O$ (ডিউটেরিয়াম অক্সাইড)।

## খুলনা বিশ্ববিদ্যালয়

01. কোথায় Na ধাতু সংরক্ষণ করা হয়? [KU-C.2019-20]
A. অ্যালকোহল B. পানি
C. কেরোসিন D. বাতাস
S Ⓒ Why Na ধাতু বাতাসের সংস্পর্শে আসলে বাতাসের অক্সিজেনের সাথে বিস্ফোরণসহ বিক্রিয়া করে $Na_2O$ তৈরি করে। তাই Na ধাতু কেরোসিনে সংরক্ষণ করা হয়।

02. নিচের কোনটি ডায়াম্যাগনেটিক? [KU. 2014-15]
A. Ti ($-3d^2$) B. Fe ($-3d^6$)
C. Zn ($-3d^{10}$) D. Ni ($-3d^8$)
S Ⓒ Why অবস্থান্তর মৌলের d-অরবিটাল ইলেকট্রন দ্বারা পূর্ণ থাকলে, তারা ডায়াম্যাগনেটিক হবে।

03. কোন গ্রুপের মৌল প্রশম অক্সাইড উৎপন্ন করতে পারে? [KU-A,Set-Kha:2018-19]
A. 2 ও 13 B. 13 ও 14
C. 14 ও 15 D. 15 ও 17
S Ⓒ Why প্রশ্নটি পুরোপুরি ঠিক না। কারণ গ্রুপ-14 এর Sn ও Pb উভধর্মী অক্সাইড গঠন করে। আরও জেনে রাখি Zn ও Al ও উভধর্মী অক্সাইড গঠন করে।

04. নিচের কোনটি ক্ষারকীয় মৃত্তিকা ধাতুর ইলেক্ট্রন বিন্যাস? [KU-A.2017-18]
A. $[Ar]4s^2$ B. $[Ar]2s^2 2p^2$
C. $[Ar]3d^{10}4s^{-1}$ D. $[Ar]3d^{10}4s^2$ Ans A



POLL MACHINE
Preparation and Practice are vital for effective delivery
CamScanner

05. একটি মৌলের যোজ্যতা কক্ষের ইলেকট্রন বিন্যাস $ns^2np^5$ হলে মৌলটি কোন গ্রুপে থাকবে? [KU.09-10]

A. ক্ষারীয় ধাতু B. নিষ্ক্রিয় ধাতু C. নিষ্ক্রিয় গ্যাস D. হ্যালোজেন

S(D) Why

| প্রকৃতি | সাধারণ ইলেকট্রন বিন্যাস |
|---|---|
| ক্ষারীয় বা মৃদু ক্ষারীয় ধাতু | $ns^1ns^2$ |
| নিষ্ক্রিয় গ্যাস | $ns^2\ np^6$ |
| হ্যালোজেন | $ns^2np^5$ |
| চালকোজেন | $ns^2np^4$ |

06. Rb ও Cs পরমাণুদ্বয়ের আয়নিকরণ শক্তি যথাক্রমে 403 $KJmol^{-1}$ এবং 376 $KJmol^{-1}$। Rb এর তুলনায় Cs এর পারমাণবিক ব্যাস- [KU-A:2018-19]

A. ছোট B. বড় C. সমান D. অতুলনীয়

S(B) Why পরমাণুর আকার বৃদ্ধির সাথে সাথে শেষ কক্ষপথের সাথে কেন্দ্রের আকর্ষণ শক্তি হ্রাস পায় অর্থাৎ আয়নিকরণ শক্তি হ্রাস পায়। তাই Cs এর আকার Rb এর চেয়ে বড়।

07. $[Ag(NH_3)_2]Cl$ যৌগে কত প্রকার বন্ধন বিদ্যমান? [KU.2011-2012]

A. 1 B. 2 C. 3 D. 4 Ans C

08. পর্যায় সারণির শ্রেণী V এর $NH_3$; VI এর $H_2O$ এবং VII এর HF এর স্ফুটনাঙ্ক অন্যান্য হাইড্রাইডগুলোর তুলনায় অস্বাভাবিক উচ্চ। কারণ এসব অণুতে- [KU.2009-2010]

A. সমযোজী বন্ধন উপস্থিত B. হাইড্রোজেন বন্ধন উপস্থিত
C. সন্নিবেশ বন্ধন উপস্থিত D. আয়নিক বন্ধন উপস্থিত।

S(B) Why পদার্থের ভৌত ধর্মের উপর H-bond এর প্রভাব:

- বরফ পানি অপেক্ষা হালকা।
- $H_2O$, HF, $NH_3$ এর অস্বাভাবিক উচ্চ গলনাংক ও স্ফুটনাংক।
- যে কোন অ্যালকোহলের গলনাংক ও স্ফুটনাংক তার আইসোমারিক ইথারের চেয়ে বেশী

09. KOH-এ আয়নিক ও সমযোজী উভয় ধরনের বন্ধন বিদ্যমান। তাহলে যৌগটির ধর্ম কোন ধরনের হবে? [KU.2008-2009]

A. আয়নিক B. সমযোজী C. উভয়টি D. কোনটিই নয়

S(A) Why উত্তর হবে আয়নিক কেননা একটি যৌগে একাধিক বন্ধন থাকলে আয়নিক যৌগের বৈশিষ্ট্য প্রকাশ পায়।

10. যখন অণু গঠনের সময় দুটি পরমাণু ইলেকট্রন জোড় শেয়ার করে, কিন্তু শেয়ারকৃত ইলেকট্রন জোড় একটি মাত্র পরমাণু থেকে আসে- এ ক্ষেত্রে গঠিত হয়- [KU.2008-2009]

A. সমযোজী বন্ধন B. তড়িৎযোজী/আয়নিক বন্ধন
C. ধাতব বন্ধন D. সন্নিবেশ বন্ধন Ans D

11. নিচের কোনটিতে সমযোজী বন্ধন নেই? [KU.2007-2008]

A. বরফ B. কপার C. পানি D. ডায়মন্ড

S(B) Why কপার ধাতু তাই এতে সমযোজী বন্ধন সম্ভব নয়।

12. ন্যাপথালিনে π-বন্ধনের সংখ্যা কতটি? [KU. 2014-15]

A. 4 B. 6 C. 5 D. 3

S(C) Why  ন্যাপথালিনে ৫টি দ্বিবন্ধন বিদ্যমান। তাই 5টি π বন্ধন বিদ্যমান।

13. পরমাণুর যোজ্যতা স্তরের ভিন্ন শক্তির একাধিক অরবিটাল একত্রিত হয়ে সমশক্তির সমসংখ্যক অরবিটাল উৎপন্ন করার প্রক্রিয়াকে বলে- [KU.2007-2008]

A. পোলারন B. সংকরণ
C. ডি-লোকালাইজেশন D. সিগমা বন্ধন Ans B

14. নিচের কোনটিতে হাইড্রোজেন বন্ধন নেই? [KU-C.2019-20]

A. $CH_3CH_2OH$ B. $H_2O$ C. $CH_3NH_2$ D. $CH_3F$ Ans D

## কুমিল্লা বিশ্ববিদ্যালয়

01. নিচের কোনটি লিগ্যান্ড নয়? [CoU-A. 2019-20]

A. $CO_3^{2-}$ B. $NH_3$
C. $OH^-$ D. $H_2O$

S(A) Why প্রশম লিগ্যান্ড : $H_2O$, NO, $NH_3$, CO ইত্যাদি।
অ্যানায়নিক লিগ্যান্ড : $F^-$, $Cl^-$, $Br^-$, $CN^-$, $NO_3^-$, $OH^-$ ইত্যাদি।
ক্যাটায়নিক লিগ্যান্ড : $NO^+$, $H_2N-NH_3^+$ ইত্যাদি।
একযোজী লিগ্যান্ড : $F^-$, $Br^-$, $Cl^-$, $I^-$, $NH_3$, $H_2O$, CO, NO, $OH^-$, $CN^-$
দ্বিযোজী লিগ্যান্ড : অক্সালেট আয়ন, ইথিলিন ডাই অ্যামিন আয়ন ইত্যাদি।

02. নিচের কোন আয়নটি ডায়াম্যাগনেটিক নয়? [CoU-A. 2019-20]

A. $Sc^{3+}$ B. $Ti^{4+}$ C. $Fe^{2+}$ D. $Zn^{2+}$

S(C) Why $Fe^{2+}$ এর সর্বশেষ কক্ষপথে চারটি বিজোড় ইলেক্ট্রন আছে তাই এটি প্যারাম্যাগনেটিক মৌল।

03. পানিতে $CO_2$ এর দ্রবণকে বলা হয়- [CoU-A. 2019-20]

A. সোডা ওয়াটার B. ওয়াটার গ্যাস C. মিল্ক অব লাইম D. লাইম ওয়াটার

S(A) Why সোডা ওয়াটার কে কার্বনেটেড ওয়াটার ও বলা হয়। এটি মূলত $H_2CO_3$।
বিক্রিয়া : $H_2O + CO_2 \rightarrow H_2CO_3$

04. $Fe(OH)_3$, $Cu(OH)_2$, $Zn(OH)_2$ এবং $Co(OH)_2$ অধঃক্ষেপসমূহের রং-এর ক্রম হলো- [CoU.2016-17; DU. 2012-13, JnU- 16-17]

A. brown, pink, white and blue B. brown, blue, white and pink
C. pink, white, brown and blue D. brown, white, blue and pink

S(B) Why ধাতব হাইড্রোক্সাইড অধঃক্ষেপের বর্ণঃ

| অধঃক্ষিপ্ত ধাতব হাইড্রোক্সাইড | অধঃক্ষেপের বর্ণ |
|---|---|
| $Fe(OH)_3$ | (brown) বাদামী |
| $Cu(OH)_2$ | (blue) হালকা নীল |
| $Zn(OH)_2$ | (white) সাদা |
| $Co(OH)_2$ | (pink) গোলাপী |

05. একটি মৌলের পরমাণুর বহিঃস্তরের ইলেক্ট্রনীয় কাঠামো-$(n-1)p^6ns^2$ [CoU-A. 2016-17]

i. মৌলটি $M^{2+}$ ক্যাটায়ন গঠন করে ii. মৌলটি আয়নিক যৌগ গঠন করে
iii. পর্যায় সারণীর Gr-I এর মৌল

A. i B. i, ii, iii C. কোনটিই নয় D. i, ii

S(D) Why Suppose $(n-1)p^6ns^2$ বহিঃস্থ ইলেকট্রনীয় কাঠামো বিশিষ্ট মৌল এর ইলেকট্রন বিন্যাস- Ca(20) → $1s^2\ 2s^2\ 2p^6\ 3s^2\ 3p^6\ 4s^2 = (n-1)p^6ns^2$; সুতরাং উক্ত মৌলটি $Ca^{2+}$ ক্যাটায়ন গঠন করতে পারে, আয়নিক যৌগ($CaCl_2$) গঠন করতে পারে তবে পর্যায় সারণীর Gr-1 এর মৌল হতে পারে না।

06. পোলারায়ন ক্ষমতা দেখানো হলো, নিম্নের কোনটি সঠিক? [CoU-B. 2019-20]

A. $Al^{3+} > Mg^{2+}$ B. $Mg^{2+} > Al^{3+}$ C. $Be^{2+} > Mg^{2+}$ D. $Mg^{2+} > Be^{2+}$

S(AC) Why ফাযানের নীতি অনুসারে, $Al^{3+}$ এর চার্জ সংখ্যা $Mg^{2+}$ অপেক্ষা বেশি হওয়ায় এর পোলারায়ন ক্ষমতা বেশি। আবার, $Be^{2+}$ এর আকার ক্ষুদ্রতর বলে $Mg^{2+}$ অপেক্ষা পোলারায়ন ক্ষমতা বেশি।

☞ মনে রাখবে: ক্যাটায়নের চার্জ ∝ পোলারায়ন; ক্যাটায়নের আকার $\propto \frac{1}{\text{পোলারায়ন}}$

07. $Fe(CN)_6^{4-}$ আয়নের আকৃতি- [CoU-B. 2019-20]

A. ত্রি-কোণীয় দ্বি-পিরামিড B. চতুস্তলকীয়
C. সরলরৈখিক D. অষ্টতলকীয়

S(D) Why $SF_6$ যৌগে ও $[Fe(CN)_6]^{3-}$, $[Fe(CN)_6]^{4-}$ প্রভৃতি আয়নে কেন্দ্রীয় পরমাণুতে যথাক্রমে $sp^3d^2$ ও $d^2sp^3$ সংকরণ ঘটে। এতে 6টি সংকর অরবিটাল গঠিত হয়। বন্ধন কোণ 90° ও আকৃতি হয় অষ্টতলকীয়।

08. নিম্নের কোনটির বন্ধনীক্রম সর্বোচ্চ? [CoU. 2013-14]

A. NO B. $He_2$ C. $N_2^+$ D. $NO^-$

S(D) Why বন্ধনীক্রমঃ

| যৌগ বা মৌল বা আয়ন | বন্ধনীক্রম |
|---|---|
| NO | 2.5 |
| $He_2$ | 0 |
| $N_2^+$ | 2.5 |
| $NO^-$ | 3 |

POLL MACHINE
Preparation and Practice are vital for effective delivery



CS CamScanner

## ইসলামী বিশ্ববিদ্যালয়

1. f-ব্লক মৌলের সংখ্যা- [IU-A.2017-18; JU. 2019-20]
A. 25 B. 27
C. 29 D. 30 **Ans B**

2. সোডিয়াম বাতাসে পোড়ালে প্রধানত পাওয়া যায়– [IU-D.2019-20]
A. $Na_2O$ B. $NaO_2$ C. $Na_2O_2$ D. $Na_2CO_3$
**S Ⓐ Why** বাতাসে Na পোড়ালে মূলত সোডিয়াম অক্সাইড পাওয়া যায়।
$$2Na(s) + \frac{1}{2}O_2(g) \xrightarrow{180°C} Na_2O(s)$$

3. অবস্থান্তর ধাতু ও এদের আয়নে কোনটি থাকার কারণে এরা রঙিন হয়? [IU. 2015-16]
A. সম্পূর্ণ d-অরবিটাল B. অসম্পূর্ণ d-অরবিটাল
C. সম্পূর্ণ p-অরবিটাল D. অসম্পূর্ণ p-অরবিটাল
**S Ⓑ Why** অসম্পূর্ণ d-অরবিটাল থাকার কারণে এরা ডিজেনারেট অবস্থা থেকে নন ডিজেনারেট অবস্থায় যেতে পারে। ফলে তারা একটি নির্দিষ্ট তরঙ্গদৈর্ঘ্যের আলোর ফোটন শোষণ করে এবং বাকী গুলো বিকিরণ করে। ফলে রঙিন যৌগ গঠিত হয়।

4. নীচের আয়রন যৌগগুলির মধ্যে সবচেয়ে কম জারণ সংখ্যা- [IU. 2014-15]
A. $FeSO_4, (NH_4)_2SO_4 . 6H_2O$ B. $K_4[Fe(CN)_6]$
C. $Fe(CO)_5$ D. $K_2FeO_4$ **Ans C**

5. পর্যায় সারণীর VA গ্রূপের মৌল সমূহের মধ্যে ধাতু- [IU 2013–2014]
A. নাইট্রোজেন B. বিসমাথ C. ফসফরাস D. আর্সেনিক
**S Ⓑ Why** একই শ্রেণীতে উপর থেকে নিচে গেলে ধাতব ধর্ম বৃদ্ধি পায়। N ও P অধাতু, As উপধাতু এবং Bi ধাতু।

6. সর্বাধুনিক পর্যায় সারণীতে মৌলসমূহকে সাজানো হয়েছে- [IU. 2014-15]
A. 18টি উলম্ব কলাম 9টি গ্রুপে B. 18টি উলম্ব কলাম 18টি গ্রুপে
C. 18টি উলম্ব কলাম 4টি অর্বিটালে
D. 9টি গ্রুপে ও 7টি আনুভূমিক সারিতে **Ans B**

7. ইলেকট্রন ত্যাগ করে ধনাত্মক আয়নে পরিণত হতে যে শক্তির প্রয়োজন হয়, তা হচ্ছে- [IU. 2019-20]
A. ইলেকট্রন আসক্তি B. তড়িৎ ঋণাত্মকতা
C. আয়নিক পটেনসিয়াল D. আয়নিকরণ শক্তি **Ans D**

8. পর্যায় সারণিতে একই পর্যায়ে বাম হতে ডান দিকের মৌলগুলোর ক্ষেত্রে কোন তথ্যটি সঠিক? [IU-D.2019-20, ঢাবো-২০১৫]
A. আয়নীকরণ শক্তি বৃদ্ধি পায় B. ইলেকট্রন আসক্তি হ্রাস পায়
C. তড়িৎ ঋণাত্মকতা একই থাকে D. পরমাণুর আকার বাড়তে থাকে
**S Ⓐ Why** কোনো পর্যায়ের বাম হতে ডানে গেলে ইলেকট্রনের প্রতি নিউক্লিয়াসের আকর্ষণ বাড়ে, আকার কমতে থাকে ও আয়নিকরণ শক্তি বাড়তে থাকে।

9. কোনটি বেশি স্থিতিশীল? [IU. 2015-16]
A. Be B. Li C. B D. Cs
**S Ⓐ Why** Be (900 kJ), Li(520 kJ),B (800 kJ),Cs (376 kJ) এ থেকে বুঝা যায় বেরিলিয়াম অধিক স্থিতিশীল কারণ এর আয়নিকরণ শক্তির মান বেশি।

10. প্রদত্ত পারমাণবিক সংখ্যা বিশিষ্ট মৌলসমূহের মধ্যে কোনটির আয়নিকরণ বিভব সবচেয়ে বেশী? [IU. 2011-2012]
A. 5 B. 6 C. 7 D. 8 **Ans C**

11. আয়নিকরণ বিভব সবচেয়ে বেশি- [IU. 2005-2006]
A. ক্ষার ধাতুর B. অবস্থান্তর মৌলের
C. মৃৎক্ষার ধাতুর D. নিষ্ক্রিয় গ্যাসের
**S Ⓓ Why** আয়নিকরণ বিভবের সঠিক ক্রমবৃদ্ধি: ক্ষার ধাতু < মৃৎক্ষার ধাতু < অবস্থান্তর মৌল < নিষ্ক্রিয় গ্যাস।

12. আয়ন/পরমাণুর আকার সম্পর্কিত সঠিক ক্রমটি- [IU. 2019-20, দি.বো-২০১৫]
A. Al>Mg>Na B. Na>Ne>F
C. $Al^{3+}>Mg^{2+}>Na^+$ D. $Na^+>Mg^{2+}>Al^{3+}$
**S Ⓓ Why** সম-ইলেকট্রন বিশিষ্ট আয়নের যার প্রোটন সংখ্যা বেশি তার আকার ছোট- $_{11}Na^+(10) > _{12}Mg^{2+}(10) > _{13}Al^{3+}(10)$।

13. সমযোজী বন্ধন উপস্থিত নেই- [IU-D. 2016-17]
A. $CCl_4$ B. $PCl_5$ C. $K_2S$ D. $NH_3$
**S Ⓒ Why** • ধাতু + অধাতু → আয়নিক বন্ধন ($K_2S$)।
• অধাতু + অধাতু → সমযোজী বন্ধন। ($CCl_4$, $PCl_5$, $NH_3$)

14. যেটি যৌগ নয়- [IU. 2014-15]
A. কালো লেড B. সাদা লেড C. লাল লেড D. কোনটিই নয়
**S Ⓐ Why** গ্রাফাইটের অপর নাম ব্লাক লেড। সাদা লেড $[2PbCO_3.Pb(OH)_2]$ এবং লাল লেড বা রেড লেড ($Pb_3O_4$) দুটি লেডের যৌগ।

15. $p\pi$-$d\pi$ বন্ধনী আছে- [IU. 2014-15]
A. $NO_3^-$ B. $CO_3^{-2}$ C. $BO_3^{-3}$ D. $SO_3^{-2}$
**S Ⓓ Why** A, B, C অপশনের কেন্দ্রীয় মৌল B, N, C এর ইলেকট্রন বিন্যাসে d অরবিটালের অস্তিত্ব নেই শুধুমাত্র S এর ক্ষেত্রে d অরবিটাল বিদ্যমান তাই $p\pi$-$d\pi$ বন্ধনী আছে $SO_3^{-2}$ এ।

16. নিম্নের যে যৌগটির স্ফুটনাঙ্ক বেশী- [IU-A.2017-18]
A. $H_2Se$ B. $H_2Te$ C. $H_2S$ D. $SbH_3$
**S Ⓑ Why** $H_2S$, $H_2Se$, $H_2Te$ তে H-বন্ধন নেই বলে এদের স্ফুটনাংক পানির চেয়ে কম হয়। পানি ছাড়া বাকী তিনটি হাইড্রাইড যৌগের স্ফুটনাংকের বৃদ্ধি তাদের আণবিক ভর বৃদ্ধির সাথে সম্পর্কযুক্ত। আণবিক ভর বৃদ্ধিতে এ তিনটি হাইড্রাইড যৌগে ($H_2S$, $H_2Se$, $H_2Te$) দুর্বল ভ্যানডার ওয়ালস শক্তির তীব্রতা বৃদ্ধি পায়। তাই স্ফুটনাংকের ক্রম $H_2S<H_2Se<H_2Te$ হয়।

17. কোন যৌগে অন্তঃআণবিক (অণু মধ্যস্থ) হাইড্রোজেন বন্ধন বিদ্যমান? [IU. 15-16]
A. অর্থো-নাইট্রোফেনল B. প্যারা-নাইট্রোফেনল
C. অর্থো-হাইড্রোক্সি বেনজালডিহাইড D. ফসফরাস পেন্টাক্লোরাইড
**S Ⓐ Why** মেটা ও প্যারা নাইট্রো ফেনলে আন্তঃআণবিক হাইড্রোজেন বন্ধন বিদ্যমান। অর্থো-নাইট্রোফেনল এর গলনাঙ্ক ও স্ফুটনাঙ্ক মেটা ও প্যারা নাইট্রো ফেনল অপেক্ষা বেশী।

18. বন্ধন কোণ সবচেয়ে ছোট- [IU. 2019-20, BRUR-D1. 2017-18, CU-G. 2016-17]
A. $CH_4$ B. $BF_3$ C. $H_2O$ D. $NH_3$
**S Ⓒ Why** বন্ধন কোণের ক্রম: $BF_3 > CH_4 > NH_3 > H_2O$

19. অরবিটাল সংকরণ মতবাদে কোন যৌগের জ্যামিতিক আকৃতি ত্রিকোণাকার সমতলীয়? [IU. 2015-16]
A. $MgCl_2$ B. $CCl_4$ C. $PCl_5$ D. $AlCl_3$ **Ans D**

20. যেটি প্লানার জিওমেট্রি- [IU. 2014-15]
A. $ClO^-$ B. $N_2H_4$ C. $NF_3$ D. $CH_2$=NH
**S Ⓐ Why** $sp^3$ এর গঠন প্লানার জিওমেট্রি বা সরলরৈখিক:

▪ $ClO^-$, Hypochlorite,
Shape ⇒ Linear

| $sp^3$ সংকরন

▪ $ClO_2^-$, Chlorite

| $sp^3$ V-Shape/Bent shape

▪ $ClO_3^-$, Chlorite

| $sp^3$ trigonal pyramidal

▪ $ClO_4^-$, Perchlorate

| $sp^3$ tetrahedral

## বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়

01. হিলিয়ামের আয়নিকরণ পটেনশিয়াল- [BRUR:2013-14,JU. 2009-10]
A. 500 kJ/mol B. 1500 kJ/mol
C. 2400 kJ/mol D. 3400 kJ/mol **Ans C**

02. ক্ষুদ্রতম আয়নিক ব্যাসার্ধ বিশিষ্ট আয়ন কোনটি? [BRUR-D₁.2017-18]
A. $Ca^{2+}$ B. $K^+$ C. $S^{2-}$ D. $Cl^-$
**S Ⓐ Why** আইসোইলেকট্রনিক এর ক্ষেত্রে যার প্রোটন সংখ্যা বেশি তার আকার ছোট হয়।

03. কোন বন্ধনটি সবচেয়ে বেশি পোলার হবে? [BRUR: 2012-2013]
A. H–F B. O–F C. H–N D. O–H **Ans A**

04. কোনটির গঠন অষ্টতলকীয়? [BRUR-D₁.2017-18]

POLL MACHINE
Preparation and Practice are vital for effective delivery
CamScanner

A. $PCl_5$ B. $IF_7$
C. $SF_6$ D. $[Cu(NH_3)_4]^{2+}$

S C WhY • $PCl_5$ এর আকৃতি ত্রিকোণীয় দ্বি-পিরামিডীয়
• $IF_7$ এর আকৃতি পঞ্চকোণীয় দ্বি-পিরামিডীয়
• $SF_6$ এর আকৃতি অষ্টতলকীয়
• $[Cu(NH_3)_4]^{2+}$ এর আকৃতি সমতলীয় বর্গাকার।

05. $sp^2$ সংকরণ কোন ক্ষেত্রে ঘটে? [BRUR- 2012-2013]
A. C=C B. C≡C
C. C-C D. কোনটিই নয় Ans A

06. নিচের কোনটি odd electron compound? [BRUR. 2012-2013]
A. $NO_2$ B. $PbO_2$
C. $GeO_2$ D. $SnO_2$

S A WhY • $NO_2 = 7 + 8 \times 2 = 23$ (odd electron)
• $PbO_2 = 82 + 8 \times 2 = 98$ (even electron)
• $GeO_2 = 32 + 8 \times 2 = 48$ (even electron)
• $SnO_2 = 50 + 8 \times 2 = 66$ (even electron)

07. নিচের কোনটি অনার্দ্র কেলাস? [BRUR:2013-14]
A. সাধারণ লবণ B. পটাশ অ্যালুম
C. গ্লবার লবণ D. ইপসম লবণ Ans A

## বরিশাল বিশ্ববিদ্যালয়

01. $CH_2 = CHCHO$ যৌগটিতে যথাক্রমে σ ও π বন্ধনের সংখ্যা- [BU. 2015-16]
A. 7, 2 B. 5, 2
C. 7, 1 D. 8, 2

S A WhY $\sigma = 8 - 1 = 7, \pi = 2$

## PART B ANALYSIS OF SCIENCE & TECHNOLOGY QUESTION

## শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

01. Fe, Co, Pb, Sc, Sb মৌলগুলোর মধ্যে কোন দুটি অবস্থান্তর মৌল নয়? [SUST 2012-2013]
A. Sc, Pb B. Fe, Pb C. Fe, Co
D. Pb, Sb E. Pb, Co Ans A/D

02. কোন আয়নটি প্যারাম্যাগনেটিক নয়? [SUST-A. 2019-20]
A. $Co^{++}$ B. $Fe^{++}$ C. $Ni^{++}$
D. $Mg^{++}$ E. $Mn^{++}$

S D WhY সর্বশেষ কক্ষপথে ইলেকট্রন দ্বারা পূর্ণ থাকলে তা ডায়াম্যাগনেটিক। যেমন- $Mg^{++}$

03. কোন দুইটি মৌলের মধ্যে কর্ণ-সম্পর্ক বিদ্যমান? [SUST-B.2018-19]
A. Li, Be B. Mg, Al C. B, Si
D. Be, Si E. O, S

S C WhY পারমাণবিক সংখ্যার পার্থক্য 9 থাকলে মৌলদ্বয়ের মধ্যে কর্ণ সম্পর্ক বিদ্যমান।

04. তিনটি মৌলের কোন সেটের প্রত্যেকটির বহুরূপ আছে? [SUST 2012-13]
A. C, O, N B. C, S, N C. C, P, O
D. C, N, P E. S, N, F Ans C

05. পর্যায় সারণীর কোন একটি পর্যায়ে বাম থেকে ডানে পারমাণবিক সংখ্যা বৃদ্ধির সাথে সাথে মৌল সমূহের বিভিন্ন ধর্মের আনুক্রমিক পরিবর্তন ঘটে। নিচের সঠিক পরিবর্তনটি চিহ্নিত কর। [SUST.2008-09, CU: 2007-08]
A. পরমাণুর আকার হ্রাস পায় এবং ইলেক্ট্রন আসক্তি বৃদ্ধি পায়।
B. আয়নিকরণ শক্তি এবং তড়িৎ ঋণাত্মকতা হ্রাস পায়।
C. পরমাণুর আকার বৃদ্ধি পায় এবং ইলেক্ট্রন আসক্তি হ্রাস পায়।
D. ধাতব বৈশিষ্ট্য বৃদ্ধি পায় এবং অধাতব বৈশিষ্ট্য হ্রাস পায়।

S A WhY পর্যায় সারণীর বাম থেকে ডানে গেলে আয়নিকরণ শক্তি, ইলেকট্রন আসক্তি এবং তড়িৎ ঋণাত্মকতা বাড়ে এবং উপর থেকে নিচে গেলে কমে।

06. A ও B মৌলের সর্বশেষ শক্তিস্তরে ইলেক্ট্রনের বিন্যাস যথাক্রমে $5s^2\ 5p^4$ ও $5p^5$; তাদের আয়নিকরণ শক্তির তুলনামূলক অবস্থা কিরূপ? [SUST.2006...
A. A>B B. A<B C. A = B D. তুলনা হয় না

S B WhY কোন মৌলের সর্ববহিস্থ কক্ষপথ যদি একই হয় তবে যার প্রোটন বা ইলেকট্রন সংখ্যা বেশী তার আয়নিকরণ শক্তি তুলনামূলক বেশী। ($5s^2\ 5p^4$) ও B ($5s^2\ 5p^5$)এর মধ্যে p Orbital-এর মধ্যে যার ... ইলেকট্রন আছে তার আয়নিকরণ শক্তি বেশী (A<B)।

07. আয়নিক ব্যাসার্ধের ক্ষেত্রে কোন ক্রমটি সঠিক? [SUST-B. 2019...
A. $O^{2-} > F^- > Na^+ > N^{3-}$ B. $N^{3-} > Na^+ > O^{2-} > F^-$
C. $Na^+ > O^{2-} > N^{3-} > F^-$ D. $N^{3-} > O^{2-} > F^- > Na^+$
E. $F^- > N^{3-} > O^{2-} > Na^+$

S D WhY আইসো ইলেক্ট্রন বিশিষ্ট আয়নসমূহের মধ্যে যার প্রোটন সংখ্যা বেশি তার আয়নিক ব্যাসার্ধ কম। $N^{3-} > O^{2-} > F^- > Na^+$

08. কোন ইলেকট্রন বিন্যাসযুক্ত মৌলের পারমাণবিক ব্যাসার্ধ সবচেয়ে কম? [SUST-B.2018...
A. $1s^22s^22p^63s^1$ B. $1s^22s^22p^4$ C. $1s^22s^22p^2$
D. $1s^22s^22p^63s^2$ E. $1s^22s^22p^3$

S B WhY মৌলের ইলেক্ট্রন বিন্যাসে শক্তিস্তর বাড়লে পারমাণবিক ব্যাসার্ধ বৃদ্ধি পায়। কিন্তু একই শক্তিস্তরে ইলেক্ট্রন বাড়লে পারমাণবিক ব্যাসার্ধ হ্রাস পায়।

09. অ্যালকালি ধাতুসমূহের আকার এর ক্রম হচ্ছে? [SUST.06-07,JU:2013...
A. Li < Na < K < Rb < Cs B. Cs < Rb < K < Na < Li
C. Na < Li < K < Rb < Cs D. K < Na < Li < Cs < Rb Ans...

10. NaCl অণুর বন্ধন দৈর্ঘ্য 2.36Å ও ডাইপোল মোমেন্টের মান 8.5 D। NaCl অণুতে আয়নিক বন্ধনের শতকরা পরিমাণ কত? [SUST-B. 2019...
A. 75 B. 36 C. 85
D. 96 E. 23

S A WhY $\mu_{100} = e \times d = 2.36 \times 10^{-8}\text{ cm} \times 4.8 \times 10^{-10}\text{ esu}$
$= 11.33 \times 10^{-8}\text{ cm esu} = 11.33\text{ D}\ [\because 1D = 10^{-18}\text{ esu cm}]$
∴ আয়নিক বন্ধন $= \frac{\mu_E \times 100}{\mu_{100}} = \frac{8.5 \times 100}{11.33} = 75.02 \approx 75$

11. কোন গ্রুপে সব যৌগই আয়নিক? [SUST. 2012-2...
A. $BeF_2$, HCl, ICl, $NF_3$ B. NaBr, $BaF_2$, CsCl, KCl
C. $NF_3$, $BaF_2$, CsCl, $H_2S$ D. NaCl, $NH_3$, $F_2O$, CsCl
E. NaBr, $NH_3$, $CH_4$, $BeF_2$

S B WhY ধাতু + অধাতু = আয়নিক যৌগ

12. কোন জোড়ায় উভয়ই সমযোজী যৌগ? [SUST. 2012-2...
A. $CO_2$, ZnO B. $CH_3OH$, ZnO C. ZnO, KBr
D. $CaCl_2$, $CO_2$ E. $CO_2$, $CH_3OH$ Ans...

13. গ্রাফাইট ও হীরকে কার্বনের সাথে কোন ধরনের বন্ধন থাকে? [SUST.2010...
A. সমযোজী B. আয়নিক C. সন্নিবেশ সমযোজী D. ...

S A WhY কার্বনের দুটি রূপভেদ হচ্ছে হীরক ও গ্রাফাইট। কার্বন অধাতু কাজেই অধাতু দ্বারা গঠিত বন্ধন হচ্ছে সমযোজী।

14. নিচের যৌগগুলির কোনটিতে একটি আয়নিক ও একটি সমযোজী বন্ধন আছে? [SUST.2008-2...
A. NaCl B. $H_2O$ C. KCN D. $CH_4$ Ans...

15. নিম্নের যৌগগুলির মধ্যে সমযোজী প্রকৃতি কার সর্বোচ্চ? [SUST.2009-1...
A. $SrF_2$ B. $SrCl_2$ C. $SrBr_2$ D. $SrI_2$

S D WhY ফাযানের নীতি অনুসারে, সমযোজী প্রকৃতির ক্রম- $SrF_2 < SrCl_2 < SrBr_2 < SrI_2$

16. $H_3O^+$ যৌগের H–O–H বন্ধন কোণ কত? [SUST-B.2018-19, ব., ঢা. বো. ২০১৭; কু.বো. ...
A. 100° B. 105° C. 109°
D. 107° E. 120° Ans...

17. কোন যৌগটির সবগুলো বন্ধন কোণ 90°? [SUST-B.201...
A. $SiCl_4$ B. $BCl_3$ C. $SF_6$
D. $PCl_5$ E. $BH_4^+$ Ans...

POLL MACHINE
Preparation and Practice are vital for effective delivery



CamScanner

. $CO_2$ অণুতে কার্বন ও অক্সিজেনের হাইব্রিডাইজেশন যথাক্রমে- [SUST.2010-11]
A. sp, $sp^2$　B. $sp^2$, sp　C. $sp^2$, $sp^2$　D. $sp^3$, $sp^2$

**S Ⓐ Why** $CO_2$ এর গাঠনিক সংকেত- $\ddot{O}=C=\ddot{O}$ এতে অক্সিজেনের দুই জোড়া মুক্তজোড় ইলেকট্রন ও একজোড়া বন্ধন জোড় ইলেকট্রন বিদ্যমান। অর্থাৎ এতে তিনটি একক বন্ধন বিদ্যমান। ফলে অক্সিজেনের সংকরণ $sp^2$ অপরদিকে কার্বনের দুটি একক বন্ধন থাকায় এর সংকরণ হবে sp।

. অ্যামোনিয়া অণুতে <HNH = 107.8° কিন্তু পানির অণুতে <HOH=104.4° কারণ- [SUST.2010-11]
A. অক্সিজেন নাইট্রোজেনের চেয়ে তড়িৎ ধনাত্মক
B. অক্সিজেন নাইট্রোজেনের চেয়ে তড়িৎ ঋণাত্মক
C. অক্সিজেনের দুই জোড়া নিঃসঙ্গ ইলেকট্রন আছে আর নাইট্রোজেনের আছে এক জোড়া
D. পানির অণুতে হাইড্রোজেন বন্ধন পরিমাণ অ্যামোনিয়া অণুর চেয়ে বেশি

**S Ⓒ Why** মুক্তজোড়-মুক্তজোড় ইলেকট্রনের মধ্যে বিকর্ষণ সবচেয়ে বেশি। তাই $NH_3$ অণুর বন্ধন কোণ $107.8^0$ এবং পানির অণুর বন্ধন কোণ $104.4^0$।

. অ্যাসিটিলিনে C–C বন্ধনের প্রকৃতি কিরূপ ও কোন কোন অরবিটাল অংশগ্রহণ করে? [SUST.2009-2010]
A. σ,π,π/sp–sp　B. σ/sp–s
C. π/sp-sp　D. σ,π,π/sp-sp,P–P,P–P

**S Ⓓ Why** $H-C\overset{\sigma}{\underset{2\pi}{\equiv}}C\overset{\sigma}{-}H$
　　sp　sp

অ্যাসিটিলিনের C–C বন্ধনে দুইটি কার্বনের sp–sp অধিক্রমণের ফলে তৈরী হয় সিগমা (σ) বন্ধন এবং $p_y$–$p_y$ ও $p_z$–$p_z$ অধিক্রমণের ফলে তৈরী হয় দুইটি পাই (π) বন্ধন।

. $NF_3$, $PCl_5$, $BeCl_2$ ও $BF_3$ অণুগুলোতে N, P, Be ও B হাইব্রিডাইজেশন যথাক্রমে- [SUST.2007-08]
A. $sp^3$, $sp^3d$, sp, $sp^2$　B. $sp^2$, $sp^3$, $sp^2$, $sp^2$
C. $sp^3$, $sp^2$, $sp^2$, $sp^3$　D. sp, $sp^2$, $sp^3$, $sp^3$　**Ans A**

. $N_2$, $O_2$ এবং $F_2$ অণুর প্রতিটি পরমাণুতে যথাক্রমে কত জোড়া মুক্ত ইলেকট্রন থাকে? [SUST. 2012-2013]
A. 1, 2, 3　B. 2, 4, 6　C. 1, 2, 2
D. 3, 2, 1　E. 1, 1, 1

**S Ⓐ Why** কেন্দ্রীয় পরমাণুর সর্ববহিস্থ স্তরে ইলেকট্রন – বন্ধন সংখ্যা = মুক্ত জোড় $e^-$
(N≡N) $N_2$ এর ক্ষেত্রে মুক্ত জোড় ইলেকট্রন = 5–3 = 2 (1 জোড়া)
(O=O) $O_2$ এর ক্ষেত্রে মুক্ত জোড় ইলেকট্রন = 6–2 = 4 (2 জোড়া)
(F–F)$F_2$ এর ক্ষেত্রে মুক্ত জোড় ইলেকট্রন = 7–1 = 6 (3 জোড়া)

. কোন যৌগে অষ্টক পূর্ণ নয়? [SUST-B$_{93}$]
A. $ClF_3$　B. $PCl_3$　C. $IF_7$
D. $PCl_5$　E. $BF_3$　**Ans E**

. কোন যৌগ হাইড্রোজেন বন্ধন গঠন করে না? [SUST-B.2016-17]
A. HF　B. $H_2O$　C. $CH_3COOH$
D. $CH_3COCH_3$　E. $NH_3$

**S Ⓓ Why** HF, $H_2O$, $CH_3COOH$, $NH_3$, হাইড্রোজেন বন্ধন গঠন করে।

. কোন বন্ধনের উপস্থিতির জন্য সাধারণত কোন পদার্থ তরল হয়? [SUST. 08-09]
A. সমযোজী বন্ধন　B. তড়িৎযোজী বন্ধন
C. হাইড্রোজেন বন্ধন　D. সন্নিবেশ সমযোজী বন্ধন

**S Ⓒ Why** হাইড্রোজেন বন্ধনের গুরুত্ব: i. উচ্চ গলনাংক ও স্ফুটনাংক, ii. উচ্চ সান্দ্রতা ও পৃষ্ঠটান, iii. উচ্চ সুপ্ত বাষ্পীভবন তাপ ও সুপ্ত গলন তাপ, iv. পানিতে দ্রবণীয়তা, v. পদার্থ তরল হিসেবে আচরণ করা।

. কোনটি পারক্লোরেট আয়নের সংকেত? [SUST.2017-18]
A. $ClO^-$　B. $ClO_4^-$　C. $ClO_2^-$
D. $ClO_3^-$　E. $Cl^-$

**S Ⓑ Why** • $Cl^-$ → ক্লোরাইড,　• $ClO_3^-$ → ক্লোরেট
• $ClO^-$ → হাইপোক্লোরাইট　• $ClO_4^-$ → পারক্লোরেট
• $ClO_2^-$ → ক্লোরাইট

27. রঙিন বস্তুকে $SO_2$ বিজারিত করে বিরঞ্জন করে, বিজারণ প্রক্রিয়া সম্পন্ন হয় কি দ্বারা? [SUST. 2012-13,PUST.2015-16]
A. [O]　B. [H]　C. [S]
D. $[S^{2-}]$　E. $[O^{2-}]$

**S Ⓑ Why** $SO_2$ জারক-বিজারক ও বিরঞ্জক হিসেবে কাজ করে। এটি একটি দুর্বল বিরঞ্জক তাই এটি বিজারণের মাধ্যমে বিরঞ্জন ক্রিয়া সম্পন্ন করে।

28. কোনটি অক্সি এসিড ধারণ করে না? [SUST:2006-2007]
A. F　B. Cl　C. Br　D. I

**S Ⓐ Why** হ্যালোজেনের মধ্যে ফ্লোরিন কখনই ধনাত্মক জারণ অবস্থা প্রদর্শন করে না। তাই ফ্লোরিনের কোন অক্সি এসিড বা অক্সোনিয়াম লবণ নাই। কারণ হলো, ফ্লোরিন অপেক্ষা অধিক তড়িৎঋণাত্মক কোন মৌল না থাকায় ফ্লোরিন এমন কোন যৌগ গঠন করতে পারে না যে যৌগে ফ্লোরিনের তড়িৎঋণাত্মকতা অন্য কোন মৌল অপেক্ষা কম হয়।

## যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

01. নাইট্রোজেনের স্থায়ী হাইড্রাইড এর সংখ্যা কত? [JUST-A: 2019-20]
A. 1　B. 8　C. 9　D. 17

**S Ⓐ Why** নাইট্রোজেনের স্থায়ী হাইড্রাইড এর নাম-অ্যামোনিয়া ($NH_3$)

02. অ্যামোনিয়া ($NH_3$) উৎপাদনে কোন প্রভাবক ব্যবহার করা হয়? [JUST-C. 2016-17]
A. Mg　B. Fe　C. Ca
D. Cu　E. Na

**S Ⓑ Why** প্রভাবক সহায়ক হিসাবে ব্যবহৃত হয় $Mo/Al_2O_3$।

$$N_2 + 3H_2 \xrightarrow[450-550°C]{Fe\ 200\ atm} 2NH_3$$

03. পারমাণবিক সংখ্যা বৃদ্ধির সাথে সাথে নিষ্ক্রিয় গ্যাস সমূহের কি পরিবর্তন হয়? [JUST-A,Set-Kha 2018-19]
A. স্ফুটনাংক বৃদ্ধি পায়　B. স্ফুটনাংক হ্রাস পায়
C. স্ফুটনাংক স্থির থাকে　D. স্ফুটনাংক দ্রুত হ্রাস পায়

**S Ⓐ Why** পারমাণবিক সংখ্যা বৃদ্ধির সাথে সাথে নিষ্ক্রিয় গ্যাস সমূহের স্ফুটনাংক বৃদ্ধি পায়।

04. কোনটিকে সহজে তরলীকরণ সম্ভব? [JUST-C.2017-18]
A. Ar　B. He　C. Ne　D. Kr

**S Ⓓ Why** 1898 খ্রি. র‍্যামজে ও ট্রাভার্স তরলীকৃত বায়ু নিয়ে গবেষণা শুরু করেন। তরল বায়ুকে প্রায় সম্পূর্ণরূপে বাষ্পীভূত করার পর অতি ক্ষুদ্র তরল পদার্থ অবশিষ্ট ছিল। যা ছিল Kr যাকে খুব সহজে তরলীকরণ করা যায়।

05. পর্যায় সারণীতে কোনটি অধিক তড়িৎ ঋণাত্মক? [JUST-A,Set-Kha 2018-19]
A. ক্লোরিন　B. ফ্লোরিন　C. অক্সিজেন　D. আয়োডিন

**S Ⓑ Why** পর্যায় সারণীতে সর্বাধিক তড়িৎ ঋণাত্মক মৌল হলো ফ্লোরিন।

06. কোনটির তড়িৎ ঋণাত্মকতা সবচেয়ে বেশী? [JUST-B.2017-18]
A. Li　B. B　C. N　D. Be

**S Ⓒ Why** একই পর্যায়ের বাম হতে ডানে গেলে তড়িৎ ঋণাত্মকতা বৃদ্ধি পায়। Li < Be < B < N

07. সন্নিবেশ সমযোজী বন্ধনের ক্ষেত্রে কোনটি মুক্তজোড় ইলেকট্রন দান করে? [JUST-B: 2019-20]
A. ক্যাটায়ন　B. অ্যানায়ন
C. লিগ্যান্ড　D. ক্যাটালিস্ট　**Ans C**

08. যে সব শর্ত দ্বারা আয়নের পোলারায়নের পরিমাণ নির্ধারণ করা হয় তাদেরকে কি বলে? [JUST-B: 2019-20]
A. আউফবাউ নীতি　B. পলির বর্জন নীতি
C. হুন্ড নীতি　D. ফাযানের নীতি　**Ans D**

POLL MACHINE
Preparation and Practice are vital for effective delivery



CamScanner

09. নিচের কোনটি সত্য নয়? [JUST-B: 2019-20]
A. সমযোজী যৌগ অপোলার দ্রাবকে দ্রবীভূত হয়
B. বিশুদ্ধ সমযোজী যৌগ এর মৌলের তড়িৎ ঋণাত্মকতার মান সমান
C. সমযোজী যৌগ দ্রবণে বিদ্যুৎ পরিবহন করে না
D. সমযোজী যৌগ সাধারণত পোলার
Ans D

10. কোনটির স্ফুটনাংক সবচেয়ে বেশি? [JUST-C: 2019-20]
A. HF B. HCl C. HBr D. HI Ans A

11. কোনটি সবচেয়ে বেশি সমযোজী প্রকৃতির? [JUST-C.2016-17]
A. $BeCO_3$ B. $CaCO_3$ C. $MgCO_3$ D. $BaCO_3$
S A Why পোলারায়নের প্রভাবে গ্রুপ IIA (2) এর ধাতব মৌলের আকার বাড়ার সাথে এর কার্বনেট এর আয়নিক বৈশিষ্ট্য বাড়ে এবং আকার কমলে সমযোজী প্রকৃতি বৃদ্ধি পায়। ২নং গ্রুপের মৌলের কার্বনেটের সমযোজী প্রকৃতি বৃদ্ধির ক্রম $Ba^{2+}<Sr^{2+}<Ca^{2+}<Mg^{2+}<Be^{2+}$

12. নিম্নের যৌগে কয়টি সিগমা (σ) বন্ধন বিদ্যমান- $H_2C = CH–CH = CH_2$ [JUST-A. 2016-17]
A. 3 B. 4 C. 6
D. 9 E. 7
S D Why σ = মোট পরমাণু-1 (অ্যালিফেটিক যৌগের ক্ষেত্রে) = 10−1 = 9

13. $[Ni(CO)_4]$ জটিল যৌগে কোন ধরণের সংকরণ ঘটে? [JUST-B.2017-18]
A. $d^2sp^3$ B. $sp^3d$ C. $dsp^2$ D. $sp^3$
S D Why $[Cu(NH_3)_4]^{2+} \rightarrow dsp^2$, $[Fe(CN)_6]^{4-} \rightarrow d^2sp^3$; $Ni[(CO)_4] \rightarrow sp^3$

14. $H_2$ পরমাণুর ব্যাস কত? [JUST-A. 2016-17]
A. 0.1 m B. 0.1 nm C. 0.1 mm
D. 1 nm E. 1 mm
Ans B

15. বরফের মধ্যে কোন ধরনের বন্ধন বিদ্যমান? [JUST-C. 2016-17]
A. আয়নিক বন্ধন B. সমযোজী বন্ধন C. ধাতব বন্ধন
D. হাইড্রোজেন বন্ধন E. সন্নিবেশ বন্ধন
Ans D

16. কোন তাপমাত্রায় হীরক গ্রাফাইটে পরিণত হয়? [JUST.13-14, MAT.04-05, RU. 17-18]
A. $1100^0C$ B. $1000^0C$ C. $800^0C$ D. $900^0C$
S B Why C(Diamond) $\xrightarrow{1000^0C}$ C (গ্রাফাইট)।

17. সংকর ধাতু কাঁসার উপাদান কী কী? [JUST-C: 2019-20]
A. তামা ও টিন B. তামা ও দস্তা
C. তামা ও নিকেল D. তামা ও লোহা
Ans A

18. ক্ষারধর্মী অক্সাইড কোনটি? [JUST-C: 2019-20]
A. MgO B. $Al_2O_3$ C. ZnO D. $CO_2$ Ans A

## মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

01. $Fe^{2+}$ আয়নের d-অরবিটালে ইলেকট্রন সংখ্যা কয়টি? [MBSTU-B. 2019-20]
A. 8 B. 6 C. 4 D. 2 Ans B

02. নিচের কোন মৌলটি পরিবর্তনশীল যোজ্যতা প্রদর্শন করে? [MBSTU-B. 2019-20]
A. Na B. Mg C. S D. F
S C Why সালফারের যোজনী = 2, 4, 6। কিন্তু Na, Mg, F যোজনী যথাক্রমে 1, 2, 1 যা নির্দিষ্ট হয়ে থাকে। d অরবিটালে ইলেকট্রন থাকলে যোজনী পরিবর্তনশীল হয়।

03. কোনটি অবস্থান্তর মৌল? [MBSTU-C. 2019-20]
A. As B. Sc
C. Zn D. Co
Ans D

04. কোনটি লিগ্যান্ড? [MBSTU-$C_2$.2017-18]
A. $CaCl_2$ B. $CH_4$
C. $Cl^-$ D. $Fe^{3+}$
S C Why জটিল আয়ন বা যৌগ গঠনে নিঃসঙ্গ ইলেকট্রন যোগানদাতা ঋণাত্মক আয়ন বা প্রশম অণুকে লিগ্যান্ড বলে। সাধারণ লিগ্যান্ড হলো- $NH_3$, $H_2O$, $Cl^-$ ইত্যাদি।

05. নিচের কোন ধাতব আয়নটি বর্ণহীন যৌগ গঠন করে? [MBSTU-C. 2017-18]
A. $V^{3+}$ B. $Sc^{3+}$
C. $Ni^{2+}$ D. $Ti^{3+}$
Ans B

06. নিচের কোন যৌগে কার্বন পরমাণুর জারণ সংখ্যা ও যোজনীর মান সমান? [MBSTU-A. 2019-20]
A. $C_2H_6$ B. $CHCl_3$ C. $CH_2Cl_2$ D. $CCl_4$
S D Why $CCl_4$ এ কার্বনের যোজনী 4 এবং জারণ সংখ্যা +4।

07. কক্ষ তাপমাত্রায় কোনটি তরল? [MBSTU-$B_1$.2017-18]
A. $F_2$ B. $Cl_2$ C. $Br_2$ D. $I_2$
S C Why $Br_2$ একমাত্র তরল অধাতু।

08. নিচের কোনটি তীব্রতম জারক পদার্থ? [MBSTU-$C_2$.2017-18]
A. ফ্লোরিন B. ক্লোরিন C. ব্রোমিন D. আয়োডিন
S A Why হ্যালোজেন সমূহের জারণ ক্ষমতার ক্রম : F > Cl > Br > I

09. বায়ুমন্ডলে সবচেয়ে বেশী কোন নিষ্ক্রিয় গ্যাস পাওয়া যায়? [MBSTU-A.2016-17]
A. He B. Ne C. Ar D. Xe
S C Why বায়ুমন্ডলে নিষ্ক্রিয় গ্যাসের শতকরা পরিমাণ–
• Ar→ 0.93 % • Ne→$1.8\times10^{-3}$% • He →$5.2\times10^{-4}$%
• Kr→$1.1\times10^{-4}$% • Xe → $8.7\times10^{-5}$%

10. নিচের কোন মৌলের আয়নিকরণ বিভব সর্বাধিক? [MBSTU-$B_1$.2017-18]
A. F B. Cl C. Na D. K
S A Why একই পর্যায়ের বাম হতে ডানে গেলে আয়নিকরণ বিভব বৃদ্ধি পায় এবং একই গ্রুপের উপর হতে নিচে গেলে আয়নিকরণ বিভব হ্রাস পায়।

11. কোন মৌলটির ইলেকট্রন আসক্তি সর্বাধিক? [MBSTU-$B_1$.2017-18]
A. N B. S C. Cl D. O
S C Why পর্যায় সারণিতে সর্বাধিক ইলেকট্রন আসক্তির মৌল হল Cl।

12. একটি পানির অণু সর্বোচ্চ কয়টি হাইড্রোজেন বন্ধন গঠন করতে পারে? [MBSTU-C,Set-2:2018-19]
A. 3 B. 4 C. 2 D. 1 Ans B

13. নিচের কোনটিতে সমযোজী, তড়িৎযোজী এবং সন্নিবেশ সমযোজী বন্ধন সবগুলো বিদ্যমান? [MBSTU-$B_1$.2017-18]
A. $Na^+Cl^-$ B. $H^+Cl^-$ C. $NH_4^+Cl^-$ D. $NH_3$ Ans C

14. নিচের কোন যুগল আয়নিক বন্ধন গঠন করবে? [MBSTU-$C_2$.2017-18]
A. H এবং O B. O এবং C C. F এবং Na D. C এবং F
S C Why ধাতু + অধাতু = আয়নিক বন্ধন ; অধাতু + অধাতু = সমযোজী বন্ধন।

15. নিচের যৌগগুলোর কোনটিতে সমযোজী বৈশিষ্ট্য সবচেয়ে বেশি? [MBSTU-A. 2019-20]
A. AgCl B. AgF C. AgI D. AgBr
S C Why অ্যানায়নের আকার যত বড় হবে সমযোজী বৈশিষ্ট্য তত বেশি হবে। $F^- < Cl^- < Br^- < I^-$

16. তড়িৎযোজী বন্ধনের সমযোজী বৈশিষ্ট্য কখন বৃদ্ধি পায়? [MBSTU-A. 2019-20]
A. ক্যাটায়নের আকার ক্ষুদ্র হলে B. অ্যানায়নের আকার ক্ষুদ্র হলে
C. ক্যাটায়নের আকার বৃহৎ হলে D. ক্যাটায়ন ও অ্যানায়নের চার্জ যত কম হবে
S A Why ক্যাটায়নের আকার $\propto \frac{1}{\text{সমযোজী বৈশিষ্ট্য}} \propto \frac{1}{\text{পোলারায়ন}}$।

17. কোন যৌগটি পানিতে অদ্রবণীয়? [MBSTU-$C_2$.2017-18]
A. $CaCl_2$ B. AgF
C. $CaBr_2$ D. $CaF_2$
S C Why অ্যানায়নের আকার বৃদ্ধির সাথে অ্যানায়নটির পোলারায়িত হওয়ার প্রবণতাও বৃদ্ধি পায়। অ্যানায়নের ব্যাসার্ধ বৃদ্ধি পেলে সর্ববহিঃস্থ স্তরের ইলেকট্রনের সাথে নিউক্লিয়াসের গড় দূরত্ব বৃদ্ধি পায়। ফলশ্রুতিতে ইলেকট্রনের উপর অ্যানায়নের নিউক্লিয়াসের আকর্ষণ হ্রাস পায়। পর্যায় সারণীর একই গ্রুপে যতই উপর থেকে নিচে যাওয়া যায়, অ্যানায়নের পোলারায়িত হওয়ার প্রবণতা ততই বৃদ্ধি পায়। ফলে সমযোজী ধর্ম বৃদ্ধি পায়। আবার সমযোজী যৌগ পোলার দ্রাবকে অদ্রবণীয়। তাই, $CaBr_2$ ($CaF_2$ < $CaCl_2$ < $CaBr_2$) পানিতে অদ্রবণীয়। আবার, AgF পানিতে দ্রবণীয়।

POLL MACHINE
Preparation and Practice are vital for effective delivery



CamScanner

8. নিচের পরমাণুসমূহের কোন সংযুক্তিটি পোলার সমযোজী বন্ধন তৈরী করবে? [MBSTU-C.2016-17]
A. H এবং H B. H এবং Br C. N এবং N D. Na এবং Br
S Ⓑ Why
- H–H → $H_2$ – ননপোলার সমযোজী (বিশুদ্ধ)
- N–N→$N_2$ – ননপোলার সমযোজী (বিশুদ্ধ)
- Na–Br→NaBr আয়নিক যৌগ
- H–Br → পোলার সমযোজী যৌগ

একই উপশক্তিস্তরের যেসব অরবিটালের শক্তি একই/সমান তাদের কি বলা হয়? [MBSTU-A. 2019-20]
A. ডিজেনারেট অরবিটাল B. নন-ডিজেনারেট অরবিটাল
C. ইক্যুইভ্যালেন্ট অরবিটাল D. বেস অরবিটাল **Ans A**

নিচের কোনটি অসম্ভব? [MBSTU-C. 2019-20]
A. $sp^3$–s সিগমা বন্ধন B. $p_z$–$p_z$ সিগমা বন্ধন
C. sp–sp সিগমা বন্ধন D. $sp^3$–$sp^3$ সিগমা বন্ধন **Ans B**

$NH_4^+$ আয়নের আকৃতি হল– [MBSTU-C. 2019-20]
A. চতুস্তলকীয় B. পিরামিডীয়
C. কৌণিক D. সরলরৈখিক **Ans A**

ইথাইন অণুর গঠন কোনটি? [MBSTU-C,Set-2:2018-19]
A. সরলরৈখিক B. ত্রিকোণীয় C. চতুস্তলকীয় D. বাঁকানো **Ans A**

নিচের কোন যৌগটিতে $sp^3d^2$ সংকরণ আছে? [MBSTU-C,Set-2:2018-19]
A. $H_2O$ B. $BF_3$ C. $SF_6$ D. $PCl_5$
S Ⓒ Why

| যৌগ | সংকরণ |
|---|---|
| $H_2O$ | $sp^3$ |
| $BF_3$ | $sp^2$ |
| $SF_6$ | $sp^3d^2$ |
| $PCl_5$ | $sp^3d$ |

কোন যৌগে sp সংকরণ বিদ্যমান? [MBSTU-$C_2$.2017-18]
A. $CO_2$ B. $CH_4$ C. $C_2H_4$ D. $BF_3$
S Ⓐ Why $CO_2$ এ C এর sp এবং O এর $sp^2$ সংকরণ বিদ্যমান। $C_2H_4$ এ C এর $sp^2$, $CH_4$ এ C এর $sp^3$ এবং $BF_3$ এ B এর $sp^2$ সংকরীকরণ বিদ্যমান।

কোন যৌগে মুক্ত ইলেক্ট্রন জোড় সংখ্যা সর্বোচ্চ? [MBSTU-C,Set-2:2018-19]
A. HCl B. $NH_3$ C. $H_2O$ D. $H_2S$
S Ⓐ Why

| যৌগ | মুক্তজোড় $e^-$ |
|---|---|
| HCl | 3 জোড়া |
| $NH_3$ | 1 জোড়া |
| $H_2O$ | 2 জোড়া |
| $H_2S$ | 2 জোড়া |

নিচের কোন যৌগে সর্বাধিক নিঃসঙ্গ ইলেকট্রন যুগল বিদ্যমান? [MBSTU-A.2016-17]
A. $SO_2$ B. $H_2O$ C. $NH_3$ D. $PCl_5$
S Ⓑ Why $SO_2(1)$, $H_2O(2)$, $NH_3(1)$, $PCl_5(0)$ নিঃসঙ্গ ইলেকট্রন যুগল বিদ্যমান।

নিচের কোন যৌগটিতে হাইড্রোজেন বন্ধন থাকে? [MBSTU-B. 2019-20]
A. HCl B. $H_2S$
C. $CH_3COOH$ D. $CHCl_3$ **Ans C**

হাইড্রোজেন বন্ধন হয় কোনটিতে? [MBSTU-$A_1$.2017-18]
A. $CH_4$ B. NaOH C. $H_2C=CH_2$ D. $CH_3CH_2OH$
S Ⓓ Why **H বন্ধনের শর্ত:**
i. H-থাকতে হবে ii. H পরমাণু F,O,N-এর সাথে যুক্ত থাকবে
iii. যার সাথে H বন্ধন হবে তার আকার ছোট হতে হবে।

ক্যালসিয়াম ফসফাইড এর সংকেত কোনটি? [MBSTU-B. 2019-20]
A. $CaP_2$ B. $Ca_3P_2$
C. $Ca_2P_3$ D. CaP
S Ⓑ Why $CaP_2$ → ক্যালসিয়াম মনোফসফাইড: $Ca_3P_2$ → ক্যালসিয়াম ফসফাইড।

30. উভধর্মী যৌগ কোনটি? [MBSTU-A. 2019-20]
A. $H_2O$ B. $CO_2$ C. $H_2SO_4$ D. NaOH **Ans A**

31. ধূমায়িত সালফিউরিক এসিডের সংকেত কোনটি? [MBSTU-$B_1$.2017-18]
A. $H_2SO_4$ B. $H_2S_2O_7$ C. $H_2S_2O_5$ D. $H_2SO_7$
S Ⓑ Why $H_2S_2O_7$ হল পাইরো সালফিউরিক এসিড বা ধূমায়িত সালফিউয়িক এসিড বা অলিয়াম।

32. কোনটি উভধর্মী অক্সাইড? [MBSTU-$B_1$.2017-18]
A. CaO B. MgO C. NO D. $SnO_2$ **Ans D**

## বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

01. NaCl + $H_2O$ → বিক্রিয়ার উৎপাদ কোনটি? [BSMRSTU-C. 2019-20]
A. NaOH B. HCl C. NaOH + HCl D. কোনটিই নয়
S Ⓓ Why $NaCl + H_2O \rightarrow Na^+(aq) + Cl^-(aq)$

02. নিচের কোনটি অবস্থান্তর মৌল নয়? [BSMRSTU-C. 2019-20]
A. Cd B. Fe C. Co D. Ni
S Ⓐ Why Cd(48) এর $e^-$ বিন্যাস [Kr] $4d^{10}5s^2$। যেহেতু d অরবিটাল পূর্ণ তাই এটি অবস্থান্তর মৌল নয়।

03. একটি মৌলের পারমাণবিক সংখ্যা 57, পর্যায় সারণিতে এর অবস্থান কোথায়? [BSMRSTU-C. 2019-20]
A. ৪র্থ পর্যায় ৩য় (B) গ্রুপ B. ৪র্থ পর্যায় ৪র্থ (B) গ্রুপ
C. ৬ষ্ঠ পর্যায় ৩য় (B) গ্রুপ D. কোনটিই নয়
S Ⓒ Why পারমাণবিক সংখ্যা 57 বিশিষ্ট মৌল হলো La যার Gr-03 এবং পর্যায়-06।

04. খাদ্য লবণে আয়োডিনের উৎস রূপে মিশ্রিত করা হয়– [BSMRSTU-H. 2019-20]
A. KI B. HI C. $KIO_3$ D. $I_2$ **Ans A**

05. কক্ষ তাপমাত্রায় কোনটি তরল অবস্থায় থাকে? [BSMRSTU:2018-19]
A. $I_2$ B. Hg C. $H_2$ D. $N_2$
S Ⓑ Why Fr, Hg, Cs, Ga ধাতুসমূহ তরল অবস্থায় থাকে। Br একমাত্র তরল অধাতু।
মনে রাখার উপায় : ফ্রান্সে গিয়ে হাজারী সাইজ

| ফ্রান্সে | গিয়ে | হাজারী | সাইজ |
|---|---|---|---|
| Fr | Ga | Hg | Cs |

06. নিম্নের কোন যৌগটি সবচেয়ে কম তাপমাত্রায় বিয়োজিত হবে? [BSMRSTU-C.2017-18]
A. $Na_2CO_3$ B. $K_2CO_3$ C. $MgCO_3$ D. $BaCO_3$
S Ⓒ Why গ্রুপ-I এর (Li ব্যতীত) ধাতুর কার্বনেট তাপ প্রয়োগে সহজে বিয়োজিত হয় না। গ্রুপ-II এর ধাতু সমূহের কার্বনেটের তাপে বিয়োজিত হওয়ার ক্রম: $BeCO_3 > MgCO_3 > CaCO_3 > SrCO_3 > BaCO_3$

07. মুদ্রা ধাতু নামে পরিচিত– [BSMRSTU-H. 2019-20]
A. Cu, Ag, Ni B. Cu, Au, Cr C. Ag, Cu, Au D. Au, Al, Ag
S Ⓒ Why Cu, Ag, Au ইত্যাদি মুদ্রা ধাতু (Coin metal)। সাধারণত Si এবং Ge বহুল প্রচলিত সেমিকন্ডাক্টর হিসেবে ব্যবহৃত হয়। এছাড়া গ্রুপ IIIA এবং VA এর মৌলগুলো যথাক্রমে p-type এবং n-type সেমিকন্ডাক্টর হিসেবে ব্যবহৃত হয়।

08. আধুনিক পর্যায় সারণির সীমাবদ্ধতা নয় কোনটি? [BSMRSTU-C. 2019-20]
A. হিলিয়ামের অবস্থান
B. ল্যান্থানাইড ও অ্যাক্টিনাইড এর অবস্থান
C. পর্যায় সারণির VII গ্রুপে তিনটি করে মৌলের উপস্থিতি
D. উপরের কোনটিই নয়
S Ⓒ Why পর্যায় সারণির VIII গ্রুপে তিনটি করেমৌল (Fe,Co,Ni) বিন্যস্ত থাকে।

09. নিম্নের কোনটি সর্বাধিক সংখ্যক যৌগ গঠন করে? [BSMRSTU-B.2017-18]
A. Argon B. Krypton C. Radon D. Xenon
S Ⓓ Why নিষ্ক্রিয় গ্যাস সমূহের মধ্যে জেনন সর্বাধিক যৌগ গঠন করে।

IOIL MACHINE
Preparation and Practice are vital for effective delivery



CS CamScanner

নিচের কোন দুইটি মৌলের মধ্যে কর্ণ সম্পর্ক রয়েছে? [BSMRSTU.Ka. 2016-17]

A. Be, Al B. Li, Na C. B, Bg D. Li, Al

S Ⓐ Why কর্ণ সম্পর্ক বলতে কোন মৌলের পরবর্তী পর্যায়ের পরবর্তী গ্রুপের মৌলের সাথে ঐ মৌলের সম্পর্ক বুঝায়। যাদের বৈশিষ্ট্যপূর্ণ সাদৃশ্য থাকে। B (Period-2, Group-14), Si (Period-3, Group-15) এর মধ্যে কর্ণ সম্পর্ক আছে, এরা উভয়েই অপধাতু।

Aspect Special: কর্ণ সম্পর্ক:

| ক্যাট পাবলিকের | লিমা | বেরিয়ে এলো | বউ সেজে |
|---|---|---|---|
| $C \rightarrow P$ | $Li \rightarrow Mg$ | $Be \rightarrow Al$ | $B \rightarrow Si$ |

1. নিম্নের কোন মৌলের আয়নিকরণ শক্তি সবচেয়ে বেশি? [BSMRSTU:2018-19]

A. P B. Cl C. Si D. Al

S Ⓑ Why একই পর্যায়ের বাম হতে ডানে গেলে আয়নিকরণ শক্তি বৃদ্ধি পায়।

2. কোনটি আয়নিকরন বিভবের সঠিক ক্রম? [BSMRSTU:2018-19]

A. Be>B>N>O B. Be>B>O>N C. N>O>B>Be D. N>O>Be>B

S Ⓓ Why বোরন (B) অপেক্ষা বেরিলিয়াম (Be) এবং অক্সিজেন (O) অপেক্ষা নাইট্রোজেন (N) এর আয়নিকরণ শক্তি বেশী।

3. $[Cu(NH_3)_4]Cl_2$ যৌগে কয়টি বন্ধন বিদ্যমান? [BSMRSTU-C. 2019-20, অভিন্ন বোর্ড ২০১৮]

A. 6 B. 8 C. 14 D. 18

S Ⓓ Why $[Cu(NH_3)_4]Cl_2$ এখানে $NH_3$ তে 3টি করে বন্ধন এবং Cu এর সাথে $NH_3$ এর 4টি সন্নিবেশ বন্ধন। এর Cu এর সাথে Cl এর 2টি আয়নিক বন্ধন।

তাহলে মোট বন্ধন হয় = (3 × 4) + 4 + 2 = 18টি।

4. আয়নিক বন্ধনের ক্ষেত্রে নিচের কোনটি প্রযোজ্য? [BSMRSTU-H. 2019-20]

A. ইলেকট্রন ভাগাভাগি করে B. প্রোটিন ভাগাভাগি করে

C. ইলেকট্রন আদান-প্রদান করে D. উপরের কোনটি নয়

S Ⓒ Why

| | |
|---|---|
| $e^-$ আদান-প্রদান | আয়নিক বন্ধন |
| $e^-$ শেয়ার (উভয় মৌল) | সমযোজী বন্ধন |
| $e^-$ শেয়ার (১টি মৌল) | সন্নিবেশ বন্ধন |

5. নিম্নের কোনটির একটি আয়নিক ও একটি সমযোজী বন্ধন আছে? [BSMRSTU-C.2017-18; 2016-17; DU-7Clg. 2019-20]

A. NaCl B. $H_2O$ C. KCN D. $CH_4$

S Ⓒ Why KCN এর $CN^-$ গঠিত হয়েছে সমযোজী বন্ধনের মাধ্যমে এবং $K^+$ ও $CN^-$ আয়নিক বন্ধনের মাধ্যমে যুক্ত হয়ে KCN গঠিত হয়েছে।

6. নিচের কোন যৌগটিতে আয়নিক বন্ধন আছে? [BSMRSTU-H.2017-18]

A. NO B. CaO C. $NO_2$ D. $CO_2$

S Ⓑ Why ধাতু + অধাতু = আয়নিক বন্ধন; অধাতু + অধাতু = সমযোজী বন্ধন।

7. নিচের কোনটির বিজারণ ক্ষমতা সর্বাধিক? [BSMRSTU-H. 2019-20]

A. HF B. HCl C. HBr D. HI

S Ⓐ Why বিজারন ক্ষমতার ক্রম: HF > HCl > HBr > HI

নিচের কোন সালফেট লবণ পানিতে অদ্রবণীয়? [BSMRSTU-A.2017-18]

A. $Na_2SO_4$ B. $BaSO_4$ C. $Al_2(SO_4)_3$ D. $CuSO_4$

S Ⓑ Why পানিতে অদ্রবণীয় সালফেট লবণসমূহ: $BaSO_4$, $PbSO_4$, $Ag_2SO_4$

কোন কোন অরবিটালের অধিক্রমনে সিগমা (σ) এবং পাই (π) দুই ধরনের বন্ধন গঠন হতে পারে? [BSMRSTU-H. 2019-20]

A. s, s B. $sp^2$, s C. p, p D. s, p

S Ⓒ Why p, p অরবিটালে σ ও π উভয় ধরনের বন্ধন সম্ভব।

$sp^3d^2$ সংকরণের দ্বারা গঠিত অণুর আকৃতি কেমন হবে? [BSMRSTU-C. 19-20]

A. ষষ্ঠতলকীয় B. অষ্টতলকীয়

C. চতুস্তলকীয় D. ত্রিভুজ আকৃতি Ans B

কেন্দ্রীয় পরমাণুর যোজ্যতা স্তরে কতগুলো সংকর অরবিটাল থাকলে অণুর আকৃতি পঞ্চভুজাকার দ্বিপিরামিড হয়? [BSMRSTU:2018-19]

A. সাতটি B. ছয়টি

C. পাঁচটি D. চারটি Ans A

22. নিচের কোন অণুটির বন্ধন কোণ সবচেয়ে বড়? [BSMRSTU:2018-19, JnU-2013-1…]

A. $CCl_4$ B. $NH_3$ C. $H_2O$ D. $BCl_3$ Ans

23. গ্রাফাইটের গঠনে প্রতিটি কার্বন পরমাণুর সংকরণ হচ্ছে- [BSMRSTU:2017-1…]

A. sp B. $sp^3$ C. $dsp^2$ D. $sp^2$

S Ⓓ Why কার্বনের রূপভেদ: • ডায়মন্ডের সংকরায়ন $sp^3$

• গ্রাফাইটের সংকরায়ন $sp^2$

24. হাইপো ক্লোরাইট আয়ন কোনটি? [BSMRSTU-C.2017-1…]

A. $ClO_3^-$ B. $ClO_2^-$

C. $ClO^-$ D. $ClO_3^-$ Ans

## পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

01. $[Cu(NH_3)_4]Cl_2$ যৌগটিতে Cu এর সন্নিবেশ সংখ্যা কত? [PUST. 2019-20; MBSTU-19-…]

A. 5 B. 4 C. 3 D. 2

S Ⓑ Why জটিল যৌগে কেন্দ্রীয় ধাতব পরমাণুর সাথে সন্নিবেশ বন্ধন দ্বারা যুক্ত লিগ্যান্ড সংখ্যাকে সন্নিবেশ সংখ্যা বলে।




02. $Cu(OH)_2$, $Fe(OH)_3$ এবং $Zn(OH)_2$ অধঃক্ষেপ সমূহের রং এর ক্রম হল- [PUST-B.2017-1…]

A. Blue, Brown, White B. Blue, White, Brown

C. White, Brown, Blue D. Brown, White, Blue

S Ⓐ Why $Cu^{2+}$ = নীলবর্ণ; $Fe^{3+}$ = বাদামী বর্ণ; $Zn^{2+}$ = সাদা বর্ণ।

03. বিরল মৃত্তিকা মৌল কোনটি? [PUST-A.2017-1…]

A. Np B. Pu C. Am D. Tb

S Ⓓ Why পর্যায় সারণীর ল্যানথানাইড সিরিজের মৌলগুলোকে বিরল মৃত্তিকা মৌল বা Rare earth element বলে।

04. জেননের একটিমাত্র অক্সিফ্লোরাইড কোনটি? [PUST-B.2017-1…]

A. $XeOF_2$ B. $XeOF_3$ C. $XeOF_4$ D. $XeOF_6$

S Ⓒ Why Xe এর একমাত্র অক্সিফ্লোরাইড $XeOF_4$ তৈরি করা সম্ভব। … গঠন বর্গীয় পিরামিডের ন্যায়।

05. নিম্নের কোন যৌগে আয়নিক বৈশিষ্ট্য সবচেয়ে বেশী? [PUST-A.2017-1…]

A. $AlCl_3$ B. NaI C. CsF D. $SiF_2$

S Ⓒ Why ফাযানের নীতি অনুযায়ী, ক্যাটায়নের চার্জ বৃদ্ধির সাথে সা… সমযোজী বৈশিষ্ট্য বৃদ্ধি পায়। NaI -এ ক্যাটায়ন $Na^+$, $AlCl_3$-এ ক্যাট… $Al^{3+}$, $SiF_2$ এ ক্যাটায়ন $Si^{2+}$, CsF এ ক্যাটায়ন $Cs^+$। তাই সিজিয়া… আকার সোডিয়ামের চেয়ে বড় হওয়ায় এর সমযোজী বৈশিষ্ট্য কম অর্থাৎ আয়নি… বৈশিষ্ট্য বেশি।

06. $[Ag(NH_3)_2]Cl$ অণুটির সর্বমোট বন্ধন সংখ্যা কয়টি? [PUST-$A_1$/$A_2$.2016-1…]

A. 6 B. 7 C. 8 D. 9

S Ⓓ Why এখানে $NH_3$ ও সিলভার এর মধ্যে 2টি সন্নিবেশ বন্ধন এবং N… H এর মধ্যে (3 × 2) = 6টি সমযোজী বন্ধন এবং $[Ag(NH_3)_2]^+$ এবং C… এর মধ্যে 1টি আয়নিক বন্ধন। সুতরাং সর্বমোট 9টি বন্ধন বিদ্যমান।

07. নিচের কোন যৌগের মধ্যে সবচেয়ে কম পোলারায়ন ঘটে? [PUST-B.2017-…]

A. $SnF_2$ B. $SnCl_2$ C. $SnF_4$ D. $SnCl_4$

S Ⓐ Why ফাযানের নীতি অনুযায়ী ক্যাটায়নের চার্জ বৃদ্ধি পেলে পোলারায়ন … পায়। আবার অ্যানায়নের আকার বৃদ্ধি পেলে পোলারায়ন বেশী হয়।

08. নিচের অণুগুলোর মধ্যে কোন অণুটির বন্ধন কোণের মান সবচেয়ে ছোট? [PUST-B.2017-18; MBSTU-C. 2019-…]

A. $BCl_3$ B. $H_2O$ C. $NH_3$ D. $H_2S$

S Ⓓ Why

| যৌগ | বন্ধন কোণ |
|---|---|
| $BCl_3$ | 120° |
| $H_2O$ | 104.5° |
| $NH_3$ | 107° |
| $H_2S$ | 92.1° |

POLL MACHINE
Preparation and Practice are vital for effective delivery



CamScanner

## নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

1. নিচের কোন বিক্রিয়াটি সঠিক? [NSTU-A. 2019-20]
A. $Ag(s) + I_2(g) \xrightarrow{\Delta} AgI$ B. $Pt(s) + I_2(g) \xrightarrow{\Delta} PtI_4$
C. $Zn(s) + I_2(g) \xrightarrow{\Delta} ZnI_2$ D. $Au(s) + I_2(g) \xrightarrow{\Delta} AuI$ **Ans A**

নাইট্রোজেন ও ফসফরাস পর্যায় সারণিতে একই গ্রুপে অবস্থিত। নাইট্রোজেন অণুর সংকেত $N_2$ হলে ফসফরাসের কোনটি? [NSTU-C. 2019-20]
A. $P_2$ B. $P_3$
C. $P_4$ D. $P_5$
**S C Why** ফসফরাসের একটি অণুতে চারটি ফসফরাস পরমাণু থাকে।

নিম্নের কোন সিরিজটি পর্যায়বৃত্ততা অনুসরণ করে না? [NSTU-C. 2019-20]
A. Rb–Cs–Fr B. Cu–Ag–Au
C. Ga–In–Ti D. Zn–Cd–Hg **Ans C**

সঠিক ইলেকট্রোনেগেটিভিটির ক্রম কোনটি? [NSTU-C. 2019-20]
A. $F^- > NH_2^- > {}^-CH_3 > OH^-$ B. $NH_2^- > F^- > {}^-CH_3 > OH^-$
C. $F^- > OH^- > NH_2^- > {}^-CH_3$ D. $NH_2^- > OH^- > CH_3 > F^-$ **Ans C**

$K_4[Fe(CN)_6]$ যৌগে নিচের কোন বন্ধনটি থাকে? [NSTU-A. 2019-20]
A. আয়নিক বন্ধন B. সমযোজী বন্ধন
C. সন্নিবেশ সমযোজী বন্ধন D. সবকয়টি **Ans D**

$dsp^2$ সংকরায়ন ঘটেছে কোনটিতে? [NSTU-B. 2019-20]
A. $[Cu(NH_3)_4]SO_4$ B. $[Ag(NH_3)_2]Cl$
C. $[Fe(H_2O)_2]Cl_2$ D. $PCl_3$
**S A Why** কিন্তু প্রশ্নটিতে ভুল রয়েছে কারণ এখানে সংকরায়ন $dsp^2$ হয় না; সংকরায়ন $sp^2d$ হয়ে থাকে।

আন্তঃআণবিক বল নিচের কোন নিয়ামকের উপর নির্ভর করে না? [NSTU-A. 2019-20]
A. স্থির বৈদ্যুতিক আকর্ষণ বল B. মেরু প্রবণতা
C. ল্যাটিস শক্তি D. বন্ধন কোণ **Ans D**

$[Co(NO_2)(NH_3)_5]Cl_2$ এই জটিল যৌগের 'IUPAC' নাম কী? [NSTU-C. 2019-20]
A. পেন্টাঅ্যামিন নাইট্রো-N-কোবাল্ট (III) ক্লোরাইড
B. নাইট্রিটো-N-পেন্টাঅ্যামিন কোবাল্ট (III) ক্লোরাইড
C. নাইট্রিটো-N-পেন্টাঅ্যামিন কোবাল্ট (II) ক্লোরাইড
D. পেন্টাঅ্যামিন নাইট্রিট্রো-N-কোবাল্ট (II) ক্লোরাইড
**S A Why** এখানে, Co এর জারণ মান +3, Co এর সাথে $NO_2$ মূলকের N যুক্ত আছে তাই 'IUPAC' নামে N আসবে।

নিচের কোনটির মধ্যে বিশুদ্ধ আয়রন বেশি থাকে? [NSTU-C. 2019-20]
A. রট আয়রন B. স্টিল
C. পিগ আয়রন D. নিকেল স্টিল
**S D Why** নিকেল স্টিল এর সংযুক্তি- 5% Ni, 1% C এবং 94% Fe

পেঁয়াজ কাটার সময় চোখ জ্বালা পোড়ার জন্য দায়ী গ্যাস কোনটি? [NSTU-A. 2019-20]
A. $SO_2$ B. $N_2O$
C. $SO_3$ D. CaO
**S A Why** পেঁয়াজ কাটার সময় $SO_2$ গ্যাস নির্গত হয় যা চোখে গিয়ে চোখের পানির সাথে বিক্রিয়া করে অম্লীয় অবস্থার সৃষ্টি করে তাই চোখ জ্বালা পোড়া করে।

## হাজী মোহাম্মদ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

'প্যারাম্যাগনেটিক' যৌগ বলা হয়- [HSTU-D.2017-18]
A. যুগ্ম ইলেকট্রন থাকলেই B. অযুগ্ম ইলেকট্রন থাকলে
C. কোন ইলেকট্রন না থাকলে D. কোনটিই নয়
**S B Why** যে সকল d-ব্লক মৌলের d-অরবিটালে অযুগ্ম ইলেকট্রন থাকে তারা প্যারাম্যাগনেটিক। এছাড়াও s-ব্লক মৌলের সর্বশেষ কক্ষপথে অযুগ্ম ইলেকট্রন থাকলে তারা প্যারাম্যাগনেটিক।

কোনটি আকরিক সৃষ্টিকারী মৌল নয়? [HSTU-A.2017-18]
A. Si B. O
C. S D. Te
**S A Why** গ্রুপ-16 এর মৌল (O, S, Se, Te) সমূহ আকরিক সৃষ্টিকারী মৌল।

03. পর্যায় সারণীতে একই শ্রেণীতে পারমাণবিক সংখ্যা বৃদ্ধির সাথে সাথে আয়নিকরণ শক্তির কি পরিবর্তন হয়? [HSTU-B.2017-18]
A. বৃদ্ধি পায় B. হ্রাস পায়
C. সমান থাকে D. কোনটিই নয়
**S B Why** পর্যায় সারণীতে একই শ্রেণীতে পারমাণবিক সংখ্যা বৃদ্ধির সাথে সাথে আয়নিকরণ শক্তি, ইলেকট্রন আসক্তি, তড়িৎ ঋণাত্মকতা হ্রাস পায়।

04. নাইট্রোজেনের আয়নিকরণ বিভব অক্সিজেন অপেক্ষা কেমন? [HSTU-B.2017-18]
A. বেশি B. কম
C. সমান D. কোনটিই না
**S A Why** আয়নিকরণ বিভব বা আয়নিকরণ শক্তির ওপর বিভিন্ন নিয়ামকের প্রভাব:
i. পরমাণুর আকার বৃদ্ধিতে আয়নিকরণ শক্তি হ্রাস পায়।
ii. উপশক্তিস্তর বৃদ্ধিতে আয়নিকরণ শক্তি বৃদ্ধি পায়।
iii. পূর্ণ ও অর্ধপূর্ণ অরবিটালযুক্ত পরমাণুর অধিক সুস্থিতির কারণে পর্যায়ভিত্তিক সম্পর্কে ব্যতিক্রম ঘটে।
এখানে, $N(7) \rightarrow 1s^2 2s^2 2p_x^1 2p_y^1 2p_z^1$
$O(8) \rightarrow 1s^2 2s^2 2p_x^2 2p_y^1 2p_z^1$
N এর অরবিটাল অর্ধপূর্ণ হওয়ায় অধিক স্থিতিশীল। তাই N এর আয়নিকরণ শক্তি বা বিভব O অপেক্ষা বেশি।

05. আয়নিক বন্ধনের সঠিক ধর্ম কোনটি? [HSTU-A.2017-18]
A. আয়নিক বন্ধন বিশিষ্ট যৌগসমূহের স্ফুটনাংক এবং গলনাংক খুবই কম
B. আয়নিক বন্ধন বিশিষ্ট যৌগসমূহ সাধারণত পানিতে দ্রবণীয় এবং তড়িৎ পরিবাহী
C. আয়নিক বন্ধন বিশিষ্ট যৌগসমূহ তাপ ও বিদ্যুৎ কুপরিবাহী
D. আয়নিক বন্ধন বিশিষ্ট যৌগসমূহ জৈবদ্রাবকে দ্রবণীয়
**S B Why** আয়নিক বন্ধনের বৈশিষ্ট্য:
i. উচ্চ গলনাঙ্ক ও স্ফুটনাঙ্ক ii. পোলার দ্রাবকে (পানি) দ্রবণীয় কিন্তু অপোলার দ্রাবকে (জৈব দ্রাবক) অদ্রবণীয়। iii. তাপ ও বিদ্যুৎ সুপরিবাহী।

06. একটি মৌল X যার ইলেকট্রন বিন্যাস 2, 8, 8, 1 এবং অপর একটি মৌল Y যার ইলেকট্রন বিন্যাস 2, 8, 6 সুতরাং X এবং Y বিক্রিয়া করলে নিচের কোন যৌগটি উৎপন্ন করবে? [HSTU-D.2016-17]
A. সমযোজী বন্ধন $X_2Y$ B. সমযোজী বন্ধন $XY_2$
C. আয়নিক বন্ধন $X_2Y$ D. আয়নিক বন্ধন $XY_2$
**S C Why** $X - e^- = X^+$, $Y + 2e^- = Y^{2-}$

07. নীল বর্ণের $CuSO_4.5H_2O$ যৌগের মধ্যে কয় ধরনের বন্ধন আছে? [HSTU-B.2016-17]
A. 2 ধরনের B. 3 ধরনের
C. 4 ধরনের D. 1 ধরনের
**S C Why** যৌগে যদি মৌল সংখ্যা 2 এর অধিক হয় এবং এর সাথে যদি পানিযুক্ত থাকে তবে ৪ ধরনের বন্ধন থাকবে যথা- ১. আয়নিক ২. সমযোজী ৩. সন্নিবেশ সমযোজী ৪. হাইড্রোজেন বন্ধন।

08. পাই (π) বন্ধন গঠন করতে পারে না- [HSTU-B.2017-18]
A. s-orbital B. p-orbital
C. d-orbital D. f-orbital
**S A Why** সংকর অরবিটাল এবং s-অরবিটালে π-বন্ধন ঘটে না। অন্যান্য সকল অরবিটালে পাই (π) বন্ধন ঘটে।

09. কার্বনিল মূলকে C পরমাণুতে কোন সংকরণ ঘটে? [HSTU-A.17-18]
A. $sp^2$ B. $sp^3$
C. $sp^3d$ D. sp
**S A Why** কার্বনিল মূলক (C=O) এ C-পরমাণুর $sp^2$ সংকরণ বিদ্যমান।



POLL MACHINE
Preparation and Practice are vital for effective delivery
CamScanner

10. খাদ্য লবণে আয়োডিন উৎসরূপে মিশ্রিত করা হয়- [HSTU-D.2017-18; JU-D. 2017-18]

A. KI অথবা NaI B. HI
C. $I_2$ D. $SO_2$

S Why খাদ্য লবণে আয়োডিন উৎসরূপে KI অথবা NaI মিশ্রিত করা হয়।

11. $(Na_2CO_3 + CaS)$ কে একত্রে বলা হয়? [HSTU-A.2017-18]

A. হোয়াইট অ্যাশ B. ব্ল্যাক অ্যাশ
C. লবণ গুড়া D. সালফাইড গুড়া Ans B

## STEP 04 PRIME TEST Time: 15

01. $[Ar]3d^5 4s^2$ ইলেকট্রন বিন্যাসবিশিষ্ট মৌলটি একটি-

A. an alkali metal B. an alkaline earth metal
C. a transition element D. a s-block element

02. কোনটি f-ব্লক মৌলের ধর্ম?

A. নরম ধাতু B. শক্ত ধাতু
C. ভারী ধাতু D. কোনটিই নয়

03. কোনটি p-ব্লক মৌল নয়?

A. Al B. C
C. N D. Be

04. মৌলগুলোর আয়তনের কোন ক্রমটি সঠিক?

A. $Li < Na < K < Rb < Cs$ B. $Na < K < Li < Cs < Rb$
C. $Cs < Li < Na , K < Rb$ D. $K < Na < Rb < Cs < Li$

05. সিলিকন মৌলটি পর্যায় সারণীর কোন পর্যায় ও কোন গ্রুপে অবস্থিত?

A. 3, 15 B. 2, 16
C. 4, 13 D. 3, 14

06. নিচের কোন মৌলটির আয়নিকরণ শক্তি সবচেয়ে কম?

A. Mg B. Si
C. Al D. Na

07. সর্বপ্রথম কোন বিজ্ঞানী পরমাণুর তড়িৎ ঋণাত্মকতার ধারণা দেন?

A. আইনস্টাইন B. বোর
C. পলিং D. নিউটন

08. নিচের কোনটি সঠিক?

A. ক্যাটায়নের আকার মূল পরমাণুর আকারের চেয়ে বড়
B. অ্যানায়নের আকার মূল পরমাণুর আকারের চেয়ে ছোট
C. একই গ্রুপে আয়নিক আকার উপর থেকে নিচে ক্রমশ হ্রাস পায়
D. একই ধাতুর বিভিন্ন ক্যাটায়নের আকার এদের চার্জ সংখ্যা বৃদ্ধির সাথে হ্রাস পায়

09. নিম্নের 2% (W/V) জলীয় দ্রবণগুলোর কোনটির স্ফুটনাংক সবচেয়ে বেশী?

A. NaCl B. KCl
C. RbCl D. NaBr

10. নিচের কোনটি অপোলার যৌগ?

A. $CCl_4$ B. $CHCl_3$
C. $CH_3OH$ D. HF

11. সমযোজী বৈশিষ্ট্যের সঠিক ক্রম কোনটি?

A. $CaCl_2 < MgCl_2 < BeCl_2$ B. $CaCl_2 > MgCl_2 > BeCl_2$
C. $MgCl_2 < CaCl_2 < BeCl_2$ D. $BeCl_2 < CaCl_2 < MgCl_2$

12. দ্বিতীয় পর্যায়ের মৌল O এর তড়িৎ ঋণাত্মকতা-

A. 1.0 B. 2.0
C. 3.0 D. 3.5

13. নিম্নের কোন যৌগটি সহজে পানি দ্বারা আক্রান্ত হয় না-

A. $SiCl_4$ B. $CCl_4$
C. $PCl_3$ D. $FeCl_3$

14. অ্যাসিটিলিন যৌগের একটি অণুর মধ্যে মোট সিগমা বন্ধনের সংখ্যা হল-

A. 3 B. 1
C. 2 D. 0

15. $CH_3-CH = CH_2$ যৌগে কার্বনগুলোর সংকরণ কিরূপ?

A. $sp, sp^2$ B. $sp, sp^3$
C. $sp^2, sp^3$ D. $sp, sp^2, sp^3$

16. নিচের কোন যৌগটির বন্ধন কোণ ক্ষুদ্রতম?

A. $CH_4$ B. $NH_3$
C. $H_2O$ D. $BCl_3$

17. $NH_4^+$ ও $PH_4^+$ আয়নের সংকরায়ন কোনটি?

A. sp B. $sp^2$
C. $sp^3$ D. $sp^3d$

18. $sp^3d^2$ সংকরণ বিশিষ্ট যৌগ কোনটি?

A. $XeF_4$ B. $SF_6$
C. $IF_5$ D. সবগুলো

19. পারমাণবিক অরবিটালের $sp^3$ সংকরণে বিন্যাস পাওয়া যায়-

A. অষ্টতলকীয় B. বর্গাকার সমতলীয়
C. চতুস্তলকীয় D. সরলরৈখিক

20. $PH_3$ অণুটির আকৃতি কোনটি?

A. ত্রিকোণী পিরামিডীয় B. চতুস্তলকীয়
C. ত্রিকোণী D. ত্রিকোণী দ্বি-পিরামিডিয়

21. $SF_6$ যৌগ F এর কোন অরবিটালটি s এর হাইব্রিড অরবিটালের সাথে অধি... করে?

A. $sp^2d^2$ B. $d^2sp^3$
C. p D. s

22. নিম্নের কোন যৌগটি সবচেয়ে শক্তিশালী হাইড্রোজেন বন্ধন গঠন করে?

A. Ethanol B. Ethanoic acid
C. Water D. Ammonia

23. কোন ধরনের বন্ধন এর শক্তি মাত্রা কম?

A. আয়নিক B. সমযোজী
C. ধাতব D. হাইড্রোজেন

24. কোন যৌগটি হাইড্রোজেন বন্ধন তৈরী করে?

A. $CHCl_3$ B. $CH_3COONa$
C. ইথানল D. ইথার

25. কোন যৌগটিতে হাইড্রোজেন বন্ধন নেই?

A. $CH_3-CH_2-OH$ B. $CH_3-CHO$
C. H-COOH D. $CH_3-NH_2$

| OMR SHEET | | |
|---|---|---|
| 01. Ⓐ Ⓑ Ⓒ Ⓓ | 09. Ⓐ Ⓑ Ⓒ Ⓓ | 17. Ⓐ Ⓑ Ⓒ |
| 02. Ⓐ Ⓑ Ⓒ Ⓓ | 10. Ⓐ Ⓑ Ⓒ Ⓓ | 18. Ⓐ Ⓑ Ⓒ |
| 03. Ⓐ Ⓑ Ⓒ Ⓓ | 11. Ⓐ Ⓑ Ⓒ Ⓓ | 19. Ⓐ Ⓑ Ⓒ |
| 04. Ⓐ Ⓑ Ⓒ Ⓓ | 12. Ⓐ Ⓑ Ⓒ Ⓓ | 20. Ⓐ Ⓑ Ⓒ |
| 05. Ⓐ Ⓑ Ⓒ Ⓓ | 13. Ⓐ Ⓑ Ⓒ Ⓓ | 21. Ⓐ Ⓑ Ⓒ |
| 06. Ⓐ Ⓑ Ⓒ Ⓓ | 14. Ⓐ Ⓑ Ⓒ Ⓓ | 22. Ⓐ Ⓑ Ⓒ |
| 07. Ⓐ Ⓑ Ⓒ Ⓓ | 15. Ⓐ Ⓑ Ⓒ Ⓓ | 23. Ⓐ Ⓑ Ⓒ |
| 08. Ⓐ Ⓑ Ⓒ Ⓓ | 16. Ⓐ Ⓑ Ⓒ Ⓓ | 24. Ⓐ Ⓑ Ⓒ |
| | | 25. Ⓐ Ⓑ Ⓒ |

POLL MACHINE
Preparation and Practice are vital for effective delivery
CS CamScanner

## Answer Analysis

| প্রশ্ন | উত্তর | ব্যাখ্যা |
|---|---|---|
| 01 | C | Transition element বা অবস্থান্তর ধাতুর সুস্থিত আয়নের ইলেকট্রন বিন্যাসে d অরবিটাল ইলেকট্রন দ্বারা অপূর্ণ থাকে। |
| 02 | C | f-ব্লক মৌলের ধর্ম:<br>১. এরা ভারী ধাতু, তাপ ও বিদ্যুৎ সুপরিবাহী।<br>২. এদের ঘনত্ব, গলনাঙ্ক ও স্ফুটনাঙ্ক বেশি হয়।<br>৩. এদের আয়ন বর্ণযুক্ত হয় এবং জটিল আয়ন গঠন করে। |
| 03 | D | ইলেকট্রন বিন্যাস করে পাই, $Al_{(13)} = 1s^2\ 2s^2\ 2p^6\ 3s^2\ 3p^1$; $C_{(6)} = 1s^2\ 2s^2\ 2p^2$; $N_{(7)} = 1s^2\ 2s^2\ 2p^3$<br>$Be_{(4)} = 1s^2\ 2s^2$; এখানে, ইলেকট্রন বিন্যাস হতে দেখতে পাই যে, Al,C,N প্রভৃতি মৌলের শেষ ইলেকট্রন p-অরবিটালে যায়, এগুলো তাই p-ব্লক মৌল। কিন্তু Be এর শেষ ইলেকট্রন s-অরবিটালে যায় এটিই p-ব্লক মৌল নয়, s-ব্লক মৌল। |
| 04 | A | গ্রুপ ভিত্তিক সম্পর্ক: উপর থেকে নিচে গেলে পরমাণুর আকার বাড়ে, কারণ কক্ষপথ সংখ্যা বাড়ে, ফলে আয়তন বাড়ে।<br>গ্রুপ-I এর ক্ষেত্রে: Li < Na < k < Rb < Cs |
| 05 | D | $Si(14) = 1s^2 2s^2 2p^6 3s^2 3p^2$<br>পর্যায় = 3 ; গ্রুপ = 10 + 4 = 14 (ivA) |
| 06 | D | পর্যায়সারণীতে একই পর্যায়ে বাম থেকে ডানে গেলে আয়নিকরণ শক্তির মান বাড়ে। তাই তৃতীয় পর্যায়ে আয়নিকরণ<br>শক্তির মান বৃদ্ধির ক্রম: Na < Al < Mg < Si |
| 07 | C | পলিং সর্বপ্রথম পরমাণুর তড়িৎ ঋণাত্মকতার ধারণা দেন। |
| 08 | D | • ক্যাটায়নের শেষ শক্তিস্তর থাকে না বিধায়, মূল পরমাণুর আকারের চেয়ে ছোট।<br>• অ্যানায়নের ইলেকট্রন সংখ্যা বেশী বিধায়, নিউক্লিয়াস আবর্তন মূল পরমাণুর চেয়ে বেশী, তাই আকার বড়।<br>• একই গ্রুপে আয়নিক আকার উপর থেকে নিচে হ্রাস পায় শক্তিস্তর বৃদ্ধি থাকার জন্য।<br>• একই ধাতুর বিভিন্ন ক্যাটায়নের আকার এদের চার্জ সংখ্যা বৃদ্ধির সাথে হ্রাস পায়। |
| 09 | C | প্রশ্নের অপশনে উল্লেখিত ৪টি যৌগের মধ্যে RbCl যৌগটির আয়নিক বৈশিষ্ট্য সবচেয়ে বেশী। যার কারণে 2% (W/V) RbCl জলীয় দ্রবণের স্ফুটনাংক সবচেয়ে বেশী। |
| 10 | A | $CCl_4$ এর ডাইপোল মোমেন্ট শূন্য। তাই এটি অপোলার যৌগ। |
| 11 | A | অ্যানায়ন একই, সুতরাং যার ক্যাটায়ন ছোট, তার সমযোজী বৈশিষ্ট্য বেশী (ফাযানের নীতি) সেক্ষেত্রে, সমযোজী বৈশিষ্ট্যের ক্রম $CaCl_2 < MgCl_2 < BeCl_2$ |
| 12 | D | O = 3.5, N = 3.0, F = 4.0, C = 2.5 |
| 13 | B | $CCl_4$ পানি দ্বারা আক্রান্ত হয় না কারণ পানির সাথে যুক্ত হতে হলে C-এর $2s^2$-এর একটি ইলেকট্রন স্থানান্তরের জন্য d অরবিটাল সম্ভব নয় তাই $SiCl_4$, $PCl_3$ ও $FeCl_3$ পানি দ্বারা আক্রান্ত হলেও $CCl_4$ হয় না। আবার এটি একটি অপোলার যৌগ। |
| 14 | A | অ্যাসিটিলিনের সংকেত $H\overset{\sigma}{-}C\overset{\sigma}{\equiv}C\overset{\sigma}{-}H$ মোট সিগমা বন্ধন তিনটি। পাই বন্ধনের মাঝে একটি সিগমা বন্ধন থাকে। |
| 15 | C | $CH_3-CH=CH_2$<br>↓ ↓ ↓<br>$sp^3$ $sp^2$ $sp^2$ |

**16 — C**

গুরুত্বপূর্ণ যৌগের বন্ধন কোণ, আকৃতি ও সংকরণঃ

| যৌগ | সংকরণ | বন্ধন কোণ | বিন্যাস |
|---|---|---|---|
| $H_2O$ | $sp^3$ | 104.5° | কৌণিক (V-Shape) |
| $NH_4^+$ | $sp^3$ | 109°28′ | চতুস্তলকীয় |
| $PH_3$ | $sp^3$ | 109°28′ | চতুস্তলকীয় |
| $NH_3$ | $sp^3$ | 107° | ত্রিকোণীয় পিরামিড |
| $CH_4$ | $sp^3$ | 109°28′ | চতুস্তলকীয় |
| $BCl_3$ | $sp^2$ | 120° | ত্রিভুজাকৃতি |

**17 — C**

জৈব যৌগের ক্ষেত্রে সংকরিত অরবিটালের প্রকৃতি নির্ণয়:

সূত্র: $x = \frac{1}{2}$ [যোজ্যতা শেলে ইলেক্ট্রন সংখ্যা + একযোজী পরমাণুর সংখ্যা - ক্যাটায়নের চার্জ + অ্যানায়নের চার্জ]

$x = \frac{1}{2}[V + M - C + A]$

যেখানে, x = হাইব্রিড অরবিটালের সংখ্যা

• $NH_4^+$ → সংকরায়ন: $\frac{1}{2}(5 + 4 - 1 + 0) = 4 = sp^3$

• $PH_4^+$ সংকরায়ন: $\frac{1}{2}(5 + 4 - 1 + 0) = 4 = sp^3$

**18 — D**

VSEPR তত্ত্ব অনুযায়ী বিভিন্ন প্রকার অণু বা আয়নের আকৃতি:

| সংকরণ অবস্থা | বন্ধন জোড় | নিঃসঙ্গ জোড় | অণুর জ্যামিতিক আকৃতি | উদাহরণ |
|---|---|---|---|---|
| $sp^3d^2$ | 6 টি | 0 | অষ্টতলকীয় | $SF_6$, $TeF_6$, $SeF_6$ |
| | 5 টি | 1 টি | বর্গ-পিরামিডীয় | $BrF_5$, $IF_5$, $XeOF_4$ |
| | 4 টি | 2 টি | বর্গ সমতলীয় | $XeF_4$, $ICl_4^-$ |

**19 — C**

**20 — A**

$PH_3$ অণু $sp^3$ সংকরিত। $sp^3$ এর স্বভাবজাত p-পরমাণুতে একটি lone-pair কারণে $sp^3$ এর স্বভাবজাত চতুস্তলকীয় আবার কিছুটা বিকৃত হয়ে ত্রিকোণী দ্বিপিরামিড আকৃতি গঠন করে।

**21 — C**

6টি F-পরমাণুর $2p_z$ অরবিটালের অযুগ্ম ইলেকট্রন s পরমাণুর $sp^3d^2$ হাইব্রিড অরবিটালের 6টি অযুগ্ম ইলেকট্রনের সাথে অধিক্রমণ করে $SF_6$ অণুর গঠন হয়ে থাকে। F এর ইলেকট্রন বিন্যাস: $F(9) \rightarrow 1s^2 2s^2 2p_x^2 2p_y^2 2p_z^1$ [Ref. হাজারী]

**22 — B**

ইথানোয়িক এসিডের দুইটি অণু একে অপরের সাথে নিম্নরূপ ডাইমার গঠন করে বলে এতে H-বন্ধনটাও শক্তিশালী হয়।




চিত্র: ইথানোয়িক এসিডের ($CH_3COOH$) ডাইমার

**23 — D**

বন্ধন এর শক্তি মাত্রা ক্রম : আয়নিক > ধাতব > সমযোজী > হাইড্রোজেন বন্ধন

**24 — C**

সাধারণত অ্যালকোহল এবং জৈব এসিড সমূহ নিজেদের মধ্যে হাইড্রোজেন বন্ধন তৈরি করে।

**25 — B**

অ্যালডিহাইড ও কিটোনে H-পরমাণু শুধুমাত্র C-পরমাণুতে যুক্ত থাকায় এরা নিজেদের মধ্যে আন্তঃআণবিক হাইড্রোজেন বন্ধন গঠন করতে পারে না।

POLL MACHINE
Preparation and Practice are vital for effective delivery



CamScanner

অধ্যায় ০৪ প্রথম পত্র

# রাসায়নিক পরিবর্তন

## STEP 01 SUGGESTION — থিওরি এবং গাণিতিক সমস্যা থেকে ০২-০৩ টা প্রশ্ন আসবেই

| TOPIC NO | টপিকের শিরোনাম | টপিকের বিস্তারিত | গুরুত্ব |
|---|---|---|---|
| 01. | রাসায়নিক বিক্রিয়া ও গ্রিন কেমিস্ট্রি | গ্রিন কেমিস্ট্রির ১২টি নীতির নাম | ** |
| 02. | রাসায়নিক বিক্রিয়ার নিয়ামক, অনুঘটক ও সক্রিয়ণ শক্তি | বিক্রিয়ার গড় গতি, বিক্রিয়ার হার, প্রভাবকের তথ্যাবলি ও সক্রিয়ণ শক্তি | *** |
| 03. | রাসায়নিক সাম্যাবস্থা | বিক্রিয়ার ক্রম নির্ণয়, বিক্রিয়ার সমীকরণ ও সাম্যবস্থার সংজ্ঞা | ** |
| 04. | রাসায়নিক সাম্যাবস্থা সম্পর্কিত গাণিতিক প্রয়োগ | বিক্রিয়ার গড় গতিবেগ, তাৎক্ষণিক গতি, গতিধ্রুবক | ** |
| 05. | ভরক্রিয়া সূত্র ও সাম্যাংক বা সাম্য ধ্রুবক সম্পর্কিত তথ্যাবলি | ভরক্রিয়া সূত্র, $K_p$ ও $K_c$এর রাশিমালা, $K_p$ ও $K_c$ এর সম্পর্ক, $K_p$ ও $K_c$ এর একক, $K_p$ ও $K_c$ এর তুলনা | ** |
| 06. | লা-শাতেলীয়ার নীতি সম্পর্কিত তথ্যাবলি | লা-শাতেলীয় নীতি ও সাম্য ধ্রুবকের প্রয়োগ | ** |
| 07. | $K_p$ ও $K_c$ সম্পর্কিত গাণিতিক প্রয়োগ | Item অনুযায়ী ভিতর থেকে পড়ে নাও | ** |
| 08. | অম্ল , ক্ষার এবং লবণের আর্দ্র বিশ্লেষণ, বাফার দ্রবণ ও pH | অম্লের ও ক্ষারের শক্তিমাত্রা বা তীব্রতা, লবণের আর্দ্র বিশ্লেষণ ও দ্রবণের pH এবং জলীয় দ্রবণের প্রকৃতি | *** |
| 09. | pH ও pOH ব্যবহার নির্ণয়ের বিভিন্ন কৌশল | ঘনমাত্রা থেকে, পাওয়ার থেকে, % থেকে pH ও pOH নির্ণয় এবং ক্যালকুলেটর ছাড়া pH ও pOH নির্ণয়ের কৌশল | **** |
| শর্ট সিলেবাস বহির্ভূত [শর্ট সিলেবাসের বাহিরে প্রশ্ন হতে পারে এমন টপিকসসমূহ] | | | |
| 11. | বিক্রিয়া তাপ, এনথালপি ও তাপ রসায়নের সূত্র | তাপোৎপাদী, তাপহারী, এনথালপি এবং তাপ রসায়নের সূত্র সমূহ | ** |
| 12. | বিক্রিয়া তাপ ও এনথালপি নির্ণয়ের কৌশল | Item অনুযায়ী ভিতর থেকে পড়ে নাও | ** |

## STEP 02 DISCUSSION — সাজেশনভিত্তিক এ বছরের জন্য গুরুত্বপূর্ণ আলোচনা

### TOPIC : 01 — রাসায়নিক বিক্রিয়া ও গ্রিন কেমিস্ট্রি

❒ গ্রিন কেমিস্ট্রি:

- পরিবেশ দূষণ রোধে 1991 সালে যুক্তরাষ্ট্রে মি. পল অ্যানাসতাস এবং ওয়ার্নার গ্রিণ কেমিস্টির প্রস্তাব করেন।
- গ্রিন কেমিস্টির প্রতিপাদ্য বিষয় হল ক্ষতিকর ও বিতর্কিত রাসায়নিক দ্রব্যের বিকল্প ব্যবহার।
- গ্রিন কেমিস্টির নীতি 12টি। 1991 সালে পাউল টি. অ্যানাসতাস (Paul T. Anastas) এবং জন সি. ওয়ার্নার (John C. Warner) সবুজ রসায়নের 12টি নীতিমালা প্রণয়ন করেন। নীতিমালাসমূহকে 'ঝুঁকি হ্রাসকরণ' ও পরিবেশগত দূষণ সীমিতকরণ' নামক দুটি শ্রেণীতে ভাগ করা যায়।

FULL MACHINE
Preparation and Practice are vital for effective delivery




- গ্রিন কেমিস্ট্রি সহায়ক নীতি তিনটি। যথা- ১, বর্জ্য পদার্থ রোধকরণ ২. সর্বোত্তম এটম ইকোনমি ৩. ন্যূনতম ঝুঁকির পদ্ধতি ব্যবহার।
- **গ্রিন কেমিস্ট্রির ক্ষেত্রে তিনটি উল্লেখযোগ্য রাসায়নিক দ্রব্য-**

(ক) সুপার ক্রিটিক্যাল কার্বন ডাই অক্সাইড (খ) জলীয় হাইড্রোজেন পার অক্সাইড (গ) হাইড্রোজেন



CS CamScanner

- গ্রিন দ্রাবক হিসেবে $CO_2$ ব্যবহৃত হয়।
- গ্রিন কেমিস্ট্রির অন্যতম নীতি এটম ইকন্যামি হলো কাঙ্ক্ষিত উৎপাদে বিক্রিয়াকের সর্বোচ্চ পরিমাণ পরমাণু অন্তর্ভুক্ত করা। কোন বিক্রিয়ার % এটম ইকন্যামি (%AE) কে নিম্নোক্তভাবে প্রকাশ করা হয়।

$$\%AE = \frac{\text{কাঙ্ক্ষিত উৎপাদের মোট মোল} \times \text{সংকেত ভর} \times ১০০}{\text{সব বিক্রিয়কের মোল সংখ্যাসহ সংকেত ভরের সমষ্টি}}$$

## TOPIC : 02 — রাসায়নিক বিক্রিয়ার নিয়ামক, অনুঘটক ও সক্রিয়ণ শক্তি

**বিক্রিয়ায় গড় গতি বা তাৎক্ষণিক গতি:**

একক সময়ে একটি বিক্রিয়ার বিক্রিয়কসমূহের ঘনমাত্রা কতটুকু হ্রাস পায় বা উৎপন্ন পদার্থের ঘনমাত্রা কতটুকু বৃদ্ধি পায় তাকে অর্থাৎ ঘনমাত্রা পরিবর্তনের হারকে ঐ বিক্রিয়ার গতির হার বা গতিবেগ বলে।

**বিক্রিয়ার হার বা গতিবেগ:**

☑ বিক্রিয়ার হারের একক ঃ বিক্রিয়ার হার $= -\frac{dC}{dt} = \frac{dx}{dt} = \frac{\text{ঘনমাত্রা}}{\text{সময়}} = mol\ L^{-1}time^{-1}$ / $mol\ L^{-1}s^{-1}$/ $mol\ L^{-1}min^{-1}$ / $mol\ L^{-1}h^{-1}$/ $mol\ L^{-1}yr^{-1}$

☑ বিক্রিয়ার হারের উপর প্রভাব বিস্তারকারী নিয়ামক সমুহ ঃ খুব সহজভাবে একবাক্যে মনে রাখবে-

| বিকালের প্রকৃতিতে | তাপের | চাপে | ঘন | পৃষ্ঠের ক্ষেত্রফল | অনেক | আলোকিত |
|---|---|---|---|---|---|---|
| 01. বিক্রিয়কের প্রকৃতি | 02. তাপমাত্রা | 03. চাপ | 04. ঘনমাত্রা | 05. পৃষ্ঠতলের ক্ষেত্রফল | 06. অনুঘটক | 07. আলোক |

**এক নজরে প্রভাবক বা অনুঘটকের নানা তথ্য :**

| শ্রেণীবিভাগ | কাজ | উদাহরণ |
|---|---|---|
| ধনাত্মক অনুঘটক | বিক্রিয়ার গতি বৃদ্ধি করে | Pt ($NH_3$), $V_2O_5$ ($MnO_2$), Cu, Fe, $Al_2O_3$ |
| ঋণাত্মক অনুঘটক | বিক্রিয়ার গতি হ্রাস করে | $H_3PO_4$ ($H_2O_2$), ROH ($CHCl_3 + O_2$), CO, Urea |
| স্বয়ংক্রিয় অনুঘটক | স্ব-প্রভাবক হিসেবে কাজ করে | $Mn^{++}$ |
| আবিষ্ট প্রভাবক | আবেশ প্রক্রিয়ায় প্রভাবক হিসেবে কাজ করে | $Na_2SO_3$ |
| প্রভাবক বিষ | অনুঘটকের কার্যক্ষমতা কমিয়ে দেয় | $As_2O_3$ |
| প্রভাবক উদ্দীপক | অনুঘটকের ক্ষমতা বাড়িয়ে দেয় | Fe ($Al_2O_3$+$K_2O$) Fe($K_2O$+$Cr_2O_3$) |

**সক্রিয়ণ শক্তি :**

**সক্রিয়ণ শক্তি সম্পর্কিত তথ্য**

বিক্রিয়ার সক্রিয়ণ শক্তি বিক্রিয়ার হারের ব্যস্তানুপাতিক। প্রত্যেকটি বিক্রিয়ককে উৎপাদে পরিণত হতে হলে ন্যূনতম শক্তির বাধা অতিক্রম করতে হয়। এই ন্যূনতম শক্তিকে বলে সক্রিয়ণ শক্তি ($E_a$)।

তাপোৎপাদী বা তাপহারী বিক্রিয়ার এর ক্ষেত্রে- $\Delta H = E_p - E_r$

$\Delta H = +v_e$= তাপহারী বিক্রিয়া; $\Delta H = -v_e$= তাপোৎপাদী বিক্রিয়া

**সক্রিয়ণ শক্তি সম্পর্কিত লেখচিত্র**

তাপোৎপাদী




তাপহারী




POLL MACHINE
Preparation and Practice are vital for effective delivery

**বিক্রিয়ার ক্রম নির্ণয়-**

**STEP-01:** বিক্রিয়ার বেগ ধ্রুবকের একক ও ক্রম বিক্রিয়ার অর্ধজীবন থেকে :

| ক্রম | বেগ ধ্রুবকের মান (সমীকরণ সাপেক্ষে) | বেগ ধ্রুবকের একক | Rate equ$^n$ | HALF LIFE | যে কোন বিক্রিয়ার অর্ধায়ু বের করার মজার সূত্র: |
|---|---|---|---|---|---|
| 0 | বেগ /$[A]^0$ $[B]^0$ | $mol\ L^{-1}S^{-1}$ | $K = \frac{x}{t}$ | $t_{\frac{1}{2}} = \frac{a}{2k}$ | $t_{\frac{1}{2}} = a^{1-x}$ [এখানে x = বিক্রিয়ার ক্রম, a = বিক্রিয়কের আদি ঘনমাত্রা] |
| 1 | বেগ /$[A]^1$ $[B]^0$ অথবা বেগ/$[A]^0$ $[B]^1$ | $(time)^{-1}$ | $K = \frac{1}{t}\ln\frac{a}{a-x}$ | $t_{½} = \frac{0.693}{K}$ | |
| 2 | বেগ /$[A]^1$ $[B]^1$ | $L\ mol^{-1}\ S^{-1}$ | $K = \frac{1}{t}\frac{x}{a(a-x)}$ | $t_{½} = \frac{1}{Ka}$ | |

**উদাহরণ-01:** কোন বিক্রিয়ার বেগ ধ্রুবক K এর একক যদি $(time)^{-1}$ হয়- তবে বিক্রিয়াটির ক্রম হবে।

A.প্রথম ক্রম B.তৃতীয় ক্রম C.দ্বিতীয় ক্রম D.শূন্য ক্রম **সঠিক উত্তর:** A.প্রথম ক্রম

**উদাহরণ-02:** $A + B \longrightarrow$ উৎপাদ, বিক্রিয়ার বেগ K[A] [B]। বেগ ধ্রুবকের একক কী?

A. $mol^{-1}dm^3s^{-1}$ B. $mol^{-2}dm^6s^{-1}$ C. $mol^2dm^{-6}s^{-1}$ D. $s^{-1}$ **সঠিক উত্তর:** A. $mol^{-1}dm^3s^{-1}$



CamScanner

**STEP-02: বিক্রিয়ার উদাহরণ থেকে-**

| Zero Order | $1^{st}$ Order | $2^{nd}$ Order |
|---|---|---|
| $H_2 + Cl_2 \xrightarrow{uv} 2HCl$ | গ্যাসীয় অবস্থায় তাপের ফলে $N_2O_5$ এর বিয়োজন একটি প্রথম ক্রমের বিক্রিয়া। | $2NO_2 \rightarrow 2NO+O_2$ |
| $2PH_3 \xrightarrow{Mo/W} 2P + 3H_2$ | উত্তপ্ত করলে সাইক্লোপ্রোপেন বিয়োজিত হয়ে প্রোপাইলিন গঠন করে। এটি একটি প্রথম ক্রমের বিক্রিয়া। | $2N_2O \rightarrow 2NO+N_2$ |

**মজার বিষয় হচ্ছে, দুটি বিক্রিয়ক বিশিষ্ট যেকোন বিক্রিয়ায় পানি থাকলেই তা সাধারণত ছদ্ম ১ আণবিক বিক্রিয়া হবে।**

**উদাহরণ:** $CH_3COOC_2H_5+H_2O \rightleftharpoons CH_3COOH+C_2H_5OH$ বিক্রিয়া একটি-
A. শূন্য ক্রম বিক্রিয়া B. প্রথম ক্রম বিক্রিয়া C. ছদ্ম প্রথম বিক্রিয়া D. দ্বিতীয় ক্রম বিক্রিয়া **সঠিক উত্তর:** C. ছদ্ম প্রথম বিক্রিয়া

## TOPIC : 03 রাসায়নিক সাম্যাবস্থা

- **কিছু গুরুত্বপূর্ণ উভমুখী বিক্রিয়া ঃ**

i) $H_2(g) + I_2(g) \rightleftharpoons 2HI(g)$
ii) $NH_4Cl(s) \rightleftharpoons NH_3(g) + HCl(g)$
iii) $CuSO_4.5H_2O(s) \rightleftharpoons CuSO_4(s) + 5H_2O(g)$
iv) $CH_3COOH(l) + C_2H_5OH(l) \rightleftharpoons CH_3COOC_2H_5(l) + H_2O(l)$
v) $CaCO_3(s) \rightleftharpoons CaO(s) + CO_2(g)$
vi) $3Fe(s) + 4H_2O(g) \rightleftharpoons Fe_3O_4(s) + 4H_2(g)$
vii) $N_2(g) + 3H_2(g) \rightleftharpoons 2NH_3(g)$
viii) $PCl_5(g) \rightleftharpoons PCl_3(g) + Cl_2(g)$
ix) $2NO(g) + O_2(g) \rightleftharpoons 2NO_2(g)$
x) $N_2O_4(g) \rightleftharpoons 2NO_2(g)$
xi) $2SO_2(g) + O_2(g) \rightleftharpoons 2SO_3(g)$
xii) $COCl_2(g) \rightleftharpoons CO(g) + Cl_2(g)$

- সাম্যাবস্থার সংজ্ঞা, শর্ত, বৈশিষ্ট্য: বিক্রিয়ক ও উৎপাদের ভৌত অবস্থা সমান। সাম্যাবস্থা শুধু উভমুখী বিক্রিয়ার ক্ষেত্রে অর্জিত হতে পারে।
  - ✓ রাসায়নিক সাম্যাবস্থার প্রধান চারটি শর্তঃ (i) সাম্যের স্থায়িত্ব (ii) উভয় দিক থেকে সুগম্যতা (iii) বিক্রিয়ার অসম্পূর্ণতা (iv) প্রভাবকের ভূমিকাহীনতা।
  - ✓ রাসায়নিক সাম্যাবস্থার প্রকারভেদঃ
    - সমসত্ত্ব সাম্যাবস্থাঃ বিক্রিয়ক ও উৎপাদ একই দশায় থাকে। যেমন- $H_2(g) + I_2(g) \rightleftharpoons 2HI(g)$
    - অসমসত্ত্ব সাম্যাবস্থাঃ বিক্রিয়ক ও উৎপাদের ভৌত অবস্থা ভিন্ন। $CaCO_3(S) \rightleftharpoons CaO(s) + CO_2(g)$

  এছাড়াও আছে, আয়নিক সাম্যাবস্থা- $NH_4OH(aq) \rightleftharpoons NH_4^+(aq) + OH^-(aq)$

- **Dynamic Equillibrium:** তেজস্ক্রিয় আইসোটোপের মাধ্যমে রাসায়নিক সাম্যাবস্থায় গতিশীলতার প্রমাণ মিলে

## TOPIC-04 রাসায়নিক সাম্যাবস্থা সম্পর্কিত গাণিতিক প্রয়োগ

- বিক্রিয়ার গড় গতিবেগ সংক্রান্ত সমস্যা : ☒ সূত্রঃ বিক্রিয়ার হার বা, গড় গতিবেগ, $\frac{-\Delta c}{\Delta t} = \frac{\Delta x}{\Delta t}$

**উদাহরণ-01ঃ** ইথাইল অ্যাসিটেট এস্টারকে লঘু এসিডের উপস্থিতিতে আর্দ্র বিশ্লেষিত করলে 1.0 ঘন্টা সময়ের পর ঐ এস্টারের ঘনমাত্রা $1.0 mol L^{-1}$ থেকে হ্রাস পে $0.5 mol L^{-1}$ হয়। এ সময়ের ব্যবধানে বিক্রিয়াটির গড় গতিবেগ নির্ণয় কর।

সমাধান: বিক্রিয়ার গড় গতিবেগ$= \frac{-\Delta c}{\Delta t} = \frac{-(-0.5)}{3600 s} = 1.39 \times 10^{-4} mol\ L^{-1}s^{-1}$ এখানে, $\Delta c = (0.5-1.0) = -0.5 mol\ L^{-1}$, $\Delta t = 1hr = 3600s$

- বিক্রিয়ার গড় গতি বা তাৎক্ষণিক গতি নির্ণয় সম্পর্কিত সমস্যা : $aA + bB \rightarrow mM + nN$

বিক্রিয়ার হার $= -\frac{1}{a}\frac{\Delta[A]}{\Delta t} = -\frac{1}{b}\frac{\Delta[B]}{\Delta t} = +\frac{1}{m}\frac{\Delta[M]}{\Delta t} = +\frac{1}{n}\frac{\Delta[N]}{\Delta t}$ ; তাৎক্ষণিক গতি $= -\frac{1}{a}\frac{d[A]}{dt} = -\frac{1}{b}\frac{d[B]}{dt} = +\frac{1}{m}\frac{d[M]}{dt} = +\frac{1}{n}\frac{d[N]}{dt}$

**উদাহরণ-01ঃ** $N_2O_5$ এর বিয়োজনের সমীকরণ: $2N_2O_5 \rightleftharpoons 4NO_2 + O_2$ এ বিক্রিয়ার ক্ষেত্রে যদি বিক্রিয়া শুরু হওয়ার 2 মিনিট 15 সেকেন্ডে $NO_2$ এর ঘনম $5.25 \times 10^{-2} mol.L^{-1}$ বৃদ্ধি পায়। তবে বিক্রিয়ার হার নির্ণয় কর।

সমাধান:সূত্রানুসারে, বিক্রিয়ার হার $= \frac{1}{4} \times \frac{\Delta[NO_2]}{\Delta t} = \frac{1}{4} \times \frac{5.25 \times 10^{-2}}{135} = 9.722 \times 10^{-5} mol\ L^{-1}s^{-1}$

- বিক্রিয়ার হার ধ্রুবক বা গতিধ্রুবক সম্পর্কিত সমস্যা :

**উদাহরণ-01ঃ** $0.20\ mol\ dm^{-3}$ ঘনমাত্রার একটি দ্রবণে বিক্রিয়ার প্রারম্ভিক গতি $3.0 \times 10^{-4}\ mol\ dm^{-3}\ s^{-1}$ হলে বিক্রিয়াটির গতি ধ্রুবক কত?

সমাধান:বিক্রিয়ার প্রারম্ভিক গতি $-\frac{dC}{dt} = kC_0$ বা, $k = \frac{3.0 \times 10^{-4} mol/dm^3/s}{0.2 mol/dm^3} = 1.5 \times 10^{-3} s^{-1}$ | এখানে, $C_0 = 0.20\ mol\ dm^{-3}$; $-\frac{dC}{dt} = 3.0 \times 10^{-4} mol\ dm^{-3} s^{-1}$ ; k

- আরহেনিয়াসের সমীকরণ বা সক্রিয়ণ শক্তি সম্পর্কিত সমস্যা:

**উদাহরণ-01ঃ** বিভিন্ন তাপমাত্রায় $2N_2O_5(g) \rightarrow 4NO_2(g) + O_2(g)$ বিক্রিয়াটির হার ধ্রুবক নির্ণয় করা হল। প্রাপ্ত ফলাফল অনুযায়ী lnk বনাম $\frac{1}{T}$ লেখচিত্র অঙ্কিত ক যেসব রেখা পাওয়া গেল তার ঢাল $-1.0 \times 10^4 K$ বিক্রিয়াটির সক্রিয়ণ শক্তি নির্ণয় কর।

**সমাধান:** ঢাল $= -\frac{E_a}{R} \Rightarrow E_a = -R \times$ ঢাল $= -8.314 \times (-1.0 \times 10^4) = 8.314 \times 10^4 kJ\ mol^{-1}$

POLL MACHINE
Preparation and Practice are vital for effective delivery



CamScanner

## TOPIC-05 ভরক্রিয়া সূত্র ও সাম্যাংক বা সাম্যধ্রুবক সংক্রান্ত তথ্যাবলী

**Item-01:** ভরক্রিয়া সূত্র (Law of Mass Action): ১৮৬৪ সালে সি.এম. গুল্ডবার্গ (C.M. Gulberg) এবং পি. ভাগে (P. Waage) এ সূত্রটি উদ্ভাবন করেন। এ সূত্রের সাহায্যে রাসায়নিক বিক্রিয়ার হার নিরূপণ করা হয়।

**নীতি:** নির্দিষ্ট তাপমাত্রায় নির্দিষ্ট সময়ে যে কোন বিক্রিয়ার হার ঐ সময়ে উপস্থিত বিক্রিয়ক গুলোর সক্রিয় ভরের গুণফলের সমানুপাতিক।

**প্রয়োগ:** $A + B \rightleftharpoons C + D$ সম্মুখ বিক্রিয়ার গতিবেগ, $r_f = K_1[A][B]$, পশ্চাৎ বিক্রিয়ার গতি বেগ, $r_b = K_2[C][D]$

সাম্যাবস্থায়, $r_f = r_b$ বা, $k_1[A][B] = k_2[C][D]$ বা, $\frac{k_1}{k_2} = \frac{[C][D]}{[A][B]}$ $\therefore K_C = \frac{[C][D]}{[A][B]}$ | এখানে $K_C$ সাম্যধ্রুবক বা সাম্যাংক

তদ্রূপ, $k_P = \frac{P_C.P_D}{P_A.P_B}$, $k_P$ = আংশিক চাপে সাম্যাংক / সাম্যধ্রুবক

**Item-02:** $K_p$ ও $K_c$ এর রাশিমালা :

**উদাহরণ-01:** $3A + 2B \rightleftharpoons 2C + 4D$ উভমুখী বিক্রিয়ার সাম্যধ্রুবক $K_p$ ও $K_c$ এর রাশিমালা নির্ণয় কর।

সমাধান: $K_P = \frac{P_C{}^2.P_D{}^4}{P_A{}^3.P_B{}^2}$

$K_C = \frac{[C]^2\ [D]^4}{[A]^3.[B]^2}$ এবার বিশ্লেষণী দৃষ্টি নিয়ে আরো বিক্রিয়ার উদাহরণ লক্ষ্য করুন–

**উদাহরণ-02:** $3NO_2(g) + H_2O(l) \rightleftharpoons 2HNO_{3(aq)} + NO(g)$ উভমুখী বিক্রিয়াটির সাম্যধ্রুবক $K_P$ ও $K_C$ এর রাশিমালা নির্ণয় কর।

সমাধান: $K_p = \frac{P_{NO}}{P_{NO_2}{}^3}$

$K_c = \frac{[HNO_3]^2.[NO]}{[NO_2]^3}$

**লক্ষণীয় :** $K_P$ এর ক্ষেত্রে শুধুমাত্র গ্যাসীয় ভৌত অবস্থা হিসেব করতে হবে কিন্তু $K_C$ এর ক্ষেত্রে গ্যাসীয় ও জলীয় ভৌত অবস্থা উভয়ই হিসেব করতে হবে।

**➲ $K_p$ ও $K_c$ এর সম্পর্ক :**

$K_p = K_c(RT)^{\Delta n}$ ; $\Delta n$ = গ্যাসীয় উৎপাদের মোল সংখ্যা– গ্যাসীয় বিক্রিয়কের মোল সংখ্যা।

**উদাহরণ:** $N_2(g) + 3H_2(g) \rightleftharpoons 2NH_3(g)$ বিক্রিয়াটির $K_P$ ও $K_C$ এর সম্পর্ক কোনটি?

সমাধান: বিক্রিয়ায় উৎপন্ন পদার্থ অ্যামোনিয়া-এর মোল সংখ্যা হলো 2 এবং বিক্রিয়ক $N_2$ ও $H_2$ এর মোল সংখ্যা হলো যথাক্রমে 1 ও 3।

সুতরাং $\Delta n = 2-(3+1) = -2$। সুতরাং $K_P = K_C(RT)^{\Delta n} = K_C(RT)^{-2}$

**➲ Kp ও Kc এর একক নির্ণয় :**

সূত্র-০১: ঘনমাত্রার একক $molL^{-1}$ হলে $K_c$ এর একক হবে= $(molL^{-1})^{\Delta n}$

সূত্র-০২: চাপের একক atm হলে $K_p$ এর একক হবে = $(atm)^{\Delta n}$

এবার ব্যাখ্যাসহ উদাহরণ লক্ষ্য কর-

**উদাহরণ:** i) $N_2(g) + 3H_2(g) \rightleftharpoons 2NH_3(g)$

সমাধান: $\Delta n = 2-(3+1) = -2$। $K_C$ এর একক হবে $(mol\ L^{-1})^{-2} = mol^{-2}\ L^{2}$; $K_P$ এর একক হবে $(atm)^{-2} = atm^{-2}$

ROLL MACHINE
Preparation and Practice are vital for effective delivery

**❒ Kp ও $K_C$ এর তুলনা :**

| টেকনিক | উদাহরণ | Δn |
|---|---|---|
| $\Delta n = 0$ হলে $Kp = K_C$ | $H_2 + I_2 \rightleftharpoons 2HI$ | $\Delta n = 2-2=0$ |
| $\Delta n = +ve$ হলে $K_P > K_C$ | $2SO_3 \rightleftharpoons 2SO_2 + O_2$ | $\Delta n = (2+1)-2=1$ |
| $\Delta n = -ve$ হলে $Kp < K_C$ | $N_2 + 3H_2 \rightleftharpoons NH_3$ | $\Delta n = 2-(1+3)=-2$ |

## TOPIC-06 লা-শাতেলীয়ার নীতি সম্পর্কিত তথ্যাবলী

**❒ লা-শাতেলীয়ে নীতি:**

| তাপমাত্রার প্রভাব | চাপের প্রভাব | ঘনমাত্রার প্রভাব |
|---|---|---|
| তাপোৎপাদী বিক্রিয়ায় তাপ কমালে অথবা তাপহারী বিক্রিয়ায় তাপ বাড়ালে বিক্রিয়ার সাম্যবস্থা ডানে যাবে | $\Delta n = 0$ হলে চাপের কোন প্রভাব নেই। চাপ প্রয়োগ করলে বেশি ঘনমাত্রা থেকে কম ঘনমাত্রার দিকে সাম্যাবস্থা ধাবিত হয় | বিক্রিয়াক যোগ করলে উৎপাদ বাড়বে |
| সাম্যধ্রুবক শুধুমাত্র তাপমাত্রা দ্বারা প্রভাবিত হয় | | |

**❒ নিষ্ক্রিয় পদার্থ সংযোগ:** মোল সংখ্যা ভিন্নতার কারণ নিষ্ক্রিয় গ্যাস সংযোগে সাম্যাবস্থার পরিবর্তন হয়।



CamScanner

শিল্প কারখানায় সাম্যাবস্থা এবং সাম্যধ্রুবকের প্রয়োগঃ

| উৎপাদ | পদ্ধতি | বিক্রিয়া | তাপমাত্রা | চাপ | প্রভাবক |
|---|---|---|---|---|---|
| অ্যামোনিয়া | হেবার বস | $N_2 + 3H_2 \rightleftharpoons 2NH_3$ | 450-550°C | 200 বায়ুচাপ | Fe/Mo |
| $H_2SO_4$ | স্পর্শ প্রণালী | $SO_2 + O_2 \rightleftharpoons SO_3$<br>$SO_3 + H_2O \rightleftharpoons H_2SO_4$ | 400-500°C | 1.7 বায়ুচাপ বা 172 kPa | $V_2O_5$ বা, Pt |
| নাইট্রিক এসিড | বার্কল্যান্ড আইড | $N_2 + O_2 \rightleftharpoons 2NO$ | 3000° C | - | - |
| মিথানল | বাণিজ্যিক | $CO + H_2 \rightleftharpoons CH_3OH$ | 300°-400°C | 200-300 বায়ুচাপ | $ZnO + Cr_2O_3$ |
| ইউরিয়া | রাসায়নিক | $CO + 2NH_3 \rightleftharpoons NH_2-CO-NH_2 + H_2O$ | 200-210° C | উচ্চচাপ | - |

হেবার বস পদ্ধতিতে প্রভাবক সহায়ক বা প্রভাবক প্রমোটরঃ Fe এর সাথে MgO, $SiO_2$, $Al_2O_3$ এর মিশ্রণ

## TOPIC-07 | $K_p$ ও $K_c$ সম্পর্কিত গাণিতিক প্রয়োগ

➲ সরাসরি মুখস্থ রাখা ভাল–

| | $K_p$ ও $K_c$ সংক্রান্ত সমস্যা (% থাকলে) | | $K_p$ ও $K_c$ সংক্রান্ত সমস্যা (% না থাকলে) | |
|---|---|---|---|---|
| সমীকরণ | $K_p$ | $K_c$ | $K_p$ | $K_c$ |
| $PCl_5 \rightleftharpoons PCl_3+Cl_2$ | $K_p = \frac{\alpha^2}{1-\alpha^2}.P$ | $\frac{\alpha^2}{(1-\alpha)V}$ | $K_p = \frac{P_{PCl_3}.P_{Cl_2}}{P_{PCl_5}}$ | $K_c = \frac{[PCl_3][Cl_2]}{[PCl_5]}$ |
| $N_2O_4 \rightleftharpoons 2NO_2$ | $K_p = \frac{4\alpha^2}{1-\alpha^2}.P$ | $\frac{4\alpha^2}{(1-\alpha)V}$ | $K_p = \frac{P^2_{NO_2}}{P_{N_2O_4}}$ | $K_c = \frac{[NO_2]^2}{[N_2O_4]}$ |
| $2HI \rightleftharpoons H_2+I_2$ | $K_c = K_p = \frac{\alpha^2}{4(1-\alpha)^2}$ | | $K_p = \frac{P_{H_2}.P_{I_2}}{P^2_{HI}}$ | $K_c = \frac{[H_2][I_2]}{[HI]^2}$ |
| $H_2+I_2 \rightleftharpoons 2HI$ | $K_p = K_c = \frac{4\alpha^2}{(a-\alpha)(b-\alpha)}$ | | $K_p = \frac{P^2_{HI}}{P_{H_2}.P_{I_2}}$ | $K_c = \frac{[HI]^2}{[H_2][I_2]}$ |

### Item–01 | সক্রিয় ভর বা মোলার ঘনমাত্রা সম্পর্কিত সমস্যা

**উদাহরণঃ 0.5 $dm^3$ আয়তনের একটি দ্রবণ 15.0g অ্যাসিটিক এসিড এবং 8.0g মিথানল ধারণ করে। দ্রবণটিতে বস্তু দুটির সক্রিয় ভর গণনা কর?**

সমাধানঃ সক্রিয় ভরের জন্য ঘনমাত্রা বের করলেই চলবে কারণ এখানে চাপের উল্লেখ নেই।

$CH_3COOH$ এর ঘনমাত্রা $S = \frac{n}{V} = \frac{m/M}{V} = \frac{15/60}{0.5} = 0.5M$

মিথানলের ঘনমাত্রাও 0.5M

m = 15.0g
$M_{CH_3COOH} = 60$
$V = 0.5\ dm^3$

POLL MACHINE
Preparation and Practice are vital for effective delivery

### Item–02 | বিয়োজন মাত্রা (α) সম্পর্কিত সমস্যা

**উদাহরণঃ 45°C এ $N_2O_4$ এর বিয়োজনের সাম্যাংকঃ**

**সমাধানঃ $K_P = 0.664$, মোট চাপ P = 10 atm হলে বিয়োজন মাত্রা কত?**

$$\alpha = \frac{1}{2}\sqrt{\frac{K_P}{P}}\quad \alpha = \frac{1}{2}\sqrt{\frac{0.6664}{10}} = 0.128 = 12.88\%$$

$K_P = 0.664$, P = 10 atm

### Item–03 | $K_c$ সংক্রান্ত সমস্যা

**উদাহরণঃ $2SO_2 + O_2 \rightleftharpoons 2SO_3$ বিক্রিয়াটিতে সাম্যাবস্থায় 0.27 mol/L $SO_2$, 0.4 mol/L $O_2$ এবং 0.33mol/L $SO_3$ পাওয়া গেল। বিক্রিয়াটির সাম্যধ্রুবক কত?**

সমাধানঃ $$K_C = \frac{[SO_3]^2}{[SO_2]^2[O_2]} = \frac{(0.33)^2}{(0.27)^2 \times 0.4} = 3.7\ L/mol\ (Ans)$$

### Item–04 | $K_p$ সংক্রান্ত সমস্যা (% থাকলে)

**উদাহরণঃ 25°C তাপমাত্রায় 5.0 atm চাপে $N_2O_4$ এর 18.5% বিয়োজিত হয়। উক্ত তাপমাত্রায় $K_P$ এর মান কত?**

সমাধানঃ $$K_P = \frac{4\alpha^2}{1-\alpha^2} \times P = \frac{4\times(0.185)^2}{1-(0.185)^2} \times 5.0 = 0.708\ atm$$

α = 18.5%
= 0.185
P = 5.0 atm

CamScanner

| Item–05 | $K_P$ সংক্রান্ত সমস্যা (% না থাকলে) |
|---|---|

**উদাহরণঃ** 50°C উষ্ণতায় $N_2O_4$ বিযোজনের $K_P$ এর মান 3.11 atm। সাম্যমিশ্রণে $NO_2$ এর আংশিক চাপ 0.45 atm হলে $N_2O_4$ এর আংশিক চাপ কত?

**সমাধানঃ** $N_2O_4 \rightleftharpoons 2NO_2$

$$K_P = \frac{P^2_{NO_2}}{P_{N_2O_4}} \therefore P_{N_2O_4} = \frac{P^2NO_2}{K_P} = \frac{(0.45)^2}{3.11} = 0.065 \text{ atm}$$

এখানে, $K_P = 3.11$ atm
$NO_2$ এর আংশিক চাপ, $P_{NO_2} = 0.45$ atm
$N_2O_4$ এর আংশিক চাপ, $P_{N_2O_4} = ?$

| Item–06 | Kp ও Kc সংক্রান্ত সমস্যা (% না থাকলে) |
|---|---|

**উদাহরণঃ** 25°C তাপমাত্রায় সাম্যাবস্থায় $N_2O_4$ এবং $NO_2$ এর আংশিক চাপ যথাক্রমে 0.75 ও 0.25atm। $N_2O_4$ এর বিয়োজনের $K_P$ ও $K_C$ নির্ণয় কর।

**সমাধান:** $N_2O_4 \rightleftharpoons 2NO_2$; $K_P = \frac{(P_{NO_2})^2}{P_{N_2O_4}} = \frac{(0.25)^2}{0.75} = 8.33 \times 10^{-2}\, atm$

$$K_P = K_C (RT)^{\Delta n} \therefore K_C = \frac{K_P}{(RT)^{\Delta n}} = \frac{8.33 \times 10^{-2}}{(298 \times 0.082)} = 3.4 \times 10^{-3} \text{ mol L}^{-1} \text{ (Ans)}$$

| Item–07 | Kp ও Kc সংক্রান্ত সমস্যা (% থাকলে) |
|---|---|

**উদাহরণঃ** 333°C তাপমাত্রায় HI 35% বিয়োজিত হয় $K_P$ ও $K_C$ নির্ণয় কর।

**সমাধানঃ** $2HI \rightleftharpoons H_2 + I_2$ এই বিক্রিয়ার জন্য

$Kp = \frac{\alpha^2}{4(1-\alpha)^2} = \frac{(0.35)^2}{4(1-0.35)^2} = 0.0725$ এখানে বিক্রিয়ক ও উৎপাদের মোল সংখ্যা সমান। তাই $Kp = Kc = 0.0725$

| Item–08 | Kp ও Kc এর অনুপাত সংক্রান্ত সমস্যা |
|---|---|

**উদাহরণঃ** 300K তাপমাত্রায় নিম্নোক্ত বিক্রিয়ার Kp ও Kc এর অনুপাত কত?

$N_2 + 3H_2 \rightleftharpoons 2NH_3$

**সমাধানঃ** আমরা জানি, $K_P = K_C (RT)^{\Delta n}$ $\Delta n = 2 - 4 = -2$ বা, $\frac{K_P}{K_C} = (RT)^{\Delta n} = (RT)^{-2} = (0.82 \times 300)^{-2} = 1.65 \times 10^{-5}$

| TOPIC-08 | অম্ল , ক্ষার এবং লবণের আর্দ্র বিশ্লেষণ ,বাফার দ্রবণ ও pH |
|---|---|

❐ **অম্লের বা এসিড এর তীব্রতার ক্রম:**

| কারণ | এসিডের তীব্রতার ক্রম | উদাহরণ |
|---|---|---|
| ০১. বিয়োজন ধ্রুবকের মান বৃদ্ধি | বৃদ্ধি | $K_a (CH_3COOH) = 1.8 \times 10^{-3}, K_a (H_2SO_4) = 10^3 \therefore H_2SO_4 > CH_3COOH$ |
| ০২. কেন্দ্রীয় পরমাণুর জারণ সংখ্যা বৃদ্ধি (অক্সি এসিড) | বৃদ্ধি | +7, +6, +5, +4, +3, +1: $HClO_4 > H_2SO_4 > HNO_3 > H_2SO_3 > HNO_2 > HClO$<br>$H\overset{+7}{Cl}O_4 > H\overset{+7}{Br}O_4 > H\overset{+7}{I}O_4$ |
| ০৩. কেন্দ্রীয় পরমাণুর আকার ছোট (যখন জারণ মান একই) | বৃদ্ধি | p পরমাণুর আকার > N পরমাণুর আকার- +5 +5 $\therefore HNO_3 > H_3PO_4$ |
| ০৪. ঋণাত্মক আয়নের আকার বৃদ্ধি | বৃদ্ধি | (হাইড্রাসিড) HI > HBr > HCl |
| ০৫. অজৈব > জৈব এসিড | বৃদ্ধি | $HNO_3 > HCOOH$ |
| ০৬. জৈব এসিডে ক্লোরিনের সংখ্যা বৃদ্ধি | বৃদ্ধি | i. $CH_2ClCOOH < Cl_2CHCOOH < CCl_3COOH$<br>**But,** $HCOOH > CH_3COOH > CH_3CH_2COOH$ |
| ০৭. দ্রাবকের ক্ষারকতা বৃদ্ধি | বৃদ্ধি | পানিতে অ্যাসিটিক এসিড দুর্বল এসিড কিন্তু অ্যামোনিয়া দ্রবণে এটি শক্তিশালী এসিড |
| যে সকল অম্ল জলীয় দ্রবণে সম্পূর্ণরূপে (90-100%) বিয়োজিত থাকে তাদেরকে তীব্র অম্ল বলা হয়। | | |

❐ **দ্রবণের প্রকৃতি**

| দ্রবণের pH | দ্রবণের প্রকৃতি | দ্রবণের pH | দ্রবণের প্রকৃতি |
|---|---|---|---|
| pH = 0–2 | তীব্র অম্লীয় | pH = 7.01–10 | মৃদু ক্ষারীয় |
| pH = 2–4 | মধ্যম অম্লীয় | pH = 10–12 | মধ্যম ক্ষারীয় |
| pH = 4–6.99 | মৃদু অম্লীয় | pH = 12–14 | তীব্র ক্ষারীয় |
| pH = 7 | প্রশম | বাস্তবে pH 0 বা 14 হয়না | |

POLI MACHINE
Preparation and Practice are vital for effective delivery



CS CamScanner

pH এর গুরুত্ব:

| ক্ষেত্র | pH ব্যবহার বা গুরুত্ব | | |
|---|---|---|---|
| | মাটির pH | প্রভাব | করণীয় |
| কৃষি ক্ষেত্র | pH < 3 বা অধিক অম্লীয় | গাছপালা মরে যায় বা উৎপাদন হয় না | pH বাড়াতে; CaO ডলোমাইট ($CaCO_3.MgCO_3$), $(NH_4)_2CO_3$ [Ca+Mg(কেন্স)] সার |
| | pH > 9.5 বা অধিক ক্ষারীয় | অণুজীব মুক্ত হয় বা উর্বরতা নষ্ট হয় | pH কমাতে; নাইট্রেট সার ($KNO_3$, $NH_4NO_3$), ফসফেট সার TSP [$Ca(H_2PO_4)_2$], ক্যালসিয়াম সুপার ফসফেট [$Ca(H_2PO_4)_2.H_2O$]; $2(CaSO_4.2H_2O)$, ডাই অ্যামোনিয়াম ফসফেট- (DAP) [$(NH_4)_2HPO_4$] |
| | pH 7–8 | ফসল ভাল হয় | pH 7–8 রাখা জরুরি। |
| মানুষের রক্ত | রক্তের pH 7.4 (সীমা 6.8–7.8) মাত্র 0.5 পরিবর্তিত হলে জীবন বিপন্ন হয়। জেনে রাখা ভালো, pH 6.8 এর কম হলে বিষয়টিকে অ্যাসিডোসিস এবং pH 7.8 এর বেশি হলে অ্যালকালিসিস বলে। | | |
| রসায়ন শিল্প | রসায়নের ক্ষেত্র | গুরুত্ব বা কার্যকরী pH সীমা | |
| | পানি শিল্প | pH 6.8–7.2 (যেমন– আই.ভি. (IV) স্যালাইনে pH 7.3–7.5) এবং কোমল পানি ও সোডা ওয়াটার pH 7.4–7.8 | |
| | মৃৎ শিল্প | pH 6.0–6.5 | |
| | চামড়া শিল্প | কাঁচা চামড়ার ট্যানিং এর pH 3.5–4.5 | |
| | কাগজ শিল্প | pH মানকে অম্লীয় ক্ষারীয় মাধ্যমে নিয়ন্ত্রণ | |
| টয়লেট্রিজ শিল্প | উপাদান | কার্যকর pH | |
| | মাতৃ দুগ্ধ : 6.6 – 6.9, প্রস্রাব : 4.8 – 7.5, চোখের পানি: 4.8 – 7.5, শ্যাম্পু: 5.0–5.5, EDTA: 10. সাবান 7.0 এর অধিক টুথপেস্টের pH → 8; মুখের লালার pH → 6.35–6.68; শিশুর কোমল ত্বকের pH → 7–8 ; বয়স্ক লোকের ত্বকের pH → 4.0 – 5.5 | | |
| ঔষুধ শিল্প | পাঁচক রসের pH 1.8–2.2 | | |

☑ **রক্তের বাফার :** যে দ্রবণে সামান্য পরিমাণ এসিড বা ক্ষারকের দ্রবণ যোগ করার পরও দ্রবণের pH এর মান অপরিবর্তিত থাকে তাকে বাফার দ্রবণ বলে। বাফার দ্রবণ অম্লীয় প্রকৃতির ও ক্ষারকীয় প্রকৃতির এই দুই প্রকৃতির হতে পারে। অম্লীয় বাফার দ্রবণগুলো সাধারণত মৃদু এসিড ও ঐ এসিডের সাথে তীব্র ক্ষার সহযোগে সৃষ্ট লবণ হতে হয়। যথা- $CH_3COOH$ ও $CH_3COONa$ দ্রবণের মিশ্রণ। ক্ষারীয় বাফার দ্রবণগুলো মৃদু ক্ষারক ও ঐ ক্ষারকের সাথে তীব্র এসিড সহযোগে সৃষ্ট কোন লবণ হতে হয়। যথা- $NH_4OH$ ও $NH_4Cl$ দ্রবণের মিশ্রণ। অম্লীয় বাফার দ্রবণের pH সাধারণত 3.7-5.6 এর মধ্যে হয়ে থাকে। ক্ষারীয় বাফার দ্রবণের pH 8.5-10 এর মধ্যে থাকে। রক্তে বাই কার্বনেট-কার্বনিক এসিড বাফার বিদ্যমান। রক্তে ফসফেট আয়ন, বাই-কার্বনেট আয়ন ও প্রোটিন বাফার ক্রিয়ায় অংশ নেয়।

বাফার দ্রবণ 2 প্রকার : অম্লীয় বাফার দ্রবণ : [দুর্বল এসিড + অনুবন্ধী ক্ষারক (সবল ক্ষারের লবণ)]

উদাহরণ :(i) $CH_3COOH + CH_3COONa$, (ii) $H_2PO^-_4 + HPO_4^{2-}$

ক্ষারীয় বাফার দ্রবণ : [দুর্বল ক্ষারক + অনুবন্ধী এসিড (সবল এসিডের লবণ)] উদাহরণ : (i) $Na_2CO_3 + HCO^-_3$ (ii) $NH_4OH + NH_4^-$

☑ **মনে রাখার টেকনিক:**

| P | P | B |
|---|---|---|
| প্রোটিন বাফার | ফসফেট বাফার | বাইকার্বনেট বাফার |
| প্লাজমা প্রোটিন ও হিমোগ্লোবিন প্রোটিন সমন্বয়ে | $Na_2HPO_4+NaH_2PO_4$ pKa = 6.8 | $NaHCO_3+H_2CO_3$ pKa = 6.1 |

POLL MACHINE
Preparation and Practice are vital for effective delivery

## TOPIC-09 pH ও pOH নির্ণয়ের বিভিন্ন কৌশল

❒ **ঘনমাত্রা থেকে pH বা pOH নির্ণয়-**

**উদাহরণ: 0.0005 M $Ca(OH)_2$ এর pH কত?**

**সমাধান:** দশমিকের পর তিনটি অংক আছে তাই pOH হবে 3, অর্থাৎ pH = 11

(a) 0.0001M NaOH দ্রবণের pOH কত? **সমাধানঃ** $S = 0.0001M = 10^{-4} M$ $\therefore pOH = 4$ (Anti Power)

**টেকনিকঃ** 10 ভিত্তিক সূচকের ক্ষেত্রে বিপরীত পাওয়ারই হচ্ছে pH বা pOH

**সতর্কতা:** মনোপ্রোটিক অম্ল বা ক্ষার না হলে সূত্র ব্যবহার করতে হবে।

**(b) 0.01M $Ba(OH)_2$ দ্রবণের pOH কত? সমাধানঃ** $S = 0.01\times2 = 0.02$ [যেহেতু OH = 2 টি] $\therefore pOH = -\log(0.02) = 1.69$

❒ **Power থেকে pOH নির্ণয়-**

**উদাহরণ-01: $10^{-3}$ M $H_2SO_4$ এর pH কত?**

**সমাধান:** $[H^+] = 2\times10^{-3} \Rightarrow pH \Rightarrow 2.698 \approx 2.7$

**উদাহরণ-02: $10^{-3}$ M $HNO_3$ দ্রবণের pH কত?** **সমাধান:** মনে রাখবে, বিপরীত চিহ্ন যুক্ত পাওয়ারই সরাসরি উত্তর। উপরের পাওয়ার – 3 সুতরাং pH = 3

➢ **দৃষ্টি প্রখরঃ** এগুলো অবশ্যই মনো প্রোটিক অম্ল বা ক্ষারের বেলায় প্রযোজ্য।



CamScanner

## % থেকে pH নির্ণয়-

**(a) 2.5% NaOH দ্রবণের pH কত?** টেকনিকঃ $[OH^-] = \frac{\%\times 10}{M} = \frac{2.5\times 10}{40} = 0.625M$ $\therefore$ pH = 14 – pOH = 14 – {- log(0.625)} = 13.796

**(b) মিলি মোলার নাইট্রিক এসিডের pH কত?** মিলি মোলার $= \frac{1}{1000}M = 10^{-3}$ টেকনিকঃ pH = 3 (বিপরীত চিহ্ন যুক্ত power)

অনুরূপভাবে,

| | |
|---|---|
| ডেসি মোলার দ্রবণের pH = 1, সেন্টি মোলার দ্রবণের pH = 2 | মনো প্রোটিক এসিডের ক্ষেত্রে |

এবার বিশ্লেষণী দৃষ্টি নিয়ে উদাহরণ লক্ষ্য কর :

**উদাহরণ: 01** অ্যাসিটিক এসিডের আয়নিকরণ ধ্রুবকের মান $1.75\times 10^{-5}$ । **একটি 1 M এসিডের বিয়োজনের পরিমাণ শতকরা 5 ভাগ হলে তার pH এর মান নির্ণয় কর।**

**সমাধান:** pH= – log[αc] = - log [ $1.75\times 10^{-5}\times 1$ ] = 4.76

**উদাহরণ: 02** **0.01 মোলার $NH_4OH$ দ্রবণের pH কত?|$K_b = 1.8\times 10^{-5}$?**

**সমাধান:** pH= 14+ $\log\left(\sqrt{K_b\times C}\right)$=14+ $\log\left(\sqrt{1.8\times 10^{-5}\times 0.01}\right)$ = 10.63

জেনে রাখা ভালো : pH নির্ণয়ের কমন সূত্র, pH = – log $[H^+]$ = – log[αC] = –log $\sqrt{Ka.C}$

## ❑ CALCULATOR ছাড়া pH নির্ণয়ের আরেকটি চমক ❑

Calculator ছাড়া pH নির্ণয় নির্ণয় করতে হলে নিচের মানগুলো মনে রাখা জরুরী ।

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| log 1 = 0 | log 2 = 0.3 | log 3 = 0.5 | log 4 = 0.6 | log 5 = 0.7 | log 6 = 0.8 | log 7 = 0.9 | log 10 = 1 |

> দেখ সবই সহজ log 2 বাদে বাকী সবগুলোর log ভিত্তিক মান বের করতে হলে ঐ সংখ্যার আগে দশমিক বসিয়ে তার সাথে (0.2) যোগ করে দাও।

### TRICKS: pH = দশমিকের পর যত অংক –log of শেষ অংক

**উদাহরণ: 01** **0.001M $HClO_4$ এর pH কত?** **সমাধান:** pH = 3 – log1 = 4 – 0 = 3

**উদাহরণ: 02** **0.0007M $HNO_3$ এর pH কত?** **সমাধান:** pH = 4 – log 7 = 4 – 0.9 = 3.1

**উদাহরণ: 03** **$2\times 10^{-6}$M HCl এর pH কত?**

রকম Type এর থাকলে, pH = Power – log of সহগ (1st Digit)

**াধান:** pH = 6 – log 2 = 6 – 0.3 = 5.7

### pH বা pOH থেকে ঘনমাত্রা নির্ণয়-

**মুল সূত্রঃ** pH বা pOH দেওয়া থাকলে সরাসরি -i) $[H^+] = 10^{-pH}$ ; ii) $[OH^-] = 10^{-pOH}$

এবার উদাহরণ লক্ষ্য কর-

**উদাহরণ-01:** **পাকস্থলীর পাঁচক রসে pH এর মান 1.4 হলে ঐ রসে $H^+$ আয়নের ঘনমাত্রা কত? সমাধানঃ** $[H^+] = 10^{-pH} = 10^{-1.4} = 0.0398M$

**উদাহরণ-02:** **মানুষের ধমনীর রক্তে pH = 7.4 হলে $H^+$ আয়নের ঘনমাত্রা কত? সমাধানঃ** $[H^+] = 10^{-pH} = 10^{-7.4} = 3.98\times 10^{-8}$ M

### ঘনমাত্রা থেকে এসিড বা ক্ষারের পরিমাণ নির্ণয়-

**উদাহরণ:** **HCl দ্রবণের pH = 2, ঐ দ্রবণে HCl এর পরিমাণ $gL^{-1}$ এ বের কর?**

**সমাধানঃ** HCl এর পরিমাণ = ঘনমাত্রা × আঃ ভর W = S× M = $10^{-2}\times 36.5 = 0.365gL^{-1}$ (Here, S=$10^{-pH}$ =$10^{-2}$, M=36.5)

### pH/pOH এর পরিবর্তন থেকে ঘনমাত্রা নির্ণয় :

**উদাহরণ-01:** **যদি কোন দ্রবণের pH এর মান 2 থেকে 5 এ পরিবর্তন হয় তবে $H^+$ এর ঘনমাত্রা কত গুণ কমবে?**

| | |
|---|---|
| **সমাধান:** $[H^+] = 10^{a_1-a_2} = 10^{2-5} = 10^{-3}$<br>**Ans:** 1000 times | ($a_1 = pH_1 = 2$ = প্রথম মান), ($a_2 = pH_2 = 5$ = দ্বিতীয় মান)<br>Power = -ve হলে ঘনমাত্রা কমে ; Power = +ve হলে ঘনমাত্রা বাড়ে |

**উদাহরণ-02:** **সমুদ্রের একটি নমুনা পানির pH পরিমাপ করে pH পাওয়া গেল 8.0 কিন্তু বিশুদ্ধ পানি মিশ্রিত করলে pH হল 5.0 এতে $H^+$ আয়নের ঘনমাত্রার কি পরিবর্তন হল?**

| | |
|---|---|
| **সমাধান:** $[H^+] = 10^{a_1-a_2} = 10^{8-5} = 10^3$<br>যেহেতু Power = +ve তাই ঘনমাত্রা $10^3$ গুণ বাড়বে। | ($a_1 = pH_1$ = প্রথম মান), ($a_2 = pH_2$ = দ্বিতীয় মান) |

### হ্যান্ডারসন-হেসেলবাখ সমীকরণ সম্পর্কিত সমস্যা:

বাফার সূত্রের বিভিন্ন রূপঃ $pH = pK_a + \log\left[\frac{Salt}{Acid}\right]$ ............. (i), $= pK_a + \log\left[\frac{\frac{n_{Salt}}{V}}{\frac{n_{Acid}}{V}}\right] = pK_a + \log\left[\frac{n_{Salt}}{n_{Acid}}\right]$ ............ (ii)

$= pK_a + \log\left[\frac{(VS)_{Salt}}{(VS)_{Acid}}\right]$ ...........(iii), $= pK_a + \log\left[\frac{(VS)_{PS} - (VS)_{ns}}{(VS)_{PA} - (VS)_{nA}}\right]$ .... (iv)

**(v) Acid / Base ক্ষেত্রে-** $pH = pK_a + \log\frac{V_bS_b}{V_aS_a - V_bS_b}$ [সূত্রটি লবণ উল্লেখ না থাকলে সরাসরি প্রয়োগ করা যাবে।]

POLL MACHINE
Preparation and Practice are vital for effective delivery



CamScanner

❏ এবার বিশ্লেষণী দৃষ্টি নিয়ে উদাহরণ লক্ষ্য কর:

**উদাহরণ:** 10 ml 0.1 M ইথানোয়িক এসিড ($pK_a = 4.76$) দ্রবণে 4 ml 0.1 M NaOH দ্রবণ যোগ করলে উৎপন্ন দ্রবণের pH মান কত হবে?

সমাধানঃ $pH = pK_a + \log \frac{V_bS_b}{V_aS_a - V_bS_b} = 4.76 + \log \frac{4\times0.1}{10\times0.1-4\times0.1} = 4.58$

❏ বিয়োজন ধ্রুবক সম্পর্কিত সমস্যা:

**উদাহরণ:** $NH_3$ এর কনজুগেট অম্ল ($NH_4^+$) এর $K_a = 5.8\times10^{-10}$ হলে $NH_3$ এর $K_b$ এর মান কত?

সমাধানঃ $K_a \times K_b = 10^{-14}$ বা, $K_b = \frac{10^{-14}}{5.8\times10^{-10}} = 1.72\times10^{-5}$ mol/L

❏ বিয়োজন ধ্রুবক থেকে ঘনমাত্রা নির্ণয়:

**উদাহরণ:** 20° সে. তাপমাত্রায় অ্যাসিটিক এসিড 4% আয়নিত হয়। অ্যাসিটিক এসিডের ঘনমাত্রা কত? ($K_a = 2.66\times10^{-5}$)

সমাধানঃ $K_a = \alpha^2C$ বা, $C = \frac{K_a}{\alpha^2} = \frac{2.66\times10^{-5}}{(0.04)^2} = 0.016M$

❏ দ্রবণের প্রকৃতি ও ঘনমাত্রা সংক্রান্ত সমস্যা :

**উদাহরণ:** 30 $cm^3$ 0.12 M দ্রবণে 15 $cm^3$ 0.11 M $H_2SO_4$ যোগ করলে দ্রবণটির প্রকৃতি এবং ঘনমাত্রা নির্ণয় কর।

সমাধান: এধরণের সমস্যা সমাধানের জন্য দ্রবণের তুল্য সংখ্যা সর্বদা ১ ধরবে এবং এসিড ও ক্ষারের প্রকৃতিকে ইচ্ছামত ধনাত্মক বা ঋণাত্মক ধরে যদি ধনাত্মক ঋণাত্মক মান পাওয়া যায় তবে এসিড বা ক্ষার হবে।

ধরি, সালফিউরিক এসিড ঋণাত্মক এবং NaOH ধনাত্মক $VSe = V_1S_1e_1 + V_2S_2e_2$

$(30+15)\times S\times1 = (-)\ 30\times0.12\times2 + 15\times0.11\times1 = -0.123$ দ্রবণের প্রকৃতি ঋণাত্মক আর এসিডকে ধরা হয়েছিল ঋণাত্মক কাজেই দ্রবণটি এসিডীয় হবে এ ঘনমাত্রা হবে 0.123।

## TOPIC-10 বিক্রিয়া তাপ, এনথালপি ও তাপ রসায়নের সূত্র

☑ তাপোৎপাদী বিক্রিয়া (Exothermic Reaction)

➲ বৈশিষ্ট্য:

| ছন্দে ছন্দে | বাক্যে বাক্যে | |
|---|---|---|
| তাপ মামার উদয় হলে তেল মামা নামে, | ১। তাপ উৎপন্ন হয়। | ২। ΔH এর মান কম হয় অর্থাৎ ঋণাত্মক হয়। |
| ব্রাহ্মণবাড়িয়ার শক্তি বেশী উত্তর বঙ্গ জানে। | ৩। বিক্রিয়কের অভ্যন্তরীণ শক্তিবেশী এবং | ৪। উৎপাদের অভ্যন্তরীণ শক্তি কম থাকে। |

তাপোৎপাদী এনথালপি মনে রাখার কৌশল :

| (দরদী) দরদ-ই সংলাপ | | | | |
|---|---|---|---|---|
| দরদ | ই | সং | লা | প |
| দহন তাপ, দ্রবণ তাপ | ইলেক্ট্রন আসক্তি | সংগঠন তাপ | ল্যাটিস শক্তি | প্রশমন তাপ |

POLL MACHINE

❏ এক নজরে সমীকরণ থেকে এনথালপি-

| এনথালপি পরিবর্তন | প্রকৃতি | সমীকরণ/ উদাহরণ/ তথ্য |
|---|---|---|
| উর্ধ্বপাতন এনথালপি | তাপহারী | $K(s)\rightarrow K(g);\ \Delta H^0 = +90KJ$<br>ক) কার্বনের উর্ধ্বপাতন এনথালপি হচ্ছে + 717.02 kJ ; খ) আয়োডিনের উর্ধ্বপাতন এনথালপি + 62.39 kJ |
| ল্যাটিস এনথালপি | তাপোৎপাদী | $K^+(g)+Cl^-(g) \rightarrow K^+Cl^-(s);\ \Delta H^0 = -760$ KJ ;KCl এর এনথালপি - 780$KJmol^{-1}$ |
| আয়নীকরণ এনথালপি | তাপহারী | $Na(g)\rightarrow Na^+(g)+e^-;\ \Delta H^0 = +494KJ$ |
| ইলেকট্রন আসক্তি | তাপোৎপাদী | $Cl(g)+e^- \rightarrow Cl^-(g);\ \Delta H^0 = -348KJ$ |
| গঠন এনথালপি | তাপোৎপাদী | ক) হিসেবের সময় সমস্ত মৌলের এনথালপির মান শূণ্য হবে।<br>খ) বিক্রিয়া এনথালপি থেকে যৌগের গঠন এনথালপি হিসেব করা যায়।<br>গ) উপাদান মৌলের প্রত্যক্ষ সংযোগে তৈরি হতে হবে।<br>ঘ) উৎপন্ন যৌগের পরিমাণ সবসময় 1 মোল হবে। |
| দ্রবণ এনথালপি | তাপোৎপাদী | ক) 200 - 400 মোল দ্রাবকে 1 মোল দ্রব দ্রবীভূত করে যে দ্রবণ প্রস্তুত হয় তাতে আরো দ্রাবক যোগ করলেও দ্রবণের তাপীয় অবস্থার পরিবর্তন হয় না।<br>খ) সালফিউরিক এসিডের দ্রবণ তাপ – 84.52 kJ |
| বন্ধন এনথালপি বা বন্ধন শক্তি | তাপহারী | ক) বন্ধন এনথালপি হচ্ছে বন্ধন ভাঙ্গার প্রয়োজনীয় শক্তি। খ) বন্ধন এনথালপির সাহায্যে বিক্রিয়ার এনথালপি নির্ণয় করা যায়। গ) পানির অণুর বন্ধন এনথালপি -285.85 KJ |
| গলন এনথালপি | তাপহারী | পানির গলন এনথালপি + 6$KJmol^{-1}$ |
| জেনে রাখা ভাল: ঘনীভবন এনথালপি (তাপোৎপাদী) | | |

Preparation and Practice are vital for effective delivery

❏ তাপ রসায়নের সূত্র সমূহঃ

➢ হেস-এর ধ্রুব তাপ সমষ্টিকরণ সূত্র ➢ ল্যাভয়সিয়ে ও ল্যাপলাসের সূত্র ➢ শক্তির নিত্যতার সূত্র ➢ ভরের নিত্যতা সূত্র



CamScanner

## TOPIC-11 বিক্রিয়া তাপ ও এনথালপি নির্ণয়ের কৌশল

**Item-01** হেসের তাপ সমষ্টিকরণ সূত্র : $\Delta H = \Delta H_1 + \Delta H_2$

উদাহরণ: এক মোল C থেকে একমোল $CO_2$ তৈরি করলে $\Delta H^0$ হয় - 394 kJ; আবার এক মোল CO থেকে এক মোল $CO_2$ তৈরি করলে $\Delta H^0$ হয় - 283 kJ. এক মোল C থেকে একমোল CO তৈরি করলে $\Delta H^0$ হবেঃ

সমাধান: $\Delta H = \Delta H_1 + \Delta H_2 \Rightarrow -394 = -283 + \Delta H_2 \quad \therefore \Delta H_2 = -111 KJ$

**Item-02** সূত্র : $Q = ms\Delta\theta$

উদাহরণ: 10 গ্রাম পানি 4° সেঃ থেকে 14° সেঃ তাপমাত্রায় উন্নীত করতে কত ক্যালরি তাপ প্রয়োজন?

সমাধান: $= ms\Delta\theta = 0.01 \times 4200 \times (14-4)$ [10 g = 0.01 kg] $= 420\ J\ kg^{-1} = 100$ Cal [1 J = 4.2 Cal]

**Item-03** $\Delta H$ এর মান নির্ণয়

- তাপোৎপাদী বিক্রিয়ার ক্ষেত্রে- বিক্রিয়ার এনথালপি $\Delta H$ = (উৎপাদের এনথালপি - বিক্রিয়কের এনথালপি)
- তাপহারী বিক্রিয়ার ক্ষেত্রে- বিক্রিয়ার এনথালপি $\Delta H$ = (বিক্রিয়কের এনথালপি - উৎপাদের এনথালপি)

উদাহরণ: $C_2H_6(g)$, $CO_2(g)$ এবং $H_2O(l)$ এর প্রমাণ সংগঠন তাপ যথাক্রমে – 88.28, – 393.71 এবং –285.85 kJ। $C_2H_6(g)$ এর প্রমাণ দহন তাপ গণনা কর।

সমাধান: প্রশ্নানুসারে, ইথেন ($C_2H_6$) এর প্রমাণ গঠন তাপ, $\Delta H^0_{f(C_2H_6)} = -88.28$ kJ ; $CO_2$ এর প্রমাণ গঠন তাপ, $\Delta H^0_{f(CO_2)} = -393.71$ kJ

$H_2O$ এর প্রমাণ গঠন তাপ, $\Delta H^0_{f(H_2O)} = -285.85$ kJ ; $C_2H_6$ এর প্রমাণ দহন তাপ, $\Delta H^0 = ?$

ইথেনের দহন বিক্রিয়া- $C_2H_6(g) + 3\frac{1}{2}O_2(g) = 2CO_2(g) + 3H_2O(l)$

এ বিক্রিয়ার জন্য- $\Delta H^0 = \{2\Delta H_{f(CO_2)} + 3\Delta H_{f(H_2O)}\} - \{\Delta H_{f(C_2H_6)} + 3\frac{1}{2}\Delta H_{f(O_2)}\} = \{2 \times (-393.71) + 3 \times (-285.85)\} - (-88.28 + 0)$

$= -787.42 - 857.55 + 88.28 = -1556.69\ kJ\ mol^{-1}$

## STEP 03 বিগত সালের প্রশ্নের ব্যাখ্যা ও প্যারালাল তথ্যসহ সমাধান

### STEP 01 ANALYSIS OF GST QUESTION

01. 0.4M $CH_3COOH$ ও 0.4M $CH_3COONa$ মিশ্রণের জলীয় দ্রবণের pH কত? ($K_a = 1.0 \times 10^{-5}$) [GST-A. 2022-2023]

A. 9 B. 8
C. 5 D. 4

**S C Why** $pH = pKa + \log\frac{[salt]}{[acid]}$

$\Rightarrow pH = -\log[k_a] + \log\frac{[salt]}{[acid]}$

$\Rightarrow pH = -\log[1 \times 10^{-5}] + \log\left[\frac{0.4}{0.4}\right] \Rightarrow pH = 5$

02. একটি বিক্রিয়া 10 ও 30 ঘন্টায় যথাক্রমে 50% ও 87.5% সম্পন্ন হলে এটি কোন ক্রম বিক্রিয়া অনুসরণ করে? [GST-A. 2022-2023]

A. শূন্য B. ১ম
C. ২য় D. ৩য়

**S B Why** ১ম ক্ষেত্রে, $k_1 = \frac{2.303}{t}\log\left(\frac{a}{a-x}\right)$

$= \frac{2.303}{10 \times 3600}\log\left(\frac{100}{100-50}\right) = 1.925 \times 10^{-5}$

২য় ক্ষেত্রে, $k_2 = \frac{2.303}{t}\log\left(\frac{a}{a-x}\right)$

$= \frac{2.303}{30 \times 3600}\log\left(\frac{100}{100-87.5}\right) = 1.925 \times 10^{-5}$

$\therefore \frac{k_1}{k_2} = 1$ অর্থাৎ, একই বিক্রিয়ায় বিভিন্ন ক্ষেত্রে তাদের হার ধ্রুবকের অনুপাত 1 হলে সেই বিক্রিয়ার ক্রম 1 হয়।

03. 27°C তাপমাত্রায় $A(g) \rightleftharpoons 2B(g)$ বিক্রিয়াটির $K_p$ এর মান $8.314 \times 10^2$ Pa হলে $K_c$ এর মান কত $mol/m^3$? [GST-A. 2022-2023]

A. 8.314 B. 3.70
C. 1/30 D. 1/3

**S D Why** $A(g) \rightleftharpoons 2B(g)$

$K_p = K_c(RT)^{\Delta n}$

$\Rightarrow K_c = \frac{K_p}{(RT)^{\Delta n}} = \frac{0.008}{(0.0821 \times 300)^1}$

$\Rightarrow K_c = 0.000333\ mol\ L^{-1}$

$\Rightarrow K_c = 0.000333 \times 1000$

$= 0.333 = \frac{1}{3}\ mol/m^3$

$\Delta n = 2 - 1 = 1$

$\therefore K_p = 8.314 \times 10^2 Pa$

$= \frac{8.314 \times 10^2}{101325}\ atm = 0.008\ atm$

$T = 27°C = 300K$

$R = 0.0821\ L\ atm\ K^{-1}\ mol^{-1}$

04. একটি প্রথম ক্রম বিক্রিয়ার ঘনমাত্রা 60 s এ 2.0 mol/L থেকে 1.0 mol/L এ নেমে আসে। বিক্রিয়কের ঘনমাত্রা 0.5 mol/L থেকে 0.125 mol/L এ নেমে আসতে কত s সময় লাগবে? [GST-A. 2020-21]

A. 15 B. 30 C. 60 D. 120

**S D Why** এখানে, অর্ধায়ু 60 s, $\frac{0.125}{0.5}$ বা $\frac{1}{4} = \frac{1}{2^2}$ অংশ হতে সময় লাগবে অর্ধায়ুর দ্বিগুণ। অর্থাৎ $60 \times 2 = 120s$

05. কোন বিক্রিয়ার সাম্যাবস্থায় $K_p = K_C$? [GST Set-2. 2021-22]

A. $PCl_5 \rightleftharpoons PCl_3 + Cl_2$ B. $2SO_2 + O_2 \rightleftharpoons 2SO_3$
C. $N_2 + 3H_2 \rightleftharpoons 2NH_3$ D. $H_2 + I_2 \rightleftharpoons 2HI$

**S D Why** আমরা জানি,

$\Delta n$ = গ্যাসীয় উৎপাদের মোল সংখ্যা – গ্যাসীয় বিক্রিয়কের মোল সংখ্যা

$H_2 + I_2 \rightleftharpoons 2HI$ বিক্রিয়ার ক্ষেত্রে, $\Delta n = 2 - 2 = 0$

$\therefore K_p = K_C(RT)^{\Delta n} \Rightarrow K_p = K_C(RT)^0 \Rightarrow K_P = K_C$

06. কোনটি ক্ষারীয় বাফার দ্রবণ? [GST Set-2. 2021-22, DU-Tech. 20-21]

A. $NaOH + CH_3COOH$ B. $NH_4OH + NH_4Cl$
C. $NaOH + HCl$ D. $NH_4OH + CH_3COONa$

**S B Why** বাফার দ্রবণ: যে দ্রবণে সামান্য পরিমাণ এসিড বা ক্ষারকের দ্রবণ যোগ করার পরও দ্রবণের pH এর মান অপরিবর্তিত থাকে তাকে বাফার দ্রবণ বলে।

POLL MACHINE
Preparation and Practice are vital for effective delivery



CS CamScanner

বাফার দ্রবণ 2 প্রকার:

- অম্লীয় বাফার দ্রবণ- [দুর্বল এসিড + অনুবন্ধী ক্ষারক (সবল ক্ষারের লবণ)]
  উদাহরণ :(i) $CH_3COOH + CH_3COONa$, (ii) $H_2PO_4^- + HPO_4^{2-}$
- ক্ষারীয় বাফার দ্রবণ: [দুর্বল ক্ষারক + অনুবন্ধী এসিড (সবল এসিডের লবণ)]
  উদাহরণ : (i) $Na_2CO_3 + HCO_3^-$ (ii) $NH_4OH + NH_4^+$

07. $N_2(g) + 3H_2(g) \rightleftharpoons 2NH_3(g)$, $\Delta H = -92.4$ Kj/mol বিক্রিয়ায় $NH_3$ এ উৎপাদন কমাবে কোনটি? [GST Set-2, 2021-22]

A. চাপের বৃদ্ধি B. তাপমাত্রার বৃদ্ধি
C. $N_2$ যোগ করলে D. $H_2$ যোগ করলে

S(B) Why তাপমাত্রা পরিবর্তনের সাথে সাম্যধ্রুবকের পরিবর্তন:

| বিক্রিয়া | ΔH | তাপমাত্রার পরিবর্তন | সাম্যধ্রুবক | বিক্রিয়ক | উৎপাদ |
|---|---|---|---|---|---|
| তাপোৎপাদী | ঋণাত্মক | হ্রাস পেলে | বৃদ্ধি পাবে | হ্রাস পাবে | বৃদ্ধি পাবে |
| | | বৃদ্ধি পেলে | হ্রাস পাবে | বৃদ্ধি পাবে | হ্রাস পাবে |
| তাপহারী | ধনাত্মক | বৃদ্ধি পেলে | বৃদ্ধি পাবে | হ্রাস পাবে | বৃদ্ধি পাবে |

08. 0.1M অ্যাসিটিক এসিড দ্রবণের সাথে সম পরিমাণ 0.1M সোডিয়াম অ্যাসিটেট দ্রবণ মিশ্রিত করলে মিশ্রণের pH কত হবে? ($k_a = 1.0 \times 10^{-5}$) [GST-A. 2020-21, RU. 06-07]

A. 5 B. 6
C. 8 D. 9

S(A) Why এখানে, এটি একটি বাফার দ্রবণ বিধায়

$$pH = pK_a + \log\left[\frac{acid}{salt}\right] = -\log[1.0 \times 10^{-5}] + \log\left[\frac{0.1}{0.1}\right]$$

$$= -\log[1 \times 10^{-5}] + \log 1 = 5 + 0 = 5$$

## PART (A) ANALYSIS OF GENERAL UNIVERSITY QUESTION

### জগন্নাথ বিশ্ববিদ্যালয়

01. তাপমাত্রা বৃদ্ধিতে বিক্রিয়ার হার বৃদ্ধির কারণ- [JnU.15-16; RU-A-16-17]

A. সংঘর্ষ সংখ্যা বৃদ্ধি B. সক্রিয় অণুর সংখ্যা বৃদ্ধি
C. সক্রিয়ন শক্তি হ্রাস D. সক্রিয়ন শক্তি বৃদ্ধি

S(A) Why তাপমাত্রা বৃদ্ধি পাবার ফলে অণুগুলোর মধ্যে সংঘর্ষের হার বাড়ে। আর সংঘর্ষের সংখ্যা বৃদ্ধি পাবার সাথে সাথে পুরাতন অণু ভেঙে নতুন অণু তৈরী হয় অর্থাৎ অণুর সংখ্যা বৃদ্ধি পায়। ফলে অধিক সংখ্যক অণু সক্রিয়ন শক্তি লাভ করে।

02. হেবার-বস পদ্ধতিতে অ্যামোনিয়া গ্যাস উৎপাদনের ক্ষেত্রে কোনটি সঠিক? [JnU. 2011-2012]

A. উচ্চ তাপমাত্রা অধিক উৎপাদনের অনুকূল
B. উচ্চ চাপ অধিক উৎপাদনের অনুকূল
C. কোন প্রভাবকের প্রয়োজন নাই
D. অতিরিক্ত বায়ু সরবরাহের প্রয়োজন নাই

S(B) Why বিক্রিয়া: $N_2 + 3H_2 \rightleftharpoons 2NH_3$; $\Delta H = -92$ kJ/mol

- বিক্রিয়াটি উভমুখী।
- বিক্রিয়াটি তাপোৎপাদী। তাপমাত্রা বৃদ্ধিতে উৎপাদন হ্রাস পায়। কিন্তু কম তাপে ও উৎপাদন লাভজনক হয় না। এজন্য অত্যানুকূল তাপমাত্রা 450° - 550°C রাখা হয়।
- প্রভাবক লৌহচূর্ণ।
- প্রভাবক সহায়ক Mo বা $Al_2O_3$
- চাপের প্রভাব: বিক্রিয়ায় আয়তনের হ্রাস ঘটে বলে চাপ বৃদ্ধিতে উৎপাদনে বাড়ে। এজন্য 200 বায়ুমন্ডলীয় চাপ ব্যবহৃত হয়। অর্থাৎ উচ্চচাপ ও নিম্ন তাপমাত্রায় সর্বাপেক্ষা বেশী অ্যামোনিয়া উৎপাদন করা যায়।

03. স্পর্শ প্রণালীতে সালফিউরিক এসিড উৎপাদনের ক্ষেত্রে, কোনটি সঠিক? [JnU. 2010-]

A. উচ্চ তাপমাত্রা অধিক উৎপাদনের অনুকূল
B. কোন প্রভাবকের প্রয়োজন নাই
C. অতিরিক্ত চাপের প্রয়োজন নাই
D. অতিরিক্ত বায়ু সরবরাহের প্রয়োজন নাই

S(C) Why স্পর্শ বা সংযোগ প্রণালীতে সালফিউরিক এসিড উৎপা... উপকরণসমূহ:

- সালফার বা আয়রন পাইরাইটস।
- বিশুদ্ধ অক্সিজেন।
- প্লাটিনাম চূর্ণযুক্ত অ্যাসবেস্টস বা ভ্যানাডিয়াম পেন্টাক্সাইড প্রভাবক ($V_2O$...
- 98% সালফিউরিক এসিড।
- অতি উচ্চও নয়, অতি নিম্নও নয় এমন অত্যানুকূল তাপমাত্রা (450°C)।
- চাপের প্রয়োজন (6.5atm)।

04. $N_2(g) + 3H_2(g) \rightleftharpoons 2NH_3(g) + 46$ kJ $mol^{-1}$ বিক্রিয়াটি প্রভাব... উপস্থিতিতে নিম্নের কোন অবস্থায় অ্যামোনিয়ার সুবিধাজনক উৎপাদন নিশ্চিত কর... [JnU. 2008-2009, JU. 08-]

A. অধিক তাপমাত্রা ও অধিক চাপ B. কম তাপমাত্রা ও কম চাপ
C. কম তাপমাত্রা ও অধিক চাপ D. অধিক তাপমাত্রা ও কম চাপ Ans

05. 25°C তাপমাত্রায় 1.0 atm চাপে $N_2O_4$ 20% বিয়োজিত হয়। ... বিয়োজনের জন্য $K_p$ এর মান কত? [JnU. 2015-16, JU-D.14-]

A. 0.106 B. 0.761 C. 0.691 D. 0.167

S(D) Why $N_2O_4 \rightleftharpoons 2NO_2$

$$\Rightarrow K_p = \frac{4\alpha^2}{1-\alpha^2} \times P = \frac{4 \times (0.2)^2}{1-(0.2)^2} \times 1 = 0.167$$

06. নিম্নের কোন এসিডটির $pK_a$ এর মান সবচেয়ে বেশী? [JnU-A.2017-18; DU-Ka. 2014-]

A. $CH_3COOH$ B. $Cl_2CHCOOH$
C. $ClCH_2COOH$ D. $C_6H_5COOH$

S(A) Why এসিডের বিয়োজন ধ্রুবক $K_a$ এর মান বাড়লে অম্লধর্মীতা ব... কিন্তু pKa এর মান বাড়লে অম্লধর্মীতা কমে। যেহেতু চারটি যৌ... মধ্যে $CH_3COOH$ এর অম্লধর্মীতা সবচেয়ে কম, তাই এর pKa এর ... সবচেয়ে বেশী।

| এসিড | $pK_a$ | এসিড | $pK_a$ |
|---|---|---|---|
| $CH_3COOH$ | 4.73 | $ClCH_2COOH$ | 2.85 |
| $Cl_2CHCOOH$ | 1.26 | $C_6H_5COOH$ | 4.19 |

POLL MACHINE
Preparation and Practice are vital for effective delivery

07. 0.001M HCl দ্রবণের pH-এর মান কত? [JnU. 2015-16, CUET. 2010-]

A. 2.0 B. 3.0 C. 4.0 D. 0.001

S(B) Why সরাসরি উত্তর 3 কারণ দশমিকের পরে এক বিশিষ্ট তিনটি অংক আ...

08. 0.025 M HCl দ্রবণের pH কত? [JnU. 2012-2...]

A. 1.0 B. 1.60 C. 1.3 D. 1.2

S(B) Why $pH = -\log[0.025] = 1.6$

09. ডেসিমোলার ইথানয়িক এসিডের বিয়োজন মাত্রা 10%। এর pH মান কত? [RU-H₁ 2017-18; JnU.1...]

A. 1 B. 2 C. 1.5 D. 3

S(B) Why $[H^+] = \alpha c = 0.1 \times 0.1 = 0.01M$, $pH = -\log(0.01) = 2$

10. 0.001 মোলার অম্লীয় দ্রবণের- pH মান কত? [JnU. 2006-2...]

A. 1.00 B. 2.0 C. 3.0 D. 4.0

S(C) Why দশমিকের পরে তিনটি অংক আছে। তাই pH = 3

11. তীব্র এসিড ও তীব্র ক্ষারের প্রশমন তাপ ΔH এর মান কত? [JnU-A.1...]

A. $+57.32$ $kjmol^{-1}$ B. $-57.32$ $kjmol^{-1}$
C. $-52.32$ $kjmol^{-1}$ D. $+52.32$ $kjmol^{-1}$

S(B) Why সকল তীব্র এসিড ও তীব্র ক্ষারের প্রশমন বিক্রিয়ায় এনথা... মান ধ্রুব থাকে। এই ধ্রুব মান $-57.32$ Kj/mol.

CamScanner

N–N এর বন্ধন শক্তি কত? [JnU-A.2017-18]
A. 345 kj.$mol^{-1}$
B. 163 kj.$mol^{-1}$
C. 146 kj.$mol^{-1}$
D. কোনটিই নয়

S (B) WhY C–C বন্ধন শক্তি 347 $kjmol^{-1}$ এবং N–N বন্ধন শক্তি 163 $kJmol^{-1}$

গ্রিক শব্দ ENTHALPEIN এর অর্থ কি? [JnU-Ka. 2016-17]
A. warm
B. to warm in
C. heat
D. to warm
Ans B

রাসায়নিক বিক্রিয়ায় বিক্রিয়ক ও উৎপাদের মধ্যে মূল পরিবর্তন ঘটে কোনটি? [JnU-Ka. 2016-17]
A. অভ্যন্তরীণ শক্তি
B. স্থিতি শক্তি
C. গতি শক্তি
D. বন্ধন শক্তি
Ans D

নিম্নের কোন বন্ধনটির বন্ধন শক্তি সবচেয়ে বেশী? [JnU.2008-09]
A. $N\equiv N$
B. N–H
C. $C\equiv C$
D. C = O

S (A) WhY বিজ্ঞানী ল্যাভয়শিয়ে নাইট্রোজেনের নাম দেন অ্যাজোট অর্থাৎ নিষ্ক্রিয়। এর শক্তিশালী সিগমা বন্ধনের কারণে নাইট্রোজেনের বন্ধন শক্তি সবচেয়ে বেশী। এতে বন্ধন শক্তি 945KJ $mol^{-1}$ বিদ্যমান।

## ইসলামী বিশ্ববিদ্যালয়

গ্রীন কেমিস্ট্রির 12টি নীতির মধ্যে সঠিক নয়- [IU. 2019-20]
A. বর্জ্য পদার্থ রোধকরণ
B. সর্বোত্তম এটম ইকোনমি
C. শ্রমিকের স্বাস্থ্য সেবা
D. দুর্ঘটনা প্রতিরোধ
Ans C

আন্তর্জাতিকভাবে রসায়নবিদদের দ্বারা অনুমোদিত সবুজ রসায়নের নীতির সংখ্যা- [IU-F, Set-B:2018-19]
A. 7
B. 10
C. 12
D. 20

S (C) WhY গ্রীন কেমিস্ট্রি বা সবুজ রসায়ন উদ্দেশ্য বাস্তবায়নে 12 টি নীতি আন্তর্জাতিক ভাবে রসায়নবিদদের দ্বারা নির্ধারিত হয়েছে।

সক্রিয়ন শক্তির মান কম হলে বিক্রিয়ার গতি- [IU-A.2017-18]
A. কমে
B. বাড়ে
C. অপরিবর্তিত থাকে
D. A ও B

S (B) WhY বিক্রিয়ার হার সক্রিয়ন শক্তির ব্যস্তানুপাতিক।

প্রতি একক সময়ে কোন রাসায়নিক বিক্রিয়া যতটুকু সম্পন্ন হয়, তাকে ঐ বিক্রিয়ার- [IU-D.2019-20]
A. হার বলে
B. ধ্রুবক বলে
C. হার-ধ্রুবক বলে
D. কোনোটিই নয়
Ans A

কোন একটি বিক্রিয়ার জন্য বিভিন্ন তাপমাত্রায় বেগ ধ্রুবকের বিভিন্ন মান পাওয়া গেল। এ থেকে 1/T এর বিপরীতে logk স্থাপন করে যে সরল রেখা পাওয়া যায় তার ঢাল –47. বিক্রিয়াটির সক্রিয়ন শক্তি- [IU-D. 2016-17]
A. 1200 জুল
B. 600 জুল
C. 300 জুল
D. 900 জুল

S (D) WhY যেহেতু $\frac{1}{T}$ এর বিপরীতে logk স্থাপন করে লেখচিত্র অঙ্কন করা হয়েছে; সেহেতু ঢাল $\frac{-E_a}{2.303R} = -47$

$\Rightarrow E_a = 47\times2.303\times8.3J = 899.91J = 900J$

$CH_4(g)+2O_2(g) \rightleftharpoons CO_2(g)+2H_2O(l)$ বিক্রিয়ায় চাপ প্রয়োগে সাম্যাবস্থা- [IU-A.2017-18]
A. বাম দিকে
B. ডান দিকে
C. অপরিবর্তিত থাকবে
D. কোনটিই নয়

S (B) WhY লা শাতেলিয়ার নীতি অনুসারে, যে দিকে গ্যাসীয় মোল সংখ্যা কম চাপ প্রয়োগে সাম্যাবস্থা সে দিকে অগ্রসর হয়।

07. $CH_4(g) + 2O_2(g) \rightleftharpoons CO_2(g) + 2H_2O(l)$; এই বিক্রিয়ায় চাপ বাড়ালে উৎপাদের পরিমাণ- [IU-D. 2016-17]
A. বাড়ে
B. কমে
C. অপরিবর্তিত থাকে
D. কোনটিই নয়

S (A) WhY যেহেতু এখানে গ্যাসীয় বিক্রিয়কের মোল সংখ্যা বেশি তাই চাপ প্রয়োগ করলে বিক্রিয়া বাম থেকে ডানে যাবে।

08. $PCl_5 \rightleftharpoons PCl_3 + Cl_2$ বিক্রিয়ায় $Cl_2$ গ্যাস সংযোগ হলে- [IU. 2015-16]
A. $PCl_5$ এর বিয়োজন বৃদ্ধি পায়
B. কোন প্রভাব পড়ে না
C. $PCl_5$ এর বিয়োজন হ্রাস পায়
D. কোনটিই নয়

S (C) WhY ঘনমাত্রা যে দিকে বাড়ানো হয় বিক্রিয়া তার বিপরীত দিকে যায়।

09. শক্তিশালী অ্যাসিড- [IU. 2014-15]
A. $CH_3COOH$
B. $CH_2ClCH_2COOH$
C. $CH_2Cl$ COOH
D. $CH_3CH_2COOH$
Ans C

10. নিচের যেটির জলীয় দ্রবণের pH সবচেয়ে কম হবে- [IU. 2014-15]
A. NaClO
B. $NaClO_2$
C. $NaClO_3$
D. $NaClO_4$

S (D) WhY $NaClO_4$ জলীয় দ্রবণে NaOH ও $HClO_4$ তৈরী করে। অন্যদিকে NaClO, $NaClO_2$ ও $NaClO_3$ জলীয় দ্রবণে NaOH সহ অন্যান্য এসিড যথাক্রমে HClO, $HClO_2$, $HClO_3$ এসিড তৈরী করে। এই এসিডগুলোর মধ্যে $HClO_4$ সবচেয়ে তীব্র এসিড। যার কারণে $NaClO_4$ জলীয় দ্রবণের pH সবচেয়ে কম হবে।

11. একটি জলীয় দ্রবণে এসিড যোগ করলে এর pH মান- [IU.2011-2012]
A. বাড়ে
B. কমে
C. পরিবর্তিত হয় না
D. প্রথমে কমে ও পরে বাড়ে

S (B) WhY এসিড যোগ করলে $H^+$ আয়নের ঘনমাত্রা বাড়ে ফলে pH কমে যায়।

N.B: $[H^+]$ আয়নের ঘনমাত্রা 10 গুণ বাড়লে pH এক একক কমে যায়।

12. pH স্কেল নামক পদ্ধতি প্রকাশ করেন- [IU.2010-11]
A. সোরেনসেন
B. সি এম গুল্ডবার্গ
C. হেন্ডারসন
D. অসওয়াল্ড
Ans A

13. দ্রবণের pH এর মান 2 হলে উহার $[H^+]$ আয়নের ঘনমাত্রা- [IU.14-15]
A. 0.01
B. 0.02
C. 0.2
D. 0.001

S (A) WhY $[H^+] = 10^{-pH} = 10^{-2} = 0.01$

14. 1 mol $C_2H_5OH$ এর পূর্ণ দহনে কত মোল $CO_2$ উৎপন্ন হয়? [IU. 2019-20]
A. 1
B. 2
C. 3
D. 4

S (B) WhY $C_2H_5OH + 3O_2 \longrightarrow 2CO_2 + 3H_2O$

15. যখন পানিকে বাষ্পে পরিণত করা হয়, তখন- [IU.11-11]
A. এনথালপি পরিবর্তন হয় না
B. এনট্রপি অপরিবর্তিত থাকে
C. এনথালপি বৃদ্ধি পায়
D. এনথালপি হ্রাস পায়
Ans A

16. কোন সিস্টেমের ΔV = ঋণাত্মক মান হলে- [IU.2010-11]
A. $\Delta U > \Delta H$
B. $\Delta U < \Delta H$
C. $\Delta U = \Delta H$
D. কোনটিই নয়

S (A) WhY বিক্রিয়ার ΔU এবং ΔH এর মধ্যে সম্পর্ক:

১. যখন $\Delta H = \Delta U$ হয়; তখন $P\Delta V = 0$ হতে হয় অর্থাৎ $\Delta V = 0$ হয়।
 i. বিক্রিয়ক ও উৎপাদ কঠিন ও তরল হয়, আয়তনের পরিবর্তন নগণ্য হয়।
 ii. গ্যাসীয় বিক্রিয়ায় বিক্রিয়ক ও উৎপাদের মোল সংখ্যা সমান থাকে।

২. যখন $\Delta H > \Delta U$ হয়; তখন ΔV= ধনাত্মক মান হয়। এ অবস্থায় গ্যাসীয় বিক্রিয়া ঘটে এবং উৎপাদের মোল সংখ্যা বিক্রিয়কের মোল সংখ্যার চেয়ে বেশি হয়।

৩. যখন $\Delta H < \Delta U$ হয়; তখন ΔV= ঋণাত্মক মান হয়। এ অবস্থায় গ্যাসীয় বিক্রিয়া ঘটে এবং উৎপাদের মোল সংখ্যা বিক্রিয়কের মোল সংখ্যার চেয়ে কম হয়।

17. দ্রবণ তাপ বলা হয়- [IU.2011-12]
A. দ্রবণ তৈরীর জন্য প্রয়োজনীয় তাপকে
B. দ্রবণের মধ্যে যে তাপ বিদ্যমান থাকে
C. দ্রবণ প্রস্তুতকালে উৎপন্ন বা শোষিত তাপকে
D. দ্রবণ ও দ্রাবকের তাপকে একত্রে
Ans C

POLL MACHINE
Preparation and Practice are vital for effective delivery



CamScanner

18. সাধারন তাপমাত্রায় কোনটি কঠিন মৌল? [IU.2004-05]
A. নাইট্রোজেন, B. অক্সিজেন C. ফসফরাস D. আয়োডিন

S(D) Why সাধারন তাপমাত্রায় $N_2$ ও $O_2$ গ্যাসীয় পদার্থ এবং ফসফরাসের রূপভেদ দুটি শ্বেত (গলনাংক 88°C) এবং লোহিত (গলনাংক 590°C) ফসফরাস। তাই এখানে আয়োডিন উত্তর হবে।

19. তাপ গতিবিদ্যার প্রথম সূত্রের গাণিতিক রূপ- [IU.2004-05]
A. $dq = pdv$ B. $dq = dE$
C. $dq = dE - pdV$ D. $dE + pdV = Q_p$ Ans D

## খুলনা বিশ্ববিদ্যালয়

01. পটাশিয়াম ক্লোরেট হতে অক্সিজেন তৈরীর সময় $MnO_2$ কি হিসাবে কাজ করে? [RU-F 2015-16; HSTU 2017-18; KU. 2011-12]
A. ধনাত্মক অনুঘটক B. আবিষ্ট অনুঘটক
C. ঋণাত্মক অনুঘটক D. অনুঘটক সহায়ক

S(A) Why $2KClO_3 \xrightarrow{MnO_2, \Delta} 2KCl + 3O_2$

02. বিক্রিয়ক অণুগুলো পরস্পর সংঘর্ষ করে যখন পুরানো বন্ধন ভাঙ্গে এবং নতুন বন্ধন সৃষ্টি করতে শুরু করে তখন ঐ অবস্থাকে বলা হয়- [KU.2006-07]
A. বিক্রিয়ার ক্রম B. বিক্রিয়ার গতির হার
C. সক্রিয়নকৃত জটিল D. সক্রিয়ন শক্তি Ans C

03. নিচের চিত্র হতে বিক্রিয়ার সক্রিয়ন শক্তি এবং ΔH নির্ণয় কর। [KU. 2014-15]




A. $112$ kJ mol$^{-1}$, $-35$ kJ mol$^{-1}$ B. $112$ kJ mol$^{-1}$, $35$ kJ mol$^{-1}$
C. $211$ kJ mol$^{-1}$, $35$ kJ mol$^{-1}$ D. $-112$ kJ mol$^{-1}$, $-35$ kJ mol$^{-1}$

S(B) Why $E_a = E_A - E_R = 470 - 358 = 112$
$\Delta H = E_P - E_R = 393 - 358 = 35$

04. $N_{2(g)} + 3H_{2(g)} \rightleftharpoons 2NH_{3(g)}$ বিক্রিয়াটিতে $K_p$ এবং $K_c$ এর মধ্যে সম্পর্কটি হচ্ছে- [KU. 2014-15]
A. $K_p = K_c(RT)^2$ B. $K_p = K_c(RT)^{-2}$
C. $K_p = K_c(RT)^{-1}$ D. $K_p = K_c(RT)^0$

S(B) Why $N_2(g) + 3H_2(g) \rightleftharpoons 2NH_3$ এই বিক্রিয়ার জন্য
$\Delta n = -2 \therefore K_P = K_C(RT)^{-2}$

05. 0.02 mol/L মাত্রার অ্যাসিটিক এসিডের 50% বিয়োজিত হলে ঐ দ্রবণটির pH কত হবে? [$K_a = 1.8 \times 10^{-5}$ mol/L] [KU-A.Set-Kha:2018-19]
A. 3.22 B. 3.56
C. 5.56 D. 6.22

S(A) Why $\alpha = \sqrt{\frac{K_a}{C}} = \sqrt{\frac{1.8 \times 10^{-5}}{0.02}} = 0.03$
$\Rightarrow [H^+] = \alpha.C = 6 \times 10^{-4}; pH = -\log(6 \times 10^{-4}) = 3.22$

06. অক্সি-এসিডের তীব্রতার ক্ষেত্রে কোন নির্দেশনাটি সঠিক? [KU-A.Set-Kha:2018-19]
A. $HClO_3 > HNO_2 > HClO$ B. $HNO_3 > H_3PO_3 > H_2SO_3$
C. $H_3PO_3 > HNO_2 > HClO$ D. $HNO_2 > H_2SO_3 > HClO$ Ans A

07. হাইড্রোহ্যালিক এসিডের তীব্রতার সঠিক ক্রম কোনটি? [KU-A.2017-18]
A. HI(aq) > HCl(aq) > HBr(aq) > HF(aq)
B. HI(aq) > HBr(aq) > HCl(aq) > HF(aq)
C. HCl(aq) > HI(aq) > HBr(aq) > HF (aq)
D. HCl(aq) > HF(aq) > HI(aq) > HBr(aq) Ans B

08. বিশুদ্ধ পানিতে ইথানল যোগ করলে দ্রবণের pH কত হবে? [KU-A.Set-Kha:2018-
A. <7 B. 7
C. >7 এবং <14 D. 14

S(C) Why ইথানলের জলীয় দ্রবণ কিছুটা ক্ষারীয় প্রকৃতির হয় ক ইথানলের অক্সিজেন পরমাণু মুক্তজোড় ইলেক্ট্রন রয়েছে তাই $H^+$ গ্রহণ ক পারে এবং দুর্বল ক্ষার হিসেবে কাজ করে।

09. অক্সি-এসিড সমূহের কেন্দ্রীয় পরমাণুর ধনাত্মক জারণ সংখ্যার ভিত্তিতে এসি তীব্রতার সঠিক ক্রম কোনটি? [KU-জীঃ 2016-
A. $HClO_4 > H_2SO_4 > HNO_3 > H_2SO_3$ B. $HNO_3 > H_2SO_3 > HClO_4 > H_2SO_4$
C. $H_2SO_4 > HNO_3 > H_2SO_3 > HClO_4$ D. $H_2SO_3 > HNO_3 > HClO_4 > H_2SO_4$

S(A) Why $H\overset{+7}{Cl}O_4 > H_2\overset{+6}{S}O_4 > H_2\overset{+5}{S}O_3 > H_2\overset{+4}{S}O_3$

10. pH কথাটি নেওয়া হয়েছে- [KU.2007
A. Puissanced hydrogen থেকে
B. Pressured hydrogen থেকে
C. Puisand hydrogen থেকে
D. Passion hydrogen থেকে Ans

11. একটি দ্রবণে $H_3O^+$ আয়নের ঘনমাত্রা $25 \times 10^{-4}$M দ্রবণটি কোন প্রকারের? [KU-A.2017
A. নিরপেক্ষ B. অম্লীয়
C. ক্ষারীয় D. অম্ল-ক্ষারীয়

S(B) Why $pH = -\log[H_3O^+] = -\log(25 \times 10^{-4}) = 2.60$
দ্রবণের pH মান 7 অপেক্ষা কম। কাজেই দ্রবণটি অম্লীয় প্রকৃতির।

12. একটি কমলা লেবুর রসের pH 2.30 হলে, উক্ত রসের $[OH^-]$ এর মান কত [KU.2009
A. $2.0 \times 10^{-12}$ mole L$^{-1}$ B. $5.01 \times 10^{-3}$ mole L$^{-1}$
C. $3.98 \times 10^{-8}$ mole L$^{-1}$ D. $5.01 \times 10^{-12}$ mole L$^{-1}$

S(A) Why $pOH = 14 - 2.30 = 11.7$;
$[OH^-] = 10^{-POH} = 10^{-11.7} = 2.0 \times 10^{-12}$

13. কোনটি তাপহারী বিক্রিয়া? [KU. 2015
A. $CH_4 + 2O_2 = CO_2 + 2H_2O$ B. $C + O_2 = CO_2$
C. $2H_2 + O_2 = 2H_2O$ D. $N_2 + O_2 = 2NO$ Ans

14. স্বতঃস্ফূর্ত প্রক্রিয়ার ক্ষেত্রে অনুকূল পরিস্থিতি কোনটি? [KU-A.2017
A. ΔH ঋণাত্মক, ΔS ধনাত্মক B. ΔH ধনাত্মক, ΔS ধনাত্মক
C. ΔH ঋণাত্মক, ΔS ঋণাত্মক D. ΔH ধনাত্মক, ΔS ঋণাত্মক

S(A) Why $\Delta G < 0, \Delta H < 0, \Delta S > 0, E > 0$ হলে বিক্রিয়া/ প্রক্রি স্বতঃস্ফূর্ত হয়।

15. তাপহারী বিক্রিয়ায় তাপমাত্রা বৃদ্ধিতে $K_p$ এর মানের কিরূপ পরিবর্তন হবে? [KU-জীঃ 201
A. অর্ধেক হবে B. বৃদ্ধি পাবে
C. অপরিবর্তনীয় থাকবে D. এক তৃতীয়াংশ হবে

S(B) Why ভ্যান্টহফ সমীকরণ থেকে আমরা জানি তাপোৎপাদী বিক্রিয়ায় প্রয়োগ করলে $K_p$ কমে যায়। এবং তাপহারী বিক্রিয়ায় তাপ প্রয়োগ কর বেড়ে যায়।

16. যদি উৎপাদকের এনথালপির মান (Hp) বিক্রিয়কের এনথালপির মানের কম হয় তবে বিক্রিয়ায় এনথালপির মান (ΔH) হবে- [KU.2011-
A. –ve B. + ve
C. 0 D. কোনটিই নয় A

17. 490.3 kJ দহন তাপ উৎপন্ন হতে $CH_4 + 2O_{2(g)} \longrightarrow CO_{2(g)} + 2H$ বিক্রিয়াটিতে কত গ্রাম $O_2$ লাগে? [KU. 201
A. 64 B. 16
C. 32 D. 12

S(A) Why মিথেনের দহন তাপ 490.3kJ এখানে 2mol অক্সিজেন $= 32 \times 2 = 64g$

POLL MACHINE
Preparation and Practice are vital for effective delivery



CS CamScanner

## কুমিল্লা বিশ্ববিদ্যালয়

1. অম্লীয় $KMnO_4$ এবং অক্সালিক এসিড দ্রবণের রিডক্স বিক্রিয়ায় কোনটি অটো প্রভাবক রূপে কাজ করে? [CoU-A. 2019-20]

A. $MnO_4^-$ B. $Mn^{2+}$ C. $CrO_4^{2-}$ D. $K^+$ **Ans B**

2. নিম্নলিখিত বিক্রিয়ার সাম্যবস্থায় সমীকরণ-এ $K_C$ এর মান– [CoU-A. 2019-20]

$C(s) + O_2(g) \rightleftharpoons CO_2(g)$

A. $K_C = \frac{[CO_2]}{[C][O_2]}$ B. $K_C = \frac{[CO_2]}{[O_2]}$ C. $K_C = \frac{1}{[C][O_2]}$ D. $K_C = \frac{[CO_2]}{[C]}$

**S B Why** মনে রাখবে, $K_p$ শুধুমাত্র গ্যাসীয় এবং $K_c$ গ্যাসীয় ও জলীয় দ্রবণের জন্য প্রযোজ্য। কঠিন বিক্রিয়ক বা উৎপাদের জন্য ঘনমাত্রা 1 ধরা হয় এবং এদের কোনো চাপ থাকে না।

3. নিচের কোন বিক্রিয়ায় সাম্যাবস্থার উপর চাপের প্রভাব নেই? [CoU-A. 2016-17]

A. $H_2(g) + I_2(g) \rightleftharpoons 2HI(g)$ B. $N_2O_4(g) \rightleftharpoons 2NO_2(g)$

C. $N_2(g) + 3H_2(g) \rightleftharpoons 2NH_3(g)$ D. $SO_2(g) + O_2(g) \rightleftharpoons SO_3(g)$

**S A Why** যেহেতু $H_2(g) + I_2(g) \rightleftharpoons 2HI(g)$ বিক্রিয়াটিতে বিক্রিয়ক ও উৎপাদের মোল সংখ্যা সমান তাই উক্ত বিক্রিয়ার উপর চাপের কোন প্রভাব নেই।

4. 0.49 g $H_2SO_4$ যদি 1 লিটারে দ্রবণে দ্রবীভূত থাকে তাহলে ঐ দ্রবণের pH হবে– [CoU-A. 2019-20]

A. 3 B. 6 C. 8 D. 14

**S ⊗ Why** $S = \frac{W}{MV} = \frac{0.49}{98 \times 1} = 0.005$ M ;

$pH = -\log[H^+] = -\log(0.005 \times 2) = 2$

5. NaCl এর জলীয় দ্রবণের pH কত? [CoU–B. 2019-20]

A. 5.5 B. 8.0 C. 7.0 D. 6.0

**S C Why** সাধারণত সকল লবণের pH = 7 হয়। NaCl জলীয় দ্রবণে দ্রবীভূত হয়ে $Na^+$ ও $Cl^-$ উৎপন্ন করে, যাদের অনুবন্ধী ক্ষার ও এসিড যথাক্রমে NaOH ও HCl উভয়ই সবল ক্ষার ও অম্ল হওয়ায় NaCl এর জলীয় দ্রবণ নিরপেক্ষ (pH 7) হয়।

## বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়

কোনটি সর্বাধিক অম্লধর্মী? [BRUR-D$_1$.2017-18]

A. $SiO_2$ B. $Cl_2O_7$ C. $P_2O_5$ D. $SO_3$

**S B Why** $Cl_2O_7$ পানির সাথে বিক্রিয়া করে শক্তিশালী $HClO_4$ এসিড উৎপন্ন করে।

এসিডের সবলতার ক্ষেত্রে কোনটি সঠিক? [BRUR-D$_1$.2017-18]

A. $CH_3COOH > HCOOH > HF$ B. $HCl > HF > H_3PO_4$

C. $HF > HCl > HCOOH$ D. $HCl > H_2SO_3 > HF$

**S D Why** Option A ভুল কারণ $CH_3COOH$ অপেক্ষা HCOOH সবল এসিড। Option B ভুল কারণ HF অপেক্ষা $H_3PO_4$ সবল এসিড। Option C ভুল কারণ HF অপেক্ষা HCl সবল এসিড।

সাবান উৎপাদনে pH এর মান কত রাখতে হয়? [BRUR-D$_1$.2017-18]

A. 5.0 B. 6.0 C. 7.0 D. 8.0

**S D Why** গোসলের সাবানের ক্ষেত্রে pH মান 8.5-9.5 এবং কাপড় কাচার সাবানের ক্ষেত্রে pH মান 10.5 থেকে 12 পর্যন্ত হতে পারে।

বিক্রিয়ার বেগ ধ্রুবকের উপর তাপমাত্রার প্রভাবজনিত আরহেনিয়াস সমীকরণ হতে একটি বিক্রিয়ার সক্রিয়ন শক্তি নিরূপণ করা যায়। এই সমীকরণ হতে প্রাপ্ত লেখচিত্রের ঢাল যদি "S" হয় তবে বিক্রিয়ার সক্রিয়ন শক্তি কত হবে? [BRUR-D$_1$.2017-18]

A. $-S/(2.303 R)$ B. $-2.303 RS$

C. $-R/(2.303 S)$ D. RS

**S B Why** ঢাল $= \frac{-E_a}{2.303 R} \Rightarrow S = \frac{-E_a}{2.303 R}$

$\Rightarrow E_a = -2.303 RS$

## বরিশাল বিশ্ববিদ্যালয়

01. নিম্নের কোন যৌগটি অম্লীয়? [BU. 2015-16]

A. $BeCl_2$ B. $FeCl_3$

C. $MgCl_2$ D. KCl

**S B Why** দুর্বল ক্ষার + শক্তিশালী এসিড থেকে প্রস্তুতকৃত লবণ সবসময় অম্লীয় হয়।

02. $10^{-9}$M NaOH দ্রবণের pH কত? [BU. 2015-16]

A. 10 B. 9

C. 5 D. 7

**S C Why** pOH = 9; pH = 14 - 9 = 5

## PART B ANALYSIS OF SCIENCE & TECHNOLOGY QUESTION

## শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

01. $CH_2 = CH-CH_2Cl + H_2O \rightarrow CH_2 = CH-CH_2OH + HCl$ বিক্রিয়ায় $CH_2 = CH-CH_2OH$ উৎপাদ এবং HCl বর্জ্য। বিক্রিয়াটির 'E' ফ্যাক্টর কত? [SUST-A.2016-17]

A. 0.36 B. 0.58 C. 0.63

D. 0.72 E. 0.85

**S C Why** E ফ্যাক্টর $= \frac{\text{প্রক্রিয়ায় মোট সৃষ্ট বর্জ্যের ভর (x) gm}}{\text{উৎপাদের মোট ভর (w) gm}} = \frac{36.5}{58} = 0.63$

02. রাসায়নিক বিক্রিয়ার কোন একটি বিক্রিয়কের ঘনমাত্রা 0.8mol/L থেকে 0.2mol/L হতে 2000 সেকেন্ড সময় লাগলে বিক্রিয়াটির গড় হার কত $molL^{-1}s^{-1}$? [SUST-B. 2018-19]

A. $3 \times 10^{-4}$ B. $1.0 \times 10^{-4}$ C. $1.0 \times 10^{-5}$

D. $9.0 \times 10^{-4}$ E. $3.0 \times 10^{-5}$

**S A Why** বিক্রিয়ার গড় হার $= \frac{0.8 - 0.2}{2000} = 3 \times 10^{-4}\ molL^{-1}s^{-1}$

03. ক্ষার প্রভাবিত অ্যাসিটোনের ব্রোমিনীকরণ বিক্রিয়াটি- $CH_3COCH_3 + Br_2 \rightarrow CH_3COCH_2Br$ সমীকরণ অনুসরণ করে। বিক্রিয়াটির হার $= K[CH_3COCH_3][OH^-]$ বিক্রিয়াটির গতি বেগ কোন বিক্রিয়কগুলোর ঘনমাত্রার উপর নির্ভর করে? [SUST. 2010-2011]

A. অ্যাসিটোন ও ব্রোমিন B. অ্যাসিটোন ও ক্ষার

C. ক্ষার ও ব্রোমিন D. অ্যাসিটোন, ক্ষার ও ব্রোমিন **Ans B**

04. 37°C তাপমাত্রায় একটি বিক্রিয়ার বেগ ধ্রুবকের মান 27°C তাপমাত্রার বেগ ধ্রুবকের মানের দ্বিগুণ হলে বিক্রিয়াটির সক্রিয়ন শক্তির মান কত kJ $mol^{-1}$? [SUST-B. 2019-20]

A. 0.136 B. 108 C. 12.6

D. 0.58 E. 53.95

**S E Why** $\ln\frac{K_2}{K_1} = \frac{E_a}{R}\left(\frac{T_2 - T_1}{T_1T_2}\right)$

$\Rightarrow \ln\frac{2K_1}{K_1} = \frac{E_a}{8.314}\left(\frac{310 - 300}{310.300}\right)$

$\Rightarrow \ln 2 = \frac{10\ E_a}{93600 \times 8.314}$ $\Rightarrow E_a = \frac{535942.78}{10}$

$\Rightarrow E_a = 53951.27\ Jmol^{-1}$ $\therefore E_a = 53.95$ KJ $mol^{-1}$

37°C তাপমাত্রায় বেগ ধ্রুবক $K_2 = 2K_1$

27°C তাপমাত্রা বেগ ধ্রুবক $= K_1$

05. 45°C তাপমাত্রায় কোন বিক্রিয়ার হার ধ্রুবক 35°C তাপমাত্রার হার ধ্রুবকের দ্বিগুণ হলে বিক্রিয়াটির সক্রিয়ন শক্তি কত $kJmol^{-1}$? [SUST-2017-18]

A. 28.22 B. 56.43 C. 112.88

D. 89.46 E. 81.43

**S B Why** $\ln\frac{k_2}{k_1} = \frac{E_a}{R} \times \left[\frac{T_2 - T_1}{T_1T_2}\right]$

$\Rightarrow \ln 2 = \frac{1.021 \times 10^{-4}\ E_a}{8.314} \Rightarrow 1.021 \times 10^{-4}\ E_a = 5.763$

$\therefore E_a = 56443 J\ mol^{-1} = 56.443 kJ\ mol^{-1}$

POLL MACHINE
Preparation and Practice are vital for effective delivery



CamScanner

06. নির্দিষ্ট ঘনমাত্রায় KI দ্রবণে 30% $H_2O_2$ দ্রবণ যোগ করলে 100 সেকেন্ডে $10^{-5}$ mol $L^{-1}$ আয়োডিন উৎপন্ন হয়, বিক্রিয়াটির গড় গতিবেগ কত? [SUST. 2011-12]
A. $0.03\times10^{-7}$ mol $L^{-1}s^{-1}$ B. $0.03\times10^{-5}$ mol $L^{-1}s^{-1}$
C. $1.0\times10^{-7}$ mol $L^{-1}s^{-1}$ D. $1.0\times10^{-5}$ mol $L^{-1}s^{-1}$
E. $0.3\times10^{-7}$ mol $L^{-1}s^{-1}$

**S Ⓒ Why** বিক্রিয়ার গড় গতিবেগ $= \frac{-\Delta x}{\Delta t} = \frac{10^{-5}}{100} = 10^{-7}$ mol $L^{-1}s^{-1}$

এখানে, $\Delta x = 10^{-5}$ mol $L^{-1}$, $\Delta t = 100s$

07. একটি উভমুখী বিক্রিয়ার উৎপাদক ও বিক্রিয়ক উভয়ই গ্যাস। 27°C তাপমাত্রায় $K_p$ ও $K_c$ এর অনুপাত 620:1 হলে বিক্রিয়াটিতে মোল সংখ্যার পরিবর্তন ($\Delta n$) কত? [SUST-A. 2019-20;09-10]
A. 2 B. 1 C. 3
D. 8 E. 12

**S Ⓐ Why** $K_p = K_c(RT)^{\Delta n} \Rightarrow \frac{620}{1} = (0.0821\times300)^{\Delta n}$ $\therefore \Delta n = 2$

08. $N_2(g) + 3H_2(g) \rightleftharpoons 2NH_3(g) + 92.2$ kJ/ mol এর জন্য নিম্নের কোনটি ভুল। [SUST. 2012-13; 2006-07]
A. তাপমাত্রা বাড়ালে উৎপাদ বাড়বে B. চাপ বাড়ালে উৎপাদ বাড়বে
C. তাপমাত্রা কমালে উৎপাদ বাড়বে D. $N_2$ ও $H_2$ যোগ করলে উৎপাদ বাড়বে

**S Ⓐ Why** তাপোৎপাদী বিক্রিয়ায় তাপ বাড়ালে উৎপাদ কমে।

☛ মনে রাখবে: $\Delta H = -ve$ অথবা শুধু +ve হল তাপোৎপাদী।

09. নিচের বিক্রিয়ায় তাপমাত্রা বাড়ালে- $PCl_5(g) \rightleftharpoons PCl_3(g) + Cl_2(g); \Delta H = +90$ kJmol$^{-1}$ [SUST. 2010-11]
A. বিক্রিয়াটির সাম্যাবস্থা বাম দিক থেকে ডান দিকে যাবে
B. বিক্রিয়াটির সাম্যাবস্থা ডান দিক থেকে বাম দিকে যাবে
C. $PCl_5(g)$ এর পরিমাণ বেড়ে যাবে
D. $PCl_3(g)$ এর পরিমাণ কমে যাবে।

**S Ⓐ Why** যেহেতু তাপহারী বিক্রিয়া তাই তাপমাত্রা বাড়ালে সাম্যবস্থা বাম থেকে ডানে যাবে।

10. $PCl_5(g) \rightleftharpoons PCl_3(g) + Cl_2(g); \Delta H = +90$kJmol$^{-1}$; এই বিক্রিয়াটির তাপ কমালে ও চাপ বাড়ালে সাম্যাবস্থার কী পরিবর্তন হবে? [SUST-B. 2019-20]
A. $Cl_2$ এর উৎপাদন বৃদ্ধি পাবে B. পশ্চাৎমুখী অগ্রসর হবে
C. অপরিবর্তিত থাকবে D. সম্মুখে অগ্রসর হবে
E. অনুঘটক নির্ধারণ করবে

**S Ⓑ Why** বিক্রিয়াটি তাপ উৎপাদী, তাপ উৎপাদী বিক্রিয়ার ক্ষেত্রে তাপ কমালে, বিক্রিয়া সম্মুখমুখী হবে এবং উক্ত বিক্রিয়ার ক্ষেত্রে চাপ বাড়ালে বিক্রিয়া পশ্চাৎমুখী হবে, তাই এখানে সাম্যবস্থায় পরিবর্তন অপরিবর্তিত থাকবে।

11. $N_2O_4(g) \rightleftharpoons 2NO_2(g)$, $\Delta H = 58$ kJ/mol বিক্রিয়ায় কোন পদক্ষেপে বামদিকে স্থানান্তরিত হবে? [SUST-B.2016-17]
A. তাপমাত্রা বৃদ্ধি করলে B. অনুঘটকের পরিমাণ করলে
C. তাপমাত্রা কমালে D. চাপ কমালে
E. অনুঘটকের পরিমাণ বাড়ালে

**S Ⓒ Why** $N_2O_4(g) \rightleftharpoons 2NO_2(g)$. $\Delta H = +58$ kj/mol বিক্রিয়াটি তাপহারী এবং উৎপাদের মোল সংখ্যা বেশী তাই উক্ত বিক্রিয়াটিতে তাপমাত্রা কমালে এবং চাপ বাড়ালে বিক্রিয়াটি বাম দিকে যাবে।

12. কোন উভমুখী বিক্রিয়ার সাম্যাবস্থা ব্যাহত হলে কোন নীতির উপর ভিত্তি করে পুনরায় সাম্যাবস্থায় ফিরে আসে? [SUST-B. 19-20]
A. লা-শাতেলিয়ারের নীতি B. পাউলির বর্জন নীতি
C. হুন্ডের নীতি D. আউফবাউ নীতি
E. হাইজেনবার্গের নীতি

**S Ⓐ Why** সাম্যাবস্থার উপর প্রভাব বিস্তারকারী নিয়ামকসমূহ নিয়ে আলোচনা করা হয় লা-শাতেলিয়ারের নীতিতে।

13. 30°C তাপমাত্রায় $A_{(g)} \rightleftharpoons B_{(g)} + C_{(g)}$ বিক্রিয়াটিতে $A_{(g)}$ 20% বিয়োজিত হয়ে সাম্যাবস্থায় 1.5 atm চাপের সৃষ্টি করে। $K_p$ এর মান কত atm? [SUST-B. 1...]
A. $2.78\times10^{-2}$ B. 160 C. 8.0
D. $6.25\times10^{-2}$ E. 7.0

**S Ⓓ Why** $A \rightleftharpoons B + C$ বিক্রিয়ার জন্য

$K_p = \frac{a^2}{1-a^2}P = \frac{(0.2)^2}{1-(0.2)^2}\times1.5 = \frac{(0.2)^2\times1.5}{0.96} = 6.25\times10^{-2}$ atm

$a = 20\% = \frac{20}{100} = 0.2$
$P = 1.5$ atm

14. $N_2(g)+3H_2(g) \rightleftharpoons 2NH_3(g)$ বিক্রিয়াটির $K_c$ এর মান 0.64 হলে $\frac{1}{2}N_2(g) + \frac{3}{2}H_2(g) \rightleftharpoons NH_3(g)$ বিক্রিয়াটির $K_c$ এর মান কত? [SUST-B 2017-...]
A. 0.17 B. 0.40 C. 0.64
D. 0.80 E. 1.28

**S Ⓓ Why** $N_2+3H_2 \rightleftharpoons 2NH_3$ -এর জন্য $K_c = \frac{[NH_3]^2}{[N_2][H_2]}$ --- (i)

$\frac{1}{2}N_2 + \frac{3}{2}H_2 \rightleftharpoons NH_3$ -এর জন্য $K_c' = \frac{[NH_3]}{[N_2]^{\frac{1}{2}}[H_2]^{\frac{3}{2}}}$ ------- (ii)

(i) ÷ (ii)$^2$ হতে পাই, $\frac{K_c}{(K'_c)^2} = 1$

$\Rightarrow K_c = (K_3')^2$ $\therefore K_c' = \sqrt{K_c} = \sqrt{0.64} = 0.8$

15. $M(g) + 4N(g) \rightleftharpoons P(g) + 2Q(g)$ বিক্রিয়াটির 27°C তাপমাত্রায় সাম্যধ্রুবক $K_c$ এর মান 0.28 একক হলে $K_p$ এর মান কত একক? [SUST-B,2016-...]
A. $4.62\times10^{-4}$ B. $1.14\times10^{-2}$ C. 6.9
D. $28\times10^{-2}$ E. $1.69\times10^{2}$

**S Ⓐ Why** $K_p = K_c(RT)^{\Delta n} = 0.28\times(0.082\times300)^{-2} = 4.62\times10^{-4}$

16. উল্লেখিত এসিডের কোনটি সবচেয়ে শক্তিশালী? [SUST-B.2016-...]
A. $H_3PO_4$ B. $HNO_3$ C. $H_2CO_3$
D. $H_2SO_4$ E. HClO

**S Ⓓ Why** যেহেতু $H_2SO_4$ এর কেন্দ্রীয় পরমাণু S-এর জারণ সংখ্যা +6 সব থেকে বেশী তাই $H_2SO_4$ ই সবথেকে শক্তিশালী।

17. 0.15M ঘনমাত্রার একটি দুর্বল জৈব এসিড পানিতে 1.35% আয়নিত হলে দ্রবণে $OH^-$ এর ঘনমাত্রা (mol/L) কত হবে? [SUST-B 2017-...]
A. $4.54\times10^{-12}$ B. $4.94\times10^{-12}$ C. $4.84\times10^{-12}$
D. $4.49\times10^{-12}$ E. $4.68\times10^{-12}$

**S Ⓑ Why** $[H^+] = \alpha C = \frac{1.35}{100}\times0.15 = 2.025\times10^{-3}$ mol/L

আবার, $[H^+][OH^-] = 10^{-14}$

$\Rightarrow [OH^-] = \frac{10^{-14}}{[H^+]} = \frac{10^{-14}}{2.025\times10^{-3}} = 4.94\times10^{-12}$ mol/L

18. (A) থেকে (E) পর্যন্ত ৫টি নমুনার pH উল্লেখ করা হল। কোনটিতে হাইড্রোজেন আয়নের ($H^+$) ঘনমাত্রা সবচেয়ে কম? [SUST-B.2016-...]
A. লেবুর রস - 2.0 B. ভিনেগার - 3.0 C. বৃষ্টির পানি - 5.0
D. শ্যাম্পু - 5.5 E. দুধ - 6.0

**S Ⓔ Why** $H^+$ এর ঘনমাত্রা কম হলে pH এর মান বেশী এবং $H^+$ ঘনমাত্রা বেশী হলে pH এর মান কম হয়।

19. 0.1% (w/v) NaOH দ্রবণের pH কত? [SUST-B. 2019-20, 17-...]
A. 13.0 B. 12.0 C. 12.4
D. 1.60 E. 8.60

**S Ⓒ Why** $S = \frac{10\times\%}{M} = \frac{10\times0.1}{40} = 0.025$

$pOH = -\log[OH^-] = -\log[0.025] = 1.602$

$\therefore pH = 14 - 1.602 = 12.398$

FOLL MACHINE
Preparation and Practice are vital for effective delivery



CamScanner

**10. 0.36 mole $NH_4OH$ ও 0.18 mole $NH_4Cl$ দ্বারা তৈরি বাফার দ্রবণের pH কত? ($pK_b = 4.75$)** [SUST-B,2018-19]

A. 4.45 B. 5.05 C. 9.25
D. 8.95 E. 9.55

**S Ⓔ Why** $pOH = pK_b + \log\left[\frac{Salt}{Base}\right]$

$\Rightarrow pOH = 4.75 + \log\left[\frac{0.18}{0.36}\right] = 4.45 \therefore pH = 14 - 4.45 = 9.55$

**1. 100ml জলীয় দ্রবণে একটি দুর্বল এসিডের পরিমাণ 6.7 mmol এবং উহার সোডিয়াম লবণের পরিমাণ 4.5 mmol দ্রবণটির pH 4.6 দ্রবণটিতে 900 ml পানি যোগ করে 10 গুণ পাতলা করা হল। দ্রবণটির pH কত হবে?** [SUST.2009-2010]

A. 3.6 B. 4.6
C. 5.6 D. 14 **Ans C**

**2. 30 $cm^3$ 0.12M NaOH দ্রবণে 15 $cm^3$ 0.11 M $H_2SO_4$ যোগ করলে দ্রবণটি হবে –** [SUST.2007-08]

A. অম্লীয় B. ক্ষারীয়
C. নিরপেক্ষ D. লবণাক্ত

**S Ⓑ Why** $H_2SO_4$ এ ক্ষারকত্ব 2। এজন্য এসিড ও ক্ষার উভয়ের আয়তন সমান কিন্তু ক্ষারের ঘনমাত্রা বেশী হওয়ায় দ্রবণটি ক্ষারীয় হবে।

**3. 100 mL 0.25M $H_2SO_4$ দ্রবণকে 100 mL 0.40M NaOH দ্রবণের সাথে মিশ্রিত করলে কত kJ তাপ উৎপন্ন হবে- (প্রশমন বিক্রিয়ার $\Delta H = -57$ $kJmol^{-1}$)?** [SUST-B. 2019-20]

A. 1.42 B. 57.0 C. 2.85
D. 2.28 E. 3.71

**S Ⓓ Why** $H_2SO_4 + 2NaOH \rightarrow Na_2SO_4 + 2H_2O$

এখানে $H_2SO_4$ এর মোল সংখ্যা

$n = v \times s = \frac{100}{1000} \times 0.25$

$= 0.1 \times 0.25$ mol $= 0.025$ mol

$n_{NaOH} = \frac{100}{1000} \times 0.40$

$= 0.04$m

1 mol NaOH হতে তাপ উৎপন্ন হয় $= -57$ Kj $mol^{-1}$

$\therefore$ 0.04 mol NaOH হতে তাপ উৎপন্ন হয় $= 57 \times 0.04 = 2.28$ Kj $mol^{-1}$

**4. কোনটির বন্ধন শক্তি সর্বাধিক?** [SUST. 2014-15]

A. C = C B. C ≡ C C. O = C
D. N ≡ N E. C = N

**S Ⓓ Why** কয়েকটি বন্ধন শক্তির মান: C–C (343.9), C=C (615), C≡C (818), N≡N (945) প্রত্যেকের একক kJ/mol

**5. কোনটি রাসায়নিক পরিবর্তন নয়?** [SUST. 2010-11]

A. বরফ গলা B. লোহায় মরিচা পড়া
C. মোমবাতি জ্বলা D. পেট্রোল পোড়া

**S Ⓐ Why** রাসায়নিক পরিবর্তন:

- লোহায় মরিচার আস্তরণ
- খাদ্যের হজমীকরণ
- মোমের জ্বলন
- পানির বিয়োজন
- কাঠ কয়লা দিয়ে রান্নার আয়োজন
- লোহার গুড়া ও গন্ধকের চূর্ণের মিশ্রণ

★ সকল দহন রাসায়নিক পরিবর্তন

এ সবই রাসায়নিক পরিবর্তন ও একমুখী বিক্রিয়া।

**6. এক জুল = কত ক্যালরি?** [SUST. 2006-07]

A. 4.184 B. 0.24 C. 4.814 D. 0.42

**S Ⓑ Why** 4.184 J = 1 Cal, 1J = $\frac{1}{4.184} = 0.24$ Cal

## যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

**1. একটি দ্বিতীয় ক্রম বিক্রিয়ার অর্ধায়ুকাল ($t_{1/2}$) এবং বিক্রিয়কের ঘনমাত্রা (C) এর মধ্যকার সম্পর্কটি হল-** [JUST-A: 2018-19, CU. 2006-07]

A. $t_{1/2}$ = ধ্রুবক B. $t_{1/2} \propto C^2$ C. $t_{1/2} = 1/C^2$ D. $t_{1/2} \propto 1/C$

**S Ⓓ Why** ২য় ক্রম বিক্রিয়ার অর্ধায়ু প্রারম্ভিক ঘনমাত্রার ব্যস্তানুপাতিক।

**02. 0.20 $moldm^{-3}$ ঘনমাত্রার একটি দ্রবণে বিক্রিয়ার প্রারম্ভিক গতি $3 \times 10^{-4}$ $moldm^{-3}s^{-1}$ হলে বিক্রিয়ার গতি ধ্রুবক কত?** [JUST-A: 2019-20]

A. $1.5 \times 10^{-3}$ $s^{-1}$ B. $1.5 \times 10^{-2}$ $s^{-1}$
C. $1.05 \times 10^{-3}$ $s^{-1}$ D. $1.05 \times 10^{-2}$ $s^{-1}$

**S Ⓐ Why** $\frac{\Delta c}{\Delta t} = KC_0 \therefore K = \frac{\Delta c}{\Delta t} \cdot \frac{1}{C_0}$

$= (3 \times 10^{-4} \times \frac{1}{0.20})$ $s^{-1} = 1.5 \times 10^{-3}$ $s^{-1}$

**03. 4.25 mol $H_2$ ও 4.75 mol $I_2$ মিশ্রণকে উত্তপ্ত করে 6.70 mol HI উৎপন্ন হলে, $K_C$ এর মান কত?** [JUST-C.2017-18]

A. 33.63 B. 34.64 C. 37.61 D. 35.61

**S Ⓓ Why** $H_2 + I_2 \rightleftharpoons 2HI$

শুরুতে 4.25 4.75 0

সাম্যবস্থায় (4.25 - 3.35) (4.75 - 3.35) 6.70

$\therefore K_c = \frac{[HI]^2}{[H_2][I_2]} = \frac{(6.70)^2}{(0.9)(1.4)} = 35.62$

**04. 90°C তাপমাত্রায় $PCl_5$ এর 35% বিয়োজিত হয়। সাম্যাবস্থায় মোট চাপ 1.5 atm হলে Kp এর মান কত?** [JUST-C. 2016-17]

A. 1.5 atm B. 1 atm C. 0.2094 atm
D. 0.35 atm E. 0.3094 atm

**S Ⓒ Why** $PCl_5$ এর বিয়োজনের ক্ষেত্রে $K_p = \frac{\alpha^2}{1-\alpha^2}p$

$K_p = \frac{(.35)^2}{1-(.35)^2} \times 1.5 = 0.2094$ atm

**05. 2L আয়তনের একটি পাত্রে 1 মোল $PCl_5$-এর বিয়োজনের ক্ষেত্রে সাম্যাবস্থায় $PCl_5$-এর মোল সংখ্যা 0.2 হলে বিক্রিয়ার সাম্যধ্রুবকের মান কোনটি?** [JUST-B. 2016-17]

A. 3.6 মোল/লিটার B. 4.6 মোল/লিটার
C. 2.6 মোল/লিটার D. 1.6 মোল/লিটার

**S Ⓓ Why** $PCl_5 \rightleftharpoons PCl_3 + Cl_2$

1 0 0

0.2 0.8 0.8

যেহেতু এখানে বলা হয়েছে সাম্যাবস্থায় 0.2mol $PCl_5$ অবশিষ্ট থাকবে। সুতরাং 0.8mol $PCl_5$ বিয়োজিত হয়ে 0.8mol $PCl_3$ এবং .8mol $Cl_2$ তৈরি করবে।

$[PCl_3] = \frac{0.8}{2}, [Cl_2] = \frac{0.8}{2}, [PCl_5] = \frac{0.2}{2}$

$\therefore K_C = \frac{[PCl_3][Cl_2]}{[PCl_5]} = \frac{\frac{0.8}{2} \times \frac{0.8}{2}}{\frac{0.2}{2}} = 1.6$ mol $L^{-1}$

**06. 600°C উষ্ণতায় $SO_2(g) + \frac{1}{2}O_2(g) \rightleftharpoons SO_3(g)$ বিক্রিয়ার $K_C$ এর মান 61.7 হলে $K_p$ =?** [JUST. 2015-16]

A. 7.29 B. 9.29 C. 6.29 D. 8.29

**S Ⓐ Why** $K_P = K_C(RT)^{\Delta n} = 61.7 \times (0.0821 \times 873)^{-\frac{1}{2}}$

$= 7.29$ $atm^{-\frac{1}{2}}$

**07. কোনটি বাফার দ্রবণ নয়?** [JUST-C: 2019-20]

A. $NH_4Cl + NH_4OH$ B. $CH_3COONa + CH_3COOH$
C. $NaOH + HCl$ D. $HCOONa + HCOOH$ **Ans C**

**08. মানুষ কোন ধরনের খাবার গ্রহণ করলে বা ঔষধ রূপে রক্তে যোগ করলে তা সাম্যাবস্থাকে কিভাবে প্রভাবিত করে?** [JUST. 2015-16]

A. $CO_2 + H_2O \rightleftharpoons H_2CO_3 + HCO_3^- + H^+$

B. $H_2CO_3 + OH^- \rightleftharpoons HCO_3^- + H_2O$

C. $HCO_3^- + H_3O^+ \rightleftharpoons H_2CO_3$ D. $HCO_3^- + H^+ \rightleftharpoons H_2CO_3$ **Ans B**

POLL MACHINE
Preparation and Practice are vital for effective delivery



CamScanner

pH 6 বিশিষ্ট কোন এসিড দ্রবণকে 1000 গুণ লঘু করা হলে নতুন pH কত? [JUST-B.2017-18]

A. 6.95 B. 7.25
C. 4.95 D. 9.25

**S A Why** pH = 6 হলে $[H^+] = 10^{-6}$, 1000 গুণ লঘু করলে $[H^+] = 10^{-9}$ কিন্তু এসিডের ক্ষেত্রে $[H^+] < 10^{-7}$ হলে $10^{-7}$ যোগ করতে হবে।
$\therefore [H^+] = [10^{-7} + 10^{-9}]$ $\therefore pH = 6.95$

## পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

01. নিচের কোনটি দুর্বল জৈব ক্ষারক? [PUST-B.2017-18]
A. Methyl Orange B. Phenolphthalin
C. Both D. None of them **Ans A**

02. $CH_3COOH$ এর জলীয় দ্রবণে $CH_3COONa$ যোগ করলে দ্রবণে- [PUST-A.2016-17]
A. $H^+$ সংখ্যা বাড়বে B. pH বাড়বে
C. pH কমবে D. pH অপরিবর্তিত থাকবে

**S D Why** কারণ, এখানে $CH_3COOH$ ও $CH_3COONa$ বিক্রিয়া করে বাফার দ্রবণ তৈরি করে।

03. 0.02M $H_2SO_4$ এসিডের pH এর মান কত? [PUST-B.17-18;MBRSTU-17-18]
A. 1.2 B. 1.4
C. 0.2 D. 0.4

**S B Why** $pH = -\log(\alpha C) = -\log(2 \times 0.02) = 1.4$

04. নিম্নের কোন বিক্রিয়ায় তাপ শোষিত হয়? [PUST-$A_1$/$A_2$.2016-17]
A. $C + O_2 \longrightarrow CO_2$ B. $CH_4 + O_2 \longrightarrow CO_2 + H_2O$
C. $N_2 + O_2 \longrightarrow 2NO$ D. $N_2 + 3H_2 \longrightarrow 2NH_3$

**S C Why** নাইট্রোজেন ব্যতীত যে কোন মৌলের সাথে অক্সিজেন এর বিক্রিয়াটি তাপোৎপাদী। নাইট্রোজেন এবং হাইড্রোজেনের বিক্রিয়ার মাধ্যমে অ্যামোনিয়া তৈরির প্রক্রিয়াটি তাপ উৎপাদী।

05. $FeCl_3$ এর জলীয় দ্রবণের pH কত হবে? [HSTU-D.2017-18]
A. 0 B. < 7
C. 7 D. > 7

**S B Why** $FeCl_3$-এর জলীয় দ্রবণ অম্লধর্মী।

06. কৃষিক্ষেত্রে মাটির pH এর মান কমানোর জন্য কোনটি ব্যবহৃত হয়? [HSTU-A.2017-18]
A. ডলোমাইট B. চুন
C. অ্যামোনিয়াম কার্বনেট D. অ্যামোনিয়াম নাইট্রেট

**S D Why** কৃষি ক্ষেত্রে pH ব্যবহার বা গুরুত্ব:

| মাটির pH | প্রভাব | করণীয় |
|---|---|---|
| $p^H < 3$ বা অধিক অম্লীয় | গাছপালা মরে যায় বা উৎপাদন হয় না | $p^H$ বাড়াতে; CaO, ডলোমাইট ($CaCO_3.MgCO_3$), $(NH_4)_2CO_3$ [Ca+Mg(যৌগ)] সার |
| pH > 9.5 বা অধিক ক্ষারীয় | অণুজীব মুক্ত হয় বা উর্বরতা নষ্ট হয় | pH কমাতে; নাইট্রেট সার ($KNO_3$, $NH_4NO_3$), ফসফেট সার TSP [$Ca(H_2PO_4)_2$], ক্যালসিয়াম সুপার ফসফেট [$Ca(H_2PO_4)_2.H_2O$]; $2(CaSO_4.2H_2O)$, ডাই অ্যামোনিয়াম ফসফেট – (DAP) [$(NH_4)_2HPO_4$] |
| pH 7–8 | ফসল ভাল হয় | সর্বোচ্চ কৃষি উৎপাদনের অনুকূল pH |

7. নিম্নের কোনটি অম্লীয় বাফার দ্রবণ? [HSTU-A.2016-17, BSMRSTU. 17-18]
A. $Na_2CO_3 + HCO_3^-$ B. $NH_4OH + NH_4^+$
C. $CH_3COOH + CH_3COO^-$ D. $CH_3COOH + NH_4^+$

**S C Why** অম্লীয় বাফার দ্রবণের শর্ত: (১) যে অম্ল + ঐ অম্লের লবণ
(২) অম্লটি অতি দুর্বল হতে হবে।
দুর্বল অম্ল এবং ঐ অম্লের লবণ নিয়ে গঠিত হল ($CH_3COOH + CH_3COO^-$)

08. একটি দ্রবণের pH হলো 6, ঐ দ্রবণে আরও HCl দ্রবণ যোগ করে দ্রবণে pH = 3 করা হলো। শেষের দ্রবণে $H^+$ আয়নের মোলার ঘনমাত্রা বৃদ্ধি ঘটিয়ে [HSTU-A.2016-17; MAT-2014-15,CoU-19-2]
A. $10^2$ গুণ B. $10^3$ গুণ
C. $10^{-3}$ গুণ D. $10^{-2}$ গুণ

**S B Why** pH, 1একক কমলে হাইড্রোজেনের আয়নের ঘনমাত্রা 10 গু বেড়ে যায়। এক্ষেত্রে pH 3 গুণ কমেছে। তাই হাইড্রোজেন আয়নের ঘনমাত্রা 1 গুণ বাড়বে।

09. এদের মধ্যে কার bond energy বেশী? [HSTU-A.2017-1]
A. N≡N B. −C=C− C. C−O D. C=O

**S A Why**

| বন্ধন | বন্ধন শক্তি [kJ/mol] |
|---|---|
| −C=C− | 612 |
| C=O | 743 |
| N≡N | 945 |
| C−O | 350 |

10. নির্দিষ্ট ভরের নির্দিষ্ট পরিমাণ তাপের বস্তুর তাপমাত্রা কতটুকু বাড়বে তা নির্ণয়ের সমীকরণ হলো- [HSTU-A.2016-17]
A. $\Delta T = \frac{q}{ms}$ B. $S = \frac{a}{mc}$ C. $q = \frac{\Delta T}{ms}$ D. $S = \frac{\Delta Tq}{m}$

**S A Why** আমরা জানি $q = ms\Delta T$

11. কোনটি বিক্রিয়ার হার ধ্রুবকের বৈশিষ্ট্য নয়? [HSTU-A.2017-1]
A. তাপমাত্রা পরিবর্তন হলে ধ্রুবকের মান পরিবর্তিত হয়
B. একই তাপমাত্রায় যে কোন বিক্রিয়ার ধ্রুবকের মান সমান বা অভিন্ন
C. ধ্রুবকের মান বৃদ্ধি পেলে বিক্রিয়ার হার বৃদ্ধি পায়
D. অনেক ধ্রুবক এবং বিক্রিয়ার হারের মধ্যে গরমিল দেখা যায়

**S B Why** একই তাপমাত্রায় ভিন্ন ভিন্ন বিক্রিয়ার ক্ষেত্রে বিক্রিয়ার হার ধ্রুবকের ম ও ভিন্ন হয়।

12. নিচের কোনটি অটো প্রভাবক? [HSTU-D.2017-18]
A. $MnSO_4$ B. MnO C. As D. Pb **Ans**

13. কোন তথ্যটি সঠিক নয়? [HSTU-D.2017-1]
A. এনজাইমের আণবিক ভর বেশী B. প্রোটিন ছাড়া এনজাইম তৈরী হয় না
C. এনজাইম পানিতে কলয়েড তৈরী করে
D. এনজাইম একটি কার্যকরী জৈব প্রভাবক

**S B Why** এনজাইম উচ্চ আণবিক ভর বিশিষ্ট প্রোটিন অণু। তবে প্রোটি ছাড়াও এনজাইম গঠন সম্ভব।

## মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

01. কোনটি গ্রীন দ্রাবক? [MBSTU-C.Set-2:2018-19]
A. কঠিন $CO_2$ B. $CCl_4$
C. $CHCl_3$ D. সুপারক্রিটিকাল $CO_2$ **Ans D**

02. কোনটি সবচেয়ে শক্তিশালী এসিড? [MBSTU-B. 2019-20]
A. $HNO_3$ B. $H_2CO_3$ C. $H_3PO_4$ D. $H_2SO_4$

**S D Why** তীব্রতার ক্রম- $H_2SO_4 > HNO_3 > H_3PO_4 > H_2CO_3$

03. কোনটি দ্রবণে বেশি পরিমাণে বিয়োজিত হবে? [MBSTU-C. 2019-20]
A. $HNO_3$ B. $HClO_4$ C. $H_2SO_4$ D. $HBrO_4$

**S B Why** তীব্র এসিড দ্রুত বা বেশি পরিমাণে বিয়োজিত হয়।

04. দ্বিক্ষারীয় এসিড কোনটি? [MBSTU-C,Set-2:2018-19, $B_1$.2017-18]
A. $H_2SO_4$ B. $H_2CO_3$ C. $H_2SO_3$ D. $H_3PO_4$

**S D Why** • $H_2SO_4$, $H_2CO_3$, ও $H_2SO_3$ হচ্ছে দ্বিক্ষারকীয় এসিড।
• $H_3PO_4$ একটি ত্রি-ক্ষারকীয় এসিড।

05. নিচের কোনটি তুলনামূলক ভাবে শক্তিশালী এসিড? [MBSTU-$C_2$.2017-18]
A. $CH_3CH_2COOH$ B. $CH_3COOH$
C. H−COOH D. $CH_3CH_2CH_2COOH$

**S C Why** $HCOOH > CH_3COOH > CH_3-CH_2-COOH > CH_3CH_2CH_2COOH$

POLL MACHINE
Preparation and Practice are vital for effective delivery



CamScanner

6. নিচের কোন সংযুক্তিটি এসিড বাফার নয়? [MBSTU-C,RU.2016-17]
A. $CH_3COOH + CH_3COONa$ B. $NH_4OH + NH_4Cl$
C. $H_3PO4 + Na_3PO_4$ D. HCOOH + HCOOK
S(B) Why অম্লীয় বাফার দ্রবণটি দুর্বল অম্ল এবং ঐ অম্লের লবণ সহযোগে গঠিত হয়।

7. নিম্নের কোন এসিড দ্রবণটির pH মান কম? [MBSTU-C,Set-2:2018-19]
A. 0.5M B. 0.05M C. 0.005M D. 0.005M
S(A) Why $[H^+]$ এর ঘনমাত্রা যত বেশী হয় pH এর মান তত কম হয়।

## বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

1. নিচের কোনটি গ্রীন কেমিস্ট্রির নীতি নয়? [BSMRSTU-H.2016-17]
A. প্রভাবন প্রয়োগ B. অধিক উপজাতক
C. দুর্ঘটনা প্রতিরোধ D. বর্জ্য রোধকরণ Ans B

2. $N_2O_4 \rightleftharpoons 2NO_2$ এর ক্ষেত্রে বিক্রিয়ার হার কোনটি? [BSMRSTU-A. 2019-20]
A. $-\frac{d[N_2O_4]}{dt}$ B. $+\frac{d[N_2O_4]}{dt}$ C. $+\frac{d[NO_2]}{dt}$ D. $-\frac{1}{2}\frac{d[NO_2]}{dt}$
S(A) Why $r = \frac{-d(N_2O_4)}{dt} = +\frac{d(NO_2)}{2\ dt}$

3. কোন বিক্রিয়ায় প্রয়োজনীয় সক্রিয়ন শক্তি নির্ণয়ে মূলত কোনটি সহায়ক হবে– [BSMRSTU-H. 2019-20]
A. তাপমাত্রা B. বিক্রিয়ার আকৃতি
C. সংঘর্ষ হার D. বিক্রিয়কের ঘনমাত্রা
S(A) Why তাপমাত্রা ∝ বিক্রিয়ার হার ∝ $\frac{1}{\text{সক্রিয়ন শক্তি}}$
সক্রিয়ন শক্তি নির্ণয়ে তাপমাত্রা সহায়ক হবে।

4. স্পর্শপ্রণালীতে $H_2SO_4$ প্রস্তুত করতে কোন ধাতু প্রভাবক হিসেবে ব্যবহার করা হয়? [BSMRSTU-H. 2019-20; DU-7Clg. 2019-20]
A. $Ni/V_2O_5$ B. $Pb/V_2O_5$ C. $Cu/V_2O_5$ D. $Pt/V_2O_5$
S(D) Why $2SO_2 + O_2 \xrightarrow{Pt\text{ বা }V_2O_5} 2SO_3$

5. তাপমাত্রা বৃদ্ধিতে বিক্রিয়ার হার বৃদ্ধির জন্য কোনটি সঠিক? [BMRSTU-H.2017-18]
A. সংঘর্ষ সংখ্যা হ্রাস B. সক্রিয় অণুর সংখ্যা বৃদ্ধি
C. সক্রিয়ন শক্তি হ্রাস D. গড় মুক্ত পথ বৃদ্ধি
S(B) Why তাপমাত্রা বাড়লে দুটি কারণে বিক্রিয়ার হার বাড়ে।
প্রথমত, তাপমাত্রা বাড়ালে আগের তুলনায় বেশি সংখ্যক অণু সক্রিয়ন শক্তি লাভ করে। দ্বিতীয়ত, তাপমাত্রা বাড়ালে বিক্রিয়ক অণুসমূহের গতিশক্তি বেড়ে যায়। ফলে তাদের মধ্যে কার্যকর সংঘর্ষের হার বাড়ে।

6. নিচের কোনটি সত্য নয়? [BSMRSTU.Ka. 2016-17]
A. সক্রিয়ন শক্তি যত বেশি হবে বিক্রিয়ার গতি তত কমে যাবে
B. সক্রিয়ন শক্তি কম হলে যেসব বিক্রিয়া সহজে কম তাপমাত্রায় ঘটবে
C. বিক্রিয়ার গতির উপর সক্রিয়ন শক্তির কোন প্রভাব নেই
D. সক্রিয়ন শক্তি বিক্রিয়কের ঘনমাত্রার উপর নির্ভর করে না Ans C

7. একটি বিক্রিয়ার হার ধ্রুবকের মান 25°C ও 65°C তাপমাত্রায় যথাক্রমে $3.46 \times 10^{-5}$ ও $4.87 \times 10^{-3}$ এই বিক্রিয়ার সক্রিয়ন শক্তির মান কত? [BSMRSTU-C. 2019-20]
A. 103.549 kJ B. 123.549 kJ C. 102.549 kJ D. 130.549 kJ
S(A) Why $\ln\frac{k_2}{k_1} = \frac{E_a}{R}\left(\frac{T_2 - T_1}{T_1T_2}\right) \Rightarrow \ln\frac{4.87\times10^3}{3.46\times10^{-5}} = \frac{E_a}{R}\left(\frac{338-298}{338\times298}\right)$
$\Rightarrow 4.946 = \frac{E_a}{R}\left(\frac{40}{100724}\right) \Rightarrow E_a = \frac{4.946\times8.314\times100724}{40} = 103.546\text{ kJ}$

8. সাম্যাবস্থায় কোন বিক্রিয়া– [BSMRSTU. B. 2016-17]
i. সিস্টেম পরিবর্তনে কখনো শেষ হয় না ii. সর্বদা গতিশীল
iii. উৎপাদ উৎপন্ন হয় না
নিচের কোনটি সঠিক?
A. i ও ii B. ii ও iii
C. i ও iii D. i, ii ও iii Ans A

09. নিচের কোন হ্যালোএসিড এর অম্লত্ব বেশি? [BSMRSTU:2018-19]
A. HF B. HI
C. HCl D. HBr
S(B) Why হ্যালো এসিডের শক্তি মাত্রার ক্রম হলো: HI > HBr > HCl > HF।

10. অক্সি-এসিড সমূহের মধ্যে নিম্নের কোনটি ২য় সর্বোচ্চ শক্তিশালী এসিড? [BSMRSTU-C. 2016-17]
A. $H_2SO_4$ B. $HClO_4$
C. $HNO_3$ D. $H_2SO_3$
S(A) Why অক্সি-এসিডের কেন্দ্রীয় পরমাণুর জারণ সংখ্যা যত বেশি হয়, এসিডটির শক্তিমাত্রা তত বেশি হয়।

11. নিচের কোনটি বাফার দ্রবণ নয়? [BSMRSTU:2018-19, 2019-20; BUET 2011-12]
A. $CH_3COOH + CH_3COONa$ B. $H_2CO_3 + NaHCO_3$
C. $HClO_2 + CH_3COOH$ D. $NaH_2PO_4 + Na_2HPO_4$
S(C) Why দুর্বল এসিড ও তার লবণের মিশ্রণ বাফার দ্রবণ হয়।

12. হাইড্রাসিড সমূহের তীব্রতা কিসের উপর নির্ভর করে? [BSMRSTU.Ka. 2016-17]
A. কেন্দ্রীয় পরমাণুর জারণ সংখ্যা B. ঋণাত্মক আয়নের আকার
C. কেন্দ্রীয় পরমাণুর চার্জ এর ঘনত্ব D. ধনাত্মক আয়নের আকার
S(B) Why ঋণাত্মক আয়নের আকার যত বাড়ে হাইড্রাসিড সমূহের তীব্রতা তত বাড়ে। $I^- > Br^- > Cl^- > F^-$

13. $5.0\times10^{-2}$M NaOH দ্রবণের pH এর মান কত? [BSMRSTU.Ka. 2016-17]
A. 1.30 B. 10
C. 12.7 D. 5.0
S(C) Why pH = 14 – pOH = 14 – {2 – log5)}
= 14 – {2 – 0.7} = 14 – 1.3 = 12.7

14. নিচের কোনটি তাপোৎপাদী বিক্রিয়া সংঘটনের শর্ত? [BSMRSTU-C. 2019-20]
A. বন্ধন তৈরিতে নির্গত শক্তি < বন্ধন ভাঙতে শোষিত শক্তি
B. বিক্রিয়কের অভ্যন্তরীণ শক্তি > উৎপাদের অভ্যন্তরীণ শক্তি
C. বিক্রিয়কের অভ্যন্তরীণ শক্তি < উৎপাদের অভ্যন্তরীণ শক্তি
D. বন্ধন তৈরিতে নির্গত শক্তি < বন্ধন ভাঙতে শোষিত শক্তি
S(B) Why ΔH = বন্ধন তৈরিতে নির্গত শক্তি – বন্ধন ভাঙতে শোষিত শক্তি।

15. এনট্রপি সবচেয়ে কম থাকে কোন অবস্থায়? [BMRSTU-A.2017-18]
A. তরল B. প্লাজমা
C. গ্যাসীয় D. কঠিন Ans D

## নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

01. একটি মাত্র বিক্রিয়ক বিশিষ্ট একটি দ্বিতীয়ক্রম বিক্রিয়ার প্রারম্ভিক ঘনমাত্রা যখন 0.2 M তখন এর অর্ধায়ু 10 সেকেন্ড হয়। প্রারম্ভিক ঘনমাত্রা 0.1 M হলে অর্ধায়ু কত হবে? [NSTU-A. 2019-20]
A. 10 s B. 20 s
C. 30 s D. 40 s
S(B) Why $t_{\frac{1}{2}} = \frac{1}{K\times a} \Rightarrow K = \frac{1}{t_{\frac{1}{2}}\times a} = \frac{1}{10\times0.2} = \frac{1}{2}$
আবার, $t_{\frac{1}{2}} = \frac{1}{K\times a} = \frac{1}{\frac{1}{2}\times0.1} = \frac{2}{0.1} = 20\text{ sec}$

02. যদি কোনো ডুবুরি অক্সিজেন সিলিন্ডার ছাড়া পানিতে ডুব দেয়, তবে তার রক্তে কী ধরনের পরিবর্তন আসবে? [NSTU-C. 2019-20]
A. $CO_2$ লেভেল বাড়বে, pH বাড়বে B. $CO_2$ লেভেল কমবে, pH কমবে
C. $CO_2$ লেভেল বাড়বে, pH কমবে D. $CO_2$ লেভেল কমবে, pH বাড়বে
S(C) Why যেহেতু রক্তে $CO_2$ লেভেল বাড়লে এসিডের পরিমাণ বাড়বে, তাই pH কমবে।

03. $HCO_3^- + H_2CO_3$ এটি কী ধরনের বাফার দ্রবণ? [NSTU-A. 2019-20]
A. ক্ষারকীয় B. এসিডীয়
C. নিরপেক্ষ D. মৃদু ক্ষারকীয় Ans B

POLL MACHINE
Preparation and Practice are vital for effective delivery



CamScanner

04. 10 mL 0.1 M অ্যাসিটিক এসিড দ্রবণে 4 mL 0.1 M NaOH দ্রবণ যোগ করলে উৎপন্ন দ্রবণের pH কত হবে? [$pK_a = 4.76$]
[NSTU-A. 2019-20, DU-HE. 19-20, RU. 07-08]

A. 4.936 B. 4.703 C. 4.846 D. 4.584

**SOWhy** $pH = pk_a + \log\left[\frac{V_b S_b}{V_a S_a - V_b S_b}\right]$

$= 4.76 + \log\left[\frac{4 \times 0.1}{10 \times 0.1 - 4 \times 0.1}\right]$

$= 4.76 + \log\left[\frac{0.4}{1 - 0.4}\right] = 4.76 + \log\frac{4}{6} = 4.76 - 0.17 = 4.59$

## STEP 04 PRIME TEST Time: 15

01. গ্রীন কেমিস্ট্রির 12টি নীতির মধ্যে সঠিক নয়-
A. বর্জ্য পদার্থ রোধকরণ B. সর্বোত্তম এটম ইকোনমি
C. শ্রমিকের স্বাস্থ্য সেবা D. দূর্ঘটনা প্রতিরোধ

02. তাপোৎপাদী বিক্রিয়ায় তাপমাত্রা বাড়ালে কোনটি সত্য নয়?
A. বিক্রিয়ার হার কমে B. সাম্যবস্থা বামে যায়
C. বিক্রিয়ার হার বাড়ে D. সক্রিয়ন শক্তি ধ্রুব থাকে

03. সাধারণত $10°C$ তাপমাত্রা বৃদ্ধি করলে বিক্রিয়ার গতিবেগ বাড়ে-
A. 2 গুণ B. 3 গুণ
C. 5 গুণ D. 10 গুণ

04. একটি দ্বিতীয় ক্রম বিক্রিয়ার হার ধ্রুবকের একক হচ্ছে-
A. $L\ mole^{-1}\ sec^{-1}$ B. $sec^{-1}$
C. $mole^{-1}$ D. $mole\ dm^{-3}\ sec^{-1}$

05. কোন একটি বিক্রিয়ার জন্য বিভিন্ন তাপমাত্রায় বেগ ধ্রুবকের বিভিন্ন মান পাওয়া গেল। এ থেকে 1/T এর বিপরীতে logk স্থাপন করে যে সরল রেখা পাওয়া যায় তার ঢাল –47. বিক্রিয়াটির সক্রিয়ন শক্তি-
A. 1200 জুল B. 600 জুল
C. 300 জুল D. 900 জুল

06. $N_{2(g)} + 3H_{2(g)} \rightleftharpoons 2NH_{3(g)}$ বিক্রিয়াটিতে $K_p$ এবং $K_c$ এর মধ্যে সম্পর্কটি হচ্ছে-
A. $K_p = K_c(RT)^2$ B. $K_p = K_c(RT)^{-2}$
C. $K_p = K_c(RT)^{-1}$ D. $K_p = K_c(RT)^0$

07. নিচের কোন অবস্থার পরিবর্তনের জন্য সাম্যাবস্থার সাম্যাঙ্ক K পরিবর্তিত হবে?
A. Temperature B. Pressure
C. Concentration of reactant D. Concentration of products

08. উভমুখী বিক্রিয়ার ক্ষেত্রে কোন উক্তিটি সঠিক?
A. স্থির তাপমাত্রায় সাম্যাঙ্কের মান স্থির থাকে
B. তাপমাত্রা পরিবর্তন হলে সাম্যাবস্থার অবস্থান পরিবর্তন হলেও সাম্যাঙ্কের মানের পরিবর্তন হয় না
C. তাপমাত্রা পরিবর্তন হলে সাম্যাবস্থার অবস্থান পরিবর্তন না হলেও সাম্যাঙ্কের মানের পরিবর্তন হয়
D. উপরেরর কোনটিই সঠিক নয়

09. তাপ প্রয়োগে $PCl_5$ এর বিয়োজনের ফলে তৈরী হয়-
A. $PCl_3$ B. $PCl_2$ C. $PCl_3$ ও $Cl_2$ D. $PCl_2$ ও $Cl_2$

10. $H_2(g) + I_2(g) \rightleftharpoons 2HI(g)\ \Delta H = -13kJ/mol$ বিক্রিয়াটি 100°C তাপমাত্রায় সাম্যাবস্থায় আছে। নিচের কোন অবস্থার জন্য HI এর শতকরা হার সাম্য মিশ্রণে বেড়ে যাবে?
A. চাপ কমালে B. তাপমাত্রা কমালে
C. চাপ বাড়ালে D. তাপমাত্রা বাড়ালে

11. $N_2 + 3H_2 \rightleftharpoons 2NH_3 + heat$ বিক্রিয়াটি ডানদিকে অগ্রসর হবে যদি-
A. তাপমাত্রা কমানো হয় B. চাপ বাড়ানো হয়
C. $NH_3$ সরানো হয় D. সবগুলি

12. সমআয়তন পাত্রে নিচের কোন গ্যাসটির আংশিক চাপ সর্বাধিক?
A. 2g $H_2$ B. 8g He
C. 32g $O_2$ D. 17g $NH_3$

13. নিচের কোনটি সত্য নয়?
A. $K_w = 1 \times 10^{-14}$ B. $pK_w = 14$
C. $[H_3O^+][OH^-] = K_w$ D. $K_w = 1 = 10^{-14}$ M

14. কোন উক্তিটি সঠিক নয়?
A. নির্দিষ্ট তাপমাত্রায় $K_w$ এর মান নির্দিষ্ট
B. পানির বিয়োজন প্রক্রিয়াটি তাপহারী
C. তাপমাত্রা বৃদ্ধিতে পানির বিয়োজন মাত্রা অপরিবর্তিত থাকে
D. তাপমাত্রা বৃদ্ধিতে পানির $K_w$ এর মান বৃদ্ধি পায়

15. কোন সমীকরণটি সঠিক নয়? এখানে, বিয়োজন মাত্রা ($\alpha$)-
A. $\alpha = \sqrt{\left(\frac{K}{C}\right)}$ B. $\alpha \propto \frac{1}{\sqrt{C}}$
C. $\alpha = \sqrt{KV}$ D. $\alpha = \sqrt{\frac{V}{K}}$

16. $pK_a$-এর মান 4 হলে তা কোন শ্রেণীর এসিড?
A. খুব শক্তিশালী B. মধ্যম শক্তিশালী
C. দুর্বল D. কোনটিই নয়

17. কোন জোড়া এসিডের তীব্রতার ক্রম ভুল?
A. $HClO_4 > HNO_3$ B. $HF > HCl$
C. $H_2SO_4 > HNO_3$ D. $CH_3COOH > CH_3CH_2COOH$

18. নিম্নোক্ত এসিডসমূহের মধ্যে কোনটি সর্বাপেক্ষা শক্তিশালী?
A. $HClO_4$ B. $HNO_3$
C. $H_2SO_4$ D. $HClO$

19. কোনটি ক্ষারীয় বাফার দ্রবণ?
A. HCOOH + HCOONa B. NaOH + NaCl
C. Aq.$NH_3$ + NaOH D. Aq. $NH_3$ + $NH_4Cl$

20. বিশুদ্ধ পানিতে $OH^-$ এবং $H^+$ এর মোলার ঘনমাত্রা এর অনুপাত কত?
A. 7 B. $10^{-7}$
C. 0 D. 1

21. নিচের কোন প্রক্রিয়ায় pH কমে?
A. নলের মাধ্যমে খাবার পানিতে মুখ দিয়ে বুদবুদ সৃষ্টি করলে
B. কোকাকোলা বোতলের মুখ দীর্ঘক্ষণ খুলে রাখলে
C. সালোকসংশ্লেষণ প্রক্রিয়ায় উদ্ভিদ খাদ্য তৈরি করলে
D. খাবার পানিকে ফোটালে

22. নিচের কোন জলীয় দ্রবণটির pH সবচেয়ে বেশি?
A. 0.1M $NH_3$ B. 0.1 M NaOH
C. 0.1 M $NH_4Cl$ D. 0.1 M $CH_3COONa$

23. 0.1M হাইড্রোক্লোরিক এসিডের pH মান কত?
A. 0.1 B. 1.0
C. 1.1 D. 10.1

24. একটি জলীয় দ্রবণের $H^+$ ঘনমাত্রা 0.001 mol/l হলে দ্রবণের pH কত?
A. 1.0 B. 2.0
C. 3.0 D. 11

25. 0.05 mol $dm^{-3}$ $H_2SO_4$ দ্রবণের pH কত?
A. 0.05 B. 0.1
C. 1.0 D. 0.5

| OMR SHEET | | |
|---|---|---|
| | | 17. Ⓐ Ⓑ Ⓒ Ⓓ |
| 01. Ⓐ Ⓑ Ⓒ Ⓓ | 09. Ⓐ Ⓑ Ⓒ Ⓓ | 18. Ⓐ Ⓑ Ⓒ Ⓓ |
| 02. Ⓐ Ⓑ Ⓒ Ⓓ | 10. Ⓐ Ⓑ Ⓒ Ⓓ | 19. Ⓐ Ⓑ Ⓒ Ⓓ |
| 03. Ⓐ Ⓑ Ⓒ Ⓓ | 11. Ⓐ Ⓑ Ⓒ Ⓓ | 20. Ⓐ Ⓑ Ⓒ Ⓓ |
| 04. Ⓐ Ⓑ Ⓒ Ⓓ | 12. Ⓐ Ⓑ Ⓒ Ⓓ | 21. Ⓐ Ⓑ Ⓒ Ⓓ |
| 05. Ⓐ Ⓑ Ⓒ Ⓓ | 13. Ⓐ Ⓑ Ⓒ Ⓓ | 22. Ⓐ Ⓑ Ⓒ Ⓓ |
| 06. Ⓐ Ⓑ Ⓒ Ⓓ | 14. Ⓐ Ⓑ Ⓒ Ⓓ | 23. Ⓐ Ⓑ Ⓒ Ⓓ |
| 07. Ⓐ Ⓑ Ⓒ Ⓓ | 15. Ⓐ Ⓑ Ⓒ Ⓓ | 24. Ⓐ Ⓑ Ⓒ Ⓓ |
| 08. Ⓐ Ⓑ Ⓒ Ⓓ | 16. Ⓐ Ⓑ Ⓒ Ⓓ | 25. Ⓐ Ⓑ Ⓒ Ⓓ |

POLL MACHINE
Preparation and Practice are vital for effective delivery



CamScanner

## Answer Analysis

| প্রশ্ন | উত্তর | ব্যাখ্যা |
|---|---|---|
| 01 | C | |
| 02 | A | তাপমাত্রা বাড়ালে যে কোন বিক্রিয়ার হার বেড়ে যায়। তবে তাপোৎপাদী বিক্রিয়ায় তাপমাত্রা বাড়ালে বিক্রিয়ার হার পশ্চাৎ দিকে বেড়ে যায়। ফলে উৎপাদ হ্রাস পায় এবং সাম্যাবস্থা বাম দিকে সরে আসে। |
| 03 | A | সাধারণত প্রতি $10°$ সে. তাপমাত্রা বৃদ্ধিতে বিক্রিয়ার গতিবেগ দুই গুণ বৃদ্ধি পায়। |
| 04 | A | বিক্রিয়ার বেগ ধ্রুবকের একক ও ক্রম বিক্রিয়ার অর্ধজীবন থেকে: (নিচের সারণি) |

| ক্রম | বেগ ধ্রুবকের মান (সমীকরণ সাপেক্ষে) | বেগ ধ্রুবকের একক | Rate equ$^n$ | HALF LIFE |
|---|---|---|---|---|
| 0 | বেগ $/[A]^0[B]^0$ | $mol\ L^{-1}S^{-1}$ | $K=\frac{x}{t}$ | $t_{1/2}=\frac{a}{2k}$ |
| 1 | বেগ$/[A]^1[B]^0$ অথবা বেগ$/[A]^0[B]^1$ | $(time)^{-1}$ | $K=\frac{1}{t}\ln\frac{a}{a-x}$ | $t\frac{1}{2}=\frac{0.693}{K}$ |
| 2 | বেগ$/[A]^1[B]^1$ | $L\ mol^{-1}S^{-1}$ | $K=\frac{1}{t}\frac{x}{a(a-x)}$ | $t\frac{1}{2}=\frac{1}{K_a}$ |

| প্রশ্ন | উত্তর | ব্যাখ্যা |
|---|---|---|
| 05 | D | যেহেতু $\frac{1}{T}$ এর বিপরীতে $\log k$ স্থাপন করে লেখচিত্র অঙ্কন করা হয়েছে;<br>সেহেতু ঢাল $\frac{-E_a}{2.303R}=-47$<br>$\Rightarrow Ea=47\times2.303\times8.3J=899.91J=900J$ |
| 06 | B | $N_2(g)+3H_2(g)\rightleftharpoons 2NH_3$ এই বিক্রিয়ার জন্য<br>$\Delta n=-2 \therefore K_P=K_C(RT)^{-2}$ |
| 07 | A | কোন রাসায়নিক বিক্রিয়া একবার সাম্যাবস্থায় পৌঁছালে বিক্রিয়া বা উৎপাদের ঘনমাত্রা পরিবর্তন করলেও সাম্যাঙ্ক K-এর কোন পরিবর্তন হয়না। কেবল মাত্র তাপমাত্রা বাড়ালে বা কমালে সাম্যাঙ্ক K পরিবর্তিত হয়। |
| 08 | A | উভমুখী বিক্রিয়ায় স্থির তাপমাত্রায় সাম্যাঙ্কের মান স্থির থাকে। কিন্তু তাপমাত্রা হ্রাস বা বৃদ্ধি ঘটালে সাম্যাবস্থার অবস্থানের মতো সাম্যাঙ্কের মানও পরিবর্তন হয়। |
| 09 | C | $PCl_5 \xrightarrow{\Delta} PCl_3+Cl_2$ |
| 10 | B | এটি তাপোৎপাদী বিক্রিয়া। তাপমাত্রা কমালে উৎপাদ বেড়ে যাবে। |
| 11 | D | $N_2+3H_2 \rightleftharpoons 2NH_3+heat$<br>**লা-শাতেলিয়া নীতি অনুযায়ী:**<br>• তাপোৎপাদী বিক্রিয়ায় তাপ কমালে বিক্রিয়া ডানদিকে যাবে।<br>• এখানে আপনা হতেই চাপ কমে, তাই চাপ বাড়ালে বিক্রিয়া ডানদিকে যাবে।<br>• $NH_3$ সরানো হলেও বিক্রিয়া ডান দিকে যাবে। কারণ এতে ঘনমাত্রার পরিবর্তন হয়। |
| 12 | B | $n_{H_2}=\frac{W}{M}=1,\ n_{He}=\frac{8}{4}=2,$<br>$n_{O_2}=\frac{32}{32}=1,\ n_{NH_3}=\frac{17}{17}=1;$<br>যার মোল সংখ্যা বেশি তার আংশিক চাপ সর্বোচ্চ। |
| 13 | D | এখানে, $2H_2O \rightleftharpoons [H_3O^+].[OH^-]$ ($10^{-7}$, $10^{-7}$)<br>এখানে, পানির ক্ষেত্রে, $K_{sp}/K_w=[H_3O^+][OH^-]$<br>$=(10^{-7})^2=10^{-14}$<br>$\therefore K_w=10^{-14}$  $\therefore pK_w=-antilog(10^{-14})=14$<br>$K_w=1\times10^{-14}$ অথবা $10^{-14}$ হবে, $K_w=1\times10^{-14}M$ নয়<br>এবং $pK_w=14$, $[H_3O^+][OH^-]=K_w$ হবে। |
| 14 | C | $K_w$ এর বৈশিষ্ট্য:<br>• নির্দিষ্ট তাপমাত্রায় বিশুদ্ধ পানি বা যে কোনো জলীয় দ্রবণের ক্ষেত্রে $[H_3O^+]$ ও $[OH^-]$ এর ঘনমাত্রা সর্বদা ধ্রুবক এবং এর মান ঐ তাপমাত্রায় $K_w$ এর সমান।<br>• পানির বিয়োজন তাপহারী বিক্রিয়া।<br>• তাপমাত্রা বাড়ালে $K_w$ বৃদ্ধি পায়।<br>• তাপমাত্রা বাড়ালে পানির বিয়োজন মাত্রা পরিবর্তিত হয়। |
| 15 | D | অসওয়াল্ডের লঘুকরণ সূত্রানুসারে, $K=\frac{C\alpha^2}{1}=C\alpha^2$<br>$\Rightarrow \alpha^2=\frac{K}{C} \Rightarrow \alpha=\sqrt{\left(\frac{K}{C}\right)} \Rightarrow \alpha \propto \frac{1}{\sqrt{C}}$<br>[∵ নির্দিষ্ট তাপমাত্রায় K ধ্রুবক]<br>যদি 1 মোল দুর্বল তড়িৎবিশ্লেষ্য V লিটার দ্রবণে দ্রবীভূত থাকে তবে, V লিটার দ্রবণের দ্রবীভূত দ্রব 1 মোল।<br>∴ 1 লিটার দ্রবণে দ্রবীভূত দ্রব $\frac{1}{V}$ মোল।<br>$\alpha \propto \frac{1}{\sqrt{C}} \Rightarrow \alpha=\sqrt{\frac{K}{C}}$<br>$\therefore \alpha=\sqrt{\frac{K}{\frac{1}{V}}} \Rightarrow \alpha=\sqrt{KV}$<br>$\therefore \alpha \propto \sqrt{V}$ ; কারণ নির্দিষ্ট তাপমাত্রায় K ধ্রুবক। |
| 16 | B | |
| 17 | B | হাইড্রাসিডের তীব্রতা ঋণাত্মক আয়নের আকার বৃদ্ধির সাথে সাথে বাড়ে।<br>$\therefore HF < HCl < HBr < HI$<br>HCl, HF এর চেয়ে বেশি শক্তিশালী এসিড কারণ F এর আকার Cl এর চেয়ে অনেক ছোট এবং F এর তড়িৎ ঋণাত্মকতা অনেক বেশি। এজন্য Cl ও H এর বন্ধন অনেকটা দুর্বল হয়। |
| 18 | A | জারণ মান যার যত বেশী সে তত বেশী শক্তিশালী অম্ল<br>i. $HClO_4=+7$  ii. $HNO_3=+5$<br>iii. $H_2SO_4=+6$  iv. $H_2SO_3=+4$ v. $H_3PO_4=+5$ |
| 19 | D | **ক্ষারীয় বাফার:** দুর্বল ক্ষারক + দুর্বল ক্ষারের অনুবন্ধী লবণ<br>উদাহরণ: (i) $Na_2CO_3+HCO_3^-$ আয়ন<br>(ii) $NH_4OH+NH_4^+$ আয়ন<br>অম্লীয় বাফার- (দুর্বল এসিড + দুর্বল এসিডের অনুবন্ধী লবণ)<br>(i) $CH_3COOH+CH_3COO^-$ আয়ন<br>(ii) $H_2PO_4^-+HPO_4^{2-}$ আয়ন |
| 20 | D | বিশুদ্ধ পানিতে $pOH+pH={}_pK_w=10^{-14}$;<br>$[H^+]\ [OH^-]=10^{-14}$<br>x  x  $x^2$<br>$\therefore x^2=10^{-14}$  অনুপাত $=\frac{[H^+]}{[OH^-]}=\frac{10^{-7}}{10^{-7}}=1$<br>$x=\sqrt{10^{-14}}=10^{-7}$ |
| 21 | A | নলের মাধ্যমে খাবার পানিতে মুখ দিয়ে বুদবুদ সৃষ্টি করলে pH কমে। |
| 22 | B | NaOH শক্তিশালী ক্ষার বলে এর জলীয় দ্রবণের pH সবচেয়ে বেশি। |
| 23 | B | দশমিকের পর 1 বিশিষ্ট 1টি অংক আছে। তাই pH = 1.0 |
| 24 | C | জলীয় দ্রবণের $[H^+]=0.001\ mol/L$<br>$\therefore pH=-\log[1\times10^{-3}]=3$ |
| 25 | C | $0.05\ mol\ dm^{-3}=0.05\ mol\ L^{-1}$বা, $0.05\ M$ (∵ $dm^3=L$)<br>আবার যেহেতু, $H_2SO_4$ ডাইপ্রোটিক সেহেতু $H_2SO_4$ এর pH<br>$=-\log[0.05\times2]=-\log[0.1]=-\log[10^{-1}]=1$ |

POLL MACHINE
Preparation and Practice are vital for effective delivery



CamScanner

অধ্যায় ০৫ প্রথম পত্র

# কর্মমুখী রসায়ন

## STEP 01 SUGGESTION — থিওরি থেকে ০১ টা প্রশ্ন আসবেই

| TOPIC NO | টপিকের শিরোনাম | টপিকের বিস্তারিত | গুরুত্ব |
|---|---|---|---|
| 01. | খাদ্য নিরাপত্তা ও খাদ্য উপাদান | বিভিন্ন ভিটামিনের নাম, উৎস ও অভাবজনিত রোগ | ** |
| 02. | খাদ্য সংরক্ষণ | প্রাকৃতিক প্রিজারভেটিভস ও কৃত্রিম প্রিজারভেটিভস এর নাম | *** |
| 03. | এনজাইম/ভিনেগার | এনজাইমের নাম, প্রধান উৎস্য, সাবস্ট্রেট ও উৎপাদ যৌগ | ** |
| শর্ট সিলেবাস বহির্ভূত [শর্ট সিলেবাসের বাহিরে প্রশ্ন হতে পারে এমন টপিকসসমূহ] | | | |
| 04. | দুধ ও দুগ্ধজাত পণ্য | দুগ্ধ উপাদান -গরু ও মানুষের দুধের তুলনা এবং ঘি ও মাখনে ফ্যাট | * |
| 05 | টয়লেট্রিজ ও পারফিউমারী | [গোলাপজল-হেয়ার অয়েল , ট্যালকম পাউডার, ভ্যানিসিং ক্রিম, কোল্ড ক্রিম, লিপিস্টিক, আফটার সেভ, মেহেদী-Only Chemical Name] | * |

## STEP 02 DISCUSSION — সাজেশনভিত্তিক এ বছরের জন্য গুরুত্বপূর্ণ আলোচনা

### TOPIC-01 খাদ্য নিরাপত্তা ও খাদ্য উপাদান

❑ খাদ্য উৎপাদন বৃদ্ধিতে খাদ্য নিরাপত্তার প্রধান শর্ত :

| | |
|---|---|
| নাইট্রোজেন যুক্ত সার | ইউরিয়া $(NH_2)_2C=O$, অ্যামোনিয়াম নাইট্রেট $NH_4NO_3$, অ্যামোনিয়াম সালফেট $(NH_4)_2SO_4$ ইত্যাদি। এরা উদ্ভিদের বৃদ্ধির সহায়ক |
| ফসফরাস যুক্ত সার | TSP বা ক্যালসিয়াম ডাই হাইড্রোজেন ফসফেট $Ca(H_2PO_4)_2$; ডাই অ্যামোনিয়াম ফসফেট (DAP), $(NH_4)_2HPO_4$ ইত্যাদি। |
| পটাশিয়াম যুক্ত সার | মিউরেট অব পটাশ KCl, পটাশিয়াম নাইট্রেট $KNO_3$ ইত্যাদি। এরা উদ্ভিদের ফুল ফল ধারণে সহায়ক। |

➤ জেনে রাখা ভাল: (i) WHO খাদ্য নিরাপত্তার ৫টি দিক নির্দেশনা দিয়েছে। যথা:

☞ দূষণমুক্ত খাদ্য ☞ কাচা ও রান্না করা খাদ্য পৃথক রাখা ☞ যথাযথ রান্না ☞ খাদ্য সংরক্ষণ ☞ নিরাপদ পানি * N, P ও K উদ্ভিদের মৌলিক উপাদান

❑ বিভিন্ন ভিটামিনের নাম উৎস ও অভাবজনিত রোগ :

| | নাম | রাসায়নিক নাম | অভাবজনিত রোগ | | নাম | রাসায়নিক নাম | অভাবজনিত রোগ |
|---|---|---|---|---|---|---|---|
| Fat Soluble | A | রেটিনল | রাতকানা | Water Soluble | $B_1$ | থায়ামিন | বেরি বেরি |
| | D | ক্যালসিফেরল | রিকেটস | | $B_2$ | রিবোফ্লাভিন | ডারমাটিটিস (জিহ্বায় প্রদাহ) |
| | E | α টোকোফেরল | মাংস পেশিতে টান | | $B_6$ | পিরিডক্সল | ডারমাটিটিস |
| | K | ফিলোকুইনোন | রক্তক্ষরণ | | $B_{12}$ | ফোলিক এসিড | রক্তশূণ্যতা |
| | | | | | C | অ্যাসকরবিক এসিড | স্কার্ভি |

### TOPIC-02 খাদ্য সংরক্ষণ

❑ খাদ্য সংরক্ষণ কৌশল, সংরক্ষকের ব্যবহার ও খাদ্য সংরক্ষণের প্রক্রিয়া

অনুমোদিত রাসায়নিক ফুড প্রিজারভেটিভস ০৯টি

| Na-LAMPS ARE SO CUTE | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| Na | L | A | M | P | S | Are | So | Cute |
| সোডিয়াম নাইট্রেট | ল্যাকটিক এসিড | এসিটিক এসিড | মিথাইল প্যারাবেন | পটাশিয়াম সরবেট | সোডিয়াম বেনজয়েট এবং সোডিয়াম প্রোপানয়েট | - | $SO_2$ | সাইট্রিক এসি |

❑ খাদ্য সংরক্ষক বা ফুড প্রিজারভেটিভসকে মূলত দুই ভাগে ভাগ করা হয় :

| | |
|---|---|
| প্রাকৃতিক ফুড প্রিজারভেটিভস | (i) খাদ্য লবণ (NaCl) দ্বারা খাদ্য সংরক্ষণ : পচনশীল খাদ্যবস্তুকে খাদ্য লবণ (NaCl) বা এর গাঢ় দ্রবণ দ্বারা সংরক্ষ প্রক্রিয়াকে কিউরিং (curing) বলা হয়। মাছ, মাংস, কাঁচা ফল ও সবজিকে কিউরিং পদ্ধতিতে সংরক্ষণ করা যায়। |
| | (ii) সরিষার তেল দ্বারা খাদ্য সংরক্ষণ : আর্দ্রতামুক্ত সরিষার তেল, ব্যাকটেরিয়া ও ফাংগাস জন্মাতে বাধা দেয়। |
| | (iii) চিনি দ্বারা খাদ্যবস্তু সংরক্ষণ : চিনির গাঢ় দ্রবণ বা সিরাপের সংস্পর্শে ব্যাকটেরিয়া কোষের মধ্যস্থ জলীয় অংশকে চিনি গাঢ় দ্রবণ অভিস্রবণ বা অসমোসিস প্রক্রিয়ায় শুষে নেয়। ফলে ব্যাকটেরিয়া বিনষ্ট হয়। |
| | (iv) অ্যালকোহল : বিশুদ্ধ $CH_3CH_2OH$ (70–95%) সবচেয়ে শক্তিশালী প্রিজারভেটিভস। |
| | (v) ভিনেগার : 6–10% ইথানয়িক এসিড যা বহুল ব্যবহৃত প্রচলিত প্রাকৃতিক প্রিজারভেটিভস। |

POLL MACHINE
Preparation and Practice are vital for effective delivery
CamScanner

## কৃত্রিম প্রিজারভেটিভস:

| কার্যক্রম | সংরক্ষক বা প্রিজারভেটিভস | আক্রান্ত অণুজীব | ব্যবহারের সর্বোচ্চ মাত্রা |
|---|---|---|---|
| এন্টিমাইক্রোবিয়াল | সোডিয়াম বেনজয়েট ($C_6H_5CO_2Na$) | ঈষ্ট ও মোল্ড | 200 ppm |
| | সোডিয়াম সরবেট ($C_5H_7CO_2Na$) | মোল্ড | 200 ppm |
| | অ্যাসিটিক এসিড (ভিনেগার) | আচার, চাটনি, সস্ | 6–10% |
| | প্রোপানোয়েটসমূহ $(CH_3CH_2CO_2)_2Ca$ | ঈষ্ট ও মোল্ড | 0.1–0.3% |
| | $KHSO_3$, $SO_2$ | ঈষ্ট ও মোল্ড | 200 ppm |
| | সাইট্রিক এসিড ($C_6H_8O_7$) | অণুজীব | 200–350 ppm |
| এন্টিমাইক্রোবিয়াল (ক্লসট্রিডিয়াম বটুলিনাম) | $NaNO_3$, $NaNO_2$, $KNO_3$, $KNO_2$ | সামুদ্রিক মাছ ও মাংস সংরক্ষণ | 120 ppm |
| এন্টিঅক্সিডেন্ট | বিউটাইলেটেড হাইড্রক্সি টলুইন (BHT), $C_{15}H_{24}O$ | মোল্ড | 200 ppm |
| | বিউটাইলেটেড হাইড্রক্সি এনিসল (BHA), $C_{11}H_{16}O_2$ | ঈষ্ট ও মোল্ড | 100 ppm |
| | tert-বিউটাইল হাইড্রো কুইনোন (TBHQ) $C_{10}H_{14}O_2$ | ঈষ্ট ও মোল্ড | 100 ppm |
| ফুড অ্যাডিটিভস | সুগন্ধকারক, যেমন- ফলের এসেন্স। | সুগন্ধ বস্তু | খাদ্যবস্তুকে সুগন্ধ ও গ্রহণীয় করার জন্য। |
| | ইমালসিফায়ার যেমন- লেসিথিন (E 322), বা অ্যাসিটিক এসিডের গ্লিসারাইড এস্টার। | তৈল-চর্বিকে পানিতে মিশ্রণের জন্য | তৈল জাতীয় পদার্থকে পানিতে মিশ্রিত করার জন্য ব্যবহৃত হয়। |
| | রঙিন বস্তু (Colouring) | ডাই (dye) | তৈরি করা খাদ্যবস্তুতে গ্রহণযোগ্য রং সৃষ্টি। |
| | সরবিটল, $C_6H_8(OH)_6$ (E 420) | মিষ্টিকারক (Sweetener) | চিনি ছাড়া ভিন্ন মিষ্টিকারক। শিশুর দাঁত ক্ষয়রোধক, ডায়াবেটিক চকলেট। |

**বি.দ্র. : ইউরোপিয়ান কমিউনিটি কর্তৃক অনুমোদিত বিভিন্ন ফুড অ্যাডিটিভের নির্দিষ্ট নম্বর E এর সাথে যুক্ত থাকে; যেমন সরবিটল হলো E 420**

**কিলেটিং এজেন্ট:** খাদ্যবস্তুতে বিদ্যমান বিভিন্ন অবস্থান্তর মৌলের আয়নকে দুই বা ততোধিক সন্নিবেশ বন্ধন দ্বারা আবদ্ধ রাখতে যে রাসায়নিক যৌগ ব্যবহৃত হয়, সেগুলোকে কিলেটিং এজেন্ট বলে।

অবস্থান্তর মৌলসমূহ প্রভাবন ধর্মের অধিকারী। খাদ্য দ্রব্যের মধ্যে উপস্থিত অবস্থান্তর মৌলের আয়ন বিশেষ করে $Fe^{2+}$, $Fe^{3+}$, $Co^{3+}$, $Ni^{2+}$ ও $Cu^{2+}$, $Mn^{2+}$ তেল-চর্বির জারণ ও আর্দ্র বিশ্লেষণ বিক্রিয়ায় প্রভাবক হিসেবে ভূমিকা রাখে। উদাহরণস্বরূপ: খাদ্য দ্রব্যে উপস্থিত $Cu^{2+}$ আয়ন, ভিটামিন C, ভিটামিন –E, থায়ামিন, ফলিক এসিড প্রভৃতি উপাদানকে দ্রুত জারিত করতে সহায়তা করে। ফলে খাদ্য দ্রব্য বিনষ্ট হয়। $Cu^{2+}$, $Fe^{2+}$ ও $Co^{3+}$ চর্বি জাতীয় খাদ্যের মধ্যে উপস্থিত ভিটামিন A কে বিনষ্ট করে। কিলেটিং এজেন্ট এসব অবস্থান্তর মৌলের আয়নের সাথে সন্নিবেশ বন্ধনের মাধ্যমে যুক্ত হয়ে পরিবর্তিত জটিল যৌগ গঠনের মাধ্যমে এদের প্রভাবন ধর্মকে বিনষ্ট করে। বহুল ব্যবহৃত কিলেটিং এজেন্ট হিসেবে EDTA [Ethylene Diamine Tetra Acetate], EDA (Ethylene Diamine), ফিনাইল হাইড্রাজিন ($C_6H_5$–NH–$NH_2$), ম্যালিক এসিড, ফিউমারিক এসিড, সাইট্রিক এসিড, সোডিয়াম ইডিটেড, ক্যালসিয়াম ইডিটেড, ট্রাই সোডিয়াম ইডিটেড বিশেষভাবে উল্লেখযোগ্য। এরা প্রত্যেকেই লিগ্যান্ড। এদের নিঃসঙ্গ ইলেকট্রন জোড় অবস্থান্তর মৌলের আয়নের সাথে সন্নিবেশ বন্ধনে যুক্ত হয়ে অবস্থান্তর মৌলের আয়নকে আবদ্ধ করে এবং কিলেটিং এজেন্ট হিসেবে কাজ করে। এছাড়া সাইট্রিক এসিড, ল্যাকটিক এসিড, অ্যাসকরবিক এসিড ও পলিফসফেটকে কিলেটিং এজেন্ট হিসেবে ব্যবহার করা হয়। দুধে উপস্থিত ল্যাকটিক এসিড কিলিং এজেন্ট হিসেবে কাজ করে। ফল, শাক-সবজি কাটার পর এনজাইমের প্রতিক্রিয়া রোধ করার জন্য কিলেটিং এজেন্ট ব্যবহার করা হয়।



EDTA

$\ddot{N}H_2–CH_2–CH_2–\ddot{N}H_2$
ইথাইলিন ডাই অ্যামিন (EDA)

**EDTA আয়ন লিগ্যান্ড বা কিলেটিং এজেন্ট রূপে $Fe^{2+}$, $Fe^{3+}$, $Co^{3+}$ এর সাথে 6টি সন্নিবেশ বন্ধন দ্বারা আবদ্ধ হতে পারে।**

## অ্যান্টি অক্সিডেন্টের প্রকারভেদ:

| অ্যান্টি অক্সিডেন্ট | প্রকারভেদ | মনে রাখার ট্রিকস |
|---|---|---|
| মুক্তমূলক (ফ্রির‍্যাডিক্যাল) শোষণকারী | (i) বিউটাইলেটেড হাইড্রক্সি টলুইন (BHT) [E321], $C_{15}H_{24}O$<br>(ii) বিউটাইলেটেড হাইড্রক্সি অ্যানিসল (BHA) [E3220], $C_{11}H_{16}O_2$<br>(iii) tertiary-বিউটাইল হাইড্রো কুইনোন (TBHQ) [E319] $C_{10}H_{14}O_2$<br>(iv) প্রোপাইল গ্যালেট ($C_{10}H_{12}O_5$) | ➢ বিবিটা প্রেগন্যান্ট-<br>বি → BHA<br>বি → BHT<br>টা → TBHQ<br>প্রেগন্যান্ট → প্রোপাইল গ্যালেট |



POLL MACHINE
Preparation and Practice are vital for effective delivery
CamScanner

| অ্যান্টি অক্সিডেন্ট | প্রকারভেদ | মনে রাখার ট্রিকস |
|---|---|---|
| অক্সিজেন শোষণকারী | (i) ভিটামিন-C (ii) ভিটামিন-E (iii) সালফাইট লবণ (iv) β ক্যারোটিন / Vit-A | ➤ BSC Engineering-<br>B → β (বিটা) ক্যারোটিন/Vit.-A<br>S → সালফাইট লবণ<br>C → Vit.-C<br>Engineering → Vit.-E |
| প্রাকৃতিক | (i) ভিটামিন-C বা অ্যাসকরবিক এসিড (ii) ভিটামিন-E বা টকোফেরল (iii) বিটা (β) ক্যারোটিন (iv) অধাতু সেলেনিয়াম, Se(34) | ➤ ECB সেতু-<br>E → Vit.-E<br>C → Vit.-C<br>B → β-ক্যারোটিন<br>সেতু → Se |
| কৃত্রিম | (i) BHA (ii) BHT (iii) TBHQ (iv) প্রোপাইল গ্যালেট (v) সাইট্রিক এসিড ($C_6H_8O_7$) (vi) ক্যালসিয়াম প্রোপানয়েট $(C_2H_5-COO)_2Ca$ | ➤ কাসেমের বিবিটা প্রেগন্যান্ট-<br>কা → ক্যালসিয়াম প্রোপানয়েট<br>সেমের → সাইট্রিক এসিড<br>বি → BHA<br>বি → BHT<br>টা → TBHQ<br>প্রেগন্যান্ট → প্রোপাইল গ্যালেট |

## TOPIC-03 এনজাইম/ভিনেগার

☐ এনজাইমের নাম, প্রধান উৎস্য, সাবস্ট্রেট ও উৎপাদ যৌগ :

| এনজাইমের নাম | এনজাইমের প্রধান উৎস্য | সাবস্ট্রেট | উৎপাদ যৌগ |
|---|---|---|---|
| ১. সেলুলেস | ১. ছত্রাক, ব্যাকটেরিয়া, শামুক | ১. সেলুলোজ | গ্লুকোজ ও অন্যান্য মনোস্যাকারাইড |
| ২. অ্যামাইলেস | ২. অঙ্কুরিত বীজ, স্যালিভারি গ্রন্থি, অগ্ন্যাশয় | ২. স্টার্চ, ডেক্সট্রিন | মল্টোজ (গ্লুকোজ + গ্লুকোজ) |
| ৩. ইনভার্টেস (সুক্রেস) | ৩. ঈস্ট, ক্ষুদ্রান্ত্রীয় রস | ৩. সুক্রোজ | গ্লুকোজ + ফ্রুক্টোজ |
| ৪. ল্যাকটেস্ | ৪. ক্ষুদ্রান্ত্রের ঝিল্লি | ৪. ল্যাক্টোজ | গ্লুকোজ + গ্যালাক্টোজ |
| ৫. ম্যাল্টেস্ | ৫. ঈস্ট, মল্ট, ক্ষুদ্রান্ত্রীয় রস | ৫. মল্টোজ | গ্লুকোজ + গ্লুকোজ |
| ৬. জাইমেস্ | ৬. ঈস্ট | ৬. (গ্লুকোজ + ফ্রুক্টোজ) | $(C_2H_5OH + CO_2)$ |
| ৭. ইনুলিনেস্ | ৭. ছত্রাক, ব্যাকটেরিয়া, শামুক | ৭. ইনুলিন | ফ্রুক্টোজ + ফ্রুক্টোজ |
| ১. পেপসিন | ১. পাকস্থলির পরিপাক রস | | |
| ২. ট্রিপসিন | ২. অগ্ন্যাশয় গ্রন্থি | | |

| | |
|---|---|
| ভিনেগার | অ্যাসিটিক এসিড এর 6-10% জলীয় দ্রবণ/ ইথানয়িক এসিডের লঘু জলীয়দ্রবণ (4-10%) |
| সিডার ভিনেগার | আপেলের রস ফারমেন্টেশন করে 4% $CH_3COOH$ দ্রবণ |
| আঙ্গুরের ভিনেগার | আঙ্গুরের রস ফারমেন্টেশন করে 4% $CH_3COOH$ দ্রবণ। |
| স্পিরিট ভিনেগার | ইথানল ফারমেন্টেশন দ্বারা প্রাপ্ত 4% $CH_3COOH$ দ্রবণ। একে সাদা ভিনেগারও বলে। |
| মল্ট ভিনেগার | অংকুরিত বার্লির ফারমেন্টেশন দ্বারা উৎপন্ন 4% $CH_3COOH$ দ্রবণ। |

POLE MACHINE
Preparation and Practice are vital for effective delivery

## TOPIC-04 দুগ্ধ ও দুগ্ধজাত পণ্য

☐ দুধের উপাদান:

| প্রাণী | পানি | চর্বি (Fat) | প্রোটিন | ল্যাক্টোজ | খনিজ উপাদান | ভিটামিন | খাদ্য ক্যালরি (K.cal/100g) |
|---|---|---|---|---|---|---|---|
| মানুষ | 87.1 | 4.5 | 0.9 | 7.1 | 0.2 | A, B, C, D | 72 |
| গাভী | 87.8 | 3.5 | 3.1 | 4.6 | 0.7 | A, B, C, D | 66 |
| ছাগল | 87.0 | 4.2 | 3.3 | 4.8 | 0.7 | A, B, C, D | 70 |
| ভেড়া | 82.0 | 7.2 | 4.6 | 4.8 | 0.9 | A, B, C, D | 102 |
| মহিষ | 82.7 | 7.4 | 3.6 | 5.5 | 0.8 | A, B, C, D | 110 |
| উট | 87.6 | 5.3 | 3.0 | 3.3 | 0.8 | A, B, C, D | 76 |

☞ **বিশেষ তথ্য:** মহিষের দুধে চর্বি ও খাদ্য ক্যালরির মান সবচেয়ে বেশি, ভেড়ার দুধে প্রোটিনের পরিমাণ সবচেয়ে বেশি, গাভীর দুধে পানির পরিমাণ সবচেয়ে বেশি, মানুষের দুধে ল্যাকটোজের পরিমাণ সবচেয়ে বেশি।



CamScanner

## দুধের পুষ্টিগুণ:

| | |
|---|---|
| দুগ্ধ গ্রন্থি বা ম্যামারি গ্ল্যান্ড থেকে নিঃসৃত সাদা বর্ণের তরল পদার্থ। | গাভীর দুধের আপেক্ষিক গুরুত্ব হলো 1.029 - 1.039 |
| দুধের আপেক্ষিক গুরুত্ব ল্যাকটোমিটারের সাহায্যে মাপা হয় | দুধের pH এর মান হলো 6.6 – 6.9 |
| দুধের প্রধান উপাদান পানি। (৯০%) | দুধের প্রধান কার্বোহাইড্রেট (শর্করা) হল ল্যাক্টোজ যা একটি অমিষ্ট আমিষ। |
| ল্যাক্টোজ বিশ্লেষিত হয়ে গ্যালাক্টোজ ও গ্লুকোজে পরিণত হয়। | দুধে দুটি প্রোটিন রয়েছে ঃ ক্যাসেইন (প্রধান প্রোটিন ৮০%) এবং ল্যাক্টালবুমিন (অপ্রধান প্রোটিন ২০%) |
| ক্যাসেইন একটি ফসফোপ্রোটিন এবং পূর্ণাঙ্গ প্রোটিন। | দুধে চর্বি (ফ্যাট এবং লিপিড ৩.৫-৬% পর্যন্ত) হয়ে থাকে। |
| ক্যারোটিন, জ্যান্থিন এর কারণে দুধ হলদে দেখায়। | দুধের প্রধান খনিজ পদার্থ হল পটাশিয়াম, ক্যালসিয়াম এবং ক্লোরাইড। |
| দুধের প্রধান ভিটামিন হলো– A, B, C, E। [RU-H₃ 17-18] | সর্বাধিক শক্তি থাকে মহিষের দুধে। |
| দুধের প্রধান খনিজ উপাদান: দুধের প্রধান খনিজ উপাদানসমূহ হলো: $Ca^{2+}$ (0.12%), $K^+$ (0.13%), $Na^+$ (0.05%), $Mg^{2+}$ (0.02%), P(0.09%), $Cl^-$ (0.11%)। | |

## TOPIC-05 টয়লেট্রিজ ও পারফিউমারী

### Item-01: এক নজরে টয়লেট্রিজ ও পারফিউমারী

| টয়লেট্রিজ ও পারফিউমারি | উপাদান [মনে রাখার ট্রিকস] | | অন্যান্য |
|---|---|---|---|
| ট্যালকম পাউডার | (i) মূল উপাদান হচ্ছে টেলক। টেলকের রাসায়নিক নাম হাইড্রেটেড ম্যাগনেসিয়াম সিলিকেট [$3MgO.4SiO_2.H_2O$ বা, $H_2Mg_3(SiO_3)_4$ বা, $Mg_3Si_4O_{10}(OH)_2$] (92 ভাগ)<br>(ii) জিংক স্টিয়ারেট (অ্যান্টিসেপটিক) : 3 ভাগ।<br>(iii) ম্যাগনেসিয়াম কার্বনেট (পাউডার ফাঁপানোর জন্য) : 4.5 ভাগ।<br>(iv) মেনথল (সুগন্ধ বস্তু) : 0.5 ভাগ। | জস্টির বোমা-<br>জ → জিঙ্ক অক্সাইড; স্টির → স্টিরাইল অ্যালকোহল ত্বকের কোমলতা বর্ধক; বো → বোরিক এসিড; মা → ম্যাগনেসিয়াম স্টিয়ারেট অ্যান্টিসেপটিক। | ট্যালক- বেবি পাউডারের মূল উপাদান। |
| ভ্যানিশিং ক্রিম | মিসু গ্লু স্টিক পানিতে ভ্যানিশ করে দিল-<br>মি → মিথাইল প্যারাবেন; সু → সুগন্ধি; গ্লু → গ্লিসারিন; স্টিক → কস্টিক পটাশ + স্টিয়ারিক এসিড; পানিতে → পানি; ভ্যানিশ করে দিল → ভ্যানিশিং ক্রিম। | | কারবিটল ত্বকের চকচকে ভাব দূর করে |
18. 3L কোন গ্যাসের চাপ ও তাপমাত্রা যথাক্রমে ত্রিগুণ ও দ্বিগুণ বৃদ্ধি করলে গ্যাসটির নতুন আয়তন হবে?
A. 4 L B. 2 L C. 6 L D. 3 L

19. STP তে 64g $O_2$ গ্যাসের আয়তন কত?
A. 22.4 L B. 67.21 L C. 44.8 L D. 89.6 L

20. –273°C তাপমাত্রায় $N_2$ গ্যাসের মোলার আয়তন $dm^3$ এ কত?
A. 0 B. 6.023 C. 22.4 D. 48.789

21. NTP তে 5.6 লিটার গ্যাসের ওজন 7.5g হলে গ্যাসটির আণবিক সংকেত হল-
A. $NH_3$ B. CO C. $O_2$ D. NO

22. নিচের কোন বস্তুর জন্য একই আয়তনের পাত্রে একই তাপমাত্রায় চাপ সর্বোচ্চ হবে?
A. $28gN_2$ B. $4gH_2$ C. $17gNH_3$ D. $4gH_e$

23. 32K তাপমাত্রায় অক্সিজেন গ্যাসের R.M.S. বেগ কত?
A. $\sqrt{R}$ B. $\sqrt{6R}$
C. $\sqrt{3R}$ D. $2\sqrt{3R}$

POLL MACHINE
Preparation and Practice are vital for effective delivery



CamScanner

...পমাত্রা চারগুণ করলে একই গ্যাসের বর্গমূল-গড় বর্গবেগ (Root Mean Square Speed) কত হবে?
A. এক চতুর্থাংশ B. অর্ধেক C. দ্বিগুণ D. চারগুণ

হাইড্রোজেন গ্যাসের ব্যাপনের হার কোনো একটি গ্যাসের ব্যাপনের হারের 6 গুণ। গ্যাসটির আণবিক ভর কত?
A. 128 g/mol B. 72g/mol
C. 32g/mol D. 180g/mol

| OMR SHEET | | 17. Ⓐ Ⓑ Ⓒ Ⓓ |
|---|---|---|
| Ⓐ Ⓑ Ⓒ Ⓓ | 09. Ⓐ Ⓑ Ⓒ Ⓓ | 18. Ⓐ Ⓑ Ⓒ Ⓓ |
| Ⓐ Ⓑ Ⓒ Ⓓ | 10. Ⓐ Ⓑ Ⓒ Ⓓ | 19. Ⓐ Ⓑ Ⓒ Ⓓ |
| Ⓐ Ⓑ Ⓒ Ⓓ | 11. Ⓐ Ⓑ Ⓒ Ⓓ | 20. Ⓐ Ⓑ Ⓒ Ⓓ |
| Ⓐ Ⓑ Ⓒ Ⓓ | 12. Ⓐ Ⓑ Ⓒ Ⓓ | 21. Ⓐ Ⓑ Ⓒ Ⓓ |
| Ⓐ Ⓑ Ⓒ Ⓓ | 13. Ⓐ Ⓑ Ⓒ Ⓓ | 22. Ⓐ Ⓑ Ⓒ Ⓓ |
| Ⓐ Ⓑ Ⓒ Ⓓ | 14. Ⓐ Ⓑ Ⓒ Ⓓ | 23. Ⓐ Ⓑ Ⓒ Ⓓ |
| Ⓐ Ⓑ Ⓒ Ⓓ | 15. Ⓐ Ⓑ Ⓒ Ⓓ | 24. Ⓐ Ⓑ Ⓒ Ⓓ |
| Ⓐ Ⓑ Ⓒ Ⓓ | 16. Ⓐ Ⓑ Ⓒ Ⓓ | 25. Ⓐ Ⓑ Ⓒ Ⓓ |

## Answer Analysis

| উত্তর | ব্যাখ্যা |
|---|---|
| C | • STP তে মোলার আয়তন = 22.4 L<br>• SATP তে মোলার আয়তন = 24.789 L<br>• NTP তে মোলার আয়তন = 24.04 L |
| C | 1 atm = 101.325 kPa = $1.01325 \times 10^5$ Pa |
| A | $PV = nRT, PV = \frac{W}{M}RT, PM = \frac{W}{V}RT$<br>$\Rightarrow \frac{W}{V} = \frac{PM}{RT} \Rightarrow d = \frac{PM}{RT} \Rightarrow M = \frac{dRT}{P}$ |
| C | স্থির চাপে, কোনো গ্যাসের আয়তন তার পরম তাপমাত্রার সমানুপাতিক, $V \alpha T$ |
| C | চাপ বাড়ালে এবং তাপমাত্রা কমালে গ্যাস তরল ও দ্রবীভূত হয়। |
| B | a = ধ্রুবক যা আন্তঃআণবিক আকর্ষণ বল নির্দেশ করে।<br>b = ধ্রুবক যা কার্যকর নিজস্ব আয়তন নির্দেশ করে।<br>V = গ্যাস অণুর আয়তন, R = মোলারগ্যাস ধ্রুবক<br>T = পরম তাপমাত্রা, n = মোল সংখ্যা |
| A | আণবিক ভর বেশি হলে ভ্যান্ডার ওয়াল্‌স ধ্রুবকের মান বেশি হয় কারণ গ্যাসের আকর্ষণ বেশি হয়। $M_{NH_3} = 14 + 3 = 17, M_{H_2} = 1 \times 2 = 2$ |
| A | সাধারণত লুইস বেসের কেন্দ্রীয় পরমাণুতে দান করতে পারে এরকম মুক্তজোড় ইলেকট্রন থাকে। এখানে N, S, C ইত্যাদি যৌগে মুক্তজোড় ইলেকট্রন বিদ্যমান। এজন্য $AlCl_3$ বাদে বাকি তিনটিকে লুইস বেস ধরা যায়। |
| C | $Fe_2O_3 \rightarrow$ Fe এর যোজনী × পরমাণুর সংখ্যা = 3 × 2 = 6 |
| C | $HClO_4 \rightleftharpoons ClO_4^- + H^+$ অর্থাৎ $HClO_4$ এসিডের অনুবন্ধী ক্ষারক $ClO_4^-$ |
| D | ব্রনস্টেড লাউরী বা প্রোটনীয় মতবাদ অনুসারে:<br>• যেসব যৌগ বা আয়ন অন্য পদার্থকে প্রোটন দান করতে পারে সেটি হচ্ছে অম্ল।<br>• আর যে যৌগ বা আয়ন অন্য পদার্থ হতে প্রোটন গ্রহণ করতে পারে সেটি হচ্ছে ক্ষারক। |
| A | আদর্শ পানির DO এর পরিসীমা 4-8 $mgL^{-1}$ |
| C | • BOD মান (mg/L)<br>• নিরাপদ সুপেয় পানি 1-2 mg/L |

| প্রশ্ন | উত্তর | ব্যাখ্যা |
|---|---|---|
| | | • সুপেয় পানির সর্বোচ্চ সীমা 2-3 mg/L<br>• জলজ প্রাণীর জন্য সহায়ক 4-6 mg/L |
| 14 | B | অ্যাভোগেড্রোর সূত্র মতে, $V \propto n$ [P ও T স্থির]<br>সুতরাং 1g $H_2$ সবচেয়ে বেশি আয়তন দখল করবে। |
| 15 | A | $\frac{P_1}{T_1} = \frac{P_2}{T_2} \Rightarrow \frac{760 \text{ torr}}{27+273} = \frac{P_2}{177+273}$ [$P_1$ = 1atm = 760 torr]<br>$\Rightarrow \frac{760}{300} = \frac{P_2}{450} \Rightarrow P_2 = 1140$ torr |
| 16 | B | $\frac{P_1V_1}{T_1} = \frac{P_2V_2}{T_2}$<br>$\Rightarrow \frac{P \times 3}{T} = \frac{2P \times V_2}{2T}$<br>$\Rightarrow V_2 = 3$<br>$V_1 = 3L$, $P_1 = P$, $P_2 = 2P$, $T_1 = T$, $T_2 = 2T$, $V_2 = ?$ |
| 17 | B | এখানে, 14g $N_2$ গ্যাস অর্থাৎ মৌল সংখ্যা $n = \frac{14}{28} = \frac{1}{2}$<br>$\therefore PV = \frac{1}{2}RT = \frac{RT}{2}$ |
| 18 | B | $\frac{P_1V_1}{T_1} = \frac{P_2V_2}{T_2} \Rightarrow \frac{P \times 3}{T} = \frac{3P \times V_2}{2T} \therefore V_2 = 2$ |
| 19 | C | 64g $O_2$ = 2mol $O_2$; 2mol $O_2$ = 2 × 22.4L $O_2$ = 44.8L $O_2$ |
| 20 | A | −273°C তাপমাত্রায় কোনো গ্যাসের আয়তন $0L/0dm^3$<br>$V_{-273} = V_0\left(1 + \frac{t}{273}\right)$<br>$\Rightarrow V_{-273} = V_0\left(1 + \frac{-273}{273}\right) = V_0(1-1) = 0$ |
| 21 | D | $PV = \frac{m}{M}RT$<br>$\Rightarrow M = \frac{mRT}{PV} = \frac{7.5 \times 0.0821 \times 273}{1 \times 5.6} = 30$<br>যা NO এর আণবিক ভর নির্দেশ করে। |
| 22 | B | $P = \frac{nRT}{V}$<br>[R, T, V Constant তাই যার মোল সংখ্যা বেশি সেটির চাপ সর্বোচ্চ হবে]<br>$^nN_2 = \frac{28}{28} = 1, {}^nH_2 = \frac{4}{2} = 2, {}^nNH_3 = \frac{17}{17} = 1, {}^nHe = \frac{4}{4} = 1$<br>∴ 4g$H_2$ এর চাপ বেশি হবে। কারণ মোল সংখ্যার মান সর্বোচ্চ।<br>টেকনিক: যার মোল সংখ্যা বেশি সেটির চাপ সর্বোচ্চ হবে। |
| 23 | C | $C_{rms} = \sqrt{\frac{3RT}{M}} = \sqrt{\frac{3R \times 32}{32}} = \sqrt{3R}$ |
| 24 | C | আমরা জানি, গ্যাসের বর্গমূল গড় বর্গবেগ $C_{rms} = \frac{1}{3}mnc^2$<br>আবার, $C_{rms} = \sqrt{\frac{3P}{d}} = \sqrt{\frac{3RT \times 4}{M}} = 2\sqrt{\frac{3RT}{M}}$ |
| 25 | B | আমরা জানি, $r \propto \frac{1}{\sqrt{M}}$<br>$\therefore \frac{r_1}{r_2} = \sqrt{\frac{M_2}{M_1}} \Rightarrow \frac{6r_2}{r_2} = \sqrt{\frac{M_2}{2}}$ [প্রশ্নমতে, $r_1 = 6r_2$]<br>$\Rightarrow \frac{36}{1} = \frac{M_2}{2} \Rightarrow M_2 = 72$ g/mol |

POLL MACHINE
Preparation and Practice are vital for effective delivery



CamScanner

অধ্যায় ০২ দ্বিতীয় পত্র

# জৈব রসায়ন

## STEP 01 SUGGESTION

জৈব যৌগ থেকে সাধারণত নিম্নোক্ত ১০টি থেকে মোট প্রশ্ন হয়ে থাকে

| TOPIC NO | টপিকের শিরোনাম | টপিকের বিস্তারিত | গুরু |
|---|---|---|---|
| 01. | জৈব রসায়নের ইতিহাস | জৈব যৌগের প্রাথমিক তথ্য, শ্রেণিবিন্যাস ও ব্যতিক্রমী উদাহরণ | ** |
| 02. | জৈব রাসায়নিক সংকেতসমূহ | কার্যকরীমূলকের নাম, নামকরণ ও গাঠনিক সংকেতসমূহ | *** |
| 03. | সমানুতা ও বহুরূপতা | সমাণুতার শ্রেণিবিন্যাস, উদাহরণ ও সংখ্যা নির্ণয় | ** |
| 04. | বিক্রিয়ার কৌশল এবং বিকারক | বিক্রিয়ার ধরণ বা মেকানিজম, বন্ধন বিভাজন ও বিকারকসমূহ | *** |
| 05. | পার্থক্যমূলক রাসায়নিক বিক্রিয়া | ১০টি পার্থক্য এর মূল বিক্রিয়া জানতে হবে | *** |
| 06. | গুরুত্বপূর্ণ যৌগের রাসায়নিক বিক্রিয়া | জৈব বিক্রিয়া শেখার সহজ কৌশল | *** |
| SECTION BY SECTION ORGANIC CHEMISTRY | | | |
| SECTION-01 | অ্যালকেন সম্পর্কিত তথ্যাবলি | জ্বালানী তেল বা ডিজেল এবং উর্টজ বিক্রিয়া | ** |
| SECTION-02 | অ্যালকিন সম্পর্কিত তথ্যাবলি | অ্যালকিন প্রস্তুতি ও অসম্পৃক্ততার বিক্রিয়াসমূহ | *** |
| SECTION-03 | অ্যালকাইন সম্পর্কিত তথ্যাবলি | অ্যালকাইন প্রস্তুতি ও জারণ বিক্রিয়াসমূহ | *** |
| SECTION-04 | অ্যালিফেটিক ও অ্যারোমেটিক হ্যালোজেন জাতকসমূহ | গ্রিগনার্ড বিকারক ও হ্যালোফরম বিক্রিয়া | ** |
| SECTION-05 | ক্লোরোফরম সম্পর্কিত তথ্যাবলি | ভৌত ও রাসায়নিক বিক্রিয়া | ** |
| SECTION-06 | অ্যালকোহল সম্পর্কিত তথ্যাবলি | প্রস্তুতিমূলক বিক্রিয়া ও বাণিজ্যিক অ্যালকোহলের ব্যবহার | *** |
| SECTION-07 | ফেনল সম্পর্কিত তথ্যাবলি | শনাক্তকরণ ও প্রাথমিক তথ্য | *** |
| SECTION-08 | ইথার সম্পর্কিত তথ্যাবলি | ভৌত ধর্ম ও সংশ্লেষণ পদ্ধতি | ** |
| SECTION-09 | অ্যালডিহাইড ও কিটোন সম্পর্কিত তথ্যাবলি | অ্যালডিহাইড ও কিটোন শনাক্তকরণ এবং বিজারণ বিক্রিয়া | *** |
| SECTION-10 | জৈব এসিড ও জৈব এসিডের জাতকসমূহ সম্পর্কিত তথ্যাবলি | জৈব এসিড এর শর্ত ও এস্টার তৈরির বিক্রিয়া | *** |
| SECTION-11 | অ্যামিন সম্পর্কিত তথ্যাবলি | অ্যামিনের উৎস ও প্রাথমিক তথ্য | ** |
| SECTION-12 | কয়েকটি প্রস্তুতি, শনাক্তকরণ ও ব্যবহার | গ্লিসারিন, নাইট্রোগ্লিসারিন, TNT, ডেটল ও প্যারাসিটামল | *** |
| SECTION-13 | বিভিন্ন নীতি ও নামধারী বিক্রিয়া | নীতি, নামধারী বিক্রিয়া ও উৎপাদসমূহ | **** |
| SECTION-12 | কার্যকরীমূলক শনাক্তকরণ ও IR Spectroscopy সম্পর্কিত তথ্যাবলি | IR Spectroscopy কতিপয় কার্যকরী মূলকের শোষণ বর্ণালীর তরঙ্গদৈর্ঘ্য | * |
| SECTION-13 | পলিমার ও প্লাস্টিসিটি সম্পর্কিত তথ্যাবলি | শ্রেণিবিন্যাস ও উদাহরণ | ** |

POLL MACHINE
Preparation and Practice are vital for effective delivery

## STEP 02 DISCUSSION

সাজেশনভিত্তিক এ বছরের জন্য গুরুত্বপূর্ণ আলোচনা

### TOPIC 01 জৈব রসায়নের ইতিহাস

**জৈব রসায়নের ইতিহাস সম্পর্কিত তথ্য:**

* বার্জেলিয়াস মত প্রকাশ করেন যে সজীব উদ্ভিদ বা প্রাণী থেকে প্রাপ্ত বস্তুকে বলা হয় জৈব যৌগ এবং নির্জীব থেকে প্রাপ্ত বস্তুকে বলা হয় অজৈব যৌগ এজন্য বা এর মতবাদটিকে বলা হয় প্রাণশক্তির মতবাদ বা Vital Force Theory।

| বিষয় | বিজ্ঞানীর নাম | দেশ | বিষয় | বিজ্ঞানীর নাম | দেশ |
|---|---|---|---|---|---|
| জৈব যৌগ নামের প্রবর্তক | বার্জেলিয়াস (১৮০৭) | সুইডেন | জৈব রসায়নের জনক | ফ্রেডরিখ উহলার | জার্মানী |
| রসায়নের জনক | ল্যাভয়সিয়ে | ফ্রান্স | স্টেরিও রসায়নের জনক | জে এইচ ভ্যান্ট-হফ | নেদারল্যান্ড |
| আধুনিক রসায়নের জনক | জন ডাল্টন | ব্রিটেন | বেনজিনের ষড়ভূজ কাঠামো | অগাস্ট কেকুল | জার্মানী |
| প্রাণশক্তি মতবাদের জনক | বার্জেলিয়াস (১৮১৫) | সুইডেন | অ্যাসিটিক এসিড সংশ্লেষণ | কোবে (১৮৪৫) | জার্মানী |



CamScanner

**ব্যতিক্রম**
(যা কিছু ব্যতিক্রম তাই পরীক্ষায় আসে)

- **হাইড্রোজেনবিহীন জৈব যৌগ**
  [$CCl_3-NO_2$, $COCl_2$, CFC (11, 12, 112, 114), $CCl_4$]
- **কার্বন বিশিষ্ট অজৈব যৌগ**
  [ধাতব সায়ানাইড (KCN), ধাতব কার্বোনিল [$Fe(CO)_5$, $Ni(CO)_4$], কার্বনের অক্সাইড (CO, $CO_2$), ধাতব কার্বাইড ($CaC_2$), অধাতব সালফাইড ($CS_2$), কার্বনিক এসিড ($H_2CO_3$) এবং এর লবণ সমূহ ($CaCO_3$)।]
- **কার্বন ও হাইড্রোজেন থাকা স্বত্ত্বেও জৈব যৌগ নয়**
  [$NH_4CNO$, $NaHCO_3$, $H_2CO_3$]

➤ **ফুলারিনঃ** ♦ ক্যাটিনেশনের বিশেষ উদাহরণ হল ফুলারিন। ♦ ফুলারিন নামক দীর্ঘ শিকলের ($C_{60}$) জৈব যৌগটির আণবিক ভর 720। ♦ এ কাঠামোতে কার্বন পরমাণুসমূহ $sp^2$ সংকরিত থাকে। ♦ ফুলারিনের আকৃতি ফুটবলের মত।

☐ **জেনে রাখা ভাল:** অ্যামোনিয়াম সায়ানেট থেকে ইউরিয়া উৎপাদনের এই বিক্রিয়াকে জৈব রসায়নের সূচনাকারী বিক্রিয়া বলা হয়।

$NH_4CNO \xrightarrow{\Delta} H_2NCONH_2$

**হেটারো বা বিষম চাক্রিক যৌগঃ** হেটারো অ্যাটম যৌগ তারাই যাদের মধ্যে হেটারো পরমাণু থাকে (NHOPS)। যেমনঃ ফিউরান→ ($C_4H_4O$), থায়োফিন→ ($C_4H_4S$), পাইরল→ ($C_4H_4N$), পিরিডিন→ ($C_5H_5N$)

**অ্যালিসাইক্লিক হাইড্রোকার্বন:** অ্যালিসাইক্লিক হাইড্রোকার্বনে তিন থেকে ছয় বা তার অধিক কার্বনের বলয় থাকে। তবে চাক্রিক হাইড্রোকার্বনে শুধুমাত্র σ বন্ধন থাকে। যেমন-সাধারন সংকেত $C_nH_{2n}$ যেখানে n =3,4,5,6 ইত্যাদি। যেমন: সাইক্লোপ্রপিন, n = 3 তাহলে H = 6টি

☐ **বন্ধন দৈর্ঘ্য:**

• Alkane (C–C : 0.154, C–H: 0.110) • Alkene( C=C: 0.134, C–H: 0.109) • Alkyne (C≡C: 0.120, C–H: 0.106)

## TOPIC 02 জৈব রাসায়নিক সংকেতসমূহ

**STEP-01:** কার্যকরী মূলকের নাম, নামকরণের পদ্ধতিসমূহ (যেকোনো একটি বোর্ড বই থেকে পড়ে নিবে)।

**STEP-02:** জৈব রসায়নের সংকেতসমূহ:

| প্রচলিত নাম/ বাণিজ্যিক নাম | রাসায়নিক সংকেত | রাসায়নিক নাম |
|---|---|---|
| অক্সালিক এসিড | HOOC – COOH | অক্সালিক এসিড |
| অয়েল অব ভিট্রিওল | $H_2SO_4$ | সালফিউরিক এসিড |
| অরপিমেন্ট | $As_2S_3$ | আর্সেনিক সালফাইড |
| অলিয়াম | $H_2S_2O_7$ | পাইরোসালফিউরিক এসিড |
| অ্যাক্রোলিন | $H_2C=CH-CHO$ | অ্যাক্রোলিন |
| অ্যানিসোল | $C_6H_5-O-CH_3$ | ফিনাইল, মিথাইল ইথার |
| অ্যামোনিয়াম সায়ানেট | $NH_4CNO$ | অ্যামোনিয়াম সায়ানেট |
| অ্যাসিটিক এসিড/ইথায়নিক এসিড | $CH_3COOH$ | অ্যাসিটিক এসিড |
| ইউরিয়া | $NH_2-CO-NH_2$ | ইউরিয়া |
| ইউরোট্রপিন/হেক্সামিন | $(CH_2)_6N_4$ | হেক্সামিথিলিন টেট্রামিন |
| ইথান্যাল | $CH_3CHO$ | অ্যাসিটালডিহাইড |
| ইপসম সল্ট | $MgSO_4 \cdot 7H_2O$ | হেপ্টাহাইড্রেট- ম্যাগনেসিয়াম সালফেট |
| উইলেমাইট | $ZnSiO_4$ | জিংক সিলিকেট |
| ওয়াটার গ্যাস | $[CO+H_2]$ | CO ও $H_2$ এর মিশ্রণ |
| ওয়েস্ট্রন | $Cl_2-CH-CH-Cl_2$ | টেট্রাক্লোরো ইথেন |
| কর্পুর/ন্যাপথ্যালিন | $C_{10}H_8$ | কর্পুর/ন্যাপথ্যালিন |
| কাইজেল গুড় | $SiO_2$ | সিলিকন ডাই-অক্সাইড |
| কাঁদুনে গ্যাস | $CCl_3-NO_2$ | ক্লোরোপিক্রিন |

| প্রচলিত নাম/ বাণিজ্যিক নাম | রাসায়নিক সংকেত | রাসায়নিক নাম |
|---|---|---|
| কোরান্ডাম | $Al_2O_3$ | কোরান্ডাম |
| ক্রায়োলাইট | $AlF_3 \cdot 3NaF$ | ক্রায়োলাইট |
| ক্লোরাল | $Cl_3C-CHO$ | ট্রাইক্লোরো এসিটালডিহাইড |
| ক্লোরোপিক্রিন | $CCl_3-NO_2$ | ক্লোরোপিক্রিন |
| খাবার সোডা | $NaHCO_3$ | সোডিয়াম বাইকার্বনেট |
| গ্যামাক্সিন | $C_6H_6Cl_6$ | বেনজিন হেক্সাক্লোরাইড |
| গ্যালেনা | PbS | লেড সালফাইড |
| গ্রিগনার্ড বিকারক | R-Mg-X বা, Ar-Mg-X এখানে, X=Cl, Br, I | অ্যালকাইল বা অ্যারাইল ম্যাগনেসিয়াম হ্যালাইড |
| গ্রীন ভিট্রিওল (হিরাকস) | $FeSO_4 \cdot 7H_2O$ | হেপ্টা হাইড্রেট-ফেরাস সালফেট |
| গ্লুবার লবন | $Na_2SO_4 \cdot 10H_2O$ | ডেকা হাইড্রেট- সোডিয়াম সালফেট |
| জিংক ব্লেন্ড | ZnS | জিংক সালফাইড |
| জিপসাম | $CaSO_4 \cdot 2H_2O$ | ডাই- হাইড্রেট ক্যালসিয়াম সালফেট |
| টার্নবুল ব্লু | $Fe_3[Fe(CN)_6]_2$ আধুনিক সংকেতঃ $K^+Fe^{2+}[Fe(CN)_6]^{3-}$ | ফেরাস ফেরিসায়নাইট |
| টি.এন.বি | $C_6H_3(NO_2)_3$ | ১,২,৫ ট্রাইনাইট্রোবেনজিন |
| টিয়ার গ্যাস | $CCl_3-NO_2$ | ক্লোরো পিক্রিন |
| ডি.ডি.টি. | $C_{14}H_9Cl_5$ | প্যারা প্যারা ডাইক্লোরো ডাইফিনাইল ট্রাইক্লোরো ইথেন |
| তুঁতে (ব্লু ভিট্রিওল) | $CuSO_4 \cdot 5H_2O$ | পেন্টা হাইড্রেট কিউপ্রিক সালফেট |
| থায়োফিন | $C_4H_4S$ | থায়োফিন |



POLL MACHINE
Preparation and Practice are vital for effective delivery
CamScanner

| প্রচলিত নাম/ বাণিজ্যিক নাম | রাসায়নিক সংকেত | রাসায়নিক নাম |
|---|---|---|
| কাপড় কাচা সোডা | $Na_2CO_3.10H_2O$ | ডেকা হাইড্রেট সোডিয়াম কার্বনেট |
| ক্যালামাইন | $ZnCO_3$ | জিংক কার্বনেট |
| ক্যালমেল | $Hg_2Cl_2$ | মারকিউরাস ক্লোরাইড |
| কুইনোন | $C_6H_4O_2$ | ১,৪ বেনজোকুইনোন |
| কেওলিন | $Al_2O_3.2SiO_2.2H_2O$ | কেওলিন |

| প্রচলিত নাম/ বাণিজ্যিক নাম | রাসায়নিক সংকেত | রাসায়নিক নাম |
|---|---|---|
| দার্শনিকের পশম (কমল)/ফিলসোপার উল | $ZnO$ | জিংক অক্সাইড |
| দার্শনিকের লবণ/ফিলসোপার সল্ট | $SO_3$ | সালফার ট্রাই অক্সাইড |
| নাইট্রোবেনজিন | $C_6H_5–NO_2$ | বেনজিন রিং এ একটি NO মূলক যুক্ত |
| নাপথ্যালিন | $C_{10}H_8$ | ন্যাপথ্যালিন |
| নিশাদল | $NH_4Cl$ | অ্যামোনিয়াম ক্লোরাইড |

## TOPIC 03 সমাণুতা ও বহুরূপতা

### Type-01: সমাণুতার শ্রেণীবিন্যাস:

- সমাণু
  - গাঠনিক সমাণু/2D
    - একটির পার্শ্ব শিকল আছে অপরটির নাই → শিকল সমাণু
    - পার্শ্ব শিকলের অবস্থান ভিন্ন → অবস্থান সমাণু
    - কার্যকরী মূলক ভিন্ন → কার্যকরী মূলক সমাণু
    - কার্যকরী মূলকের দুই পার্শ্বে কার্বন সংখ্যা ভিন্ন → মেটামারিজম
    - কার্যকরী মূলক অনবরত পরিবর্তনশীল → টটোমারিজম
  - স্টেরিও/3D
    - জ্যামিতিক সমাণুতা
    - আলোক সক্রিয় সমাণুতা

✪ নির্দেশনা : সমাণুতা থেকে ৩ ভাবে প্রশ্ন আসে- ১. সমাণুতার সংখ্যা নির্ণয় ২. সমাণুতার ধরণ ৩. উদাহরণ বা শ্রেণিবিন্যাস

### Type-02: সমাণুতার সংখ্যা নির্ণয় ঃ

| সমগোত্রীয় শ্রেণি | সাধারণ সংকেত | n | সংকেত | সমাণুর সংখ্যা |
|---|---|---|---|---|
| অ্যালকেন | $(C_nH_{2n+2})$ | 4 | $C_4H_{10}$ | 2 |
| | | 5 | $C_5H_{12}$ | 3 |
| | | 6 | $C_6H_{14}$ | 5 |
| | | 7 | $C_7H_{16}$ | 9 |
| অ্যালকিন | $(C_nH_{2n})$ | 3 | $C_3H_6$ | 2 |
| | | 4 | $C_4H_8$ | 3 |
| | | 5 | $C_5H_{10}$ | 6 |
| অ্যালকাইন | $(C_nH_{2n-2})$ | 4 | $C_4H_6$ | 2 |
| | | 5 | $C_5H_8$ | 3 |
| অ্যালকোহল ও ইথার | $(C_nH_{2n+2}O)$ | 2 | $C_2H_6O$ | 2 |
| | | 3 | $C_3H_8O$ | 3 |
| | | 4 | $C_4H_{10}O$ | 7 (4Alc.+3Ether) |
| অ্যালডিহাইড, কিটোন ও অ্যালকিনের অ্যালকোহল | $(C_nH_{2n}O)$ | 2 | $C_2H_4O$ | 2 |
| | | 3 | $C_3H_6O$ | 4 |
| | | 4 | $C_4H_8O$ | 8(3) |
| | | 5 | $C_5H_{10}O$ | 11(7) |

| সমগোত্রীয় শ্রেণি | সাধারণ সংকেত | n | সংকেত | সমাণুর সংখ্যা |
|---|---|---|---|---|
| | | 6 | $C_6H_{12}O$ | 12 |
| জৈব এসিড ও এস্টার | $(C_nH_{2n}O_2)$ | 3 | $C_3H_6O_2$ | 2 |
| | | 4 | $C_4H_8O_2$ | 4 |
| অ্যামাইড | $(C_nH_{2n+1}ON)$ | 4 | $C_4H_9ON$ | 5 |
| অ্যামিন | $(C_nH_{2n+3}N)$ | 3 | $C_3H_9N$ | 4 |
| | | 4 | $C_4H_{11}N$ | 9 |
| | Aromatic | | $C_7H_9N$ | 5 |
| হ্যালোজেন জাতক | $(C_nH_{2n+1}X)$ | 4 | $C_4H_9X$ | 4 |
| | $(C_nH_{2n}X_2)$ | 4 | $C_4H_8X_2$ | 10 |
| সিস্ট্রান্স বা জ্যামিতিক সমাণুতা | $(C_nH_nX_2)$ | 2 | $C_2H_2X_2$ | 2 |
| গ্লুকোজ | $2^n$ | 4 | $C_6H_{12}O_6$ | 16 |

### Item-01: জ্যামিতিক বা Cis-trans সমাণুতাঃ–

- কার্বন-কার্বন দ্বিবন্ধন থাকতে হবে।
- দ্বিবন্ধন যুক্ত কার্বনের কার্যকরী মূলক কখনও একই হতে পারবে না।

❒ অ্যারোমেটিক যৌগের সমাণুতা:

- অ্যারোমেটিক সমাণুতা
  - মনোজাতক $(C_6H_5–X)$ [বেনজিন মনোজাতকের সমাণু হয় না]
  - ডাইজাতক $(C_6H_4–X_2)$ [বেনজিন ডাইজাতকের সমাণু 3টি]
  - পলিজাতক $(C_6H_3–X_3)$ [বেনজিন ট্রাইজাতকের সমাণু 3,6,10টি]
    - 3টি প্রতিস্থাপকই একই হলে সমাণু হবে 3টি [উদা: $C_6H_3(CH_3)_3$]
    - 2টি প্রতিস্থাপক একই হলে সমাণু হবে 6টি [উদা: $C_6H_3(CH_3)_2(Cl)$]
    - 3টি প্রতিস্থাপকই ভিন্ন হলে সমাণু হবে 10টি [উদা: $C_6H_3(CH_3)(Cl)(NO_2)$]

POLL MACHINE
Preparation and Practice are vital for effective delivery
CamScanner

Type-03: সমাণুতার শর্ত :

...-01: জ্যামিতিক সমাণুতা

... জ্যামিতিক সমাণুতা

(i) দ্বি-বন্ধন যুক্ত বা চাক্রিক যৌগ

(ii) মুক্ত আবর্তন হবে না

(iii) তিনটি সমীকরণ- Cab = Cab,
Cab = Cad বা Cab = Cde

...-02: আলোক সমাণুতাঃ

...লোক সমাণুতা চিনিবার উপায়ঃ- অপ্রতিসম কার্বন পরমাণু বা কাইরাল ...র্বন থাকতে হবে। যে কার্বনের চারটি কার্যকরী মূলক ভিন্ন থাকে তাকে ...ইরাল কার্বন বলে। কাইরাল কার্বন থাকলেই তা আলোক সমাণুতা হয়।




☑ রেসিমিক মিশ্রণ-d ও l সমাণুর এই সমআণবিক মিশ্রণ আলোক নিষ্ক্রিয় হয়, দুটি এনানসিওমারের এরূপ সমআণবিক মিশ্রণকে রেসিমিক মিশ্রণ বা dl মিশ্রণ বা (±) মিশ্রণ বলে এবং প্রক্রিয়াটিকে রেসিমিকরণ বলে।

☑ ডায়াস্টেরিওমার-যখন দুই বা দুই এর অধিক ত্রিমাত্রিক সমাবয়ব একে অপরের সাথে দর্পণ-প্রতিবিম্ব হয় না তখন তাদের বলা হয় ডায়াস্টিরিওমার।

☑ মেসো যৌগঃ ডায়াস্টিরিওমারে একাধিক অপ্রতিসম বা কাইরাল কার্বন পরমাণু থাকা সত্ত্বেও যদি আলোক নিষ্ক্রিয় হয় তবে তাকে মেসো যৌগ বলে। এদের রাসায়নিক এবং ভৌত ধর্ম এনানসিওমার থেকে ভিন্ন। এই জাতীয় একটি মৌলিক প্রতিসাম্য উপাদান থাকবেই।



মেসো টারটারিক এসিড



মেসো 1, 2- ডাইব্রোমো সাইক্লোবিউটেন

## TOPIC 04 বিক্রিয়ার কৌশল এবং বিকারক

### MECHANISM : 01 বেনজিনের প্রচলিত বিক্রিয়ার ধরণ বা মেকানিজম

| বিক্রিয়ার নাম | বিকারক | আক্রমনকারী গ্রুপ | উৎপাদ |
|---|---|---|---|
| হ্যালোজিনেশন | ♦ $Fe/AlCl_3 + Cl_2$ ♦ সূর্যালোক + $Cl_2$ | ক্লোরিন ইলেক্ট্রোফাইল ($Cl^-$) ♦ ক্লোরিন ফ্রি রেডিক্যাল ($Cl^•$) | ♦ ক্লোরো বেনজিন ♦ গ্যামাক্সিন |
| নাইট্রেশন | গাঢ় $HNO_3$ + গাঢ় $H_2SO_4$, 60°C | নাইট্রোনিয়াম আয়ন ($NO_2^+$) | নাইট্রোবেনজিন |
| সালফোনেশন | $H_2SO_4 + SO_3$, 100°C | $SO_3$ ইলেকট্রোফাইল | বেনজিন সালফোনিক এসিড |
| ফ্রিডেল ক্রাফটস | ♦ অনার্দ্র $AlCl_3 + CH_3Cl$ ♦ অনার্দ্র $AlCl_3 + CH_3COCl$ | ♦ $^+CH_3$ ইলেকট্রোফাইল ♦ $CH_3CO^+$ ইলেকট্রফাইল | ♦ টলুইন ♦ অ্যাসিটোফেনোন |

অর্থো-প্যারা ও মেটা নির্দেশক-

| অর্থো-প্যারা নির্দেশক মূলক (ধনাত্মক আবেশীয় ফল) | | মেটা নির্দেশক মূলক (ঋণাত্মক আবেশীয় ফল) | |
|---|---|---|---|
| নাম | সংকেত | নাম | সংকেত |
| হ্যালোজেন | –X(–F, –Cl, –Br, –I) | নাইট্রো মূলক | $-NO_2$ |
| হাইড্রক্সিল মূলক | –OH | সালফোনিক এসিড মূলক | $-SO_3H$ |
| অ্যালকক্সি মূলক | $-OR, -OCH_3$ | সায়ানো মূলক | –CN |
| অ্যামিনো মূলক | $-NH_2$ | কার্বক্সিলিক মূলক | –COOH |
| অ্যালকাইল প্রতিস্থাপিত অ্যামিনো মূলক | $-NHR, -NR_2$ | অ্যালডিহাইড মূলক | –CHO |
| অ্যালকাইল প্রতিস্থাপিত অ্যামিনো মূলক যেমনঃ- মিথাইল মূলক | –R যেমন:, $-CH_3$ | কিটো মূলক | >CO |
| সকল অর্থো-প্যারা নির্দেশক মূলক সক্রিয়কারী গ্রুপ কিন্তু হ্যালোজেন (–X) অর্থো-প্যারা নির্দেশক তথাপিও নিষ্ক্রিয়কারী গ্রুপ | | অ্যানিলিনিয়াম আয়ন মূলক | $-^+NH_3$ |
| | | অ্যামাইডো মূলক | $-CONH_2$ |

➤ জেনে রাখা ভালো: স্থায়িত্ব ও সক্রিয়তা পরস্পর বিপরীত।

| | | | |
|---|---|---|---|
| জাস্ট এক কথায় মনে রাখবে | স্থায়ীত্ব | 3° > 2° > 1° | ফ্রি-রেডিক্যাল + কার্বোক্যাটায়ন |
| | সক্রিয়তা | 1° > 2° > 3° | |

### MECHANISM : 02 কে কি বিক্রিয়া দেয়

| | | | | |
|---|---|---|---|---|
| অ্যালকেনের বিক্রিয়া *** | তাপস | আসে | প্রতি | সোমবার |
| | তাপীয় বিয়োজন | অ্যারোমেটিকরণ | প্রতিস্থাপন | সমানুকরন বা পুর্নবিন্যাস |
| অ্যালকিনের বিক্রিয়া *** | পলির | জুতা | জারিনের | ওপরে |
| | পলিমারকরন | যুত বিক্রিয়া | জারণ | ওজনী করণ |
| অ্যালকাইনের বিক্রিয়া ** | পলির | জুতা | জারিন | আনল |
| | পলিমারকরন | যুত বিক্রিয়া | জারণ | অম্লধর্মীতা |



POLL MACHINE
Preparation and Practice are vital for effective delivery
CamScanner

**বন্ধন বিভাজনের প্রকারভেদঃ–** বন্ধন বিভাজন দুই প্রকার। যথাঃ

**সুষম বিভাজনঃ** বন্ধন ভাঙ্গার সময় যদি বন্ধনযুক্ত উভয় পরমাণু এক জোড়া ইলেক্ট্রন হতে একটি একটি করে ইলেক্ট্রন সমানভাবে ভাগ করে নেয় তাকে বন্ধনের সুষম বিভাজন বলে।

যেমনঃ A: B → A. + B. সুষম বিভাজনের ফলে ফ্রি র‍্যাডিকেল উৎপন্ন হয়। প্রপেন থেকে দুটি ফ্রি-র‍্যাডিক্যাল যেমন- ইথাইল ($-C_2H_5$) ও মিথাইল ($-CH_3$) ফ্রি র‍্যাডিক্যাল উৎপন্ন হয়।

**ফ্রি র‍্যাডিক্যাল:** বিজোড় ইলেকট্রন সংবলিত যে কোন প্রজাতিকে মুক্ত পরমাণুজোট বা ফ্রি র‍্যাডিক্যাল বলে। সুষম বিভাজনের ফলে ফ্রি-র‍্যাডিক্যাল উৎপন্ন হয়।

♥ **বৈশিষ্ট্য:** ♦ এরা অত্যন্ত সক্রিয় ও ক্ষণস্থায়ী ♦ এরা আয়নিক প্রকৃতির নয় ♦ এরা অন্য ইলেকট্রনের সাথে যুক্ত হয়ে সুস্থিত পরমাণু বা গ্রুপ গঠন করতে চায়।

♦ **এদের স্থায়িত্বেরক্রমঃ** 3°অ্যালকাইল>2° অ্যালকাইল> 1° অ্যালকাইল> মিথাইল মূলক

☑ **ইলেট্রনাকর্ষী বিকারক বা ইলেকট্রোফাইলঃ** এরা ইলেট্রন প্রিয় কারণ এরা নিজেরা ধনাত্মক বা এদের ইলেট্রনের অভাব আছে।

| ধনাত্মক ইলেকট্রোফাইল | | প্রশম ইলেকট্রোফাইল | | ধনাত্মক ইলেকট্রোফাইল | | প্রশম ইলেকট্রোফাইল | |
|---|---|---|---|---|---|---|---|
| নাম | সংকেত | নাম | সংকেত | নাম | সংকেত | নাম | সংকেত |
| হাইড্রোজেন আয়ন | $H^+$ | সালফার ট্রাইঅক্সাইড | $SO_3$ | সালফোনিয়াম আয়ন | $\overset{+}{S}O_2, -OH$ | এসিড ক্লোরাইড | RCOC |
| হাইড্রোনিয়াম আয়ন | $H_3O^+$ | বোরন ট্রাইফ্লোরাইড | $BF_3$ | ব্রোমোনিয়াম আয়ন | $Br^+$ | কার্বনিল মূলক | >C=C |
| নাইট্রোনিয়াম আয়ন | $NO_2^+$ | অ্যালুমিনিয়াম ট্রাইক্লোরাইড | $AlCl_3$ | **ইলেকট্রোফাইল পড়লে নিউক্লিওফাইল পড়তে হবে না** | | | |
| নাইট্রোসোনিয়াম আয়ন | $NO^+$ | ফেরিক ক্লোরাইড | $FeCl_3$ | | | | |

## TOPIC 05 পার্থক্যমূলক রাসায়নিক বিক্রিয়া

**Item-01: অ্যালকিন ও ইথারের শর্তমূলক উৎপাদ-**

| অ্যালকিন | ইথার | অ্যালকিন | ইথার |
|---|---|---|---|
| অধিক $H_2SO_4$, কম ROH | কম $H_2SO_4$, অধিক ROH | তাপমাত্রা 100° C হলে মধ্যবর্তী উৎপাদ, 170°C হলে অ্যালকিন | তাপমাত্রা 140°C |

**Item-02: অ্যালকাইন এর অম্লধর্মীতা:** শুধুমাত্র অ্যালকাইন-1 অম্লধর্মীতা দেখায়। অন্য কোন অ্যালকাইন অম্লধর্মীতা দেখায় না। অ্যালকাইন-1 তাদেরকেই বলা হয় যার 1 নম্বর কার্বনে ত্রিবন্ধন থাকে।

$HC{\equiv}CH \xrightarrow{+Cu(NH_3)_2Cl} Cu-C\equiv C-Cu$ (লাল অধঃ) $HC{\equiv}CH \xrightarrow{+Ag(NH_3)_2NO_3} Ag-C\equiv C-Ag$ (সাদা অধঃ)

**Item-03: ঊর্জ বিক্রিয়া ও পরিমাকরণ বিক্রিয়ার পার্থক্য ঃ**

| ঊর্জ বিক্রিয়া | পলিমাকরণ |
|---|---|
| 1. C-C σ বন্ধন থাকে 2. উচ্চতর অ্যালকেন পাওয়া যায়। | 1. C-C π বন্ধন থাকে। একক অণু হতে বহু অণু সৃষ্টি হয়। |

**Item-04: অ্যালকোহল ও ফেনলের মধ্যে পার্থক্য ঃ**

| বিকারক | ইথার | অ্যালকোহল |
|---|---|---|
| 1. ধাতব Na | কোন বিক্রিয়া করে না | $H_2$ গ্যাস উৎপন্ন করে |
| 2. $PCl_5$ | HCl উৎপন্ন হয় না<br>$R\text{-}O\text{-}R + PCl_5 \rightarrow R\text{-}Cl + POCl_3$ | HCl উৎপন্ন হয়<br>$R\text{-}OH + PCl_5 \rightarrow R\text{-}Cl + POCl_3 + HCl$ |

**Item-05: স্টার্চ ও সেলুলোজের মধ্যে পার্থক্য ঃ**

| স্টার্চ | সেলুলোজ |
|---|---|
| স্টার্চ α-D গ্লুকোজের পলিমার ও অতি সহজে পরিপাকযোগ্য | সেলুলোজ β-D গ্লুকোজের পলিমার ও পরিপাকযোগ্য নয় |

**Item-06: অ্যালডিহাইড ও কিটোনের পার্থক্য নিম্নে সারণীবদ্ধ করা হলঃ**

| পরীক্ষা | অ্যালডিহাইড | কিটোন |
|---|---|---|
| ১। টলেন বিকারক | সিলভার দর্পণ গঠন করে | বিক্রিয়াহীন |
| ২। ফেহলিং দ্রবণ | লাল অধঃক্ষেপ উৎপন্ন করে | বিক্রিয়াহীন |
| ৩। সিফস বিকারক | গোলাপী বর্ণ ফিরিয়ে আনে | বিক্রিয়াহীন |
| ৪। উত্তপ্ত NaOH | রেজিন গঠন করে। | রেজিন গঠন করে না। |

**Item-07: অ্যালডল ঘণীভবন বিক্রিয়া ও ক্যানিজারো বিক্রিয়ার মধ্যে পার্থক্য ঃ**

| অ্যালডল ঘণীভবন বিক্রিয়া | ক্যানিজারো বিক্রিয়া |
|---|---|
| ১. α-H-যুক্ত অ্যালডিহাইড-এ বিক্রিয়া দেয়া। | ১. α-H-বিহীন অ্যালডিহাইড-এ বিক্রিয়া দেয়া। |
| ২. উদাহরণ ঃ $CH_3CHO$, $CH_3CH_2CHO$ | ২. উদাহরণ ঃ H-CHO, -CHO |

POLL MACHINE
Preparation and Practice are vital for effective delivery



CamScanner

Item-08: 1°, 2°, ও 3° অ্যালকোহল এর মধ্যে পার্থক্য ঃ লুকাস বিকারক দিয়ে 1°, 2°, ও 3° অ্যালকোহল পার্থক্য করা হয়।

- 3° অ্যালকোহল লুকাস বিকারকের সাথে খুব দ্রুত বিক্রিয়া করে। • 2° অ্যালকোহল ধীরে ধীরে বিক্রিয়া করে(৫-১০ মিনিট) • 1° অ্যালকোহল বিক্রিয়া করে না।

Item-09: $S_N1$ ও $S_N2$ এর বিক্রিয়া পার্থক্য:

| $S_N1$ | $S_N2$ |
|---|---|
| ১। প্রথম ক্রম অনুসরণ করে। | ১। দ্বিতীয় ক্রম অনুসরণ করে। |
| ২। বিক্রিয়ার সক্রিয়তা ক্রমঃ $3°RX > 2°RX > 1°RX > CH_3X$ | ২। বিক্রিয়ার সক্রিয়তা ক্রমঃ $CH_3X > 1°RX > 2°RX > 3°RX$ |

Item-10: 1°, 2°, ও 3° অ্যামিন এর মধ্যে পার্থক্য ঃ নাইট্রাস এসিডের সাথে 1°, 2°, ও 3° অ্যামিনের পার্থক্য করা হয়।

1° অ্যামিন নাইট্রাস এসিড বিকারকের সাথে নাইট্রোজেন; • 2° অ্যামিন রঙিন তেল জাতীয় নাইট্রোসো যৌগ; • 3° অ্যামিন লবণ তৈরী করে।

## TOPIC 06 গুরুত্বপূর্ণ যৌগের রাসায়নিক বিক্রিয়া

নির্দেশনা : অধিকাংশ রাসায়নিক বিক্রিয়ায় এই টপিকসগুলো থেকেই প্রশ্ন আসে।

Type-A: অ্যালিফেটিক: তোমরা বিস্তারিত পড়ে নিবে

i. Alkane, Alkene, Alkyne; ii. গ্রিগনার্ড বিকারক; iii. ক্লোরোফরম; iv. অ্যালকোহল

Type-B: অ্যারোমেটিক: শেষ অংশের বিক্রিয়া ম্যাপ থেকে নিচের অ্যারোমেটিক যৌগগুলো পড়ে নাও।

i. বেনজিন; ii. টলুইন; iii. ফেনল; iv. অ্যানিলিন; v. ডায়াজোনিয়াম লবণ

Type-C: জারণ-বিজারণ বিক্রিয়া




## STEP 03 বিগত সালের প্রশ্নের ব্যাখ্যা ও প্যারালাল তথ্যসহ সমাধান

### STEP 01 ANALYSIS OF GST QUESTION

01. $(CH_3)_3Cl + H_2O \rightarrow (CH_3)_3OH$ বিক্রিয়াটি কোন কৌশলে সংঘটিত হয়? [GST-A. 2022-2023]

A. $S_N1$ B. $S_N2$ C. E2 D. E1cB

S(A) Why $S_N^1$ বিক্রিয়ার সক্রিয়তার ক্রম: 3° > 2° > 1° > $CH_3X$। $(CH_3)_3Cl$ একটি 3° RX। তাই এটি $S_N^1$ বিক্রিয়ার কৌশল অনুসরণ করে।




02. $HC{\equiv}C{-}HC{=}CH{-}CH_2{-}\overset{O}{\overset{\|}{C}}{-}CH_2{-}\overset{O}{\overset{\|}{C}}{-}OCH_3$ যৌগটিতে কতটি কার্যকরী মূলক আছে? [GST-A. 2022-2023]

A. 5 B. 4 C. 3 D. 2

S(B) Why $\underset{8}{HC}{\equiv}\underset{7}{C}{-}\underset{6}{HC}{=}\underset{5}{CH}{-}\underset{4}{CH_2}{-}\underset{3}{\overset{O}{\overset{\|}{C}}}{-}\underset{2}{CH_2}{-}\underset{1}{\overset{O}{\overset{\|}{C}}}{-}O{-}CH_3 \rightarrow$ 3-অক্সো-5-ইন-7-আইন মিথাইল অক্টানয়েট।

সুতরাং, যৌগটিতে 4টি কার্যকরী মূলক (≡, =, – CO– ও – COO –) আছে।

03. $CH_3{-}CH_2{-}CH{=}CH{-}C{\equiv}CH$ এর IUPAC নাম কী? [GST-A. 2022-2023]

A. হেক্স-৩-ইন-১-আইন B. হেক্স-১-আইন-৩-ইন
C. হেক্সিন-১-আইন D. ১-হেক্সিনাইন

S(A) Why একই যৌগের অনুতে ইন (=) ও আইন (≡) উভয় কার্যকরী মূলকযুক্ত অ্যালকিন ও অ্যালকাইন থাকলে উভয় যৌগের নামের সাথে "ইন" বা "আইন" প্রত্যয়রূপে ব্যবহার হবে। ইংরেজি বর্ণমালা অনুযায়ী "ইন" প্রথমে এবং আইন পরে বসবে। এখানে যৌগটি "অ্যালকিনাইন" হিসেবে চিহ্নিত হয়ে অসম্পৃক্ত কার্বনকে সম্ভাব্য সর্বনিম্ন সংখ্যা ধরে সংখ্যায়িত করতে হবে। তবে "ইন" ও "আইন" যদি সমান দূরত্বে থাকে তবে "ইন" কে প্রধান্য দিয়ে আইনের মাধ্যমে নামকরণ শেষ করতে হবে। মনে রাখতে হবে, **"ইন" সক্রিয়তা সিরিজে উপরে থাকলেও দুটি একসাথে থাকলে সর্বদাই "আইনের" নামে নামকরণ হবে (এটা ব্যতিক্রম)।**

$$\underset{6}{CH_3}{-}\underset{5}{CH_2}{-}\underset{4}{CH}{=}\underset{3}{CH}{-}\underset{2}{C}{\equiv}\underset{1}{CH}$$

IUPAC নাম: হেক্স-3-ইন-1-আইন।

04. কোন মূলকটি বেনজিন চক্রের বিক্রিয়ায় মেটা নির্দেশক? [GST-A. 2022-2023]

A. $-NH_2$ B. $-NO_2$ C. $-Cl$ D. $-CH_3$

S(B) Why যাদের মাঝে একক বন্ধন আছে তারা অর্থো-প্যারা নির্দেশক এবং যাদের মাঝে দ্বি বা ত্রি বন্ধন আছে তারা মেটা নির্দেশক। ঋণাত্মক আবেশীয় ফল (–I) বিশিষ্ট মূলক মেটা নির্দেশক। এতে দ্বিবন্ধন বা ত্রিবন্ধন থাকবে যেমনঃ $-NO_2$, $-CHO$, $-SO_3H$, $-C\equiv N$, $-CO_2H$

05. বেনজিনের নাইট্রেশনের জন্য কোন নাইট্রেটিং এজেন্টের দরকার? [GST-A. 2022-2023]

A. $NO_2$ B. $NO_2^+$ C. $NO_2^-$ D. $\cdot NO_2$

S(B) Why বেনজিনের প্রচলিত বিক্রিয়ার ধরণ বা মেকানিজম:

| বিক্রিয়ার নাম | আক্রমনকারী গ্রুপ | উৎপাদ |
|---|---|---|
| নাইট্রেশন | নাইট্রোনিয়াম আয়ন ($NO_2^+$) | নাইট্রোবেনজিন |
| হ্যালোজিনেশন | ক্লোরিন ইলেক্ট্রোফাইল ($Cl^+$)<br>ক্লোরিন ফ্রি রেডিক্যাল ($Cl\bullet$) | ক্লোরো বেনজিন, গ্যামাক্সিন |
| সালফোনেশন | $SO_3$ ইলেকট্রোফাইল | বেনজিন সালফোনিক এসিড |



POLL MACHINE
Preparation and Practice are vital for effective delivery
CamScanner

$CH_3-CH=CH-CH_2-CH_2-OH$ যৌগটির IUPAC নাম কি? [GST Set-2, 2021-22]

A. পেন্ট-3-ইন-1-অল B. পেন্ট-5-অল-1-ইন
C. পেন্ট-4-ইন-1-অল D. 5-পেন্টানল

S Ⓐ Why $\overset{5}{C}H_3-\overset{4}{C}H=\overset{3}{C}H-\overset{2}{C}H_2-\overset{1}{C}H_2-OH$ [পেন্ট-3-ইন-1-অল]

7. অ্যালকাইল হ্যালাইডে $S_N1$ বিক্রিয়ার সক্রিয়তার ক্রম কোনটি? [GST Set-2, 2021-22]

A. $(CH_3)_3CX > (CH_3)_2CHX > CH_3CH_2X$
B. $CH_3CH_2X > (CH_3)_2CHX > (CH_3)_3CX$
C. $(CH_3)_3CX > CH_3CH_2X > (CH_3)_2CHX$
D. $(CH_3)_2CHX > (CH_3)_3CX > CH_3CH_2X$

S Ⓐ Why $S_N1$ বিক্রিয়ার ক্ষেত্রে সক্রিয়তার ক্রম:
$CH_3X < 1° RX < 2° RX < 3° RX$
$(CH_3)_3CX$ এটি 3° অ্যালকাইল হ্যালাইড। তাই এটি সবচেয়ে বেশি সক্রিয়, $(CH_3)_2CHX(2°)$ এবং $CH_3CH_2X(1°)$ অ্যালকাইল হ্যালাইডে থেকে।

08. $C_3H_8O$ এর কয়টি সমাণু সম্ভব? [GST Set-2, 2021-22; RU, 16-17; BUTex, 16-17; BUET, 07-08]

A. 2 B. 3 C. 4 D. 5

S Ⓑ Why $C_nH_{2n+2}O$ সাধারণ সংকেত এর ক্ষেত্রে অ্যালকোহল এবং ইথার দ্বারা সমানু গঠন সম্ভব।
- $C_3H_8O$ এর তিনটি সমানু হওয়া সম্ভব। সমানুগুলো হলো:
- $CH_3-CH_2-CH_2OH$ (1-প্রোপানল)
- $CH_3-\underset{OH}{CH}-CH_3$ (2-প্রোপানল)
- $CH_3-O-CH_2CH_3$ (মিথোক্সি ইথেন)

09. অনার্দ্র $AlCl_3$ এর উপস্থিতিতে বেনজিনের সাথে বেনজোয়িল ক্লোরাইডের বিক্রিয়ায় কোনটি উৎপন্ন হয়? [GST Set-2, 2021-22]

A. বেনজালডিহাইড B. বেনজোয়িক এসিড
C. বেনজোফেনন D. অ্যাসিটোফেনন

S Ⓒ Why বেনজোফেনন প্রস্তুতি: অনার্দ্র $AlCl_3$ এর উপস্থিতিতে বেনজিনের সাথে বেনজোয়িল ক্লোরাইডের বিক্রিয়ায় বেনজোফেনন উৎপন্ন হয়।




10. নিচের কোন অ্যালকাইল হ্যালাইডটি $S_N2$ বিক্রিয়ার ক্ষেত্রে সর্বাপেক্ষা সক্রিয় হবে? [GST-A, 2020-21]

A. $CH_3CH_2CH_2CH_2$ B. $(CH_3)_2CH$
C. $CH_3C(CH_3)_2Br$ D. $CH_3CH_2CH(CH_3)Br$

S Ⓒ Why $S_N2$ বিক্রিয়ায় অ্যালকাইল হ্যালাইডের সক্রিয়তার ক্রম $3° < 2° < 1°$। $CH_3C(CH_3)_2Br$ এ তিন পাশেই মিথাইল মূলক থাকায় এর স্টেরিক প্রভাব বেশি, ফলে সক্রিয়তাও বেশি।

11. সর্বাধিক স্থিতিশীল কার্বোক্যাটায়ন কোনটি? [GST-A, 2020-21]

A. $CH_3CH_2CH_2\overset{\oplus}{C}H_2$ B. $(CH_3)_2\overset{\oplus}{C}H$
C. $CH_3\overset{\oplus}{C}CHCH_2CH_3$ D. $(CH_3)_2\overset{\oplus}{C}CH_2CH_3$

S Ⓓ Why কার্বোক্যাটায়নসমূহের স্থিতিশীলতার ক্রম:
$1° < 2° < 3°$। এখানে C এবং D উভয়ই 3° কিন্তু 'D' এ দুইপাশেই মিথাইল মূলক থাকায় এর স্টেরিক প্রভাব বেশি, ফলে স্থায়িত্বও বেশি।

12. কোন যৌগটির স্ফুটনাঙ্ক সবচেয়ে কম? [GST-C, 20-21]

A. $C_6H_5OH$ B. $(C_2H_5)_2O$ C. $C_2H_5OOCCH_3$ D. $C_6H_5CHO$

Ans B Why এখানে $(C_2H_5)_2O$ একটি ইথার। ইথারসমূহের গলনাঙ্ক এবং স্ফুটনাঙ্ক কম।

13. কোনটি আলোক সক্রিয় যৌগ? [GST-A, 2020-21]

A. $(CH_3)_2CHCl$ B. $CH_3CH(Cl)CH_2CH_3$
C. $CH_3CH_2CH_2Cl$ D. $ClCH_2CH_2CH_2Cl$

S Ⓑ Why কাইরাল কার্বন আছে বিধায় এটি আলোক সক্রিয় যৌগ।




## PART Ⓐ ANALYSIS OF GENERAL UNIVERSITY QUESTIONS

### জগন্নাথ বিশ্ববিদ্যালয়

01. $C_4H_{10}O$ আণবিক সংকেত বিশিষ্ট যৌগের কতটি সমাণু সৃষ্টি সম্ভব? [JnU-A, 2017-18, DU, 2013-...]

A. 7টি B. 4টি C. 5টি D. 3টি Ans

02. নিচের কোনটি ইলেকট্রনাকর্ষী? [JnU-A, 201...]

A. $NO_2^+$ B. $Cl^-$ C. OS D. $NH_3$ Ans

03. নিচের কোন কার্যকরী মূলক এর সক্রিয়তা সবেচেয়ে বেশী? [JnU-Ka, 201...]

A. S–H B. $\underset{O}{\underset{\|}{C}}=O$ C. $C\equiv N$ D. COOH

S Ⓓ Why কার্যকরী মূলকের সক্রিয়তাক্রম:
$-COOH > -CN > -CO- > -SH$

04. অ্যালকাইনের সাধারণ সংকেত কোনটি? [JnU, 201...]

A. $C_nH_{2n}$ B. $C_nH_{2n+2}$ C. $C_nH_{2n-2}$ D. $C_{2n}H_{n-2}$ Ans

05. নিচের কোনটি অর্থো-প্যারা নির্দেশক? [JnU, 2015-16; DU-Tech, 2019-20; BSMRSTU, 201...]

A. $-NH_2$ B. $-NO_2$ C. $-SO_3H$ D. $-COOH$ Ans

06. দুইটি এনানসিওমারের সমতুল মিশ্রণকে কী বলে? [JnU, 201...]

A. রেসিমিক মিশ্রণ B. মেসোযৌগ C. কাইরাল মিশ্রণ D. None

S Ⓐ Why প্রতিটি এনানসিওমার এক সমতলীয় আলোর তলকে সমান ... বিপরীত দিকে ঘোরায় বলে রেসিমিক মিশ্রণ আলোক নিষ্ক্রিয় সমাণু হয়, ... প্রতিটি এনানসিওমার আলোক সক্রিয় যৌগ হয়ে থাকে।

07. $CH_3OH$ যৌগে O এর হাইব্রিডাইজেশন সাধারণত- [JnU, 201...]

A. $sp^1$ B. $sp^2$ C. $sp^3$ D. $sp^3d$

S Ⓒ Why $CH_3-\ddot{\underset{..}{O}}-H$ এর মধ্যে ২টি σ বন্ধন ও দুই জোড়া নি... ইলেকট্রন যুগল বিদ্যমান। সুতরাং $2\sigma + 2$ lone pair $= sp^3$

08. $CH_3-CH=C=CH_2$ এর নাম কি? [JnU, 2014-15, RU, 201...]

A. Butane B. 1, 2-Butadiene C. Butene D. Dibutene

S Ⓑ Why $\underset{4}{CH_3}-\underset{3}{CH}=\underset{2}{C}=\underset{1}{CH_2}$ (1, 2–Butadiene)

09. $C_5H_{12}$ এর মোট isomers এর সংখ্যা কত? [JnU, 2014-15; BSMSTU-C, 2016-17; DU-7Clg, 2019-...]

A. 1 B. 2 C. 3 D. 5

S Ⓒ Why $C_5H_{12}$ এর চেইন বিন্যাস $= 2^{n-4}+1 = 2^{5-4}+1 = 3$

10. মেটা নির্দেশক মূলক কোনটি? [JnU, 2014-15; JnU, 2008-...]

A. –OH B. –CN C. –NHR D. $-NR_2$ Ans

11. IUPAC পদ্ধতিতে $CH_2=CHCH(CH_3)CH_2CH_3$ এর নামকরণ কর। [JnU, 201...]

A. 3-methyl-1-pentene B. 3-methyl-4-pentene
C. 3-ethyl-1-butene D. 3-ethyl-3-butene

S Ⓐ Why $\overset{1}{C}H_2=\overset{2}{C}H-\underset{}{\overset{3}{C}H}(CH_3)-\overset{4}{C}H_2-\overset{5}{C}H_3$ 3-মিথাইল-1-পেন্টিন।

12. কোন জৈব যৌগে হাইড্রোজেন অনুপস্থিত? [JnU, 2012-13, 2011-12, RU, 12-...]

A. ক্লোরোপিক্রিন B. গ্যামাক্সিন C. সাইক্লোহেক্সানল D. কোনটি নয়

S Ⓐ Why হাইড্রোজেন বিহীন জৈব যৌগ-
$CCl_3-NO_2, CCl_4, COCl_2, CF_2=CF_2$

13. $CH_4$-এর সহিত $Cl_2$-এর বিক্রিয়া একটি- [JnU, 2012-...]

A. র‍্যাডিক্যাল বিক্রিয়া B. আয়নিক বিক্রিয়া
C. যুত বিক্রিয়া D. কোনটিই নয় Ans

14. নিচের কোন প্রতিস্থাপকটি বেনজিন চক্রে অর্থো ও প্যারা নির্দেশক? [JnU, 2011-12, RU, 201...]

A. $-NR_3^+$ B. $-CONH_2$ C. $-CN$ D. $-Cl$ Ans

POLL MACHINE
Preparation and Practice are vital for effective delivery



CamScanner

15. আলোক সক্রিয়তা পরিমাপক যন্ত্রের নাম কি? [JnU.2010-11, 2007-08]
A. পোলারিমিটার B. ব্যারোমিটার
C. ম্যানোমিটার D. ট্যাকোমিটার **Ans A**

16. বেনজিনের একটি সমগোত্রকের নাম- [JnU. 2010-2011]
A. Chlorobenzene B. Aniline C. Xylene D. Paraffin **Ans C**

## খুলনা বিশ্ববিদ্যালয়

01. 1-হাইড্রোক্সি-4-মিথাইল-3-পেন্টানোন এর গাঠনিক সংকেত কোনটি? [KU. 2019-20]
A. $CH_3-CH_2-CO-CH(CH_3)-CH_2-OH$
B. $CH_3-CH(CH_3)-CO-CH_2-CH_2OH$
C. $CH_3-C(CH_3)_2-CO-CH_2CH_3$
D. $(CH_3)_2-CHCH_2-CO-H_2OH$ **Ans B**

02. ফিউরানে কতগুলো ডিলোকাইলাইজড ইলেকট্রন রয়েছে? [IU-D.2019-20]
A. 2 B. 4 C. 6 D. 8 **Ans C**

03. গ্লুকোজের কতগুলো স্টেরিও সমাণু সম্ভব? [KU-A,Set-Kha:2018-19]
A. B. 14 C. 15 D. 16
S D Why গ্লুকোজ এ 4টি কাইরাল কার্বন বিদ্যমান তাই স্টেরিও সমাণু $2^n = 2^4 = 16$ টি।

04. টটোমারিজম প্রদর্শন করে কোন যৌগটি?
[KU-A,Set-Kha:2018-19, JUST. 2015-16, রা.বো.; দি.বো. ২০১৬]
A. প্রোপানোন B. প্রোপিন C. প্রোপানল D. প্রোপানয়িক এসিড
S A Why প্রোপানোন স্বতঃস্ফূর্তভাবে প্রোপিন-2 অল সৃষ্টি করে। প্রোপানোন ও প্রোপিন- 2 অল পরস্পরের টটোমার সমাণু।



05. $(CH_3)_3C-CH_2-CH(CH_3)_2$ অণুতে প্রাইমারি (1°), সেকেন্ডারি (2°), টারশিয়ারী (3°) ও কোয়াটারনারী (4°) কার্বন পরমাণুর সংখ্যা যথাক্রমে- [KU-A.2017-18]
A. 1,1,2 ও 5 B. 4,1,2 ও 2 C. 5,1,1 ও 1 D. 5,1,1 ও 2
S C Why




06. নিচের কোনটি অ্যানহাইড্রাইড মূলক এর গাঠনিক সংকেত? [KU. 2015-16]
A. -CO- B. —C-O-O-H
C. -C-O- R D. —CO-O-CO— **Ans D**

08. কোন যৌগটি স্যাচুরেটেড (saturated) হাইড্রোকার্বন? [KU-A. 2011-12]
A. ইথেন B. ইথিন C. ইথাইন D. ইথানল
S A Why কার্বন কার্বন একক বন্ধন যুক্ত সকল হাইড্রোকার্বন সম্পৃক্ত (saturated) যৌগ।

09. বেনজিন চক্রের কার্বন-কার্বন বন্ধনের দৈর্ঘ্য- [KU. 2007-08; JUST.2015-16; BUTex.2012-13; RU.2009-10, 2012-13, SAU. 2014-15 সি.বো. ২০১৭, ঢা.বো. ২০১৬]
A. 0.129nm B. 0.139nm C. 0.159nm D. 0.169nm
S B Why বেনজিনে কার্বন-কার্বন দ্বিবন্ধন বিদ্যমান এবং এর বন্ধন দৈর্ঘ্য = 0.139nm

## কুমিল্লা বিশ্ববিদ্যালয়

01. নিচের কোন স্পেসিসটি অধিকতর স্থিতিশীল? [CoU-A. 2019-20]
A. $H_3C^+$ B. $CH_3-CH_2^+$ C. $Me_3C^+$ D. $(Ph)_3C^+$
S D Why কার্বোক্যাটায়নসমূহের স্থায়িত্বের ক্রম : এভাবে লেখা যায়-

02. নিচের কোন ক্ষেত্রে দ্বি-আণবিক নিউক্লিওফিলিক প্রতিস্থাপন বিক্রিয়ার হার বেশি হয়? [CoU-A. 2019-20]
A. নিউক্লিওফাইলের ঘনমাত্রা কম হলে B. স্টেরিক ফ্যাক্টর কম হলে
C. পোলার দ্রাবকে D. দুর্বল নিউক্লিউওফাইল হলে
S B Why $S_N1$ এর গতির মূলে রয়েছে ইলেকট্রনিক ফ্যাক্টর বা অধিক শাখাযুক্ত কার্বন শিকল। কিন্তু $S_N2$ এর গতির মূলে রয়েছে steric factor বা ত্রিমাত্রিক স্থানিক বাধা। 1° হ্যালাইডের বেলায় ত্রিমাত্রিক স্থানিক বাধা কম, তাই $S_N2$ বিক্রিয়া অধিক ঘটে।

03. $R-CH_2Br + NaOH(aq) \rightarrow$ উৎপাদ; বিক্রিয়াটির কৌশল কী? [CoU-B. 2019-20
A. ইলেক্ট্রোফিলিক প্রতিস্থাপন B. কেন্দ্রাকর্ষী প্রতিস্থাপন
C. অপসারণ বিক্রিয়া D. সংযোজন বিক্রিয়া **Ans B**

04. নিচের কোনটি জৈব যৌগ নয়? [CoU-A. 2016-17
A. KCN B. $CH_3I$ C. $CH_3CN$ D. $C_6H_6$ **Ans A**

05. অ্যালকাইল হ্যালাইড (RX) এ প্রতিস্থাপন বিক্রিয়ার কৌশল হলো- [CoU-A. 2016-17
A. ফ্রি-রেডিক্যাল B. জারণ-বিজারণ
C. ইলেকট্রোফিলিক D. নিউক্লিওফিলিক **Ans D**

## ইসলামী বিশ্ববিদ্যালয়

01. $C_6H_4(CH_3)(Cl)$ যৌগটির কতটি সমাণু সম্ভব? [IU. 2019-20; সি.বো: 2015
A. 2 B. 3 C. 4 D. 6 **Ans B**

02. কোন সংকেতে মেটামার সমাণু লক্ষ্য করা যায়- [IU-F,Set-B:2018-19
A. $C_3H_7O$ B. $C_4H_{10}O$ C. $C_4H_8O$ D. $C_4H_8O_2$
S B Why $C_4H_{10}O$ এর তিনটি ইথার মেটামার সমাণু আছে।
$CH_3-O-CH_2CH_2CH_3$, $CH_3CH_2-O-CH_2CH_3$, $CH_3-OCH(CH_3)_2$

03. $RX+KOH(aq) \rightarrow ROH+KCl$; $S_N2$ কৌশলের ক্ষেত্রে প্রযোজ্য- [IU-D. 2016-1
A. $-dc/dt \propto [RX]$ B. $-dc/dt \propto [KOH]$
C. $-dc/dt \propto [RX][KOH]$ D. $-dc/dt \propto$ দ্রাবকের পোলারিটি
S C Why যদি বিক্রিয়ার হার KOH এবং RX উভয়ের ঘনমাত্রার উপ নির্ভর করে তাহলে $S_N2$ এবং যদি বিক্রিয়ার হার শুধুমাত্র RX এর উপর ক তাহলে $S_N1$। $S_N1$ ও $S_N2$ বিক্রিয়ার কৌশলই R-এর বিক্রিয়ার কৌশল।

04. গ্যামাক্সিন কি? [IU. 2015-16, RU. 2014-1
A. $C_6H_6Cl_6$ B. $CF_2Cl_2$ C. $COCl_2$ D. $C_4H_{10}O$
S A Why $C_6H_6 + 3Cl_2 \xrightarrow{\text{সূর্যালোক}} C_6H_6Cl_6$ [বেনজিন হেক্সা ক্লোরাইড BHC] গ্যামাক্সিন একটি শক্তিশালী জীবাণু নাশক।

05. IUPAC পদ্ধতিতে $(CH_3)_2CHCH(CHO)CH_2CH_3$ যৌগটির নাম- [IU. 11-
A. 2-ইথাইল-3-মিথাইল বিউটান্যাল B. 1-মিথাইল-4-হাইড্রক্সি হেক্সেন
C. 2-ইথাইল-3-মিথাইল বিউটানল D. কোনটিই নয়
S A Why


2-ইথাইল-3-মিথাইল বিউটান্যাল।

## বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়

01. 3°-কার্বোনিয়াম আয়নের কয়টি হাইপারকনজুগেশন গঠন সম্ভব? [BRUR. 2012-
A. 9 B. 12 C. 6 D. 15
S A Why 3° কার্বনিয়াম আয়নে 3টি α-কার্বন ও 9টি α-হাইড্রোজেন থা তাহলে α-C ও α-H এর মোট বন্ধন সংখ্যা হয় 9টি তাই 3° কার্বনিয়ামে 9 হাইপার কনজুগেশন সম্ভব।

## বরিশাল বিশ্ববিদ্যালয়

01. $CH_3CH_2OH$ এর সমাণু কোনটি? [B.U. 2012-201
A. $C_2H_5OH$ B. $CH_3OCH_3$ C. $C_2H_5O$ D. $CH_3COOH$ **Ans B**

POLL MACHINE
Preparation and Practice are vital for effective delivery
CamScanner

## PART B ANALYSIS OF SCIENCE & TECHNOLOGY QUESTION

### শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

01. IUPAC পদ্ধতিতে $CH_3-CH(Cl)-CH_2-CH(OH)-CH_2-CHO$ এর সঠিক নামকরণ হলো- [SUST-B. 2019-20]
A. 2-Chloro-5-aldehydo-hexanol-4
B. 2-Hydroxi-4-chlorohexanal
C. 2-Chloro-4-hydroxyhexanal
D. 5-Choloro-3-hydroxyhexanal
E. 5-Aldehyde-2-chlorohexane-4-ol
S D Why $CH_3-CH(Cl)-CH_2-CH(OH)-CH_2-CHO$ যৌগটিকে Numbering করি-
$\overset{6}{C}H_3-\overset{5}{C}H(Cl)-\overset{4}{C}H_2-\overset{3}{C}H(OH)-\overset{2}{C}H_2-\overset{1}{C}HO$
5-Chloro-3-hydroxyhexanal

02. কোনটি আলোক সক্রিয় অ্যালকোহল? [SUST-B. 2019-20]
A. $CH_3-CH(OH)-CH_2-CH_3$ B. $CH_3-CH(OH)-CH_3$
C. $CH_3-C(OH)_2CH_2CH_3$ D. $HO-CH_2-CH_2-CH_2-OH$
E. $HOCH_2-CH(OH)-CH_2OH$
S A Why
$CH_3-CH(OH)-CH_2-CH_3$ এটি আলোক সক্রিয় কারণ আলোক সক্রিয় হতে হলে কাইরাল কার্বন থাকতে হয়।


03. কোনটি সর্বাধিক স্থিতিশীল কার্বোক্যাটায়ন? [SUST-B. 2019-20; JU-D. Set-C. 2018-19]
A. $^+CH_3$ B. $^+CHR_2$ C. $^+CH_2R$ D. $^+CR_3$ E. $^+CH_2RNO_2$
S D Why কার্বোক্যাটায়ন এর স্থায়িত্ব ক্রম $3° > 2° > 1°$
তাহলে, $^+CR_3 > ^+CHR_2 > ^+CH_2R > ^+CH_3$

04. $R-CH_2-CH=CH_2$ মূলত কোন ধরনের বিক্রিয়া দেয়? [SUST-B,2018-19]
A. ইলেক্ট্রনাকর্ষী যুত B. ইলেক্ট্রনাকর্ষী প্রতিস্থাপন
C. নিউক্লিওফিলিক বিয়োজন D. নিউক্লিওফিলিক সংযোজন
E. নিউক্লিওফিলিক প্রতিস্থাপন
S A Why অ্যালকিনসমূহ ইলেক্ট্রনাকর্ষী যুত বা সংযোজন বিক্রিয়া দেয়।

05. জলীয় দ্রবণে গ্লুকোজ দ্রবীভূত হলে তাতে কয়টি অপ্রতিসম কার্বন থাকে? [SUST-B,18-19, য.বো. ২০১৬]
A. 2 B. 3 C. 5 D. 4 E. 6
S D Why জলীয় দ্রবণে গ্লুকোজকে দ্রবীভূত করা হলে তাতে 4টি অপ্রতিসম বা কাইরাল কার্বন থাকে।

06. $CH_3-CH(OH)-CH(CH_3)-CH_2-CO-CH_2CH_3$ এর IUPAC নাম কি? [SUST-B, 2017-18]
A. 6- হাইড্রক্সি-5-মিথাইল-3-হেপ্টানোন
B. 1,4- ডাইমিথাইল-5- হাইড্রক্সি-2-হেক্সানোন
C. 5-হাইড্রক্সি-4-মিথাইল-2-হেক্সানোন
D. 6-হাইড্রক্সি-4-মিথাইল-2- হেপ্টানোন
E. 5-হাইড্রক্সি-4-মিথাইল-3-হেক্সানোন
S A Why

6-হাইড্রক্সি-5-মিথাইল-3-হেপ্টানোন

07. বেনজিন জাতকের চক্রে কোন গ্রুপ উপস্থিত থাকলে বেনজিন চক্রের ইলেকট্রন ঘনত্ব হ্রাস পায়? [SUST-A.2016-17; JU-A.2017-18; RU.H.2017-18; JUST.2016-17; MBSTU.H.2016-17]
A. $-CH_3$ B. $-NHCOCH_3$ C. $-OH$
D. $-NH_2$ E. $-NO_2$
S E Why $-NO_2$ বেনজিন বলয়ের নিষ্ক্রিয়কারী মূলক বা মেটা নির্দেশক বলে বেনজিন বলয়ের ইলেকট্রন ঘনত্ব হ্রাস পায়।

08. IUPAC পদ্ধতিতে $H_3C-CH(OH)-CH(Br)-CH_2Br$ যৌগটির সঠিক নামকরণ কী? [SUST-B.2016-17, BSMRSTU. 2016-17]
A. মিথাইল ডাইব্রোইথাইল বিউটানল B. 3,4 ডাইব্রোমো -2-বিউটানল
C. 1-মিথাইল - 2, 3-ডাইব্রোমোবিউটানল D. 3-মিথাইল -1, 2- ডাইব্রোমোবিউটানল
E. 3-হাইড্রক্সি-3-মিথাইল 2, 3- ডাইব্রোমোবিউটেন
S B Why

3, 4 ডাইব্রোমো -2-বিউটানল

09. কোনটি হেটারোসাইক্লিক অ্যারোমেটিক যৌগ নয়? [SUST-B.2016-17]
A. পাইরল B. ফিউরান C. থায়োফিন D. ট্রাইনাইট্রোটলুইন E. পিরিডিন
S D Why হেটারোসাইক্লিক যৌগে হেটেরো অ্যাটম (S, O, N) চক্রের ভিতরে থাকবে।

10. IUPAC পদ্ধতিতে নিচের যৌগটির নাম কি? [SUST-B. 2014-15]

A. 2-ইথাইল-6-মিথাইল-3-হেপ্টিন B. 3,7-ডাইমিথাইল-5-অক্টিন
C. 2,6-ডাইমিথাইল-4-অক্টিন D. 2-6-ডাইমিথাইল-4-হেপ্টিন
E. 2,6-ডাইমিথাইল-3-অক্টিন
S E Why

2,6-ডাইমিথাইল-3-অক্টিন।

2,6-ডাইমিথাইল-3-অক্টিন।

11. অনার্দ্র $ZnCl_2$ এর উপস্থিতিতে অ্যালকোহল ও গাঢ় HCl এর বিক্রিয়াটি কোন কৌশল অনুসরণ করে? [SUST. 2014-15]
A. নিউক্লিওফিলিক প্রতিস্থাপন B. নিউক্লিওফিলিক যুত
C. অপসারণ D. ইলেক্ট্রোফিলিক প্রতিস্থাপন
E. ইলেকট্রোফিলিক যুত
S A Why অনার্দ্র $ZnCl_2$ এর উপস্থিতিতে অ্যালকোহল ও গাঢ় HCl এর বিক্রিয়ায় $Cl^-$ আয়ন দ্বারা $OH^-$ আয়ন প্রতিস্থাপিত হয়। $Cl^-$ যেহেতু নিউক্লিওফাইল, সুতরাং বিক্রিয়াটির কৌশল হল নিউক্লিওফিলিক প্রতিস্থাপন।

12. কোনটি অ্যারোমেটিক যৌগ? [SUST 2011-2012]
A. সাইক্লোপ্রোপিন B. জাইলিন
C. সাইক্লোহেক্সেন D. প্রোপেন
S B Why সংকেত- অ্যারোমেটিক যৌগগুলো হচ্ছে বেনজিন জাত যৌগ।

13. নিচের কোন যৌগটি অ্যানহাইড্রাইড? [SUST.2010-2011; য.বো: 2017]
A. $H_3C-CO-CC_2H_5$ B. $H_3C-CO-O-CO-CH_3$
C. $H_3C-CO-C_2H_5$ D. $H_3C-CH-CO-H$
S B Why এসিড অ্যানহাইড্রাইডের সাধারণ সংকেত: RCOOCOR

14. নিম্নের কোন মূলক বেনজিন বলয়ে ইলেকট্রন ঘনত্ব সবচেয়ে বেশী করে ও উহাকে বিক্রিয়ার জন্য সক্রিয় করে। [SUST 2009-10]
A. $-NO_2$ B. $-NH_2$
C. $-CH_3$ D. $-OH$
S B Why $-O^- > -NH_2 > -OH > -OCH_3 > -NHCOCH_3 > R- > -OCOR > Ar- > -X$

### যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

01. $CH_3-CH=C=CH_2$ এর নাম কি? [JUST-B: 2019-20]
A. বিউটেন B. 1, 2-বিউটাডাইন
C. বিউটিন D. ডাইবিউটিন
Ans B



POLL MACHINE
Preparation and Practice are vital for effective delivery
CamScanner

নিচের কোনটি কার্বোনিয়াম আয়নের সঠিক বিক্রিয়া ক্রম? [JUST-B: 2019-20; চ.বো: 2017]

A. $^+CR_3 > ^+CHR_2 > ^+CH_2R > ^+CH_3$
B. $^+CR_3 > ^+CH_2R > ^+CHR_2 > ^+CH_3$
C. $^+CR_3 < ^+CHR_2 < ^+CH_2R < ^+CH_3$
D. $^+CH_2R < ^+CR_3 < ^+CH_2R < ^+CH_3$ **Ans C**

নিচের কোন বিকারকটি কার্বোনাইল গ্রুপকে মিথাইলিন গ্রুপে রূপান্তর করতে সক্ষম? [JUST-B:2019-20]

A. Zn-Hg + 2HCl (conc.)   B. Na–Hg + HF (conc.)
C. Zn–Hg + HCl (conc.)   D. Mn–Hg + HCl (conc.) **Ans C**

নিচের কোন গ্রুপটি অ্যারোম্যাটিক প্রতিস্থাপন বিক্রিয়ায় অর্থো-প্যারা নির্দেশক? [JUST-A,Set-Kha 2018-19; DU. 2015-16]

A. –COOH   B. –OH   C. $-NO_2$   D. –CHO **Ans B**

লঘু নাইট্রিক এসিড যোগে টলুইনকে জারিত করলে কি উৎপন্ন হয়? [JUST-A,Set-Kha 2018-19; BUTex.2014-15]

A. বেঞ্জামিন এসিড   B. বেনজোয়িক এসিড
C. টলুইন এসিড   D. বেনজালডিহাইড

**S(B) WhY** $C_6H_5CH_3$(ফুটন্ত) + $HNO_3$ (ফুটন্ত) $\xrightarrow{\text{তীব্র জারক}}$ $C_6H_5COOH$
টলুইন   বেনজায়িক এসিড

প্রথম যে জৈব যৌগ পরীক্ষাগারে তৈরী হয় তার নাম কি? [JUST: 2018-19,11-12, JU. 2011-12, JnU. 2013-14, RU-F. 2011-12]

A. মিথেন   B. ইথানল   C. ইউরিয়া   D. বেনজিন **Ans C**

$CH_3CH_2CH_2CH_3 \xrightarrow{AlCl_3,\ HCl,\ 300°C} CH_3CH(CH_3)CH_3$
এটি কী ধরণের বিক্রিয়া? [JUST-B.2017-18]

A. Substitution reaction   B. Elimination reaction
C. Isomerization reaction   D. Addition reaction

**S(C) WhY** $CH_3CH_2CH_2CH_3 \xrightarrow{AlCl_3,\ HCl,\ 300°C} CH_3-CH(CH_3)-CH_3$

বিক্রিয়াটিতে গঠন পরিবর্তন হয়েছে। তাই বিক্রিয়াটি সমাণুকরণ বিক্রিয়া।

সূর্যালোকের অনুপস্থিতিতে বেনজিন ও শুষ্ক $AlCl_3$ এর মিশ্রণ উৎপন্ন করে- [JUST-B.2017-18, SUST. 2011-12]

A. ডাইক্লোরোবেনজিন   B. ক্লোরোবেনজিন ও HCl গ্যাস
C. ক্লোরোবেনজিন   D. টেট্রাক্লোরোবেনজিন **Ans B**

## মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

CHOCH(OH)CH(OH)CHO যৌগটির ক্ষেত্রে কোনটি সঠিক? [MBSTU-C. 2019-20]

A. ডানঘূর্ণী   B. বামঘূর্ণী   C. রেসেমিক মিশ্রণ   D. আলোক নিষ্ক্রিয়

**S(D) WhY** CHOCH(OH)CH(OH)CHO এটি একটি হলো মেসো যৌগ মেসো যৌগসমূহ আলোক নিষ্ক্রিয়

নিচের কোনটি জ্যামিতিক সমাণুতা প্রদর্শন করে?[MBSTU-B. 2019-20; য.বো: 2016]

A. ClCH=CHCl   B. $CH_2$=CHCl
C. $CH_2$=$CH_2$   D. $Cl_2C$=$CH_2$ **Ans A**

হ্যাকেল রুল মেনে চলে না কোন যৌগ? [MBSTU-A. 2019-20; C,Set-2:2018-19]

A. B. C. D. **Ans D**



সর্বাধিক স্থায়িত্বের কার্বানায়ন কোনটি? [MBSTU-C. 2019-20]

A. $CH_3\overset{\ominus}{C}H_2$   B. $(CH_3)_2\overset{\ominus}{C}$   C. $\overset{\ominus}{C}H_3$   D. $(CH_3)_2\overset{\ominus}{C}H$ **Ans C**

নিউক্লিওফিলিক সংযোজন বিক্রিয়ায় কোনটি সর্বাধিক সক্রিয়? [MBSTU-C. 2019-20]

A. HCHO   B. $CH_3CHO$   C. $CH_3COCH_3$   D. $CH_2CH_2CHO$

**S(A) WhY** নিউক্লিওফিলিক সংযোজন বিক্রিয়ায় কিটোন অপেক্ষায় অ্যালডিহাইড অধিক সক্রিয়, তবে অ্যালডিহাইডে মিথাইল মূলকের সংখ্যা বাড়ার সাথে সাথে সক্রিয়তা হ্রাস পায়।

06. কার্বনিল মূলকে C-পরমাণুতে কোন প্রকারের হাইব্রিডাইজেশন ঘটে? [MBSTU-C,Set-2:2018-19]

A. sp   B. $sp^2$   C. $sp^3$   D. $sp^3d$

**S(B) WhY** কার্বনিল (–C(=O)–) মূলকের কার্বন পরমাণুতে তিনটি সিগমা বন্ধন থাকে তাই $sp^2$ সংকরিত অবস্থায় থাকে।

07. নিচের কোন যৌগটি আলোক সমাণুক? [MBSTU-C. 2018-19, 2016-17]

A $C_2H_5CHOHC_2H_5$   B. $CH_3CHOHBr$
C. $BrCH_2CH_2OH$   D. $CH_3CHOHCH_3$

**S(B) WhY** $CH_3-C(OH)(H)-Br$, 1-ব্রোমো ইথানল যৌগে ১নং কার্বনটি কাইরাল কার্বন তাই উক্ত যৌগটি আলোক সমাণু।

08. কোনটি বলয় সক্রিয়কারী? [MBSTU-C:2018-19,2019-20, PSTU. 2014-15]

A. –CN   B. –Cl   C. –CHO   D. $-CH_3$ **Ans D**

09. কার্বানায়ন হচ্ছে- [MBSTU-C,Set-2:2018-19]

A. ঋণাত্মক   B. ধনাত্মক   C. দ্বিপোলার   D. প্রশম **Ans A**

10.  যৌগটির নাম কি? [MBSTU-$B_1$.2017-18]

A. থায়োফিন   B. পিরিডিন   C. ফিউরান   D. টলুইন **Ans B**

11. কোনটি ইউরিয়ার সংকেত? [MBSTU-$C_2$.2017-18, RU. 2012-13, CU. 2009-10]

A. NH – CO – CH   B. $NH_2CONH_2$
C. $NH_2 - CO_2 - NH_2$   D. $NH_2COCH_3$ **Ans B**

12. কোন ধরণের যৌগের দ্রবণের ভেতর দিয়ে এক সমতলীয় আলো চলার সময় তা আবর্তিত হয়? [MBSTU-$A_1$.2017-18]

A. ইথার   B. কাইরাল যৌগ   C. রেসিমিক মিশ্রণ   D. মেসো যৌগ

**S(B) WhY** কাইরাল কার্বন বিশিষ্ট যৌগসমূহ আলোক সক্রিয়। রেসিমিক মিশ্রণ 50% d ও 50% *l* সমাণুর সমমিশ্রণ হওয়ার ফলে তা আপতিত আলোকে কোন দিকেই আবর্তন করতে পারে না।

13. বেনজিন কি ধরনের প্রতিস্থাপন বিক্রিয়া দেয়? [MBSTU-$B_1$.2017-18]

A. ইলেকট্রোফিলিক   B. নিউক্লিওফিলিক   C. রেডিক্যাল   D. সংযোজন

**S(A) WhY** অ্যারোমেটিক যৌগে ইলেকট্রোফিলিক প্রতিস্থাপন বিক্রিয়া সংগঠিত হয়।

14. কোন যৌগটি ইলেক্ট্রোফিলিক প্রতিস্থাপন বিক্রিয়ার ক্ষেত্রে অধিক সক্রিয়? [MBSTU-$C_2$.2017-18]



**Ans A**

15. টারটারিক এসিড এর স্টেরিও সমাণু? [MBSTU-A.2016-17, HSTU. 2011-12]

A. 3   B. 2   C. 4   D. কোন সমাণু নেই

**S(C) WhY** টারটারিক এসিডের সংকেত → HO–CHCOOH
| 
HO–CHCOOH

উক্ত এসিডে কাইরাল কার্বনের সংখ্যা = 2

∴ স্টেরিও সমাণু সংখ্যা = $2^n = 2^2 = 4$টি

16. নিচের কোন জৈব যৌগে একাধিক বেনজিন বলয় বিদ্যমান? [MBSTU-A.2016-17; MBSTU-$B_1$.17-18]

A. পাইঅ্যারিন   B. অ্যারাইল   C. অ্যামাইল   D. অ্যালকেন

**S(A) WhY** পাইঅ্যারিন জৈব যৌগে 4টি বেনজিন বলয় বিদ্যমান।



Pyrene এর রাসায়নিক সংকেত $C_{16}H_{10}$



CamScanner

17. কোনটি $CH_3CHO$ এর বৈশিষ্ট্য পূর্ণ বিক্রিয়া? [MBSTU-A.2016-17]
A. নিউক্লিওফিলিক প্রতিস্থাপন B. ইলেকট্রোফিলিক প্রতিস্থাপন
C. ইলেকট্রোফিলিক যুত বিক্রিয়া D. নিউক্লিওফিলিক যুত বিক্রিয়া
S Ⓓ Why কেন্দ্রাকর্ষী/নিউক্লিওফিলিক যুত বিক্রিয়া – $CH_3HC{=}O$

18. $S_N1$ বিক্রিয়া কয় ধাপে সংগঠিত হয়? [MBSTU-C.2016-17, 17-18,B. 2019-20; চ.বো: 2015]
A. 0 ধাপে B. 1 ধাপে
C. 2 ধাপে D. 3 ধাপে **Ans C**

19. অ্যাডিপিক এসিডের IUPAC নাম হচ্ছে– [MBSTU-B. 2012-13]
A. হেক্সেন ডাই অয়িক এসিড B. হেপ্টেন ডাই অয়িক এসিড
C. অক্টেন ডাই অয়িক এসিড D. ডেকেন ডাই অয়িক এসিড
S Ⓐ Why অ্যাডিপিক এসিডের IUPAC নাম হচ্ছে- হেক্সেন ডাই অয়িক এসিড [$HOOC-(CH_2)_4-COOH$]

### বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

01. কোনটি পলিনিউক্লিয়ার যৌগ– [BSMRSTU-C. 2019-20]
A. অ্যানথ্রাসিন B. বেনজাইল ক্লোরাইড
C. পাইরল D. পিকরিক এসিড **Ans A**

02. কার্বন-কার্বন দ্বিবন্ধনের দৈর্ঘ্য– [BSMRSTU-C.17-18; JU.09-10; RU.07-08]
A. 1.53Å B. 1.38 Å
C. 1.2 Å D. 1.39 Å **Ans C**

03. $C_4H_8F_2$ যৌগের সমাণুর সংখ্যা কয়টি? [BSMRSTU-A.2017-18]
A. 10 টি B. 8 টি
C. 6 টি D. 4 টি **Ans A**

04. বেনজিন বলয়ে নিষ্ক্রিয়কারী মূলক কোনটি? [BSMSTU.Ka.16-17, RU. 14-15]
A. $-SO_3H$ B. $-OH$
C. $-NH_2$ D. $-CH_3$ **Ans A**

### পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

01. $C_2H_3Cl_3$ সংকেত দ্বারা কতটি যৌগ গঠন সম্ভব? [PUST. 2019-20]
A. 2 B. 3
C. 4 D. 5
S Ⓐ Why নিম্নোক্ত দুটি অবস্থান সমাণু পাওয়া যায়–



02. $S_N1$ বিক্রিয়ার ক্ষেত্রে নিম্নের কোনটি সঠিক নয়? [PUST. 2019-
A. কার্বোক্যাটায়নের সৃষ্টি হয় B. জ্যামিতিক গঠন পরিবর্তিত হয়
C. পোলার দ্রাবকে সহজে ঘটে D. দুই ধাপে ঘটে
S Ⓑ Why $S_N1$ বিক্রিয়ার ক্ষেত্রে কার্বনের যে পার্শ্ব হতে হ্যালাইড বিচ্ছিন্ন হয়, সেই পার্শ্বেই নিউক্লিওফাইল যুক্ত হয়। কিন্তু $S_N2$ এর ক্ষেত্রে বিপরীত পার্শ্ব হতে নিউক্লিওফাইল আক্রমণ করায় করায় অণুর জ্যামিতিক গঠন উল্টে যায়, যাকে Walden inversion বলে।

03. $C_6H_6$ এর স্ফুটনাঙ্ক– [PUST-A₁/A₂.2016-
A. 38°C B. 56°C
C. 58°C D. 80°C **Ans**

04. $S_N2$ বিক্রিয়ার জন্য কোন যৌগটি অধিক উপযুক্ত? [PUST-B.2017-
A. $CH_3Cl$ B. $(CH_3)_2CHCl$
C. $(CH_3)_3CCl$ D. $CH_3CH_3$
S Ⓐ Why $S_N2$ বিক্রিয়ায় ক্রম : $CH_3Cl > 1° > 2° > 3°$

### হাজী মোহাম্মদ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

01. উজ্জ্বল সূর্যালোকে বেনজিন ও ক্লোরিনের মিশ্রণে উৎপন্ন হয়– [HSTU-B.17-18, CU.2011-2012; CoU.A:2019-
A. ক্লোরোবেনজিন ও HCl গ্যাস B. গ্যামাক্সিন
C. ক্লোরোবেনজিন ও পানি D. টলুইন ও HCl গ্যাস
S Ⓑ Why উজ্জ্বল সূর্যালোকে অথবা অতিবেগুনি রশ্মির উপস্থিতিতে বেনজিন তিন অণু ক্লোরিনের সাথে সংযোজিত হয়ে বেনজিন হেক্সাক্লোরাইড ($C_6H_6Cl_6$) উৎপন্ন করে। বেনজিন হেক্সাক্লোরাইডের গামা (γ) সমাণুকের বাণিজ্যিক নাম গ্যামাক্সিন। এটি একটি তীব্র জীবাণুনাশক পদার্থ।

02. একই অণুতে বিদ্যমান কোন পরমাণু বা মূলক পুণর্বিন্যস্ত হয়ে নতুন এক অণুতে পরিণত হওয়াকে কি বলে? [HSTU-B.2017-
A. রেজোন্যান্স বিক্রিয়া B. অপসারণ বিক্রিয়া
C. পুনর্বিন্যাস বিক্রিয়া D. প্রতিস্থাপন বিক্রিয়া **Ans**

**EXCLUSIVE LAW :** $\frac{m_1}{M_1} = \frac{m_2}{M_2}$

$m_1$ = প্রথম বস্তুর ভর; $m_2$ = দ্বিতীয় বস্তুর ভর
$M_1$ = প্রথম বস্তুর আণবিক ভর; $M_2$ = দ্বিতীয় বস্তুর আণবিক ভর

**উদাহরণ: 95% বিশুদ্ধ চুনাপাথরের 200 gm কে উত্তপ্ত করলে কত গ্রাম চুন পাওয়া যায়?**

সমাধান: 95% $CaCO_3$ of 200g $= 0.95 \times 200 = 190g$ ; $\frac{m_{CaCO_3}}{M_{CaCO_3}} = \frac{m_{CaO}}{M_{CaO}} \Rightarrow \frac{190}{100} = \frac{m_{CaO}}{56}$ $\therefore m_{CaO} = \frac{56 \times 19}{10} g = 106.4g$

POLL MACHINE
Preparation and Practice are vital for effective delivery

❑ মোলালিটি, মোলারিটি, নরমালিটির বিস্তারিত তথ্যঃ

| বিষয় | মোলারিটি | নরমালিটি | মোলালিটি |
|---|---|---|---|
| প্রকাশ | S | N | m |
| ভর হিসাব | দ্রবণের আণবিক ভর | দ্রবণের তুল্য ভর | দ্রাবকের ভর |
| তাপমাত্রার উপর | নির্ভরশীল | নির্ভরশীল | নির্ভরশীল নয় |
| সার্বজনীন শুদ্ধ কিনা | না | না | হ্যাঁ |
| একক | $molL^{-1}$ বা M | $molL^{-1}$ | $mol Kg^{-1}$ |
| গাণিতিক সমীকরণ | $S = \frac{n}{v} = \frac{m}{M \times V(L)}$ | $N = \frac{w \times 1000}{V \times e}$ | $m = \frac{n}{M_{kg}\text{(দ্রাবক)}}$ |

❑ ঘনমাত্রার মান অনুসারে দ্রবণের বিভিন্ন নাম:

| দ্রবের পরিমাণ (মোল) | দ্রবণের ঘনমাত্রা | দ্রবণের নাম | দ্রবের পরিমাণ (মোল) | দ্রবণের ঘনমাত্রা | দ্রবণের নাম |
|---|---|---|---|---|---|
| 1.0 | 1.0 M | মোলার দ্রবণ | 0.001 | 0.001M বা $\frac{M}{1000}$ | মিলি মোলার দ্রবণ |
| 0.5 | 0.5 M বা $\frac{M}{2}$ | সেমি মোলার দ্রবণ | | | |
| 0.1 | 0.1 M বা $\frac{M}{10}$ | ডেসি মোলার দ্রবণ | নরমাল দ্রবণ = 1.0 N, ডেসি নরমাল দ্রবণ = 0.1 N | | |
| 0.01 | 0.01M বা $\frac{M}{100}$ | সেন্টি মোলার দ্রবণ | সেমি নরমাল দ্রবণ = 0.5 N, সেন্টি নরমাল দ্রবণ = 0.01 N | | |



CamScanner

## TOPIC 02 রসায়নের বিভিন্ন একক ও প্যাথলজিক্যাল একক

❒ মোলারিটি বা মোলার ঘনমাত্রা নির্ণয়:

➤ মোলারিটি বা মোলার ঘনমাত্রা নির্ণয়ে যদি % থাকে- টেকনিকঃ মোলারিটি বা মোলার ঘনমাত্রা, $S = \frac{\% \times 10}{M}$

উদাহরণ: 9.8% $H_2SO_4$ এর মোলারিটি কত? সমাধান: $S = \frac{\% \times 10}{M} = \frac{9.8 \times 10}{98} = 1$

➤ **ppm, ppb, ppt এর একক সংক্রান্ত:** ppm → parts per million = $10^6$ ; ppb → parts per billion = $10^9$ ; ppt → parts per trillion = $10^{12}$
সূক্ষ্ম আয়তন একক ppmv (parts per million by volume) দ্বারা বায়ুমণ্ডলে থাকা গ্যাসীয় পদার্থ ও সূক্ষ্ম কঠিন কণা বস্তুর উপাদানের ঘনমাত্রা প্রকাশ করে। ... গ্রাম এলাকায় দূষিত বায়ুতে 50 ppmv টক্সিক CO গ্যাস থাকে।

❒ **ppm একক হতে শতকরা একক নির্ণয়-টেকনিক :** $ppm = \% \times 10^4 \Rightarrow \% = \frac{ppm}{10^4}$

উদাহরণ: কোন NaOH দ্রবণের ঘনমাত্রা 200ppm হলে তা শতকরা এককে রূপান্তর কর? সমাধান: $\% = \frac{\text{ppm মান}}{10^4} = \frac{200}{10^4} = 0.02$

➤ মোলারিটি থেকে ppm এবং ppm থেকে মোলারিটি নির্ণয়।

টেকনিকঃ $S = \frac{\text{ppm এককে মান}}{M} \times 10^{-3}$

➤ দ্রুত অংক করার জন্যঃ $ppm = \frac{\text{ছোট ভর}}{\text{বড় ভর}} \times 10^6$, $ppb = \frac{\text{ছোট ভর}}{\text{বড় ভর}} \times 10^9$, $ppt = \frac{\text{ছোট ভর}}{\text{বড় ভর}} \times 10^{12}$ **[Unit Same বসাতে হবে]**

❒ জেনে রাখা ভালো: ভরের ক্ষেত্রে- ppm = mg/kg = μg/g এবং আয়তনের ক্ষেত্রে- ppm = mg/L = μg/mL

❒ এককের রূপান্তর সংক্রান্ত সমস্যাবলিঃ– মোলারিটি থেকে শতকরা একক নির্ণয়: $S = \frac{\% \times 10}{M} \Rightarrow \% = \frac{SM}{10}$

উদাহরণ: **0.1M $Na_2CO_3$ দ্রবণকে শতকরা ভাবে প্রকাশ কর?**

সমাধান: $\%\left(\frac{W}{V}\right) = \frac{S \times M}{10} = \frac{0.1 \times 106}{10} = 1.06$ (Ans. 1.06% $\frac{W}{V}$)

❒ শতকরা সংযুক্তি বা শতক প্রতি পরিমাণঃ

(শতকরা সংযুক্তি নির্ণয়)ঃ $\text{শতকরা সংযুক্তি} = \frac{\text{প্রদত্ত মৌল বা যৌগের আণবিক ভর}}{\text{মোট আণবিক ভর}} \times 100$

উদাহরণ: চুনাপাথরে চুনের শতকরা পরিমাণ কত? সমাধান: $\%CaO = \frac{56}{100} \times 100 = 56$

❒ প্যাথলজিক্যাল এককের রূপান্তর সম্পর্কিত সমস্যা

| | |
|---|---|
| mmol/L → mg/dL | 18 দিয়ে গুণ |
| mg/dL → m mol/L | 18 দিয়ে ভাগ |

উদাহরণ- 01: **একজন ডায়াবেটিস রোগীর রক্তে গ্লুকোজের পরিমান 12 m mol/L হলে mg/dL এককে এর মান কত?**
সমাধানঃ গ্লুকোজের পরিমানকে 18 দ্বারা গুণ করলেই উত্তর পাওয়া যাবে। সুতরাং $18 \times 12 = 216$

উদাহরণ- 02: **একজন রোগীর রক্তে গ্লুকোজের পরিমাণ 162 mg/dL হলে m mol/L এককে এর মান কত?**
সমাধানঃ গ্লুকোজের পরিমাণকে 18 দ্বারা ভাগ করলেই উত্তর পাওয়া যাবে। সুতরাং $\frac{162}{18} = 9$

POLL MACHINE
Preparation and Practice are vital for effective delivery

## TOPIC 03 প্রাইমারি স্ট্যান্ডার্ড পদার্থ ও নির্দেশক

❒ প্রাইমারি স্ট্যান্ডার্ড পদার্থ :

➤ অনার্দ্র সোডিয়াম কার্বনেট ($Na_2CO_3$), $K_2Cr_2O_7$, আর্দ্র অক্সালিক এসিড ($H_2C_2O_4.2H_2O$), কেলাসিত সোডিয়াম অক্সালেট ($Na_2C_2O_4.2H_2O$), সাকসিনিক এসিড প্রভৃতি।

**মনে রাখার মজার নিয়ম**

☑ সংকেতে যার মধ্যে C বর্ণ আছে সেই প্রাইমারি স্ট্যান্ডার্ড পদার্থ। ব্যতিক্রম-HCl

➤ সেকেন্ডারি স্ট্যান্ডার্ড পদার্থ: • এদের দ্রবণের মাত্রা পরিবর্তিত হয়।
• উদাহরণ: গাঢ় $H_2SO_4$, NaOH, KOH, $Na_2S_2O_3$, $KMnO_4$, HCl প্রভৃতি

❒ **টাইট্রেশন:** অজ্ঞাত ঘনমাত্রার কোন দ্রবণের ঘনমাত্রা নির্ণয়ের লক্ষ্যে উক্ত দ্রবণের কত আয়তনের সাথে কোন প্রমাণ দ্রবণের কত আয়তন বিক্রিয়া করতে পারে তা নির্ণয় করার পরীক্ষাকে টাইট্রেশন বলা হয়। জানা দ্রবণকে টাইট্রেন্ট এবং অজানা দ্রবণকে টাইটার বলে। টাইট্রেশন ২ প্রকার। যথা- ভরমিতিক টাইট্রেশন (কম ব্যবহৃত হয়) ও আয়তনমিতিক টাইট্রেশন (সবচেয়ে বেশি ব্যবহৃত হয়)



CamScanner

## আয়োডোমিতি-আয়োডিমিতি:

একনজরে আয়োডোমিতি-আয়োডিমিতি:

| বিক্রিয়া | অর্ধ ও সম্পূর্ণ বিক্রিয়া | বিক্রিয়ার প্রকৃতি |
|---|---|---|
| $2CuSO_4 + 4KI \longrightarrow 2K_2SO_4 + Cu_2I_2 + I_2$ | জা.অ.বি: $2I^- \longrightarrow I_2 + 2e^-$<br>বি.অ.বি: $2Cu^{2+} + 2e^- \longrightarrow 2Cu^+$<br>স.বি: $2I^- + 2Cu^{2+} \longrightarrow I_2 + 2Cu^+$ | আয়োডোমিতি |
| $2Na_2S_2O_3 + I_2 \longrightarrow Na_2S_4O_6 + 2NaI$ | জা.অ.বি: $2S_2O_3^{2-} \longrightarrow S_4O_6^{2-} + 2e^-$<br>বি.অ.বি: $I_2 + 2e^- \longrightarrow 2I^-$<br>স.বি: $2S_2O_3^{2-} + I_2 \longrightarrow S_4O_6^{2-} + 2I^-$ | আয়োডিমিতি |
| $2KIO_3+6H_2SO_4+10KI \longrightarrow 6K_2SO_4+6H_2O+6I_2$ | জা.অ.বি: $2I^- \longrightarrow I_2 + 2e^-$<br>বি.অ.বি: $2IO_3^- + 12H^+ + 10e^- \longrightarrow I_2 + 6H_2O$<br>স.বি: $2IO_3^- + 12H^+ + 10I^- \longrightarrow 6I_2 + 6H_2O$ | আয়োডোমিতি |
| $6HI + 2HNO_3 \longrightarrow 3I_2 + 4H_2O + 2NO$ | HI এর $I^-$ আয়ন $e^-$ দান করে জারিত হয়ে $I_2$ এ পরিণত হয় এবং $HNO_3$ এর N পরমাণু +5 অবস্থা হতে $e^-$ গ্রহণ করে বিজারিত হয়ে +2 এ পরিণত হয়। | আয়োডোমিতি |

**মনে রাখার ট্রিক্স:**

'আয়ো' মানে আয়োডিন আর 'ডো' মানে তৈরি করা, অর্থাৎ আয়োডোমিতি অর্থ আয়োডিন তৈরি করা।

"আয়ো'ডি'মিতি" = ডি→ডিরেক্ট $I_2$ এর সাথে বিক্রিয়া

**বিভিন্ন মাধ্যমে উপযুক্ত নির্দেশক:**

| এসিড-ক্ষার | বর্ণ পরিবর্তনের pH পরিসর | প্রশমন বিন্দুতে দ্রবণের pH | নির্দেশক |
|---|---|---|---|
| তীব্র এসিড- মৃদু ক্ষার | 7-4 | 5.27 | মিথাইল অরেঞ্জ ও মিথাইল রেড |
| মৃদু এসিড- তীব্র ক্ষার | 10-8 | 8.8 | ফেনলফথ্যালিন অথবা থাইমল ব্লু যেকোনোটি |
| তীব্র এসিড- তীব্র ক্ষার | 10-4 | 7.0 | সব নির্দেশক |
| মৃদু এসিড- মৃদু ক্ষার | 7.5-6.5 | 7.0 | কোন নির্দেশক নেই। এক্ষেত্রে নির্দেশক হিসেবে ফেনলফথ্যালিন ও মিথাইল রেড এর মিশ্রণ ব্যবহার করা হয় |

## TOPIC 04 মোল সংখ্যা ও তুল্য সংখ্যা সম্পর্কিত সমস্যা

➤ মোল সংখ্যা, $n = \frac{m}{M} = \frac{X}{N_A} = \frac{V_L(STP)}{22.4} = \frac{V_L(SATP)}{24.78} = VS = \frac{PV}{RT}$

উপরোক্ত সূত্রগুলো লক্ষ্য করো এবং নিচের প্রশ্নগুলোর উত্তর কর:

**উদাহরণ-01:** 22g $CO_2$ এর অণুর সংখ্যা কত?

সমাধান: ভর ও পরমাণুর সংখ্যার মধ্যে সম্পর্ক: $\frac{m}{M} = \frac{X}{N_A}$ $\therefore X = \frac{m}{M} \times N_A = \frac{22}{44} \times 6.023 \times 10^{23} = 3.01 \times 10^{23}$

**উদাহরণ-02:** প্রমাণ অবস্থায় 1.7g $NH_3$ গ্যাসের আয়তন কত?

সমাধান: ভর ও আয়তনের মধ্যে সম্পর্ক : $\frac{m}{M} = \frac{V(L)}{22.4} \Rightarrow V(L) = \frac{1.7}{17} \times 22.4 = 2.24$

**উদাহরণ-03:** 500 ml $H_2SO_4$ দ্রবণে 50g $H_2SO_4$ দ্রবীভূত আছে। দ্রবণের ঘনমাত্রা কত?

সমাধান: $\frac{m}{M} = VS \Rightarrow S = \frac{50}{0.5 \times 98} = \frac{50}{49}$ $\therefore S = 1.02$

**উদাহরণ-04:** $CaCO_3$ যৌগটির মোলার ভর 100g $mol^{-1}$। 10g $CaCO_3$ তাপ প্রয়োগ করে বিয়োজিত করা হলে যে পরিমাণ গ্যাস উৎপন্ন হয়, 27°C তাপমাত্রায় 1 বায়ুমন্ডল চাপে তার আয়তন-

সমাধান: $\frac{m}{M} = \frac{PV}{RT}$ $\therefore V = \frac{10 \times 0.0821 \times 300}{100 \times 1} = 0.8 \times 3 = 2.4$ L [$R = 0.0821 \approx 0.08$]

তুল্য সংখ্যার শর্টকার্ট ট্রিকস: সমস্ত কথাগুলোকে আমরা এক কথায় নিচের ছকের মাধ্যমে প্রকাশ করতে পারি-

| তুল্যসংখ্যা = ধনাত্মক আয়নের সংখ্যা × যোজনী | | | গৃহিত বা বর্জিত ইলেকট্রন সংখ্যা | |
|---|---|---|---|---|
| এসিড | ক্ষারক | লবণ | জারক | বিজারক |
| $HCl=1$,<br>$H_2SO_4=2$<br>$H_3PO_4=3$ | $NaOH=1$,<br>$Ca(OH)_2 = 2$<br>$Al(OH)_3 = 3$ | $NaCl = 1, CaCO_3 = 1$<br>$CaO=2$, $Al_2O_3 = 6$<br>$MgO=2$, $Fe_2O_3 = 6$ | $KMnO_4=5, K_2Cr_2O_7=6$<br>$Cl_2/Br_2/I_2 = 2$<br>$P_2O_4 = 8$ | $FeSO_4=1$, $CuSO_4=1$<br>$SO_2=2$, $Na_2S_2O_3=1$<br>$H_2O_2=2$, $KI = 1$ |

তুল্য ভর সম্পর্কিত তথ্যাবলী: কমন সূত্র : তুল্যভর = $\frac{\text{আণবিকভর}}{\text{তুল্য সংখ্যা}}$ $\therefore E = \frac{M}{e}$

POLL MACHINE
Preparation and Practice are vital for effective delivery
CamScanner

## TOPIC 05 রাসায়নিক গণনা

- তোমাদেরকে মোল সংখ্যা ও তুল্য সংখ্যাকে পরিচয় করিয়ে দিয়েছি না? এবার একটু বিশ্লেষণী দৃষ্টিভঙ্গি নিয়ে লক্ষ্য কর:-

যুগান্তকারী সূত্রঃ $\sum n \times e_{(Neutralizer)} = \sum n \times e_{(Neutralized)}$

বাংলায়- $\sum$(মোল সংখ্যা × তুল্য সংখ্যা)$_{প্রশমনকারী}$ = $\sum$(মোল সংখ্যা × তুল্য সংখ্যা)$_{প্রশমিত}$

মোলারিটি ও মোলার ঘনমাত্রার ক্ষেত্রে, $n = VS$

টেকনিক: $V_1S_1e_1 = V_2S_2e_2$

$V_1$ = এসিডের আয়তন
$S_1$ = এসিডের ঘনমাত্রা
$V_2$ = ক্ষারের আয়তন
$S_2$ = ক্ষারের ঘনমাত্রা
$e_1$ = এসিডের তুল্যসংখ্যা
$e_2$ = ক্ষারকের তুল্যসংখ্যা

- উভয়ের ঘনমাত্রা উল্লেখ থাকলে:

**উদাহরণ: 100ml 0.001M $Na_2CO_3$ দ্রবণকে প্রশমিত করার জন্য 0.2M HCl দ্রবণের যে আয়তন প্রয়োজন হবে-**

সমাধান: $V_1S_1e_1 = V_2S_2e_2 \Rightarrow V_1 \times 0.2 \times 1 = 100 \times 0.001 \times 2 \Rightarrow V_1 = 1ml$

- উভয়ের ভর উল্লেখ থাকলে:

**উদাহরণ: 5g ফেরাস সালফেটকে সম্পূর্ণরূপে জারিত করতে নিম্নের কত গ্রাম $KMnO_4$ প্রয়োজন হবে?**

সমাধানঃ $FeSO_4 = KMnO_4$ বা, $n_1 \times e_1 = n_2 \times e_2$ বা, $\frac{m_1}{M_1} \times e_1 = \frac{m_2}{M_2} e_2$ বা, $\frac{5}{152} \times 1 = \frac{m_2}{158} \times 5 \therefore m_2 = 1.0394 \approx 1.04$ g

- ভর ও আয়তন, ঘনমাত্রা একত্রে থাকলে:

**উদাহরণ-01: 2M 200 mL NaOH দ্রবণ প্রশমন করতে কত গ্রাম HCl লাগবে?**

সমাধান: HCl = NaOH; $\frac{m}{M} \times e_1 = V_2S_2e_2$, $\frac{m}{36.5} \times 1 = 0.2 \times 2 \times 1$

$\therefore m = 14.6$ g ($m = ?$, $M = 36.5$, $V_2 = 0.200dm^3$, $S_2 = 2M$, $e_2 = 1 = e_1$)

- দ্রবণের প্রকৃতি নির্ণয়

**উদাহরণ: 40ml 0.5M $H_2SO_4$, 60ml 0.8M $Ca(OH)_2$, 70ml 2M HCl এবং 75mL 1M NaOH দ্রবণকে একটি ফ্লাস্কে নিয়ে দ্রবণের আয়তন 250ml ক হল। মিশ্রিত দ্রবণের প্রকৃতি কেমন?**

সমাধানঃ মোল সংখ্যা ও তুল্যসংখ্যার গুণফলের মান যার বেশি দ্রবণের প্রকৃতি হবে সেটিই। $V_1S_1e_1 = V_2S_2e_2$

$(40 \times 0.5 \times 2) + (70 \times 2) \Rightarrow (60 \times 0.8 \times 2) + (75 \times 1 \times 1)$

$\Rightarrow 0.04 + 0.14 \Rightarrow 0.096 + 0.075 \Rightarrow 0.18$ mol $\Rightarrow 0.171$ mol $\therefore$ দ্রবণটি অম্লীয়

বা, $H_2SO_4 = Ca(OH)_2 = HCl = NaOH$ ; $40 \times 0.5 \times 2 = 60 \times 0.8 \times 2 = 70 \times 2 \times 1 = 75 \times 1 \times 1$

যেহেতু, অম্লের মোলসংখ্যা বেশি তাই দ্রবণের প্রকৃতি হবে অম্লীয়

POLL MACHINE

## TOPIC 06 অম্লমিতি-ক্ষারমিতি সংক্রান্ত গাণিতিক প্রয়োগ

**উদাহরণ-01: লঘু সালফিউরিক এসিড মিশ্রিত 19.8ml 0.02M $KMnO_4$ দ্রবণ দ্বারা 25ml $FeSO_4$ কে পূর্ণভাবে জারিত করা যায়। $FeSO_4$ এর ঘনমাত্রা কত?**

Tech. Law. $V_1S_1e_1 = V_2S_2e_2$

Preparation and Practice are vital for effective delivery

$\Rightarrow S_1 = \frac{V_2 \times S_2 \times e_2}{V_1 \times e_1} = \frac{19.8 \times 0.02 \times 5}{25 \times 1} = 0.079$ কি অংকের চেয়ে সমাধান ছোট - তাই না!

**উদাহরণ-02:** এক টুকরা ম্যাগনেসিয়ামকে 40 $cm^3$ $\frac{1}{5}M$ HCl দ্রবণে সম্পূর্ণরূপে দ্রবীভূত করা হলো। দ্রবণের অতিরিক্ত এসিড প্রশমিত করতে 60 c $\frac{M}{10}$ NaOH প্রয়োজন হলে Mg টুকরার ভর কত ছিল। [এর পারমাণবিক ভর = 24.3]

সমাধানঃ এখানে প্রশমনকারী = x gm Mg+60$cm^3$ $\frac{1}{10}$M NaOH এবং প্রশমিত = 40$cm^3$ $\frac{1}{5}$M HCl

Tech. Law. $\frac{m}{M} \times e + VSe = VSe$

$\therefore$ সূত্রানুসারে, $\frac{m}{24.3} \times 2 + \frac{60}{1000} \times \frac{1}{10} \times 1 = \frac{40}{1000} \times \frac{1}{5} \times 1 \quad \therefore m = 0.0243\,g$ (Ans)

**উদাহরণ-03:** একটি অম্লের 200 $cm^3$ 0.5M দ্রবণকে প্রশমিত করতে 375$cm^3$ 0.4M $Ca(OH)_2$ দ্রবণ প্রয়োজন হয়। অম্লটির ক্ষারকত্ব কত?

সমাধানঃ ক্ষারকত্ব = তুল্যসংখ্যা = e = x

$\therefore$ সূত্রানুসারে, $0.2 \times 0.5 \times x = 0.375 \times 0.4 \times 2 \Rightarrow x = 3$. (Ans)

CamScanner

## TOPIC 07 জারণ-বিজারণ

জারণ-বিজারণের সনাতন বা প্রাচীন মতবাদ সম্পর্কিত তথ্যাবলী:

| জারণের সনাতন মতবাদ | | |
|---|---|---|
| সংজ্ঞা | উদাহরণ | যে পদার্থের জারণ ঘটে |
| অক্সিজেনের সংযোগ | $C + O_2 \rightarrow CO_2$ | কার্বনের জারণ |
| ইলেকট্রোনেগেটিভ মৌলের সংযোগ | $2Fe + 3Cl_2 = 2FeCl_3$ | আয়রনের জারণ |
| ইলেকট্রোপজিটিভ মৌলের অপসারণ | $2Cu_2O + O_2 \rightarrow 4CuO$ | $Cu_2O$ -এর জারণ |
| হাইড্রোজেনের অপসারণ | $H_2S + Cl_2 = 2HCl + S$ | $H_2S$ -এর জারণ |
| যোজ্যতা বৃদ্ধি | $2FeCl_2 + Cl_2 = 2FeCl_3$ | (Fe এর যোজনী 2 থেকে 3 হয়) |

প্রচলিত বিজারক পদার্থ মনে রাখার ছন্দ

| | | | | | |
|---|---|---|---|---|---|
| হায় ↓ $H_2$ | হায় ↓ হাইড্রাজিন ($N_2H_4$) | কুমিল্লার ↓ C, Cu, ($Cu^{2+}$ Not) | জিনিয়াস ↓ $Zn+H_2SO_4$ | সাহেব ↓ $SO_2$, সকল ধাতু | অক্সফোর্ড ↓ অক্সালিক এসিড, আস যৌগ |
| থেকে ↓ থায়োসালফেট($Na_2S_2O_3$) থায়োনেট উচ্চারিত | টিনের ↓ $SnCl_2$ | পাতলা ↓ পারঅক্সাইড ($H_2O_2$) | পট ↓ পটাশিয়াম (K) | নিয়েই ↓ ($NaBH_4$) | ফিরলো ↓ $FeSO_4$ |

প্রচলিত জারক-বিজারক পদার্থ মনে রাখার ছন্দঃ ও সাথী ফিরবে না হায়! যদি জারক-বিজারক উভয়ই জ্বালায়

| | | | | | |
|---|---|---|---|---|---|
| জারক + বিজারক | ও ↓ $O_3$ | সাথী ↓ $SO_2$ | ফিরবে ↓ $FeSO_4$ | না ↓ NO | হায় ↓ $H_2O_2$, $HNO_2$ |

এক নজরে প্রয়োজনীয় যৌগের জারণ সংখ্যা-

| যৌগের সংকেত | কেন্দ্রীয় মৌল | জারণ সংখ্যা নির্ণয় |
|---|---|---|
| $H_3PO_4$ | P | $1\times3 + x+(-2)\times4 = 0 \therefore x = +5$ |
| $H_4P_2O_7$ | P | $1\times4+2x+(-2)\times7=0 \Rightarrow 2x=10 \therefore X=+5$ |
| $HClO_4$ | Cl | $1 + x + (-2)\times4 = 0 \therefore x = +7$ |
| $H_2SO_4$ | S | $1\times2+x+(-2)\times4=0$ বা, $2+x-8=0 \therefore x=+6$ |
| $[Fe(CN)_6]^{4-}$ | Fe | $x + (-1)6 = -4 \Rightarrow x - 6 = -4 \Rightarrow x = -4+6 \therefore x = +2$ |
| $[Cu(NH_3)_4]^{2+}$ | Cu | $x + 0\times4 = +2 \therefore x = +2$ |
| $K_2Cr_2O_7$ | Cr | $(+1)\times2+X\times2+(-2)\times7 = 0 \Rightarrow X = +6$ |
| $Na_2Cr_2O_7$ | Cr | $(+1)2 + X\times2 + (-2)7 = 0 \Rightarrow X = +6$ |
| $K_4[Fe(CN)_6]$ | Fe | $(+1)\times4 + x + (-1)\times6 = 0 \therefore x = +2$ |
| $H_2SiF_6$ | Si | $1\times2 + x - 6 = 0 \Rightarrow x - 4 = 0 \therefore x = +4$ |
| $VO_2^+$ | V | $x - 4 = +1 \therefore x = +5$ |

POLL MACHINE
Preparation and Practice are vital for effective delivery

জারণ-বিজারণ বিক্রিয়া সমতাকরণ:

- ফেরিক ক্লোরাইড ও স্টেনাস ক্লোরাইডের বিক্রিয়া- $SnCl_2 + 2FeCl_3 \rightarrow SnCl_4 + 2FeCl_2$
- কপার সালফেট ও পটাসিয়াম আয়োডাইডের বিক্রিয়া- $2CuSO_4 + 4KI \rightarrow I_2 + Cu_2I_2 + 2K_2SO_4$
- সোডিয়াম থায়োসালফেট ও আয়োডিনের জারণ-বিজারণ বিক্রিয়া- $2Na_2S_2O_3 + I_2 \rightarrow Na_2S_4O_6 + 2NaI$
- অম্লীয় মাধ্যমে পটাসিয়াম ডাইক্রোমেট ও আয়োডাইড লবণের বিক্রিয়া- $K_2Cr_2O_7 + 14HCl + 6KI \rightarrow 2CrCl_3 + 8KCl + 7H_2O + 3I_2$
- অম্লীয় পটাসিয়াম ডাইক্রোমেটের সাথে ফেরাস লবনের বিক্রিয়া- $6FeSO_4 + K_2Cr_2O_7 + 7H_2SO_4 = 3Fe_2(SO_4)_3 + K_2SO_4 + Cr_2(SO_4)_3 + 7H_2O$
- অম্লীয় পটাসিয়াম পারম্যাঙ্গানেটের সাথে অক্সালিক এসিড বা অক্সালেট লবণের বিক্রিয়া- $2KMnO_4 + 3H_2SO_4 + 5H_2C_2O_4 \rightarrow 2MnSO_4 + K_2SO_4 + 10CO_2 + 8H_2O$
- অম্লীয় পটাসিয়াম পারম্যাঙ্গানেটের সাথে ফেরাস লবণের বিক্রিয়া- $2KMnO_4 + 10FeSO_4 + 8H_2SO_4 \rightarrow 2MnSO_4 + 5Fe_2(SO_4)_3 + K_2SO_4 + 8H_2O$

## TOPIC 08 দ্রবণে ঘনমাত্রা নির্ণয়ে বিয়ার ল্যাম্বার্ট সূত্র

em-01: ল্যাম্বার্টের সূত্রের গানিতিক প্রতিপাদন: $I_t = I_o e^{-kl}$, $I_t$ = নির্গত রশ্মির তীব্রতা, $I_o$ = আপতিত রশ্মির তীব্রতা, $l$ = কোষের পুরুত্ব বা স্বচ্ছ মাধ্যমের পুরুত্ব K = সমানুপাতিক ধ্রুবক।

বিয়ারের সূত্রের গাণিতিক প্রতিপাদন: $I_t = I_o e^{-KC}$

বিয়ার ল্যাম্বার্ট সূত্র: $\log\frac{I_o}{I_t} = \varepsilon Cl$; ε = মোলার শোষণ সহগ বা ধ্রুবক বা মোলার অ্যাবসর্বটিভিটি।



CamScanner

• ∈ কে Molar absorbtivity or Molar extinction co-efficient ($\in = \frac{A}{bc}$) বলে।

এখানে, দ্রবণের ঘনমাত্রা (c) $molL^{-1}$ এককে স্বচ্ছ মাধ্যম বা কোষের দৈর্ঘ্য (l) cm এককে এবং মোলার শোষণ সহগ (∈) $Lmol^{-1}cm^{-1}$ এককে প্রকাশ করা হয়

**উদাহরণ-01:** 1 সেমি দীর্ঘ সেলে কার্বন টেট্রাক্লোরাইড মাধ্যমে A যৌগের অজানা ঘনমাত্রাবিশিষ্ট একটি দ্রবণের 361 nm এ বিশোষণ 0.680 হলে A যৌগের ঘনমাত্রা কত? [$\in = 1.10\times10^4$ ($\log \in = 4.04$)]

সমাধানঃ প্রশ্নানুসারে, $A = 0.680$, $\in = 1.10\times10^4\ cm^{-1}.mol^{-1}.b = 1cm$ সুতরাং, $A = \in bc$, $0.680 = 1.10\times10^4\ cm^{-1}.mol^{-1}.L \times 1cm \times c$ ∴ $c = 6.18\times10^{-5}$ M

**উদাহরণ-02:** 1 cm কোষে 1200 $Lmol^{-1}cm^{-1}$ মোলার অ্যাবজর্পটিভিটি (∈) বিশিষ্ট কোন দ্রবণের বিশোষণ (A) কত হবে? যেখানে দ্রবণের ঘনমাত্রা 0.00035M

সমাধানঃ বিয়ার ল্যাম্বার্ট সূত্র থেকে, $A = \in ct$; প্রশ্নে প্রদত্ত মান বসিয়ে, $A = 1200\times0.00035M\times1 = 0.42$ (Ans. 0.42)

**উদাহরণ-03:** কোন একটি তরঙ্গ দৈর্ঘ্য 5cm কোষে একটি দ্রবণের বিশোষণ (A) এবং মোলার অ্যাবজর্পটিভিটি (∈) যথাক্রমে 1.875 এবং 100 $Lmol^{-1}cm^{-1}$ দ্রবণটির ঘনমাত্রা (c) কত?

সমাধানঃ বিয়ার ল্যাম্বার্ট সূত্র থেকে, $A = \in ct \Rightarrow C = \frac{A}{\in t}$; প্রশ্নে প্রদত্ত মান বসিয়ে, $c = \frac{1.875}{100\times5}$ M= 0.00375M

### Item- 02: UV-visible spectroscopy

☑ UV রশ্মির তরঙ্গ দৈর্ঘ্য অঞ্চল হল (200-375 nm) এবং visible রশ্মির তরঙ্গ দৈর্ঘ্য অঞ্চল হল (380 – 780)nm.

☑ মূলনীতিঃ Molecular orbital theory অনুসারে যখন কোন যৌগকে absorption energy (UV-visible) দ্বারা উত্তেজিত করা হয় তখন ইলেকট্রন bonding orbital হতে antibonding orbital এ স্থানান্তরিত হয়। এসব ধাপান্তরে শক্তির ক্রম হলঃ $n-\pi^* < n-\sigma^* < \pi-\pi^* < \sigma-\sigma^*$

| | | |
|---|---|---|
| $\sigma\to\sigma^*$ ধাপান্তর | সম্পৃক্ত হাইড্রোকার্বন (মিথেন, ইথেন ইত্যাদি) | উচ্চ শক্তি UV বিকিরণ শোষণ করে |
| $n\to\sigma^*$ ধাপান্তর | পানি, মিথাইল অ্যালকোহল, মিথাইল ক্লোরাইড | উচ্চ শক্তি UV বিকিরণ শোষণ করে |
| $\pi\to\pi^*$ ধাপান্তর | কনজুগেশনবিহীন অ্যালকিন, কার্বনিল যৌগ | উচ্চ শক্তি UV বিকিরণ শোষণ করে |
| $n\to\pi^*$ ধাপান্তর | অ্যালিফেটিক কিটোন | উচ্চ শক্তি UV বিকিরণ শোষণ করে |

### Item-03: HPLC:

♥ HPLC এর পূর্ণরূপ হলো High performance Liquid Chromatography বা উচ্চ দক্ষতা তরল ক্রোমাটোগ্রাফি।

♥ HPLC যাত্রা শুরু করে ১৯৬৬ সালে।

### Item- 04: কয়েকটি গুরুত্বপূর্ণ Abbreviation:

♦ Highest Occupied Molecular Orbital, HOMO

♦ Lowest Unoccupied Molecular Orbital, LUMO

♦ High Performance Liquid Chromatography, HPLC

♦ Ultra High Performance Liquid Chromatography, UHPLC

○ HOT NEWS: HPLC এর নতুন সংস্করণ UHPLC। যদি কোন যৌগ উদ্বায়ী হয় (যেমনঃ গ্যাস সুগন্ধি, গ্যাসোলিনের হাইড্রোকার্বন উপাদানসমূহ প্রভৃতি) তবে গ্যাস ক্রোমাটোগ্রাফি শ্রেয়তর পদ্ধতি।

## STEP 03 বিগত সালের প্রশ্নের ব্যাখ্যা ও প্যারালাল তথ্যসহ সমাধান

### STEP 01 ANALYSIS OF GST QUESTION

POLL MACHINE
Preparation and Practice are vital for effective delivery

**01. pH এর মান 9-10 হলে ফেনল্‌পথ্যালিন নির্দেশক কোন বর্ণ ধারণ করে?** [GST-A. 2022-2023]

A. হলুদ B. বেগুনি
C. নীল D. গোলাপি

S D Why সাধারণ নির্দেশকের বর্ণ পরিবর্তনের pH এর পরিসর:

| নির্দেশক | pH পরিসর | অম্লীয় দ্রবণে বর্ণ | ক্ষারীয় দ্রবণে বর্ণ |
|---|---|---|---|
| ক্রিসল রেড | 7.2-8.8 | হলুদ | লাল |
| মিথাইল অরেঞ্জ | 3.1-4.2 | গোলাপী লাল | হলুদ |
| মিথাইল রেড | 4.2-6.3 | লাল | হলুদ |
| ফেনফথ্যালিন | 8.3-10 | বর্ণহীন | গোলাপী/ লালচে বেগুনী/ ম্যাজেন্টা |
| থাইমল ব্লু | 1.2-2.8 | লাল | হলুদ |
| ফেনল রেড | 6.8-8.4 | হলুদ | লাল |
| ব্রোমোথাইমল ব্লু | 6.0-7.6 | হলুদ | নীল |
| লিটমাস | 6.0-8.0 | লাল | নীল |

**02. $MnO_2$ এর উপস্থিতির $KClO_3$ কে উত্তপ্ত করলে অক্সিজেন উৎপন্ন হয়। উৎপাদিত অক্সিজেনের পরিমাণ 96g হলে এ বিক্রিয়ার উৎপাদিত KCl (M = 74.6) এর পরিমাণ কত g?** [GST-A. 2020-21]

A. 74.6 B. 223.8
C. 37.3 D. 149.2

S D Why $2KClO_3 = 2KCl + 3O_2$

$$\frac{n_{KCl}}{n_{O_2}} \Rightarrow \frac{\left(\frac{w}{M}\right)_{KCl}}{\left(\frac{w}{M}\right)_{O_2}}$$

$$\Rightarrow \frac{\left(\frac{w}{74.6}\right)_{KCl}}{\left(\frac{32}{96}\right)_{O_2}} \Rightarrow w = 149.2g$$

**03. 1.008g $H_2$ এ অণুর সংখ্যা কত?** [GST Set-2, 2021-22]

A. $3.0115\times10^{23}$ B. $6.023\times10^{23}$
C. $12.046\times10^{23}$ D. $24.092\times10^{23}$

S A Why $n = \frac{W}{M} = \frac{X}{N_A} \Rightarrow X = \frac{WN_A}{M}$

$\Rightarrow X = \frac{1.008}{2\times1.008}\times6.023\times10^{23} = 3.0115\times10^{23}$ টি পরমাণু।

**04. অক্সিজেনের জারণ সংখ্যা $-\frac{1}{2}$ হবে কোনটিতে?** [GST Set-2, 2021-22]

A. $Na_2O_2$ B. $H_2O_2$ C. $K_2O$ D. $KO_2$

S D Why $KO_2 \Rightarrow 1 + 2x = 0 \Rightarrow x = -\frac{1}{2}$

CamScanner

## PART A ANALYSIS OF GENERAL UNIVERSITY QUESTION

### জগন্নাথ বিশ্ববিদ্যালয়

01. 9.15g বিশুদ্ধ জিংক অক্সাইড হতে কার্বন বিজারণ পদ্ধতির মাধ্যমে কত গ্রাম বিশুদ্ধ জিংক পাওয়া যাবে? [Zn = 65.38] [JnU. 2012-13; DU. 2011-12]
A. 7.95 B. 6.54 C. 7.35 D. 5.92
S C Why $ZnO + C \xrightarrow{\Delta} Zn + CO$; 81 12 65 28
$\frac{m_1}{M_1} = \frac{m_2}{M_2} \Rightarrow \frac{9.15}{81} = \frac{m_2}{65}$ $\therefore m_2 = 7.343$

02. হাইড্রোজেন পার অক্সাইডের শতকরা সংযুক্তি- [JnU-Ka. 2016-17]
A. H = 5.93%, O = 94.07% B. H = 59.0%, O = 41.0%
C. H = 53.0%, O = 94.07% D. H = 5.5%, O = 94.5%
S A Why $H_2O_2$ এর শতকরা সংযুক্তি:
• $H\% = \frac{1.008 \times 2 \times 100}{34} = 5.93\%$ • $O\% = \frac{16 \times 2 \times 100}{34} = 94.11\%$

03. কোন মিশ্রণে 150g আইসোপ্রোপাইল অ্যালকোহল ও 60g পানি আছে। উক্ত মিশ্রণে অ্যালকোহলের মোল ভগ্নাংশ কত? [JnU. 2015-16]
A. 0.626 B. 0.374 C. 0.546 D. 0.474
S D Why Accurate Ans is = 0.4285
$n_A = \frac{150}{60.064} = 2.497,\ n_B = \frac{60}{18} = 3.33$
$n = n_A + n_B = 2.497 + 3.33 = 5.827$
$\therefore x_A = \frac{2.497}{5.827} = 0.4285$ $\therefore x_B = \frac{3.33}{5.827} = 0.5714$

04. 20 ppm হলো- [JnU-A.2017-18]
A. $20\ mg.ml^{-1}$ B. $20\mu g.L^{-1}$ C. $20\ \mu g.ml^{-1}$ D. $20\ mg.L^{-1}$
S C Why ppm = mg/Kg = μg/g = mg/L = μg/mL
∴ 20ppm = 20mg/kg = 20μg/g = 20mg/L = 20μg/mL

05. 5% NaOH দ্রবণের ঘনমাত্রা মোলারিটিতে কত? [JU-D, Set-Q. 2019-20; JU-D,Set-B: 2018-19; JnU-A.2017-18; IU-A:2017-18]
A. 1.25M B. 0.25M C. 0.80M D. 1.2M
S A Why $S = \frac{\% \times 10}{M} = \frac{10 \times 5}{40} = \frac{50}{40} = 1.25M$

06. কোনটি সত্য? [JnU-Ka. 2016-17]
A. $1\ ppm = 1\ mgdm^{-3}$ B. $1\ ppm = 1\ mgL^{-1}$
C. $1\ ppm = 1\ \mu gmL^{-1}$ D. সবগুলো
S D Why $1\ ppm = 1\ mgdm^{-3} = 1\ mg\ L^{-1} = 1\ \mu gmL^{-1}$

07. 750 mL 0.5 M $H_2SO_4$ প্রশমিত করতে কত লিটার 1 NaOH দ্রবণে লাগবে? [JnU:2010-11]
A. 750 B. 75 C. 0.75 D. 3.75
S C Why $NaOH \leftrightarrow H_2SO_4$
$V_1S_1e_1 = V_2S_2e_2 \Rightarrow V_1 \times 1 \times 1 = 0.750 \times 0.5 \times 2 \Rightarrow V_1 = 0.75$

08. জারক-এর বৈশিষ্ট্য কোনটি? [JnU. 2015-16]
A. নিজে জারিত হয় B. নিজে বিজারিত হয়
C. বিজারণ ঘটায় D. ইলেক্ট্রন হারায় Ans B

09. $K_4[Fe(CN)_6]$ জটিল যৌগে Fe এর জারণ সংখ্যা কত? [JnU-2015-16; CU-03-04; CU-10-11; MBSTU-17-18; BSMRSTU-17-18; IU-14-15]
A. +2 B. +3 C. +4 D. None
S A Why if Fe এর জারণ সংখ্যা x হয়,
Then, $(+1) \times 4 + x + (-1) \times 6 = 0 \Rightarrow x = +2$

10. একটি মৌলের সাধারণ জারণ সংখ্যা-2 হলে মৌলটির বহিঃস্তরে কয়টি ইলেক্ট্রন থাকবে? [JnU.2010-2011]
A. 7 B. 3 C. 6 D. 4
S C Why জারণ সংখ্যা -2 থেকে বুঝা যাচ্ছে মৌলটি 2টি ইলেক্ট্রন গ্রহন করে অষ্টক পূর্ণ করেছে। কাজেই মৌলটির শেষ কক্ষ পথের ইলেক্ট্রন সংখ্যা 6।

11. STP-তে একটি অক্সিজেন অণুর আয়তন কত লিটার? [JnU. 2015-16]
A. $7.44 \times 10^{-23}$ B. $2.65 \times 10^{-23}$ C. $5.31 \times 10^{-23}$ D. $3.72 \times 10^{-23}$
S D Why STP তে $O_2$ গ্যাসের 1টি অণুর দখলকৃত আয়তন $\frac{V}{22.4} = \frac{X}{N_A}$
$\Rightarrow V = \frac{1}{6.023 \times 10^{23}} \times 22.4 = 3.72 \times 10^{-23}$

12. 95% বিশুদ্ধ 1 কেজি চুনাপাথরকে সম্পূর্ণরূপে বিয়োজিত করলে প্রমাণ উষ্ণতা ও চাপে কত লিটার $CO_2$ উৎপন্ন হবে? [JnU. 2015-16]
A. 102.8 B. 212.8 C. 112.8 D. 202.8
S B Why $CaCO_3 \rightarrow CaO + CO_2$; W = 1kg এর 95% = 0.95kg
সূত্র, $\frac{W}{M} = \frac{V}{22.4} \Rightarrow \frac{\frac{95 \times 1000}{100}}{100} = \frac{V}{22.4}$ ∴ V = 212.8 L

13. 12.0 L আয়তনের একটি গ্যাস সিলিন্ডারে 23°C তাপমাত্রায় এবং 7.08 atm চাপে হাইড্রোজেন গ্যাস রাখা আছে। সিলিন্ডারে কত মোল হাইড্রোজেন গ্যাস আছে? [JnU. 2014-15]
A. 2.45 mol B. 3.45 mol C. 4.45 mol D. 5.45 mol
S B Why $n = \frac{PV}{RT} = \frac{7.08 \times 12}{0.0821 \times 296} = 3.49$ mol
[Alawys choose the nearest option]

14. এক গ্রাম হীরকে কয়টি কার্বন পরমাণু থাকে? [JnU:2013-14, CU. 2008-09, HSTU. 2012-13]
A. $5.02 \times 10^{-22}$ টি B. $5.02 \times 10^{22}$ টি
C. $5.02 \times 10^{23}$ টি D. $5.02 \times 10^{-23}$ টি
S B Why $\frac{m}{M} = \frac{x}{N_A} \Rightarrow \frac{1}{12} = \frac{x}{6.023 \times 10^{23}} \Rightarrow x = 5.02 \times 10^{22}$

### ইসলামী বিশ্ববিদ্যালয়

01. $CO_2$-এর ক্ষারকত্ব কত? [IU. 2015-16]
A. 4 B. 1 C. 3 D. 2
S D Why $CO_2$ এর ক্ষারকত্ব 2, কারণ একটি $CO_2$ অণু দুটি এক অম্লীয় ক্ষারের সাথে বিক্রিয়া করে।
বিক্রিয়াটি, $CO_2 + 2NaOH \rightarrow Na_2CO_3 + H_2O$

02. $3Cl_2 + 6NaOH \longrightarrow 5NaClO_3 + 3H_2O$ বিক্রিয়াটির ক্ষেত্রে ক্লোরিনের তুল্য ওজন- [IU:2013-14]
A. 42.6 B. 35.5 C. 59.1 D. 71
S B Why $E = \frac{M}{e} = \frac{71}{2} = 35.5$ [এখানে Cr হচ্ছে কেন্দ্রীয় পরমাণু। তাই Cr এর তুল্য সংখ্যা e = 6]

03. $K_2Cr_2O_7$ যৌগটির তুল্য ওজন এর পারমাণবিক ওজনের কত অংশ? [IU.2011-12]
A. $\frac{1}{3}$ B. $\frac{1}{6}$ C. $\frac{1}{2}$ D. $\frac{1}{5}$
S B Why $E = \frac{M}{e} = \frac{M}{6}$

04. বক্সাইট আকরিকে $Al_2O_3$ এর শতকরা পরিমাণ কত? [IU.2008-2009]
A. 73.91% B. 72.31% C. 73.81% D. 73.90%
S A Why বক্সাইট = $Al_2O_3.2H_2O = 27 \times 2 + 16 \times 3 + 36 = 138$
$\%\ Al_2O_3 = \frac{102}{138} \times 100 = 73.91$

05. সমুদ্রের পানির আপেক্ষিক গুরুত্ব 1.03g। সমুদ্রের পানির 1L কে সম্পূর্ণ বাষ্পীভূত করায় অবশেষরূপে 36.4 g লবণ পড়ে থাকে। সমুদ্রের পানিতে কঠিন বস্তুর শতকরা সংযুক্তি কত? [IU.2008-09]
A. 3.54% B. 5.53% C. 3.53% D. 3.50%
S C Why m = ρv = 1.03×1000 = 1030 g
সামুদ্রিক পানিতে কঠিন বস্তুর শতকরা পরিমাণ = $\frac{36.4 \times 100}{1030} = 3.53\%$

POLL MACHINE
Preparation and Practice are vital for effective delivery



CS CamScanner

. 3.5g ভরের ট্যাবলেটে 40.5mg Ca আছে। ট্যাবলেটে Ca এর ঘনমাত্রা- [IU-F,Set-B:2018-19]
A. 1.065 ppm B. $1.16 \times 10^4$ ppm
C. $5.6 \times 10^4$ ppm D. 116 ppm
S B Why Ca এর ঘনমাত্রা $= \frac{w}{W} \times 10^6$ ppm
$\Rightarrow \frac{40.5 \times 10^{-3}}{3.5} \times 10^6 = 11.57 \times 10^3 = 1.16 \times 10^4$

07. প্রাইমারী স্ট্যান্ডার্ড পদার্থ- [IU-A.2017-18, রা. বো./য. বো. ২০১৬]
A. $K_2Cr_2O_7$ B. $KMnO_4$ C. HCl D. $Na_2S_2O_3$
S A Why যে সকল যৌগে C থাকে তারাই প্রাইমারী স্ট্যান্ডার্ড পদার্থ। ব্যতিক্রম : HCl

08. অক্সিজেনের একটি পরমাণুর প্রকৃত ভর- [IU. 2019-20]
A. $0.1673 \times 110^{-23}$g B. $1.9924 \times 10^{-23}$g
C. $2.6560 \times 10^{-23}$g D. $1.6560 \times 10^{-23}$g
S C Why অক্সিজেনের একটি পরমাণুর প্রকৃত ভর,
$W = \frac{16 \times 1}{6.023 \times 10^{23}} = 2.6560 \times 10^{-23}$g

09. প্রমাণ তাপমাত্রা ও চাপে 2 লিটার মিথেন গ্যাসে অণুর সংখ্যা- [IU-F,Set-B:2018-19, DU-Ka: 2017-18]
A. $5.01 \times 10^{18}$ B. $5.37 \times 10^{22}$
C. $6.023 \times 10^{23}$ D. $3.01 \times 10^{23}$
S B Why $\frac{x}{N_A} = \frac{V}{22.4} \Rightarrow x = \frac{2 \times 6.022 \times 10^{23}}{22.4} \Rightarrow 5.37 \times 10^{22}$

10. 150 মিলি 2M $CH_3OH$ দ্রবণ তৈরি করতে $CH_3OH$ লাগবে- [IU-D. 2016-17]
A. 4.8 গ্রাম B. 9.6 গ্রাম C. 19.2 গ্রাম D. 2.4 গ্রাম
S B Why $S = \frac{1000\,w}{MV} \Rightarrow w = \frac{SMV}{1000} = \frac{2 \times 32 \times 150}{1000} = 9.6$ g

11. 420g লোহিত তপ্ত আয়রনের উপর দিয়ে স্টীম চালনা করলে প্রমাণ অবস্থায় কত আয়তন $H_2$ পাওয়া যাবে? [IU. 2015-16]
A. 224.6 লিটার B. 22.4 লিটার C. 32.5 লিটার D. 1 লিটার
S A Why $3Fe + 4H_2O \rightarrow Fe_3O_4 + 4H_2$
$3 \times 55.85$ $4 \times 22.4L$
$H_2$ এর পরিমাণ $= \frac{4 \times 22.4 \times 420}{3 \times 55.85} = 224.6$ L

12. 500 ml 0.1M NaOH দ্রবণ তৈরীতে NaOH প্রয়োজন-[IU:2013-14, MBSTU. 2011-12]
A. 1 গ্রাম B. 2 গ্রাম C. 3 গ্রাম D. 4 গ্রাম
S B Why $S = \frac{w}{MV} \Rightarrow w = SMV = 0.1 \times 40 \times 0.5 = 2$gm

13. প্রমাণ তাপে ও চাপে 112 $cm^3$ $CO_2$ গ্যাসে অণুর সংখ্যা হবে- [IU.2008-2009]
A. $3.011 \times 10^{23}$ B. $3.011 \times 10^{21}$ C. $6.022 \times 10^{23}$ D. $6.022 \times 10^{21}$
S B Why $\frac{x}{N_A} = \frac{V}{22.4} \Rightarrow x = \frac{0.112 \times 6.023 \times 10^{23}}{22.4} = 3.011 \times 10^{21}$টি

14. 25 মিলি 0.1 মোলার $Na_2CO_3$ এর জলীয় দ্রবণকে প্রশমিত করতে 0.1 নরমাল $H_2SO_4$ প্রয়োজন হবে- [IU. 2014-15]
A. 12.5 mL B. 25 mL C. 50 mL D. 2.5 mL
S C Why $V_1S_1e_1 = V_2S_2e_2 \Rightarrow V_2 = \frac{25 \times 0.1 \times 2}{0.1}$
$= 50$ mL [N= S×e]

15. 10 cc $H_2SO_4$ দ্রবণকে সম্পূর্ণরূপে প্রশমিত করতে 0.1 N NaOH দ্রবণের 8 cc লাগে। $H_2SO_4$ দ্রবণের ঘনমাত্রা মোলারিটিতে- [IU.11-12; JUST. 13-14]
A. 0.1 M B. 0.04M C. 0.08 M D. 0.02 M
S B Why $H_2SO_4 \leftrightarrow NaOH;\ V_1S_1e_1 = V_2S_2e_2$
$10 \times S \times 2 = 8 \times 0.1 \times 1 \therefore S = 0.04$

16. কোনটি জারণ-বিজারণ বিক্রিয়া? [IU. 2019-20]
A. $CaCO_3 \rightarrow CaO + CO_2$ B. $2H_2S + SO_2 \rightarrow 2H_2O + 3S$
C. $HF + KOH \rightarrow KF + H_2O$ D. $NaCl + AgNO_3 \rightarrow NaNO_3 + AgCl$
S B Why জারণ
$2H_2\overset{-2}{S} + \overset{+4}{S}O_2 \rightarrow 2H_2O + 3S$
বিজারণ

17. ক্লোরেট আয়ন ($ClO_3^-$) -এ ক্লোরিনের জারণ সংখ্যা কত? [IU. 2015-16]
A. +1 B. –2 C. –5 D. +5
S D Why $x + (-2) \times 3 = -1 \Rightarrow x - 6 = -1 \therefore x = +5$

18. মুক্ত অবস্থায় জারণ সংখ্যা- [IU.2003-04; PUST. 2012-13]
A. + 2 B. – 2 C. + 1 D. 0 Ans D

19. কোন বিজারকটিতে অক্সিজেনের জারণ সংখ্যা +2 হয়? [IU. 2002-03]
A. $H_2O_2$ B. $H_2O$ C. $CO_2$ D. $OF_2$
S D Why $OF_2 \Rightarrow x + (-1) \times 2 = 0 \therefore x = +2$

20. তরল বিজারক কোনটি? [IU-F,Set-B:2018-19, কু.বো. ২০১৬]
A. $H_2O_2$ B. $HNO_3$
C. $H_2SO_3$ D. $H_2SO_4$
S A Why $HNO_2$, HI, HBr, $H_2O_2$ হলো তরল বিজারক।

21. একটি দ্রবণের মোলার এক্সটিংশান শোষণ ধ্রুবক $2 \times 10^5$ লিটার মোল$^{-1}$ সেমি$^{-1}$ দ্রবণের পুরুত্ব 2 সেমি এবং শোষণ 5 হলে দ্রবণটির ঘনমাত্রা- [IU-D. 2016-17]
A. $1.25 \times 10^{-6}$ মোল লিটার$^{-1}$ B. $1.25 \times 10^{-7}$মোল লিটার$^{-1}$
C. $1.25 \times 10^{-5}$ মোল লিটার$^{-1}$ D. কোনটিই নয়
S C Why $A = \epsilon Cl$ ; $5 = 2 \times 10^5 \times C \times 2$
$\therefore C = \frac{5}{2 \times 10^5 \times 2} = 1.25 \times 10^{-5}$ মোল × লিটার$^{-1}$।

22. HPLC-তে সচল মাধ্যম হিসেবে ব্যবহৃত হয়- [IU. 2019-20; দি.বো.২০১৬]
A. $N_2$ গ্যাস B. মিথানল ও পানি
C. অ্যালুমিনাজেল D. সিলিকাজেল Ans B

## খুলনা বিশ্ববিদ্যালয়

01. 10g মার্বেলকে অতি উত্তপ্ত করলে কি পরিমাণ কুইকলাইম (CaO) উৎপন্ন হবে? [KU.2011-12]
A. 6.6 g B. 5.6 g C. 4.5 g D. 5.0 g
S B Why $CaCO_3 \rightarrow CaO + CO_2$
$\frac{m_{CaCO_3}}{M_{CaCO_3}} = \frac{m_{CaO}}{M_{CaO}} \Rightarrow \frac{10}{100} = \frac{m_{CaO}}{56} \therefore m_{CaO} = 5.6$g

02. 30 গ্রাম $CaCO_3$ কে উত্তপ্ত করলে যে পরিমাণ $CO_2$ পাওয়া যায়, তার দ্বারা কত গ্রাম NaOH কে $Na_2CO_3$ এ পরিণত করা যায়? [KU.2009-2010]
A. 20g B. 24g C. 34g D. 10g
S B Why $CaCO_3 \rightarrow CaO + CO_2$
100g 44g
$\frac{m_{CaCO_3}}{M_{CaCO_3}} = \frac{m_{CO_2}}{M_{CO_2}}$
$\Rightarrow \frac{30}{100} = \frac{m_{CO_2}}{44}$
$\therefore m_{CO_2} = 13.2$g
আবার, $2NaOH + CO_2 \rightarrow Na_2CO_3$
(40 × 2)g 44 g
$\frac{m_{NaOH}}{M_{NaOH}} = \frac{m_{CO_2}}{M_{CO_2}}$
$\Rightarrow m_{NaOH} = \frac{40 \times 2 \times 13.2}{44} = 24$g

03. দ্রবণের মোলালিটি সমীকরণ কোনটি? [KU. 2008-09]
A. m = দ্রবের মোল সংখ্যা/দ্রাবকের ভর
B. m = দ্রাবকের ভর/দ্রবের মোল সংখ্যা
C. m = দ্রবের মোল সংখ্যা/ দ্রবণের ভর
D. m = দ্রবণের ভর/দ্রবের মোল সংখ্যা
S A Why সরাসরি সংজ্ঞা হতে।

POLL MACHINE
Preparation and Practice are vital for effective delivery



CamScanner

...কোজের ঘনমাত্রা 0.005M হলে, ppm-এ কত হবে? [KU-A,Set-Kha:2018-19]

...106 B. 600 C. 900 D. 1060

S C Why $ppm = MS \times 10^3 = 180 \times 0.005 \times 10^3 = 900$

...$OH + CH_3COOH \rightarrow$ বিক্রিয়ায় উপযুক্ত নির্দেশক কোনটি? [KU-C.2019-20, RU. 09-10]

...থাইল রেড B. মিথাইল অরেঞ্জ C. থাইমল ব্লু D. ফেনলফথ্যালিন

S D Why সবল ক্ষার ও দুর্বল এসিডের বিক্রিয়ায় প্রশমন বিন্দু সাধারণত pH (8-10) এর মধ্যে থাকে তাই বিক্রিয়ায় উপযুক্ত নির্দেশক হিসেবে ...থ্যালিন।

...জন ব্যক্তি একবার নিঃশ্বাসে 200 mg বাতাস গ্রহণ করে। যদি বাতাস ...% (w/w) অক্সিজেন ধারণ করে তাহলে তিনি একবার নিঃশ্বাসে কতগুলো ...জেন অণু গ্রহণ করেন? [KU-C.2019-20, 14-15]

...$7.52875 \times 10^{20}$ B. $5.52875 \times 10^{20}$

...$4.52875 \times 10^{20}$ D. $8.52875 \times 10^{20}$

S A Why $\frac{w}{M} = \frac{X}{N_A} \therefore \frac{X}{N_A} = \frac{\frac{0.2 \times 200}{1000}}{32} \rightarrow \frac{0.4}{32} \times 6.023 \times 10^{23}$

$7.52 \times 10^{20}$ টি

...$H_2SO_4$ এর ঘনমাত্রা 18M হলে, 500ml 0.2M $H_2SO_4$ দ্রবণ তৈরি ...তে কত মিলিলিটার এসিড লাগবে? [KU-জী:অ: 2016-17]

A. 1.40 B. 2.80 C. 5.56 D. 11.12

S C Why $S_1V_1 = S_2V_2$ $\Rightarrow 18 V_1 = 500 \times 0.2$ $\Rightarrow V_1 = 5.56$ ml

...1M HCl এর প্রমাণ দ্রবণে কত গ্রাম HCl দ্রবীভূত আছে? [KU.2011-12]

A. 36.50 g B. 6.50 g C. 30.60 g D. 3.65 g

S D Why $m = MVS = 36.5 \times 0.1 \times 1 = 3.65$ g, V = 1L ধরে ...তে হবে।

...জারের বাণিজ্যিক হাইড্রোক্লোরিক এসিড হলো 12.0M জলীয় দ্রবণ। উক্ত বাণিজ্যিক ...সিডের 300 mL এ কত মোল হাইড্রোক্লোরিক এসিড রয়েছে? [KU-A.2017-18]

A. 2.60 B. 3.60

C. 4.60 D. 5.60

S B Why $n = V_{(L)} S = 0.3 \times 12 = 3.60$

25.0 ml আয়তনের একটি $Na_2CO_3$ এর জলীয় দ্রবণকে প্রশমিত করতে 10.2 ml আয়তনের 0.05M $H_2SO_4$ দ্রবণের প্রয়োজন হয়। $Na_2CO_3$ দ্রবণের ঘনমাত্রা কত? [KU. 2015-16]

A. 0.204M B. 0.0204M C. 0.014M D. 0.04M

S B Why $S_{Na_2CO_3} = \frac{10.2 \times 0.05}{25} = 0.0204M$

5.6 গ্রাম KOH কে প্রশমিত করতে কত গ্রাম ওজনের HCl দরকার? [KU. 2014-15]

A. 36.5 B. 3.65 C. 56 D. 1

S B Why $\frac{5.6}{56} \times 1 = \frac{m}{36.5} \times 1 \quad \therefore m = 3.65$

2.40g $FeSO_4$-কে $H_2SO_4$ দ্রবণে জারিত করতে কত গ্রাম $KMnO_4$ লাগবে, ...গণনা কর? [KU. 2012-13]

A. 0.2 g B. 0.3g C. 0.4g D. 0.5g

S D Why 1mol $FeSO_4 \leftrightarrow$ 5mol $KMnO_4$

$\Rightarrow \frac{m_1}{M_1} \times e_1 = \frac{m_2}{M_2} \times e_2 \Rightarrow \frac{2.4}{152} \times 1 = \frac{m_2}{158} \times 5$

$\therefore m_2 = 0.5g$

$[Cr(H_2O)_4Cl_2]Br$ এ Cr এর জারণ সংখ্যা কত? [KU. 2019-20; CoU-A, 2019-20]

A. -2 B. +2

C. +3 D. +6

S C Why $[Cr(H_2O)_4Cl_2]Br$ এ $X + 0 \times 4 + (-1) \times 2 + (-1) = 0 \therefore X = +3$

14. যৌগের আধানবিহীন অণুতে উপস্থিত পরমাণুর জারণ সংখ্যার যোগফল কত? [KU-A.2017-18]

A. 0 B. 1

C. -1 D. আয়নের চার্জের সমান Ans A

15. $SnCl_2 + 2FeCl_3 = 2FeCl_2 + SnCl_4$ বিক্রিয়াটিতে জারক হলো- [KU. 2014-15]

A. $SnCl_2$ B. $Fe^{+2}$ C. $FeCl_3$ D. $Sn^{+2}$

S C Why উপরোক্ত বিক্রিয়ায় Sn এর জারণ সংখ্যা বাড়ে (+2 to +4)। অর্থাৎ Sn বিজারক তাই জারিত হয়। অপরদিকে আয়রনের জারণ সংখ্যা হ্রাস পায় তাই $FeCl_3$ জারক।

16. পারঅক্সাইড ($H_2O_2$) ও সুপার অক্সাইড ($KO_2$) এ অক্সিজেনের জারণ সংখ্যা- [KU.2009-10, JU. 2013-14]

A. $+2, -\frac{1}{2}$ B. $-2, +\frac{1}{2}$ C. $-1, -\frac{1}{2}$ D. $-1, +\frac{1}{2}$

S C Why $2+2x = 0 \Rightarrow x = -1, 1 + 2x = 0 \therefore x = -\frac{1}{2}$

17. বিভিন্ন যৌগে সালফারের জারণ অবস্থা কত? [KU.2007-08]

A. +2 B. +4 C. +6 D. সবকয়টি

S D Why বিভিন্ন যৌগে সালফারের জারণ অবস্থা হতে পারে +2, +4, +6

## বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়

01. নিচের কোনটি অনার্দ্র কেলাস? [BRUR:2013-14]

A. সাধারণ লবণ B. পটাশ অ্যালুম

C. গ্লবার লবণ D. ইপসম লবণ Ans A

02. 90g পানিতে কয়টি পানির অণু আছে? [BRU-D1.2017-18, BSMRSTU. 2014-15]

A. $3.011 \times 10^{24}$ B. $5.018 \times 10^{24}$

C. $6.018 \times 10^{24}$ D. $2.11 \times 10^{24}$

S A Why $X = \frac{N_A w}{M} = \frac{6.02 \times 10^{23} \times 90}{18} = 3.01 \times 10^{24}$

03. NTP-তে 11.2 লিটার ওজোন এ অক্সিজেন পরমাণুর সংখ্যা কত? [RpU:2013-14]

A. $3.01 \times 10^{23}$ B. $6.02 \times 10^{23}$

C. $9.03 \times 10^{24}$ D. $1.20 \times 10^{24}$

S C Why $\frac{x}{N_A} = \frac{V}{22.4} \Rightarrow \frac{x}{6.023 \times 10^{23}} = \frac{11.2}{22.4} = 3.01 \times 10^{23} \times 3 =$ $9.03 \times 10^{24}$

04. 100 mL 0.1 M $H_2SO_4$ দ্রবণে কত গ্রাম $H_2SO_4$? [Rp.U. 2012-2013]

A. 49 B. 9.8

C. 0.98 D. 4.9

S C Why $n = VS \Rightarrow \frac{m}{M} = VS$

$\therefore m = MVS = 98 \times 0.100 \times 0.1 = 0.98$

05. 200mL 0.05M NaOH দ্রবণে কত গ্রাম NaOH দ্রবীভূত আছে? [BRUR-D1.2017-18, JU. 2017-18]

A. 0.4 B. 0.5

C. 0.1 D. 0.04

S A Why $W = V_{(L)}S_{(M)}M = 0.2 \times 0.05 \times 40 = 0.4g$

06. Sn কোন জারণ অবস্থায় বিজারক হিসাবে কাজ করে? [BRUR-D1.2017-18, ব.বো. ২০১৬]

A. +4 B. – 4

C. +2 D. – 2

S C Why $Sn^{2+}$ বিজারক এবং $Sn^{4+}$ জারক হিসেবে কাজ করে।

07. একটি দ্রবের 1 kilo mole একটি দ্রাবকের 200 kg তে-দ্রবীভূত করে দ্রবণ তৈরী করা হলো। দ্রবণটির মোলালিটি কত হবে? [BRUR:2013-14]

A. 2 m B. 1 m

C. 0.5 m D. 5 m

S D Why $\frac{\text{দ্রব্যের মোল সংখ্যা}}{\text{দ্রাবকের ভর}} = \frac{1000}{200} = 5$ মোলালিটি।



POLL MACHINE
Preparation and Practice are vital for effective delivery
CamScanner

## বরিশাল বিশ্ববিদ্যালয়

01. এক অ্যাভোগ্যাড্রো সংখ্যক হিলিয়াম অণুর ভর- [BU. 2015-16]
A. 1.00g B. 4.00g C. 8.00g D. $4\times6.02\times10^{23}$g
S Ⓑ Why যে কোন পরমাণু বা অণুর পারমাণবিক বা আণবিক ভরই হল অ্যাভোগেড্রোর সংখ্যক ভর।

02. 5 মোল মিথেন গ্যাস বাতাসে পূর্ণ দহন করলে মোট কত মোল উৎপাদ হবে? [BU. 2015-16, CU. 2011-12, JU. 2017-18]
A. 15 B. 12 C. 9 D. 6
S Ⓐ Why $CH_4 + 2O_2 \Rightarrow CO_2 + 2H_2O$ mol
1 mol মিথেন থেকে পাই = (1+2) mol উৎপাদ
5 mol " " " = (3×5) = 15 mol "

03. নিম্নের কোন ঘনমাত্রাটি আয়তন নির্ভর নয়? [BU. 2015-16]
A. Molarity B. Molality C. Normality D. None
S Ⓑ Why Molarity = দ্রবণে দ্রব, Molality = দ্রাবকে দ্রব
Normality = Molarity × তুল্য সংখ্যা ,যেহেতু দ্রবণের আয়তন পরিমাপ করা হয় তাই মোলারিটি ও নরমালিটি আয়তন নির্ভরশীল।

04. $100cm^3$ জলীয় দ্রবণকে প্রশমিত করতে $100cm^3$ 0.2M oxalic acid দ্রবণ প্রয়োজন। NaOH দ্রবণের মোলারিটি নির্ণয় কর। [BU. 2015-16]
A. 0.4M B. 0.3M C. 0.2M D. 0.1M
S Ⓐ Why $S_{NaOH} = \frac{100\times0.2\times2}{100} = 0.4M$

## কুমিল্লা বিশ্ববিদ্যালয়

01. $NH_2CONH_2$ যৌগে নাইট্রোজেনের পরিমাণ– [CoU:2013-14, CU. 2012-13; BSMRSTU. 2017-18]
A. 4.67% B. 46.7% C. 4.6% D. 0.467%
S Ⓑ Why $\%N_2 = \frac{14\times2}{60}\times100 = 46.7$

02. কোনো পানির নমুনায় দ্রবীভূত $O_2$ এর ঘনমাত্রা $2\times10^{-4}$M হলে ppm এককে এর মান কত? [CoU-A. 2019-20]
A. 2.0 ppm B. 2.5 ppm C. 4.4 ppm D. 6.4 ppm
S Ⓓ Why $ppm = SM\times10^3 = 2\times10^{-4}\times32\times10^3 = 6.4$

03. 500 ml 0.5 M NaOH দ্রবণ হতে সেন্টিমোলার দ্রবণ তৈরী করতে কি পরিমাণ পানির প্রয়োজন? [CoU-A. 2016-17]
A. 2000 ml B. 25000 ml C. 2500 ml D. 24500 ml
S Ⓑ Why সেন্টিমোলার দ্রবণ তৈরিতে প্রয়োজন = $\frac{500\times0.5}{0.01}$ = 25000ml

04. শক্তিশালী বিজারক পদার্থ হলো– [CoU-A. 2019-20]
A. K B. Mg C. Al D. Ba **Ans A**

## PART B ANALYSIS OF SCIENCE & TECHNOLOGY QUESTION

## শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

01. নির্দিষ্ট তাপমাত্রা ও চাপে 20mL $C_nH_8O$ আণবিক সংকেতের গ্যাসীয় জৈব যৌগ সম্পূর্ণরূপে দহন করতে 90mL $O_2$ প্রয়োজন হলে n এর মান কত? [SUST. 14-15]
A. 1 B. 2 C. 3
D. 4 E. 5
S Ⓒ Why $C_nH_8O + \left(\frac{2n+3}{2}\right)O_2 = nCO_2 + 4H_2O$
$\therefore 20\left(\frac{2n+3}{2}\right) = 90 \quad \therefore n = 3$

02. সঠিক অ্যাভোগ্যাড্রোর সংখ্যাটি হল- [SUST.2006-07; CU.2009-10]
A. $N_A = 6.002\times10^{23}$ B. $N_A = 6.202\times10^{23}$
C. $N_A = 6.220\times10^{22}$ D. $N_A = 6.022\times10^{23}$
S Ⓓ Why বস্তুর এক মোল এ যত সংখ্যক অণু থাকে সেই সংখ্যা কে অ্যাভোগ্যাড্রোর সংখ্যা বলে। একে $N_A$ দ্বারা প্রকাশ করা হয়। $N_A$ এর মান $6.023\times10^{23}$

03. 6 গ্রাম কার্বনকে বাতাসে সম্পূর্ণরূপে দহন করতে কতগুলো [illegible] প্রয়োজন হবে? [SUST-[illegible]]
A. $1.88\times10^{22}$ B. $3.01\times10^{23}$ C. $5.02\times10^{22}$
D. $1.0\times10^{23}$ E. $1.37\times10^{22}$
S Ⓑ Why $C + O_2 \rightarrow CO_2$
12 gm $6.023\times10^{23}$টি; $\frac{W}{M} = \frac{x}{N_A}$
$\Rightarrow x = \frac{W\times N_A}{M} = \frac{6\times6.023\times10^{23}}{12} = 3.01\times10^{23}$টি $O_2$ [illegible]

04. 1 কেজি বিশুদ্ধ পানিতে কতগুলো অণু থাকবে? [SUST-[illegible]]
A. $6.023\times10^{26}$ B. $3.346\times10^{25}$ C. $55.55\times10^{23}$
D. $6.023\times10^{23}$ E. $3.35\times10^{22}$
S Ⓑ Why $\frac{W}{M} = \frac{X}{N_A} \Rightarrow \frac{1000}{18} = \frac{X}{6.023\times10^{23}} \therefore X = 3.346\times10^{25}$

05. একটি চুনাপাথর খন্ডের ভর 250g। একে উচ্চ তাপমাত্রায় [illegible] করলে STP- তে 44.8 লিটার $CO_2$ পাওয়া গেল। চুনাপাথরে $CaCO_3$ এর পরিমাণ শতকরা কতভাগ? [SUST-[illegible]]
A. 72 B. 80 C. 88
D. 96 E. 98
S Ⓑ Why $CaCO_3 \rightarrow CaO + CO_2$
100 g 22.4 L
$\frac{w}{M} = \frac{V_{CO_2}}{22.4} \Rightarrow w = \frac{44.8\times100}{22.4} = 200g$
$\therefore \%CaCO_3 = \frac{200\times100}{250} = 80\%$

06. 2.0 mol $dm^{-3}$ $Na_2SO_4$ এর 200 $cm^3$ দ্রবণে কত মোল আছে? [SUST]
A. 0.02 B. 0.4 C. 0.2 D. 0.04
S Ⓑ Why $n = VS = 2\times0.200$ mol $Na_2SO_4 = 0.4$ mol $SO_4^{2-}$

07. আদর্শ চাপ ও তাপে 2g হাইড্রোজেন গ্যাসে $6.022\times10^{23}$ টি অণু [illegible] অক্সিজেন গ্যাসে কতটি অণু থাকবে? [SUST]
A. $6.022\times10^{23}$ B. $64\times6.022\times10^{23}$
C. $32\times6.022\times10^{23}$ D. $2\times6.022\times10^{23}$
S Ⓓ Why 2g $H_2$ বা 1mol গ্যাসে অণুর সংখ্যা $= 6.023\times10^{23}$
$\frac{m}{M} = \frac{x}{N_A} \therefore X = \frac{64}{32}\times6.022\times10^{23} = 2\times6.022\times10^{23}$

08. 4°C তাপমাত্রায় 90mL বিশুদ্ধ পানিতে কত অণু পানি আছে? [SUS[illegible]]
A. $6.022\times10^{23}$ B. $3.011\times10^{24}$ C. $0.602\times10^{23}$ D. 3.02[illegible]
S Ⓑ Why আমরা জানি-1000ml পানির ভর = 1000g
90ml পানির ভর = 90g
$\frac{m}{M} = \frac{x}{N_A} \therefore X = \frac{90}{18}\times6.023\times10^{23} = 3.011\times10^{24}$

09. 1.0 kg $CaCO_3$ কে লঘু HCl এ দ্রবীভূত করলে STP তে কত $CO_2$ গ্যাস পাওয়া যাবে? [SUS[illegible]]
A. 224L B. 230L C. 250L D. 22.4
S Ⓐ Why $\frac{w}{M} = \frac{V}{22.4}$
$\Rightarrow V = \frac{1000}{100}\times22.4 \Rightarrow V = 224$ L

10. 18 গ্রাম পানিতে অণুর সংখ্যা- [SUST.2008-09]
A. $3.023\times10^{23}$ B. $6.023\times10^{23}$
C. $6.023\times10^{25}$ D. $2.023\times10^{23}$
S Ⓑ Why 18 গ্রাম পানি বলতে 1 মোল পানিকে বুঝায়। যাতে [illegible] সংখ্যক [illegible]

POLL MACHINE
Preparation and Practice are vital for effective delivery
CamScanner

... এর একটি অণুর ভর হচ্ছেঃ [SUST.2006-07; 08-09]
A. $6.022\times10^{23}$ gm B. $6.023\times10^{23}$ kg
C. $7.3065\times10^{-26}$ kg D. $7.306\times10^{23}$ kg

S C Why $\frac{x}{N_A}=\frac{w}{M}$

$\therefore w=\frac{1\times44}{6.023\times10^{23}}=7.306\times10^{-23}g=7.306\times10^{-26}$ kg

... মিথেনের অণুতে মোট কতটি ইলেকট্রন আছে? [SUST.2007-08]
A. $6.023\times10^{23}$ B. $15.04\times10^{23}$ C. $7.25\times10^{23}$ D. 20

S B Why $\frac{w}{M}=\frac{X}{N_A}\Rightarrow\frac{2}{16}\times6.023\times10^{23}$

$=\frac{7.52\times10^{22}}{5}=15\times10^{23}$

...: মোট শব্দটি উল্লেখ থাকায় পরমাণুর সংখ্যাকে 5 দ্বারা ভাগ করা হয়েছে।

... অবস্থায় 2.2gm $CO_2$ গ্যাসের আয়তন হবে- [SUST.2006-07]
A. 0.12 L B. 1.12 L C. 2.12 L D. 3.12 L

S B Why $\frac{w}{M}=\frac{V}{22.4}\Rightarrow\frac{2.2}{44}=\frac{V}{22.4}=1.12$ L

... mole পানি = কত গ্রাম পানি? [SUST.2006-07]
A. 23gm B. 18gm
C. 36gm D. 9gm

S B Why w = n × M = 1 × 18 = 18g

... গ্রাম $FeSO_4$ কে সম্পূর্ণরূপে জারিত করতে কত গ্রাম বিশুদ্ধ $K_2Cr_2O_7$ ...বে? [SUST-B. 2019-20]
A. 6.44 B. 3.23 C. 4.23
D. 2.00 E. 19.34

S B Why 1mol $K_2Cr_2O_7\leftrightarrow$ 6mol $FeSO_4$

$\frac{m}{M}\times e=\frac{m}{M}\times e\Rightarrow\frac{m}{294}\times6=\frac{10}{152}\times1\quad\therefore m=3.23$

...টি বিকারে 20mL 0.1MHCl এর সঙ্গে 50mL, 0.1M, $H_2SO_4$ মিশ্রিত করা ...। এই দ্রবণে 60mL অজ্ঞাত ঘনমাত্রার NaOH দ্রবণ মিশ্রিত করলে দ্রবণটি সম্পূর্ণ ...মিত হয়। NaOH দ্রবণের অজ্ঞাত ঘনমাত্রা কত মোলার? [SUST-A.2016-17]
A. 0.10M B. 0.12M C. 0.20M
D. 0.22M E. 0.24M

S C Why NaOH এর ঘনমাত্রা $=\frac{20\times0.1+50\times0.1\times2}{60}=0.2M$

16.8 g বিশুদ্ধ লোহাকে লঘু $H_2SO_4$ এ দ্রবীভূত করে প্রাপ্ত দ্রবণকে টাইট্রেশন ...তে 0.1 M ঘনমাত্রার কত লিটার $K_2Cr_2O_7$ প্রয়োজন হবে? [Fe = 56g] [SUST 2012-2013, BSMRSTU. 2016-17]
A. 1.0 B. 0.3 C. 0.9
D. 0.5 E. 1.2

S D Why 1mol $K_2Cr_2O_7\leftrightarrow$ 6mol $Fe^{2+}$

$\frac{m}{M}\times e_1=V_2S_2e_2$

$\Rightarrow\frac{16.8}{56}\times1=V_2\times0.1\times6$

$\therefore V_2=0.5$g

(m = 16.8, M = 98, $V_2$ = ?, $S_2$ = 0.1M, $e_2$ = 6, $e_1$ = 2)

...M $H_2SO_4$ দ্রবণ থেকে 100 mL 0.5N এবং 50 mL 0.25N দ্রবণ তৈরি ...রতে লাগবে যথাক্রমে- [SUST. 2010-11]
A. 25mL ও 6.25 mL B. 50mL ও 25 mL
C. 100mL I 50 mL D. 50mL ও 100mL প্রয়োজন হবে

S A Why $H_2SO_4$ এর জন্য, $V_1\times1=\frac{100\times0.5}{e}=\frac{50}{2}=25$

এবং $V_2\times1=\frac{50\times0.25}{e}=\frac{12.5}{2}=6.25$

18. $\frac{M}{10}$ $H_2SO_4$ সম আয়তনের কত মোলার NaOH কে প্রশমিত করবে? [SUST.2006-07; BSMRSTU. 2012-13]
A. 0.4 M B. 0.3 M C. 0.2 M D. 0.5 M

S C Why $VS_1e_1\leftrightarrow VS_2e_2\Rightarrow V\times0.1\times2=V\times S_2\times1\ \therefore S_2=0.2$ M

19. নিচের বিক্রিয়াটিতে কোনটি জারক এবং কোনটি বিজারক?
$Co(s)+Cl_2(g)\rightarrow CoCl_2(s)$ [SUST.2007-08]
A. Co জারক, $Cl_2$ বিজারক B. Co বিজারক, $Cl_2$ জারক
C. Co এবং $Cl_2$ উভয়েই জারক D. Co এবং $Cl_2$ উভয়েই বিজারক

S B Why এখানে বিক্রিয়াটিতে বিক্রিয়ক Co এবং $Cl_2$ এর জারণ সংখ্যা 0। উৎপাদকে Co এর জারণ সংখ্যা +2 এবং $Cl_2$ এর জারণ সংখ্যা −2। এখানে স্পষ্টত: Co বিজারক এবং $Cl_2$ জারক।

20. $MnO_4^-+8H^++me^-\rightleftharpoons Mn^{2+}+4H_2O$ বিক্রিয়াটিতে m এর মান কত? [SUST-$B_{03}$. 2017-18]
A. 2 B. 4 C. 5
D. 7 E. 8

S C Why $\overset{+7}{Mn}O_4^-+8H^++5e^-\rightleftharpoons Mn^{2+}+4H_2O$

21. $Na_2O$, $Na_2O_2$ ও $O_2$ এ অক্সিজেনের জারণ সংখ্যা যথাক্রমে- [SUST. 2010-11]
A. +2, +1, −1 B. +2, +1, 0
C. +2, 0, +1 D. −2, −1, 0 **Ans D**

22. নিচের $Na_2S_2O_3$ বিক্রিয়ার এবং $Na_2S_4O_6$ যৌগে S এর জারণ সংখ্যা যথাক্রমে- $2Na_2S_2O_3+I_2\longrightarrow Na_2S_4O_6+NaI$ [SUST.06-07; KU. 07-08, CU. 07-08]
A. +2, +2.5 B. +2,+2
C. +2,+3 D. +2,+25

S A Why i. $Na_2S_2O_3=2+2x-6=0\quad\therefore x=+2$
ii. $Na_2S_4O_6=1\times2+4x+(-2)\times6\Rightarrow x=+2.5$

23. $Cr_2O_7^{2-}+14H^++ne^-\rightarrow7H_2O$ বিক্রিয়াটিতে n এর মান কত? [SUST-A. 2019-20]
A. 3 B. 1 C. 6
D. 4 E. 9

S C Why $Cr_2O_7^{2-}+14H^++6e^-\rightarrow2Cr^{3+}+7H_2O$ [জারণ অর্ধ বিক্রিয়া]

24. নিম্নের কোনটি বিজারক ? [SUST-A,Set-Kha 2018-19]
A. $Pb^{2+}$ B. $Sn^{2+}$
C. $H_2SO_4$ D. $HNO_3$ **Ans B**

25. $2CuSO_4+4KI\rightarrow I_2+Cu_2I_2+2K_2SO_4$ বিক্রিয়াটিতে জারক পদার্থ কয়টি ইলেকট্রন গ্রহণ করে? [SUST. 2014-15]
A. 0 B. 1 C. 2
D. 4 E. 6

S C Why $2I^--2e^-\rightarrow I_2$; $2Cu^++2e^-\rightarrow2Cu^+$

26. $Cr_2O_7^{2-}+14H^++?\rightarrow2Cr^{3+}+7H_2O$ বিক্রিয়াটি সম্পন্ন করতে কয়টি ইলেকট্রন প্রয়োজন? [SUST.2010-11;NSTU.2019-20]
A. 3 টি B. 6 টি
C. 9 টি D. 2 টি

S B Why $Cr_2O_7^{2-}+14H^++6e^-\rightarrow2Cr^{3+}+7H_2O$ প্রতিটি Cr 3টি করে মোট 6টি ইলেকট্রন গ্রহণ করে।

27. একটি দ্রবণে $CuSO_4$ ও KI কোন অনুপাতে থাকলে নিম্নের জারণ বিজারণ প্রক্রিয়াটি সম্পূর্ণ হবে? [SUST.2009-10]
$CuSO_{4(aq)}+KI_{(aq)}\rightarrow I_{2(aq)}+Cu_2I_2+K_2SO_{4(aq)}$
A. 2:1 B. 1:2
C. 1:4 D. 4:1

S B Why সমতাকরে পাই, $2CuSO_4+4KI=I_2+Cu_2I_2+2K_2SO_4$
মোল সংখ্যার অনুপাত = $2CuSO_4$ : 4KI = 2 : 4 = 1 : 2

POLL MACHINE
Preparation and Practice are vital for effective delivery
CamScanner

28. 36 g $H_2O(M = 18)$ এবং 96 g $CH_3OH(M = 32)$ মেশানো হলো। মিশ্রণটিতে পানির মোল ভগ্নাংশ কত? [SUST. 2007-08]

A. 0.6  B. 0.4  C. 0.24  D. 0.83

S Ⓑ Why $X_{H_2O} = \frac{n_{H_2O}}{n_{H_2O} + n_{CH_3OH}} = \frac{\frac{36}{18}}{\frac{36}{18}+\frac{96}{32}} = \frac{2}{2+3} = 0.4$

29. টাইট্রেশন বিক্রিয়ায় কোন যৌগ দিয়ে প্রাইমারী স্ট্যান্ডার্ড দ্রবণ তৈরি করা যায় না? [SUST-B.2016-17]

A. $KMnO_4$  B. অক্সালিক এসিড  C. $Na_2CO_3$
D. NaOH  E. $K_2Cr_2O_7$

S Ⓐ Why $KMnO_4$ ও NaOH দুটিই সেকেন্ডারি স্ট্যান্ডার্ড পদার্থ।

## যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

01. প্রমাণ তাপমাত্রা ও চাপে (STP) 11.2 লিটার $CO_2$ গ্যাসে কয়টি $O_2$ পরমাণু থাকে? [JUST-A: 2019-20]

